# চর কাশেম

অমরেন্দ্র ঘোষ

বুক ল্যাণ্ড লিমিটেড
কলিকাতা-১

বুক ওয়ার্ল্ড লিঃ

প্রথম প্রকাশ : ভাদ্র ১৩৫৬

প্রকাশক : সচ্চিদানন্দ সেন মজুমদার

৫ হেষ্টিংস ষ্ট্রীট কলিকাতা—১

মুদ্রাকর : কানাইলাল দে

বি, জি, প্রিন্টারস এণ্ড পাব্লিশারস লিঃ

প্রচ্ছদশিল্পী : খালেদ চৌধুরী

মুদ্রণ : নিউ গয়া আর্ট প্রেস

ব্লক নির্মাণ : ষ্টাণ্ডার্ড ফটো এনগ্রেভিং কোম্পানী

বাঁধাই : হার্টসন এণ্ড কোং

তিন টাকা

চর কাশেম উপন্যাস হলেও আমার কাছে প্রত্যক্ষ সত্য।

সেই চরের জীবন্ত বলিষ্ঠ মানুষগুলির উদ্দেশে।

১

চর তো নয় দুধের সর।

এখন বাঁও মেলে না—অথৈ জল—তবু ভাবে কাশেম, স্বপ্ন দেখে পাগলা। সুখের স্বপ্ন—সাধের স্বপ্ন। একদিন এ চর জাগবে। মানুষ গরু বাছুর হাঁস পায়রা মোরগে ভরে যাবে চরের বুক। মানুষের হবে ছেলে মেয়ে, গরুর হবে বকনা এবং দামড়া বাছুর, হাঁস মুরগী চারদিক ঘিরে কিলবিল করবে, কিচমিচ করবে, কদম ফুলের মত সব ছানা। আঃ কি নরম—বুক জুড়ান পাখীর বাচ্চা সব।

হাসেমের ছেলে কাশেম—তার নামেই নাম হবে। সাত গাঁয়ের লোক এপার ওপারের মাঝিরা আঙুল তুলে দেখাবে—'ঐ চর কাশেম—ঐ'।

'কই'?

'ঐ যে'!

চরের বুকে পলিমাটি। সে মাটিতো নয়, ক্ষীর। যেমন নরম তেমনি মোলায়েম। সেই মোলায়েম মাটির কোল ঘেঁষে ঘেঁষে প্রথম জাগবে হেউলী গাছের ছোপা, তারপর জন্মাবে হোগলা পাতা — সবুজের তুলি বুলান জল ও চরের মাঝ সীমানায়। হাওয়া আসবে দক্ষিণা—চনক

খেলবে উত্তরে। হাওয়া আসবে পশ্চিমা—ঢলক খেলবে পুবে। তারপর ধীরে ধীরে জন্মাবে দু' এক ছোপা কইওকড়া ও কাশ। দূর্বার দল মাঝ চরে ঝলমল করবে আলো ও শিশিরে। চরের বুকে ওতো শুধু দূর্বা নয়—দূর্বার বাসনা, লক্ষণ মাতৃত্বের। মৃত্তিকার গর্ভকোষে ক্রন্দন শোনা যায়। চায় পরুষ পীড়ন — কর্ষণ ও ঘর্ষণ। নেমে পড়বে কৃষকের দল। চালাবে লাঙল, জুড়বে মই। তারপর সোনালী ফসলের অরণ্য—অনুপম লাবণ্যে ভরে যাবে চর কাশেম।

পাখী আসবে নানা রকম—টিয়া ময়না বুলবুলি। কাঠঠোকরাও আসবে—মাথায় লম্বা ঝুঁটি। তবে একটু দেরীতে। বড় গাছ কই? হিজল, ছৈলা, বইন্যা? পাখীর ঠোঁটে ঠোঁটে দানা আসবে, ছড়িয়ে পড়বে এখানে ওখানে। জন্মাবে চারা গাছ—প্রবীন প্রাচীন অশ্বত্থ পাকুড় আম বাবলা আরও কত কি। সে সব গাছের ডালে ডালে কত বাসা, কত পক্ষিণীর মাতৃত্বের আশা।

মানুষ আসবে, ঝাড় জংগল ভাঙবে—পশু কি দেখা যাবে না? গৃহ পালিত পশু নয়। হিংস্র বন্য পশু। দুর্দান্ত সুন্দর বনের বাঘ, গোঁয়ার বক্রদন্ত বরাহ—জংলি ক্ষ্যাপা মোষ।

ঐ দূরের বনপথ ধরে মাঝে মাঝে তারাও আসবে। মানুষ সংগ্রাম করে বেঁচে থাকবে, বৃদ্ধ হবে, অন্তিম নিশ্বাস ফেলবে। কিন্তু তবু দুঃখ নেই। পিছনে পড়ে রইবে তার অপার কীর্তি।

তাদের ছেলে মেয়ে গড়বে মঠ। আকাশের বুক চিরে ঠেলে উঠবে তার চূড়া। ঘিরে রাখবে পবিত্র গোরস্তান। শান্ত সমাহিত বিগত পুরুষদের শেষ শয্যা। যেন তারা ঘুমিয়ে আছে।

কিন্তু এত কথা ঠিক এমন করে ভাবতে পারে না কাশেম। তবু

সে ভাবে—হঠাৎ ভুল হয়ে যায় ছিপ টানতে। বড়শী তার মাছ ধরেছিল—মাছটা বেশ বড়ই হবে। ওটার ভাগ্য ভাল তাই এড়িয়ে গেল। তার মনটা ধক ধক করে উঠল। সে ছিপটা নিয়ে ডিঙি নায়ের ওপর উঠে দাঁড়াল একটু কুঁজো হয়ে। তারপর টানতে লাগল সুতো। আশি নব্বই হাত জল। সেই জলের তলের মাছ ধরে সে দিন গুজরাণ করে। কখন বেলে, কখন চিংড়ি, কখন এক রকম জলো সাপও ওঠে—তবে পোনা মাছই ওঠে বেশী। ছোট বড় নানা মাপের। পঞ্চমী থেকে দশমী পর্যন্ত 'ডালা'—নদীর জলে তোড় থাকে কম। সেই ডালায় যা-ও বা ওঠে—'জো' পড়লে স্রোত চলে তর তরিয়ে, মাছ দাঁড়াতে পারে না, টোপ খায় খুব কম। তখন তার আয় থাকে না কিন্তু ব্যয় থাকে একই রকম।

মেছো হাসেমের ছেলে সে। তবু তার দেহে কৈশোর ছাড়িয়ে যৌবন এসেছে। নরম হয়েছে চোখের পাতা, চঞ্চল হয়েছে চোখের তারা। সে কাকে যেন খোঁজে, কি যেন চায়! সে সাদি করবে—চর জাগলে বাড়ী বাঁধবে।

সময় সময় তার শক্ত মাংস পেশী শিরশির করে। বলিষ্ঠ দেহের প্রতিটি লোম খাড়া হয়ে ওঠে। ফুলমনদের বাড়ীর ধার দিয়ে যখনই যায় তখনই তার মনটা হয়ে ওঠে প্রমত্ত। কিন্তু গলার স্বর অস্বাভাবিক সংযত করে ডাকে, 'ফুলমন গো—ফুলমন!'

বড় গৃহস্থের মেয়ে খাড়ু পায় ছুটে আসে। কিন্তু বড় তাচ্ছিল্য করে জবাব দেয়, 'কিরে কাশমা, কি?' একটু ঢেউ দিয়ে এমন একটা টান দেয় শেষের হরফটার ওপর যে কাশেমের মর্ম পর্যন্ত বিঁধিয়ে ওঠে।

পদ্মার তীরের মেয়ে—পদ্মিনীর মতই তার রং। তবে মুখখানা একটু গোল। নাকটা সামান্য চাপা, চোখ দুটো একটু ছোট। অনেকটা নেপালী মেয়েদের মত। সোনার বেসরটা নাকে সর্বদা ঝক ঝক করে। মুখখানা যেমনই হক রংয়ের দিকে চাইলে আর মুখের দিকে চাওয়া যায় না। তবু চুরি করে বারবার তাকিয়ে দেখে কাশেম।

এই কিছুদিন আগেও সে এই বাড়ীতে বন্ধক ছিল আড়াই টাকায়। ওর যখন বয়স পাঁচ বছর তখন ওর বাপের অবস্থা খুব খারাপ হয়ে পড়ে—সাময়িক একটা দুর্ভিক্ষও দেখা দেয় দেশে, যে দুর্ভিক্ষ সচরাচর লেগেই আছে বাঙলা দেশের পল্লী অঞ্চলে। ঠিক শস্যাভাবের দুর্ভিক্ষ নয়—এ দুর্দশা ভূমিহীন কৃষকের বেকার জীবনের। এক পক্ষ ব্যাপী সুদীর্ঘ বর্ষা, তাতে ঝাপ্‌টা বাতাস। পদ্মায় জাল ধরা যায় না। জেলেরা সব বাড়ী বসে ঝিমায়। হাসেম তার মা মরা ছেলেকে রেখে এলো ফুলমনের মার কাছে। এবং চেয়ে আনল আড়াইটা টাকা। সে বছর আর তা শোধ করতে পারল না হাসেম। মারা গেল তিলে তিলে অন্ন খেয়ে। শেষের কটা দিন সে নাকি হাঁপিয়ে ছিল।

তাই চৌকিদার তার জন্ম মৃত্যুর হাত-চিঠায় সঠিক সংবাদটাই লিখে নিয়ে গেল, মৃত্যুর কারণ—হাঁপানি।

কাশেম ফুলমনদের বাড়ী থেকেই বড় হলো। কৃষাণদের তামাক সেজে দিতে দিতে সে শিখল তামাক খেতে। পদ্মার এপার ওপার ডোঙা বাইতে বাইতে সে শিখল—ঘোর তুফানে বৈঠা ধরতে। আর সাঁতার—সে তো জানে এ অঞ্চলের কোলের ছেলেরাও।

এই দুবছরে সে কেমন করে যেন আড়াইটা টাকা সংগ্রহ করে আনে তার এক ফুফুর কাছ থেকে। টাকা আড়াইটা ফুলমনের

বাপের হাতে দিয়ে বলে, 'চাচা আমি বঁড়শি বামু—বাজানের পেশা ছাড়ুম না।'

'সে কথা তো ভালই।'

'এখন তা হইলে রেহাই দেও।'

'আমি তোর কাছে টাকা চাইছি, না তোকে আটক করছি ?'

'না-তাতো করো নাই। কিন্তু ক্যান রাখুম বাজানের দেনা ?'

'সাবাস বেটা ? টাকা আড়াইটা লইয়া যা, বঁড়শি কিনিস। তোরে একখানা ডোঙাও দিমু আমি।'

'টাকা নিমু না আমি। তোমার মাইয়ার যে কথার ধার। আমি দিমু কিন্তু ওর থুতনি ভাইঙা।'

বৃদ্ধ সেকেলে মানুষ, রাগ করে না। বরঞ্চ বলে, 'ও হারামজাদী মুখফোড়। তুই মনি ধরিস না ওর কথা।'

কথাটা অবশ্য ধরেনি কাসেম, তা হলে কি যখন তখন আসতে পারে!

পদ্মা ও মেঘনা—যেন দুটি বোন। দেখা হয়ে গেছে এই মন্থর যৌবনে।

শীতের সায়াহ্ন। কতদিন পরে কত দেশ ঘুরে দেখা! কত ভাঙ্গা গড়ার ইতিহাস দুজনার বুকে! কত আনন্দ ও বিষাদের স্মৃতি কথা, বলবে, কেন জানি বলতে পারছে না। শুধু অন্তঃসলিলা কথার কাকলি গুমরে মরছে বুকের পাঁজরে।

এই নদীর বুকের একখানা ডোঙায় চড়ে ছোট ছোট ঘোলায় ঘুরে ঘুরে কাশেম বঁড়শি বাইছে।

সে ভাবছে: সত্যি সত্যি কি আর চর কাশেম জাগবে? তার নানাভাইর নিরানব্বই কানি জলকর। ঐ তো বাঁকের মোড়ে যে সব জমি ছিল। সে তো অবোধের মত স্বপ্ন দেখে। সত্যিই কি কোনও আশা আছে? এখনও তো বাঁও মেলে না।

কিন্তু জাগতেই বা কতক্ষণ? একটু মোড় ঘুরে স্রোতটা ওপার ঘেঁষে চললে, এপারের চর জাগবে। কীর্তিনাশা একটু মেহেরবাণী করলেই ওর নানাভাইর নিরানব্বই কানি ফিরিয়ে দিতে পারে এক লহমায়। এপার যখন ভাঙে ওপার তখন ভরে—এই তো নিয়ম।

আবার আশায় স্পন্দিত হয় কাশেমের বুক।

মরবে ওপারের ফুলমনেরা।

তা মরুক, মরুক—ওর যেমন দেমাক!

আজ রাত্রেই সোয়াশো কানি তলখাড়ি হয়ে ধসে যাক মেঘনায়। এপারে জাগুক চর।

কিন্তু তা নয়। ফুলমন মরলে কে ফোটাবে ফুল চর কাশেমে? ফুলমন যেন মরে না খোদা—শুধু ওকে একটু জব্দ করে দাও।

ও বলে কিনা, 'কাশমা তোর ছুরাৎ দ্যাখলে মইরা যাই! একেবারে ইসকাবনের গোলাম।'

খাঁদা মুখীর রংয়ের এত গরব।

একটা প্রকাণ্ড সলা চিংড়ি ওঠে। সন্ধ্যাও ঘনিয়ে এসেছে। মন খুশি করে কাশেম বঁড়শি তোলে। একটু দূরে পদ্মার ঘোলা জল ও মেঘনার কালো জল আর আলাদা করা যায় না। দুটো রং এক হয়ে শুধু আকাশের কালিকেই যেন গাঢ় করছে। সীমা যেন মিশে গেছে অসীমে। তার সঙ্গে ডুবে যাচ্ছে দুপারের তট অরণ্য অটবী।

মিশে যাচ্ছে ডোঙা ডিঙি গয়নার নৌকা—বড় বড় মহাজনী মাল বোঝাই নৌকা। শুধু দেখা যাচ্ছে তাদের বুকে ছোট ছোট বাতিগুলো—দপ দপ করে তারার মত। অমনি ফুলমনের মুখখানা ঝিলিক দিয়ে ওঠে সেদিনের বান্দা কাশেমের বুকে। ফুলমন তো খাঁদা নয়। মিথ্যা অপবাদ দিয়েছে কাশেম। তার দোষ কি ?

একদিন একজন মুসাফির এসেছিল ফুলমনদের বাড়ী। সে খেতে বসবে, তার হাত ধুইয়ে দেবে কে ?

'কাশেম !' ইসারা করল ফুলমনের বাপ।

কাশেম ডাবর এবং বদনা নিয়ে এগিয়ে গেল। হাত ধুইয়ে দিল অতিথির। তারও খুব ক্ষিদে পেয়েছিল। ভাবল—বসবে অতিথির একপাশে ফরাসে। কিন্তু চোখ রাঙাল পর্দার আড়াল থেকে ফুলমনের মা : 'আক্কল নাই তোর !'

তারপরই ফুলমনের ভাই গিয়ে বসল আসরে। একটি প্রতিবাদও হলো না।

দোরের বাইরে কাঁদল কাশেম। অবশ্য আত্মসম্মানের কথা ভেবে নয়—ক্ষিদের জ্বালায়। ওরা দুটিতে যে সমবয়সী !

নৌকায় পাড়ি জমাতে বেশ খানিকটা রাত হয়ে গেল। কাশেম ডোঙাটা লগি দিয়ে 'পারা' দিল। মাছের ডালা ও বৈঠা হাতে নিয়ে উঁচু পাড় বেয়ে উপরে উঠল। অনেক রকম মাছ আজ সে ধরেছে। তপ্‌সী, মোটা মোটা সলা চিংড়ি, কয়েকটা পাংগাস। এতরাত্রে মাছ নিয়ে যাবে কোথায় ? কে রাখবে ? বন্দর একটা আছে, কিন্তু ওর একা একা অতটা পথ যেতে ভয় করে।

* * *

'কে ?'

চমকে উঠল কাশেম। 'আমি।'

'কি তোর হাতে ?'

'মাছ।'

'লইয়া আয় ইদিকে।'

'বাত্তি আন।'

'ক্যামন মাছ ?'

'মাছ আবার ক্যামন থাকে ? দাড়িয়ালা।'

'এখনও তো মোচের দাগ পড়ে নাই, কথা কও পাকা পাকা।'

'বাত্তি আন—দেখাই তোরে মোচ। তুই বড় মোচের পত্তাসী মাইয়া।'

একটা কড়া চিমটি কেটে ডালাটা কেড়ে নেয় কাশেমের হাত থেকে ফুলমন।

'দরদস্তুর করলা না ? কত দিবা ?'

'গোলামের সঙ্গে একটা দরদস্তুর কিরে ?'

'তয় লইয়া যা। তুই তো ছরতনের বিবি। ঐ কয়ডা মাছ দিয়া বিনা পয়সায় বিবি পাইতো মন্দ কি !'

ফুলমন ফিরে এসে চড় মারে। অমনি জড়িয়ে ধরে কাশেম। অন্ধকারে কি যে হয় ঠিক বোঝা না গেলেও এটুকু বোঝা যায় যে অনেক দিনের আক্রোশের আজ শোধ নিয়েছে কাশেম। সে অন্ধকারে হাসতে হাসতে নায়ের দিকে ফেরে। আজ ওর দশগুণ মাছ কাউ গেলেই বা হতো কি ! হয়ত নিজের অজ্ঞাতে একটু শিউরে উঠেছিল ফুলমন। অনাস্বাদিত অদ্ভুত এই স্পর্শ !

কিন্তু কাঁদতে কাঁদতে বাড়ীর ভিতর গেল ফুলমন। তার আভিজাত্যে আঘাত হেনেছে মেছো। কি বিশ্রী চেহারাটা—ভূতের মত। সেই ভূতের হয়েছে এমন সাহস! ফুলমন বলে দেবে তার বাবার কাছে। তার বাপ নিশ্চয়ই একটা শিক্ষা না দিয়ে ছাড়বে না। এখনও যেন কাঁচা মাছের গন্ধ আসছে ওর ঠোঁট দিয়ে। ফুলমন মুখ মোছে। একবার নয়—অনেক বার। তবু সে ভুলতে পারে না—মুছে ফেলতে পারে না পুরু ঠোঁটের নিবিড় স্পর্শ।

সে এগিয়ে গিয়ে বাবার সামনে মাছের ডালা রাখে। মাছগুলো দেখে ভারী খুশি হয় বুড়ো। ওর মাও আসে, 'কই পাইলি এত মাছ? এখনও দেখি কানসি নাড়ে।'

'পাইব কই আর—দেছে নিশ্চয় কাশম। বড় ভালবাসে ছ্যামরা তোমার মাইয়ারে।' বলে বৃদ্ধ একবার মাছের দিকে তাকায় আবার মেয়ের দিকে। 'ওকি কান্দিস্ ক্যান? আইনা দিমু ওরে। একটু সবুর কর ঘন ডাওর (বর্ষা) লামুক। ও থাকবে খাবে এইখানে, তার বদলে গরু চরাবে, মাছ ধরবে—ফুট ফরমাইজ জোগাইবে তোর। —ফুলমন, ছ্যামরা খুব ভাল—নারে?'

পিতার মন্তব্য শুনে আর কোন নালিশের কথা উত্থাপন করতে পারে না। সে শুধু চলে যাওয়ার সময় বলে, 'এখানে আইন্যা উঠাইলে ও শনি খেদামু আমি সোয়াশো গণ্ডা পিছা মাইরা।'

'কও কি ফুলমন! কও কি!' তারপর স্ত্রীর দিকে চেয়ে বলে, 'মাইয়ার তোমার মাথা খারাপ। ওরে ওঝা দেখাও। বিসমিল্লা! বিসমিল্লা!' বৃদ্ধ কোরাণ সরিফ খোলে।

বছর তিনেক বয়সের সময় ফুলমনের বিয়ে হয় এক বড়লোক

ছেলের সঙ্গে। বাড়ীতে হাতী ছিল—ছিল গোয়ালভরা গরু। আরও ছিল কলের গান—যা এ মুল্লুকে নেই এক হিন্দু বাড়ী ছাড়া। ছ' কি সাত বছরের সময় একবার তার শ্বশুর এসে নানা মূল্যবান কাপড় চোপড় এবং কত কি যৌতুক দিয়ে ফুলমনকে তুলে নিয়ে যায়। তখন কতটুকুই বা সে। ফুলমন কাঁদত। তাকে তার শ্বশুর ভুলিয়ে রাখত গান শুনিয়ে পুতুল খেলা দিয়ে। কত রায়ত প্রজা আসত। ওকে সেলাম করত। নজরও দিত নতুন বিবি সাহেবাকে। কিন্তু মারা গেল তার স্বামী। এখন তার আর সেখানে যাওয়া আসা নেই। বিশেষ কোন ছাপও নেই স্বামীর ঘরের। কিন্তু একটা আভিজাত্য কেমন করে যেন তার মনে সুদৃঢ় ভাবে অঙ্কিত হয়ে রয়েছে। তার বাবা ধনী গৃহস্থ—তেমন মানী নয়। ধানও বেচে মাঠেও যায়। এসব ভালবাসে না ফুলমন। সে সর্বদা ছিমছাম হয়ে চলে। গাঁয়ের মেয়েরা তাকে হিংসা—করে বৌরা বলে, 'বাদশাজাদী।' তাকেই নজরে পড়েছে কাশেমের। ফকির হয়ে ছাতু বাড়ায় আসমানে।

## ২

মাছ আজকাল যা পাওয়া যায় মন্দ নয়। কিন্তু তার চেয়েও ভাল হয় ধান কাটতে গেলে। প্রায় একটা সপ্তাহ পরের ওপর খেয়ে ভোঙা বোঝাই আমন ধান নিয়ে ফেরা যায় দেশে। তারপর খেটে খেলে ওটা প্রায় জমাই থেকে যায়। আর কাশেমের তো অনেক সুবিধা—তার পোষ্য বলতে আছে শুধু নিজে। তবে একটা সপ্তাহ হাড় ভাঙা খাটুনি। খাটতে হবে বিদেশে গিয়ে—অচেনা অজানার মধ্যে

অসুখ বিসুখ হলে দেখবার কেউ নেই। এখানেই বা তার কে আছে? মরে যদি যায় তবুও তো এক ফোঁটা জল কেউ দেবে না! চাল এবং মাছ দিয়ে সে এক একদিন এক এক বাড়ী যায়। দেবার সময় তার যা প্রয়োজন তার অতিরিক্তই দেয়, তার উপর রান্না না হওয়া পর্যন্ত সে বাড়ীর টুকি টাকি কাজ করে দেয়—কিন্তু তবু কারুর মন পায় না। যে যা করে তা যেন নিতান্ত অনুগ্রহ। দিয়ে থুয়েও যেন সে গলগ্রহ হয়ে এ দেশটায় ঘা খেয়ে খেয়ে ঘুরে বেড়াচ্ছে। নিজের একটি নিজস্ব সংসার না থাকলে অমনি দশাই হয়। গোলামীর খাতা থেকে নাম কাটল, কিন্তু পরের মন জোগান ছাড়তে পারলে না! এ আর কিছু নয়—তার নসিব।

'কিও, যাও কই—কাশেম নাকি?'

'হয় কত্তা চলছি এইদিকে। ধান কাটতে যাইতে চাই।'

'ক্যান্, তোর চর কাশেম জাগে নাই?' ব্যঙ্গচ্ছলে জিজ্ঞাসা করে বুড়ো নিবারণ। 'ঐ তোর নানার নিরানব্বই কানি!'

নিবারণ এপারের একজন আধা মাতব্বর গৃহস্থ। তার কিছু জমি এপারের চরে। তাতে বারমাস কিছু না কিছু শস্য হয়। তবে বেলে জমিতে ধান হয় না মোটেই।

'রোজ রোজ ঠাটা করেন কত্তা—এপারের চরে যে ভাঙ্গন ধরছে তা তো খেয়াল করেন না!'

নিবারণের কাছে আরও তিন চার জন বসেছিল। তারা সমস্বরে জিজ্ঞাসা করে উঠল, 'কই কই?' তাদের মুখে চোখে রীতিমত একটা আশঙ্কার ছাপ পড়ে গেল।

'কত্তার জমির পাশেই।'

'মিথ্যা কথা।' একজন প্রতিবাদ করে।

'হইলেও হইতে পারে।' নিবারণের ঠাট্টাও মন্দীভূত হয়ে আসে। 'কি জানি ভাই কীর্তিনাশার কি ইচ্ছা, এই বাষট্টি বছরে তিন তিনবার এপার ওপার কইরা বাড়ী বান্দলাম।'

'ভয় নাই নিবারণ—কাশেম হাসতে আছে।'

'হাসুক তবু বিশ্বাস নাই—আমি একবার উঠুম। তোমরা এখন বাড়ী যাও—আর তামুক নাই আমার ডিবাত।'

আলী মহাজন বড়লোক—নৌকাই আছে তার বিশ বাইশখানা। সে বলে, 'যদি এপার একান্তই ভাঙে কাশেম, তোর তালুকে গিয়া কবলিয়ৎ দিমু।'

'খোদার ইচ্ছা। আপনে জ্যান, কত বড় বড় মিঞা দয়া দেবে।' একটা থিয়েটারী ভঙ্গীতে সে দাওয়া ছেড়ে রাস্তায় নামে।

কতগুলো ছোট ছোট বাচাল ছেলে ছিল সেখানে। একজন চোখের ইংগিত করে। ছেলেরা অমনি চেঁচিয়ে ওঠে:

'নানার তালুক নিরানব্বই কানি
তবু যায় না চোখের পানি
ওরে কাশমা ফিরা চা
হাঃ হাঃ হাঃ, হাঃ হাঃ হাঃ।'

একটা হাসি হট্টগোল হাততালিতে কানে তালা লাগতে চায়।

রসময় ওখানে বসেছিল। তার সম্বল মাত্র একখানা ভদ্রাসন। তার এ সব ভাল লাগে না। সে ভাবে একটা মানুষকে কতখানি নাকাল করতে পারে আর একজনে।

কিন্তু কাশেম সত্যি সত্যিই আর ফিরে তাকায় না। কবে যেন সে

গলচ্ছলে কার কাছে কি মন খুলে বলেছিল তারই জের এই সব। গ্রামের ভিতর তার হাঁটা দুষ্কর।

কিছুক্ষণ বাদেই সে এক গৃহস্থ বাড়ী গিয়ে ওঠে। এ বাড়ীতে পরদা নেই, থাকবে কি করে? ভাঙাচুরা ঘর দুয়ার। ফুলমনদের মত অবস্থা থাকলে অন্দরে কেউ ঢুকতে সাহস পেত না এক কাশেমর মত ঘরের লোক ছাড়া। বৌ ঝি মেয়েরা বেশ নিঃশংকোচে ঘুরে বেড়াচ্ছে অনেকটা হিন্দু বাড়ীর মত। এসব মুসলমানী প্রথামত খুবই দোষের, কিন্তু উপায় কি! দারিদ্র্য এদের অন্দরে বসে পথের লোককে যেন হাতছানি দিয়ে ডাকছে।

ভূমিহীন কৃষাণ পরিবার সব আলোচনায় মগ্ন। পুরুষেরা যাবে সাতদিনের জন্য ধান কাটতে—সেই সাতদিনের ব্যবস্থা কি হবে? কেউ ধার করে চাল কিনে রেখে যাবে। কেউ গাছের ফল বিক্রি করে এ-কটা দিন স্ত্রীকে চালাতে বলছে। ফলের দামে ঠিক সাতদিন চলবে না। না চলুক—তার মধ্যে মুরগী ডিম পারবে।

স্ত্রী জবাব দেয় যে গতবার সে ঐ কথায় ভুলে ঝাড়া তিন তিনটা দিন উপোষ করেছে। এবার সে আর ফাঁকিতে ভুলছে না।

'তবে থাউক যাওয়া।'

'থাকবে ক্যান্? এখন যদি না জমান তবে খাইবেন কি ঘন ভাওরে?' কথাগুলি ব্যঙ্গের মত শোনায় কিন্তু ব্যঙ্গ নয়। বিয়ে হওয়ার আগে যে ভাইকে আঞ্জুমান তুমি বলে সম্বোধন করত এখন তাকেই আবার আপনি বলে ডাকে দেশী রেওয়াজ অনুযায়ী। তিন তিনটা ছেলে মেয়ে এসে তাকে কুকুরের বাচ্চার মত ঘিরে ধরে।

এতগুলো লোকের মধ্যে একটা টেনে তার দুধ বের করতে চায়। সেটাকে সে ঠেলা মেরে উঠানে ফেলে দেয়। জীবন মরণ সমস্যার আলোচনা—এ সময় কি আর ভাল লাগে ছেলেমেয়ের আবদার! 'সাত রোজ—চৌদ্দডা ওক্তো, লাগবে মাত্তর একটা টাকার চাউল। তাও যদি মরদরা জোগাড় করতে না পারে তবে সোংসার পাতা ক্যান্? মাগীগো গায়ের গন্ধ না লইলে বুঝি ঘুম আয় না?'

'চুপ কর, চুপ কর।' একজনে প্রতিবাদ করে 'চুপ কর আঞ্জুমান।'

'ক্যান্, ডর কিসের?'

'হয় হয় বুঝছি বুঝছি—এখন আমার নাক চাবিডা যদি খুইলা দিই আর বন্ধক থুইতে পারেন তয়, বেহেস্তের কটক অমনে মেইলা যাইবে। নানী, ওসব হাফিজ আমার কাছে আওড়াইবা না। মুন্সী মৌলবী আর এবাড়ীতে পাও দিলে আমি তার কান কাইটা রাখুম।'

আঞ্জুমানের কথায় বাড়ী শুদ্ধলোক থ মেরে যায়। একটা পনের ষোল বছরের মেয়ে বলে কি! কেউ কেউ আশঙ্কা করে যে আজ রাত্রের মধ্যেই নিশ্চয় একটা খোদার গজব ওর ওপর পড়বে। আঞ্জুমান এবাড়ীরই মেয়ে। এক চাচাতো ভাইর সঙ্গে বিয়ে হয়ে এবাড়ীরই বৌ হয়েছে। তাই তার লাজ সরম একটু কম। মনে যা আসে তা সে হট করে মুখ দিয়ে বলে ফেলে।

এক মুখ দাঁড়ি গোফ নিয়ে এইমাত্র মুখ ধুয়ে ফরিদ এসে সভার এক পাশে বসে। হাতে তার তামাকের সাজ সরঞ্জাম। সে একটা ডাওয়া থেকে খানিকটা তুষের আগুন তুলে কল্কিতে দিয়ে টানতে থাকে। চোখ দুটো তার রক্ত বর্ণ। শরীরের স্থানে স্থানে সঙ্ঘ

ছড়ে যাওয়ায় দাগ। 'কি তোমাগো কত দূর? আমার তো জোগাড়।'

আঞ্জুমানের স্বামী রহিম উত্তর দেয়, 'মিয়া ভাইর কথা কি! শরীর ভরাগুণ।' অর্থাৎ সে পাকা চোর।

'তোমাগো নিষেধ করে কেউ? স্বভাব হইছে মুছুল্লির মত, শরীর হইছে বাদশার মত—পরেরটা দেইখ্যা খালি চক্ষু টাটায়। ক্যান্ নামতে পার না আমার সাথে, ডাইক্যা যাই নাই আমি? কও তো, নানী, আমার দোষ কি? তোর তো কোনও কষ্ট লাগত না একটু সঙ্গে দাঁড়াইতি ক্যাবল। তিন জনে গেছি, তিন দুই টাকা পাইছি। আরও ঘরে যা রইছে তা দুইদিন যাইয়া পোলায় তোষ নিটাইয়া খাইবো।'

'আমি তো কিছু পারি না—দিন রাত্তির কয় আঞ্জু, মধ্যে মধ্যে কও তুমি। না পারি ভালই। তুমি যে চাইর আনা পয়সা ধার নেছ হাটবার—তাই দিয়া দেও।'

'এখন হিংসা হইল বুঝি তোর! বুইন মিথ্যা কয় কি? আইজ চাইর বছর সাদি হইছে—ছাওয়াল হইল তিন তিনডা কিন্তু কাপড় দিয়া দেখছ একটাও। এই কষ্টের উপর দেলে আমিই দিছি। ভাবলাম চাচাতো ভাইরডে বিয়া দি—দেখতে শুনতে যোয়ান, খাইটা পিট্যা সুখে রাখবে বুইনডারে। তা না একটা রাঙা মুলা।' তারপর নানীর দিকে চেয়ে একটু ভ্রূ কুঁচকে বলে, 'শেষ রাত্তিরে ও মিঞার উস (উত্তাপ) ভাংগে না। ডাকলে জবাব দেয় না।'

নানী বলে, 'দাদুর মাল যে এলন ও টাটকা।'

'দূর, দূর, তুমি কও কি!' ফরিদ একটু লজ্জিত হয়।

সকলের অলক্ষ্যে দাঁড়িয়েছিল কাশেম। এতক্ষণ পিছন দিকে কেউ তাকিয়ে দেখেনি। 'তোমাগ কয় টাকায় ঠেকা? কয়জন যাইবে মাণিকথালি ধান কাটতে? আমিও যামু কিনা তাই জিজ্ঞাসা করি। সকলে একটু সামনে বসে। বিশেষত স্ত্রীলোকেরা। একখানা পিঁড়ি আসে কাশেমের জন্য।

মহম্মদ প্রশ্ন করে—অবশ্য ঠাট্টা করেই, 'চর বুঝি দেখায়—না হইলে দাদন দিতে চাও? গোটা সাতেক টাকা হইলে হয়। আমরা টাকা পাইলে চর কাশেমেও যাইতে রাজী। এবার খন্দ হইছে ক্যামন?'

একজন মোড়ল গোছের লোক তার ভাঙা দাওয়ায় বসে হাঁকে, 'কি খাড়াইয়া রইলা যে—বইস মিঞা, তামুক খাও। তামুক দে মহম্মদ, ফাইজলামি করিস পরে।'

মোট কথা এই টাকা সাতটা ধার দেওয়ার প্রস্তাব করায় মহম্মদের পিতা কেন বাড়ীর সব গৃহস্থ এগিয়ে আসে। এতক্ষণ ক্রোধ অভিমান ও অক্ষমতার যে বায়ুতে ভারাক্রান্ত হয়েছিল এই বাড়ীটা তা নিমেষে কেটে যায়। একটা মুরগী জবাই দেওয়া হয় বেশ মোটা সোটা দেখে। গত রাত্রে জেলের জাল কেটে সে মাছ চুরি করে এনেছিল, ফরিদ তা খানিকটা দিয়ে যায় আঞ্জুমানদের ঘরে। স্থির হয়েছে কাশেম গোছল করে ওদের ঘরেই খাবে! আঞ্জুমান ছেলে মেয়ে নিয়ে সবদিক সামলাতে পারে না। নানীর ডাক পড়ে। খানা প্রস্তুত হয় হরেক রকম। শীরনি পোলাও, কাবাব—কোনটা বাদ যায় না। দেখতে আসে অমনি ভাত-মরা প্রতিবেশীরা। কাশেম নাতি জামাইর মত বসে থাকে হাত পা ধুয়ে। কত রাজ্যের কত রকম ভোজের কেচ্ছা

করে বুড়ো। সে ছিল কেরায়া-নায়ের মাঝি। দিল্লী গেছে, হিল্লি গেছে—গেছে হাবড়া, হুগলী !

টাকা তো মাত্র সাতটা। তাও দেবে ধার। তবু একটা উৎসবের সাড়া পড়ে যায় মেছো কাশেমকে ঘিরে। আজ সে আর ইসকাবনের গোলাম নয়—হরতনের টেক্কা।

একখানা হেউলী পাতার হোগলা বিছিয়ে তার ওপর সব রান্নার জিনিস রাখা হয়েছে। মেটে বাসনই বেশী। তবে দু' একখানা চিনা মাটি কিম্বা কাঁচের ডিসও আছে। ফরিদ কাশেম আরও কজন এসে বসে পড়ল হোগলার ওপর। অবশ্য কাশেমই জোর জবরদস্তি করে বাকী কজনকে এনেছে ধরে।

'আসেন মিঞা আসেন।'

মহম্মদের বাপের মনে মনে ইচ্ছা থাকলেও মুখে সে না না করতে লাগল। কিন্তু তাকে ছাড়ল না কাশেম। হিসাবের বাইরে অতিথ হয়ে গেছে, তাই চোখ ঠারে অঞ্জুমান নিষেধ করল স্বামীকে বসতে। কাশেম ভাতের গামলাটার দিকে চেয়ে বলল, 'হৈবে মিঞা হৈবে। ইহাঁনে ভাত কম নাই--বসেন আইসা।'

অগত্যা রহিমও বসে পড়ল একপাশে।

ফরিদ সকলের হাত ধুইয়ে ভাত, ছালুন, মাছ, গোস্ত মেটে বাসনে ভাগ করে দিল। দুতিন জনের খানা খাবে পাঁচ ছ-জন—ভাগ করা দুষ্কর। কিন্তু তবু প্রসাদের মত পরিপাটি করে পরিবেশন করল ফরিদ।

'তুমি মিঞা পাকা সদিমদার (পরিবেশক)।'

কাশেমের প্রশংসায় একটু হাসল ফরিদ।

প্রত্যেকটি ব্যঞ্জন থেকে ভাত পর্যন্ত সকলেরই কম পড়ল। আশ্চর্য, কেউ তাতে টুঁ শব্দটি পর্যন্ত করল না। নিতান্ত ভূরিভোজের পর যেমন তৃপ্ত হয়ে ওঠে, সকলে তেমনি পরিতোষের ভাব নিয়ে আহারান্তে বাইরে এসে একটা গাছ তলায় তামাক খেতে বসল।

কম খেলো বলে দুঃখ নেই—কম তো ওরা হামেসাই খায়; কিন্তু সকলে মিলে যে একত্র বসে আহার করল এই তো পরম লাভ!

ফরিদ বলল, 'বুইনডার আমার মুখখান বড় খরখরিয়া, কিন্তু হাত খান মিষ্ট।'

একাত্তর বছরের নানী জিজ্ঞাসা করে, 'আর আমার?'

'তোমার সব্ব অংগ মিঠা, তবে দুঃখের মধ্যে আমরা সোয়াদ (স্বাদ) পাইলাম না!'

এখন একটা পরামর্শ হবে, কখন কি ভাবে কোন পথে মানিক-খালি যাওয়া যাবে। কিন্তু গণ্ডগোল বাধাল ফুলমন। ফুলমনের চাচা গ্রাম্য পঞ্চায়েৎ। সে এসে হাজির হল সরজমিনে। প্রতিবেশী স্ত্রীলোক যারা এসেছিল, তাদের মধ্য থেকে একজন গিয়ে কাশেমের টাকা ধার দেওয়ার সংবাদটা বেশ হাত নেড়ে ফলাও করে বলেছে ফুলমনের কাছে। সে কথার চেয়ে বড় কথা আমিনা তাকে নাকি আজ বড় আদর করে নানা রকম খানা রেঁধে খাওয়াচ্ছে। গোলামকে বসিয়েছে বাদশার আসনে? ফুলমনের মাথায় খুন চেপে গেল। সকাল বেলা জেলেরা এসে পঞ্চায়েতের কাছে নালিস করে গেছে যে তাদের নাকি এককাছি (কুড়ি হাত) জাল চুরি গেছে। সঙ্গে সঙ্গে মাছও গেছে অনেকগুলো। এবার ফুলমন চাচার কানে চোরের নামটা খুব জবড়জং করে বলে এলো। 'আমাগো কাশমা

—চাচা কমু কি আমাগো কাশমা! তা না হৈলে ও এত টাকা পায় কই যে আব্বুমানেগো ধার দেয়—এ বাড়ীর থিক্যা গোসা কইরা গিয়া ও-বাড়ীতে বইসা মেজবান ( নিমন্ত্রণ ) খায়, দোস্তালী পাকায়! বড় লায়েক হৈছে, একটু সমঝাইয়া দেওয়া উচিত। নিন্দা হইলে তো আমাগোই হৈবে।'

'কিরে কাশমা, তুই নাকি হরেন জাউল্যার জাল কাইটা আনছ?'

'কইল কে এ কথা?'

মোটা বুদ্ধি পঞ্চায়েৎ বলে ফেলে, 'ফুলমন।'

'বাদী হরেন না—ফুলমন? বংশে একখানা মাইয়া হইছে।'

'ক্যামন?'

'মায়ের পোড়ে না, পোড়ে গিয়া মাসীর। জাল চুরি গ্যাছে হরেনের, বুক পোড়ে ফুলমনের?'

'সে তো তোর ভালর জন্য কইছে।'

'বোঝলাম, কিন্তু ওর কি? হরেন কি তোমাগো কেও হয় নাকি?'

'হৈবে কিরে, হারামজাদা, হৈবে কি?'

'হৈবে কেন, হৈছে। না হৈলে তোমাগো ফুলমন বাদী হয় কি উষ্ণমে ( সম্পর্কে )?'

গাঁয়ের পঞ্চায়েৎ—গেছে চোরা ইলিশের তদারকে। খবর পেয়ে চৌকিদার আসে। রাউণ্ডের পুলিস দুজনও আসে হাউণ্ডের মত। এসেই বেঁধে ফেলে কাশেমকে। নিকটে ছিল ফরিদ, সেও রেহাই পায় না। দড়িদড়া কে খোঁজে লাল পাগড়ি দিয়েই পিঠ মোড়া করে দুজনকে বাঁধে।

কি যেন বুদ্ধি দেয় মহম্মদের বাপ আঞ্জুমানকে। সে পুলিসের সাথেও অনেক কেরায়া বেয়েছে কিনা! অনেক অঘটনও ঘটতে দেখেছে।

হঠাৎ একখানা দা নিয়ে লাফিয়ে পড়ে আঞ্জুমান। বাঘিনী দেখলে যেমন মেষের পাল ছত্রাকার হয়ে যায়, তেমনি চারদিকে ছুটে পালায় আহাম্মকের দল। এজাহার নেই, পরওয়ানা নেই, কিসের জোরে দাঁড়াবে ওরা।

বুড়ো তাড়াতাড়ি এসে দুজনের বাঁধন খুলে দেয়। কে যেন মন্তব্য করে, 'আঞ্জুমান একটু সুস্থ হৈতেও দিল না বেচারীগো।'

এক রকম নাকে খত দিয়েই সন্ধ্যা বেলা পাগড়ি দুটো চেয়ে নিয়ে যায় একজন গ্রাম্য মধ্যস্থ। না দিলে ওদের চাকরি থাকবে না।

৩

সন্ধ্যার পর নদীর বুকে সরগরম করে পাঁচখানা ডোঙা খোলে। দশজন কৃষাণ—ধান কাটতে চলেছে বরিশাল জেলার মাণিকখালিতে। তাদের সঙ্গে বিছানা পত্র, হাঁড়ি-পাতিল। শীত কালের গাঙ। মরা সাপের মত। গতি আছে কি নেই বোঝা যায় না। কুয়াশাহীন পরিষ্কার আকাশ। কিন্তু কূল ছাড়িয়ে এক 'রেত' আসতেই নৌকার গতি ক্রমে বাড়তে থাকে। পাড়ি দিচ্ছে ওরা। যত মাঝ বরাবর এগিয়ে চলে ততই গতি প্রখর হয়। বোঝা যায়, মরা সাপও হঠাৎ খাড়া [illegible]ঠেছে। কিন্তু এসব ওরা আমলে আনে না।

'একটা কেচ্ছা কও—বড় শীত।' সত্যই উত্তুরে বাতাস যেন গায়ে বরফ ছুঁইয়ে যাচ্ছে।

একজন আরম্ভ করে, 'তয় শোনো বলি : এক যে ছিল বাদশাজাদী—গোলেবাখালি তার নাম। কন্যার ছুরাতের (রূপের) কথা কি আর কমু—আসমানের চাঁদ ছ্যাইনা য্যান গড়াইছে কন্যার দেহ—'

'তারপর?'

'এইডা কি? একটা মানুষ যে। ধরো ধরো চুল···।'

চারদিকের নৌকা নিমজ্জমান মানুষটিকে ঘিরে ফেলে। হাতাহাতি তাকে একখানা নৌকায় তুলে নেয়। পুরুষ নয়, অপূর্ব সুন্দরী এক স্ত্রীলোক। গায়ের কাপড় পায়ে জড়িয়ে গেছে। সংজ্ঞা নেই কিন্তু নাকের কাছে হাত দিলে বোঝা যায় এখনও প্রাণ আছে। কাশেম তাড়াতাড়ি লুংগি জড়িয়ে ভিজা সাড়ী খুলে নেয়। গায়ের সেমিজটাও অতিকষ্টে খুলে ফেলে। তারপর উপুড় করে খানিকটা জল বমি করিয়ে শুইয়ে সেক দিতে আরম্ভ করে। সঙ্গে তুষের আগুন রয়েছে যথেষ্ট। এ সকলই চাঁদের আলোতে করতে হয় কারণ বাতি পাবে কোথায়?

রহিম জিজ্ঞেস করে, 'নদীতে পড়ল ক্যামনে? দেইখা মনে হয় ভদ্দর লোকের ঘরের বৌ। ডাকাইতে ধরছিল বোধ হয়।'

ফরিদ বলে, 'দূর। তা হইলে কি গা ভরা গয়না থাকে?' সে ইতিমধ্যে কাশেমের নৌকায় উঠে এসে যতদূর সম্ভব তাহাকে সাহায্য করতে থাকে। মনে হয় সে যেন আঞ্জুমানের সেবা করছে। কাশেম যা না জানে তার চেয়ে যেন অনেক বেশী জানে ফরিদ, বলে, 'কাশেম গয়না পাতিগুলা হুঁশিয়ার, উবকারীরে কিন্তু বাঘে খায়।'

কেমন করে জলে পড়ল তাই নিয়ে অনেক আলোচনা জল্পনা

কল্পনা হয়; কিন্তু কারণটা ঠিক কি, তা কেউ বলতে পারে না। ডাকাতি নয়, মৃগীর ব্যামোও নয়, কেউ যে ঠেলে ফেলে দিয়েছে তাও মনে হয় না—তবে কি?

'এখন ক্যামন আছে?' কাশেম প্রশ্ন করে।

'ভাল আছে চিন্তা নাই—তুমি সুস্থ হৈয়া নৌকা বাও। এই রহিম! একেবারে কালাইয়া (ঠাণ্ডা) গেলাম, একটু তামুক খাওয়াও।'

সেবা শুশ্রূষা করতে করতে ভোর হয়ে আসে। উষার রক্তোচ্ছ্বাস দেখা যায় পুবাঁচলে। সকাল বেলার দিকে বেশ ঘন কুয়াশা। সেই কুয়াশা ঠেলে জলের তল দিয়ে যেন সূর্য ওঠে। একটা রক্তগোলকের মত দূর থেকে প্রতীয়মান হয়। ক্রমে ক্রমে কুয়াশা কেটে যেতে থাকে। আলোর মালা ছড়িয়ে পড়ে নদীর জলে। এতক্ষণে বুঝা যায় তারা কত বড় নদী পাড়ি দিয়ে এসেছে। ওপারের গাছপালা শুধু একটু ধোঁয়ার তুলি বুলান। আর সবখানি জল, শুধু জল! সময় সময় ছলবল করে ওঠে উত্তুরে বাতাসে।

মেয়েটির সংজ্ঞার লক্ষণ দেখা যায়। দিনের আলোতে সকলেই বুঝতে পারে মেয়েলোকটি বিবাহিতা—হিন্দুর ঘরের বৌ।

কিছুক্ষণের মধ্যেই ফরিদের বার কয়েক বমি হয়। এ আবার কি বিপদ! কলেরা নয় তো?

ফরিদ পাড়ে যাবার আগ্রহ প্রকাশ করে। তাড়াতাড়ি নৌকা ভিড়ান হয়। সে একটা ঝোপের আড়াল থেকে ফিরে এসে বলে যে তার ভেদবমি হচ্ছে।

চিন্তার কথা।

সকলকে নিশ্চিন্ত করে দিয়ে সে বাড়ী ফেরার প্রস্তাব করে। 'আমি এখনও পায় হাইটা যাইতে পারুম। তোমরা সাবধান মত আসো গিয়া। ভাইরে, সবই নসিব।' সে পেটে হাত দিয়ে বসে পড়ে।

একটা ভারাক্রান্ত মন নিয়ে সকলে ঝিমোতে থাকে।

রহিম বলে, 'ভাইজান, ধান আগে না জান আগে? আমি তোমারে লইয়া বাড়ী ফিরুম।'

'মুখ্য, বাড়ী ফির‍্যা খাবি কি? বড় মায়া ফ্যানাইতে শেখছ!'

'মিঞা ভাই, ব্যামো হইছে তবু তোমার কথার কি আল (হুল) গা জল্যা যায় শুনলে।' রহিম বিরক্ত হয়ে বসে থাকে।

সকলে মিলে ডাকাডাকি ও কাকুতি মিনতি করে একখানা ডোঙা নায় তুলে দেয় ফরিদকে। সে গলুইতে উঠেই তামাক সাজতে বসে— 'কাশেম খুব হুঁশিয়ার মত যাইও--অযতন হয় না জানি ঠারইনের। ওনারে লইয়া কেথায় যাবা তা তো কিছু ঠিক করলা না!'

'খোদার ফজলে যখন জেগান হৈছে, তখন চিন্তা করা লাগবে না-- তুমি সাবধান।'

ধান কাটতে এসে মাঝ পথ থেকে ফিরে চলল ফরিদ, তার জন্য সকলেই দুঃখিত হয়। কিন্তু স্বস্তি বোধ করে, সে ওকে হেঁটে যেতে হলো না দেখে।

নৌকার চালির ওপর মেয়েলোকটি উঠে বসেছিল। শীতের রোদটা বেশ ভালই লাগছে। তাদের কথার জবাবে সে যেন একটু ম্লান সলজ্জ হাসি হাসল।

কাশেম জবাব দিল, 'বুঝছি, বুঝছি সব।'

কিন্তু আদৌ যে সে কিছু বুঝতে পারেনি এইটুকুই রহস্য।

অনেক সময় গত হয়েছে। নদীতে এখন পূর্ণ জোয়ার—নৌকা চলছে মন্থর গতিতে। উজান বেয়ে আর কতটা এগুনো যায়!

এতক্ষণ ধরে মেয়েলোকটি বলছিল—সে কি করে অতদূর ভেসে গিয়েছিল কাল। সন্ধ্যাবেলা গা ধুতে গিয়ে হঠাৎ পা হড়কে চলে যায় অগাধ জলে। তখন এমনি জোয়ার। ভাগ্যে এক খণ্ড কলাগাছ পেয়েছিল। কিন্তু একটা ছোট ঘোলায় পড়ে বেশীক্ষণ আর দিশা রাখতে পারেনি। তারপর পেল একখানা ভাঙ্গা নৌকার তক্তা। খানিকবাদে শীতে এবং পরিশ্রমে সেখানাও গেল হাত থেকে ফসকে। তখন রাত হয়েছে অনেকটা। তারপর যে কি হয়েছে তা আর সে জানে না। জ্ঞান হয়ে দেখে, সে এই নৌকায়। বাসা তার নিকটের ঐ বন্দরটায়—একেবারে নদীর পাড়ে। দুঃসাহস করে সে স্নান করতে এসেছিল কাল একাই।

'বাসায় কত্তা নাই?'

কাশেমের প্রশ্নের উত্তরেই যুবতী শুধু একটু ম্লান হাসল।

কিছুদূর যেতে না যেতেই একখানা বড় নৌকা এসে হাজির হলো। মাঝি মাল্লা লোকজনের চেহারা দেখে বোঝা গেল—সারারাত ধরে তারা নদীর বুক পাতি পাতি করে খুঁজেছে। নৌকার গলুইতে একজন প্রৌঢ় মহাজন গম্ভীর হয়ে বসে। স্ত্রীলোকটিকে দেখে তার মনে একটা উল্লাস এলো। কিন্তু তা সে গোপন করে, শুধু কাছে এসে নৌকা ভিড়িয়ে তাকে সযত্নে তুলে নিল—'তুমি যে ফিরে আসবে

প্রমীলা, তা স্বপ্নেও ভাবিনি। পদ্মায় যারা ভেসে যায় তারা যে কেউ কখন ফিরে এসেছে তা শুনিনি। আমার ভাগ্য ভাল।'

'আর আমার?'

'কৃষ্ণ জানেন।' প্রৌঢ় ভক্তিপ্লুত মনে দুখানা হাত কপালে ঠেকায়। তারপর সকলকে ধন্যবাদ জানিয়ে ডেকে নিয়ে যায়। সব গুলো নৌকা একখানা বাসার ঘাটে গিয়ে ভিড়ে। পরিষ্কার তকতকে ঝকঝকে একখানা বাড়ী। সুন্দর একখানা দোতলা টিনের ঘর।

কাশেম একটু মুস্কিলে পরে। নৌকার অন্যান্য সকলের সঙ্গে একটা কানাঘুষা করে। হিন্দুনারী, কপালে সিন্দুর নেই, অথচ স্বামী আছে। বাড়ীর ভিতর কেমন সুন্দর একখানা মণ্ডপ! তুলসী গাছও রয়েছে অনেকগুলো। ওদের ডেকে একখানা ঘরে নিয়ে যাওয়া হয়। মহাজনের কর্মচারীরা সংবাদ পেয়ে কাজকর্ম ফেলে সব বাড়ীর ভিতর ছুটে আসে। সকল কথা রুদ্ধ নিশ্বাসে শোনে। এবং সব শুনে কাশেমদের এমন যত্ন করে যে তা কল্পনাতীত। বাজারের সব সেরা জিনিস কেনে জগদীশ মহাজন। মুসলমান গোমস্তা ডেকে ওদের রুচিমত আহারের ব্যবস্থা করে দিতে বলে। সে একজন পরম বৈষ্ণব। কোনদিন তার পয়সায় যে সব জিনিস খরিদ করা হয়নি, তাও খরিদ করা হয় মুসলমান অতিথিদের মনোরঞ্জনের জন্য।

প্রমীলাকে দেখে বাড়ীর ময়নাটা নাচতে থাকে। এতক্ষণ যে বিড়ালটা মনমরা হয়েছিল, সেটা কেবল ঘুরে ঘুরে তার গা জড়াতে থাকে।

'পুলিসেও খবর দেওয়া হয়েছে।' জগদীশ বলে, 'তোমার গয়না-

গুলো ছিল একটা গুরুতর আশঙ্কার বস্তু। প্রভুর কৃপায় যে গুণ্ডা বণ্ডার হাতে পড়নি—এও একটা সৌভাগ্য।'

'লোকগুলো বড় ভাল। ওরা যত্ন না করলে যে আজ কি হতো তা ভেবে পাইনে।···কিন্তু একটা ভুল যে দেখছিনে। আংটিটাও যে নেই।'

'ওরা কি আর তা নিয়েছে? যদি নেবার ইচ্ছা থাকত তবে ভারী গুলোই নিত। হাত পা ছুঁড়তে কেমন করে হয়ত খুলে পড়েছে। যাক গে, ওর জন্ম মন খারাপ করো না। তুমি যে প্রাণে বেঁচে ফিরে এসেছ সেই যথেষ্ট।'

'তা ঠিক। ওদের জন্ম কি ব্যবস্থা করেছ?'

'সে জন্ম তোমার ভাবতে হবে না। তুমি চুপ করে শুয়ে থাক।'

প্রমীলা চুপ করেই বিছানায় পড়ে থাকে। কিন্তু ওদের খাওয়ার সময় সে শারীরিক সকল কষ্ট অগ্রাহ্য করে উঠে যায়। এখন আর তার গায় একখানাও গয়না নেই। তার বদলে ফোঁটা তিলক কাটা—নিরাভরণ দিবি্য এক বৈষ্ণবী মূর্তি। নিরামিশ আহারী জগদীশও এসেছে। ধান কাটা মজুর হলেও তাদের জন্ম সকল রাজসিক ব্যবস্থা করা হয়েছে।

যত সময় খাওয়া না হয়, তত সময় তারা করজোড়েই যেন দাঁড়িয়ে থাকে। অস্পৃশ্য আহার্য, যবন অতিথি—তবু কত প্রেম কত অনুভূতি যেন উথলে ওঠে বৈষ্ণব-বৈষ্ণবীর হৃদয়ে!

একদিন, দুদিন, তিনটা দিনও গত হয়ে যায়, তবু জগদীশ ও প্রমীলা ওদের ছাড়ে না। একটা ছোটখাটো মহোৎসবের ব্যবস্থা হয়, কিছু দরিদ্র নারায়ণ সেবা করান হয়—হরিসংকীর্তন তো প্রত্যহ হয়েই থাকে

মহাজনের গদিতে। সন্ধ্যার পর কর্মচারীরা ঢোল, খোল, মৃদঙ্গ নিয়ে বসে। জগদীশ প্রকাণ্ড একজন চাল ধান নারকেল সুপরির আড়তদার। গঞ্জে তার গোলা আছে পাঁচ সাতটা। এছাড়া বাজে মালেরও বেচাকেনা আছে। জগদীশ ঢাকা জেলার মানুষ। দরিদ্র দোকানদার হিসাবে এখানে আসে। প্রথম বেচত চিটাগুড় ও তামাক। সেই রীতিটা আজও সে ছাড়েনি। স্ত্রী পুত্র দেব-সেবা সবই তার নাকি দেশে আছে -এবং তা অন্যের চেয়ে বেশ ভালই আছে। তবু তার এখানে একটা সংসার। কাশেমরা বুঝতে পেরেছে, এটা সেবাদাসীর সংসার, চিরাচরিত নিয়মের ব্যতিক্রম বটে। কিন্তু সেজন্য ওদের খারাপ লাগেনি। স্নেহ মায়া মমতায় ওরা তুষ্ট হয়ে গেছে।

জগদীশ ওদের ধান কাটতে যেতে বারণ করেছে। সে বলেছে যে তার একটা পুকুর আছে মাইল তিনেক দূরে, তাতে জল আছে খুব কমই। একটু চেষ্টা করে ধরে দিলে প্রচুর মাছ পাওয়া যাবে—সোল, টাকি, বোয়াল। আর ধান কেটে যে ধান মজুরী হিসাবে পাবে তা জগদীশ ওদের দিয়ে দেবে গোলা থেকে।

পুকুরের জল ছেঁচতে মাত্র দুদিন লাগে। তারপর ডোঙায় ডোঙায় মাছ বোঝাই হয়। এখন ধান নেবে কোথায়? জগদীশ লোক ও নৌকা দেয়।

ওরা বাড়ী ফিরে চলে। কাশেমের সঙ্গেই একটু বেশী আলাপ হয়েছিল প্রমীলার। সে বলে, 'যাবে তো কিন্তু আমার কথাটা ভেবে দেখ, বাড়ীটা একেবারে খালি হয়ে যাবে। হ্যাঁ কাশেম, তোমার তো শুনি কেউ নেই। থাকতে পার না এখানে? অনেক মুসলমান গোমস্তা আছে, তুমিও না হয় রইলে।'

'আচ্ছা ভাগে তো যাই, আবার নাইলে আসুম। ভাল বিত্তাশ আমার কাছে সোমান ঠারইন দিদি।'

যাওয়ার সময় একটা দীর্ঘনিশ্বাস গোপন করেছিল প্রমীলা, একটু কেঁদেছিল মেছো কাশেম।

ফুলমন গোমা সাপের মত মনে মনে গুমরাচ্ছিল। একবার সমুখে পেলেই ছোবল দেবে। কিন্তু শিকার কেন জানি তাকে এড়িয়ে চলে। তার কি রাগ হয়েছে সহজে? আড়াই টাকার বান্দার এত বড় হওয়ার লিপ্সা কেন? কেন খান এনে তুলেছে আঞ্জুমানদের ঘরে? বড় বিশ্বাসী হলো ঐ সেয়ানা মাগী—ফরিদ চোরার ভাইয়ের বৌ! আবার ও নাকি বলে বেড়াচ্ছে, চাকরী করতে গঞ্জে যাবে। 'কাশমা' করবে চাকরী! করবে গোলামী। তাই যদি করতে হয়, তবে ফুলমনদের বাড়ী থাকায় দোষ ছিল কি? ফুলমনরা ওকে তো আর চিমটি কাটত না। আর এমন কোন কাজ করাত না যাতে ওর মান যায়। এখানে তো বাড়ীর একজনের মতই থাকত। শুধু কি তাই? মাঝে মাঝে মেজাজ দেখাত। কোন কাজে অনিচ্ছা হলে অমনি বলত, 'না—এখন পারুম না।' গঞ্জে গিয়ে সে গোঁয়ার্তুমি চলবে না। পয়সা দিয়ে চাকর রাখবে, একটু এদিক ওদিক করলে ঘাড় সোজা করে দেবে। সেখানে মায়া মহব্বৎ নেই।

সে জোর করেও কাশেমের চিন্তা মন থেকে ঝেড়ে ফেলতে পারে না। সেই কাশেম—যার সাথে ফুলমন শিশু বয়স থেকে খেলাধুলা, ঝগড়াঝাঁটি করে বড় হয়েছে—যার আবদার অভিমান কাশেম

জান দিয়েও রেখেছে। সেই কাশেম কি করে পর হয়ে গেল—ভুলে গেল তাদের।

ভাবতে ভাবতে ফুলমনের কাছে কাশেম রংয়ের গোলামের মর্যাদা লাভ করে। একবার যদি প্রতিপক্ষের হাতে গিয়েও থাকে, তবু ফিরিয়ে আনতে হবে যে কোন কৌশলে !

পর্দার আড়াল থেকে ফুলমন রহিমকে দেখে তাকে ডাকে।

'একটা নারকেল পাইরা দিয়া যাবি ?'

'পারুনী দিতে হইবে কিন্তু একটা।'

'একটা নারকেল পাইরা মজুরী নিতে চাও একটা ?'

'গাছে তো ওঠাই লাগবে—একটা না পারাইয়া দশটা পারাও।'

'থাউক আমার নারকেল পারান লাগবে না। তুই একটু কাশমারে পাঠাইয়া দিবি ?'

'তারেও তো তুমি কম জ্বালাও নাই। সাধে সে চইল্যা গেছে ! এখন সে গঞ্জে চাকরী করতে যাইবে—গাছে চড়তে আর আইবে না।' রহিম ফিরে চলে।

'এই, শোন, রাগ করিস না—দিমু সেই একটাই মজুরী।'

রহিম ফিরে আসে। একটি গাছে মাত্র দুটি ঝুনো নারকেল ছিল, তাই পারা হয়। রহিমের কাছে সে প্রমীলার সংবাদ পায়—রূপ গুণ যৌবনের। সেবাদাসীরা সাধারণত কোন শ্রেণীর হয় তাও সে জানে।

'তুই নারকেল দুইটা নিয়া যা—আমারে ঐ চারাগাছটা থিকা একটা ডাব শুধু পাইরা দিয়া যা।' আজ কেন জানি তার দারুণ তৃষ্ণায় ছাতি ফেটে যাচ্ছে।

ফুলমনের উদারতায় রহিম আশ্চর্য হয়ে যায়।

ধান যা-ই আসুক—ছোট ছোট পরিবারের প্রায় একমাসের খোরাকী এসেছে। যারা একটা দিন কেন, একটা বেলা নির্ভাবনায় খেতে পারে না, তারা একটা মাস নিশ্চিন্ত! একথা ভাবতে গিয়েও আনন্দে অধীর হয়ে ওঠে আঞ্জুমান। একটা নয়, দুটো নয়, একেবারে ত্রিশটা রোজ। হয়ত দুচার বেলা বেশীও যাবে ক্ষুদগুলো যত্ন করে রাখলে।

এরই মধ্যে সমস্ত বৌরা একত্র হয়ে বাড়ীর একমালি উঠানখানা ভাল করে নিকিয়েছে। যে যার ভাগ আলাদা করেছে বাঁশের আধলা দিয়ে। একটা উঠান ভাগ হয়েছে অনেকটায়। তাতে ছড়িয়ে দিয়েছে সিদ্ধ ধান। শীতের তপ্ত রোদে মনে হয়, এতো ধান নয়—সোনার দানা। ঐ ছড়ান ধানের ফাঁকে পথ। আঞ্জুমান অতি সন্তর্পণে হাঁটে, তার অব্যক্ত আনন্দ উছলে পড়ে সোনালী শস্যের বুকে।

একটা মুরগী কিংবা হাঁস অথবা অন্য কোন পাখীতে একটি ধানও খেতে পারে না। নড় কঞ্চি নিয়ে বসে থাকে মেয়েরা দাওয়ায়। আঞ্জুমান রান্না-চাপায় ভোর বেলা। ছেলে মেয়ে ও স্বামীকে খেতে দেয়, কাশেমকে খাওয়ায়। তারপর সারাদিন ধান নিয়ে থাকে। ঐ ধানের লাভ সবটা। তুষ, কুঁড়া, ক্ষুদ, একটি জিনিসও সে এদিক ওদিক হতে দেবে না। তার শ্রম দিয়ে যত্ন দিয়ে চাল (আয়) বাড়িয়ে দেবে অনেকখানি। সে কাশেমের ধানও ভানবে। যে কাশেম তাদের জন্য এতটা করেছে, তার ধান অন্য কাউকেও সে ভানতে দেবে না।

মাছ যা ধরে এনেছে তা দেখে তো ফরিদের চক্ষুস্থির! ধানের কথা সে হিসাব করে রেখেছিল; কিন্তু মাছটা তো তার হিসাবের

বাইরে। এনেছে নিছক বিনা মূল্যে। ফরিদ শুধু তারিফ করে, 'বাঃ—বেশ মাছ তো।' কিন্তু ঐ পর্যন্তই, আর কিছু বলে না।

মনের কথাটা তার সকলে বুঝতে পারে, সকলে কিছু কিছু দেয়। তাতে সে যা পায় তা প্রায় একটা ভাগের সামিল।

এবার আর যে তার মোটেই ঠকা হলো না—তা সে হিসাব করে দেখল।

সিদ্ধ ধান শুকিয়ে মেয়েরা তুলেছে মোড়ায়—জিয়াল মাছ দিয়ে থুয়ে বাকীটা বেচে পুরুষেরা পয়সা এনেছে ঘরে। হাটবারে ছেলে-মেয়ে-বৌ-ঝির কাপড় এসেছে। হয়ত সাত আট বছর পর্যন্ত যে শিশুদের গায়ে কাপড় ওঠেনি—তাদেরও এবার হলো জামা কাপড়। এবার যেন বরাত ফিরল এদের। পাশা পাশি অন্য বাড়ীগুলি শুধু শুধু জ্বলে পুড়ে মরে হিংসায়। বিষ কিছু ঢালে গিয়ে ফুলমনদের বাড়ী। একটু বেশী বিষ ছড়ায় ওয়াদালীর বৌ। সে ভেবেছিল কাশেমের ধান ভেনে কিছু রোজগার করবে।

সব শুনে গোমা সাপ আরও ঘুম মেরে থাকে।

বাড়ীর মধ্যে শুধু উলঙ্গ ফরিদের ছেলে মেয়ে। কিন্তু ফরিদ গম্ভীর। তার বৌকে বলে, 'ওগো বরাতে নাই—নয়া খাইবেই বা কি, নয়া পরবেই বা ক্যামনে। আল্লা রসুল দিন দিলে তখন দিমু কিন্যা।'

নয়া খাওয়া মানে নতুন চালের পিঠা খাওয়া। কিন্তু গোপনে গোপনে তারা যা খায় তা অন্যের চেয়ে ভাল ছাড়া মন্দ না। সকলে টের পায় কিন্তু রহস্য ভেদ করতে পারে না।

কাশেমকে এখন আর কেউ তার নানার নিরানব্বই কানি জমি

নিয়ে ঠাট্টা করতে সাহস পায় না। সে নগদ টাকা ধার দেয়, ধান চাল জমায়—মান তার ক্রমে ক্রমে বাড়ছে।

দেখতে দেখতে রোজার মাস এলো।

একটা সাড়া পড়ে গেল মুসলমান সমাজে। দিনের বেলা রান্না-বান্না বন্ধ—বন্ধ একটু পান তামাক খাওয়া পর্যন্ত। সারাদিন উপবাসের পর সন্ধ্যাবেলা সবাই মিলে রোজা ভাঙে। কাশেমও নমাজ পড়ে। এমন কি আঞ্জুমান পর্যন্ত নিয়মমত রোজা রাখে, নমাজ করে—হাত জোড় করে খোদার কাছে প্রার্থনা করে, 'হে মেহেরবান খোদা! তুমি আমাকে, আমার প্রতিবেশীকে, দুনিয়ার চেনা অচেনা সকলকে সুখ দাও, দৌলত দাও—দেও পরম শান্তি।' তার চোখে মুখে একটা দিব্যভাব ফুটে ওঠে। সে মাদুরখানা তুলে রেখে, দু-গ্লাস সরবৎ নিয়ে এগিয়ে যায়। এক গ্লাস দেয় রহিমকে আর এক গ্লাস অতিথি কাশেমকে। চিনি কম, তেমন মিষ্টি হয়নি, তবু পরম আগ্রহে ঐ সরবং খেয়েই ওরা রোজা ভাঙে। এবার তবু কাশেম সরবং পেল—গতবার তার ত্রিশটা রোজাই ভাঙতে হয়েছে গাঙের পানি খেয়ে। দিন দিন আঞ্জুমান ওকে যেন একটা প্রীতির বন্ধনে জড়িয়ে ফেলছে।

অন্যান্য ঘরেও মাঝে মাঝে নিমন্ত্রণ থাকে কাশেমের। সাঁঝ রাতে এ ঘরে থাকলে হয়ত শেষ রাতে থাকে ওঘরে। এ দুনিয়ায় ওর ঘর নেই, আত্মীয় নেই—একথা সে মাঝে মাঝে ভুলে যায়।

শুধু নামাজ রোজায় যোগ দেয় না ফরিদ। দিনের বেলায়ও তার উনান জ্বলে। সকলে তাকে কাফের ভেবে একপাশে ঠেলে রাখে। কোন ঘরে তাকে কেউ দাওয়াৎ পর্যন্ত করে না। কিন্তু ভালমন্দ রান্না হলে আঞ্জুমান ওকে কিছু না দিয়ে খেতে পারে না।

ফরিদ বলে, 'ঘরে চাউল থাকতে আবার রোজা কি? আমি রোজা করুম বর্ষাকালে।'

'কি যে কও মিঞা ভাই।' রহিম বলে, 'তুমি একেবারে কাফের হইলা!'

'এখন দুইডা ঘরে চাউল আছে—তাই বড় বড় ফুট কাটো—ভুইলা গেছো ঘন ভাওরের (বর্ষার) কথা? আষাঢ় শেরাবন ভাদরোর উপাস?'

'তার লাইগ্যা বুঝি রোজা করুম না?'

'কর, করবানা ক্যান্? বছরে দুইবার আমার দেহে তকলিফ সইব না। তোমাগো সহ্য হইলে কর।' ফরিদ আণ্ডুমানের একেবারে ছোট ছেলেটার হাত থেকে তামাকের হুঁকোটা কেড়ে নিয়ে নিবিষ্ট মনে টানতে থাকে।

রহিম বলে, 'মিঞা ভাই মাথা দিয়া ঠেলতে চায়। আমাগো শরিয়াৎ-এ জমবে না, রোজা করবে না, নামাজ পড়বে না। খোদার দয়া হইবে এমনে এমনে!'

'খোদার দয়ার আশায় বইসা থাকে তোর মত আইলসায়। আমি রীতিমত মগজ ঘুরাই—লগে লগে মেহনত করি!'

রহিম ক্রুদ্ধ হয়ে জবাব দেয়, 'করতো চুরি-চোট্টামি। তোমার জন্য মুখ দেখান যায় না।'

'তুই চুপ কর, তুই বোঝস্ কি হারামজাদা। যে বোঝে তার কাছে কই। কাশেম মিঞা···আইচ্ছা চোর কেটা নয়? দারোগা পুলিশ পঞ্চায়েৎ?' ফরিদ একটু জিরিয়ে নিয়ে বলে, 'আমাগো জমি নাই, জায়গা নাই, কাজ করলে কেও হক মজুরী দেয় না—আমরা যদি চুরি না করি, তয় টিক্যা থাকুম ক্যামনে?'

কাশেম বলে, 'তা যাই কও মিঞা, ঠারইন দিদির গয়না চুরি কইরা আনা কিছুতেই বরদাস্ত (সহ্য) করতে পারুম না।'

'আমি কি মানুষ না? কে কইছে যে চুরি কইরা আনছি—জলেডুবা মানুষের গয়না?'

'তয় টাকা পাইলা কই? চলে ক্যামনে?

ফরিদ বলে সে যাব নায়ে সেদিন এসেছে, সে বুড়ো খুব অবস্থাপন্ন গৃহস্থ। দক্ষিণে অনেক ধানী জমি আছে। সে আবার বিয়ে করতে যাচ্ছে। গোপনে কিছু সোনারূপা নৌকায় নিয়ে যাচ্ছিল, কন্যাকে যৌতুক দিতে। ফরিদ তা নিয়ে এসেছে। তাতে পেটও ভরল একটা মহা কৌতুকও হলো। 'বিশ্বাস না করো চলো রঞ্জনী স্যাকরার বাড়ী।'

'সাবাস মিঞা! খুব ভালই করছ।' কাশেম এগিয়ে এসে ফরিদকে তারিফ করে।

আঞ্জুমান প্রতিদিনের মত দু'গ্লাস সরবৎ বের করে দেয়। ফরিদ উঠানে বসেছিল অপৃক্তের মত। কাশেম ডাকে, 'ফরিদ ভাই, ফরিদ ভাই, একটু সরবৎ খাও।' সে দুটো গ্লাসের সরবৎ তিনভাগ করতে যায়।

'কি?'

'এই দিকে আইস।'

ফরিদ ধীরে ধীরে এগিয়ে আসে।

'বসো—আমাগো পাশে।'

আঞ্জুমান তাড়াতাড়ি ঘর থেকে বেরিয়ে এসে নিজের ভাগের সরবৎটুকু মিঞা ভাইয়ের হাতে তুলে দেয়। লক্ষ জলছিল, সে আর আলোর সম্মুখে দাঁড়াতে পারে না। তার চোখ ভরে আসে।

## ৪

অনেক দিন ধরে বঁড়শি নিয়ে যায় না কাশেম। ধান নিয়ে যে সে ব্যস্ত ছিল, তা নয়—একটু আলস্য হয়েছিল। তাই জিরিয়ে নিল কিছুদিন। এখন ডোঙাখানা মেরামত করা দরকার। সময় সময় সারা দিনই থাকতে হবে নৌকায়। ঝড় তুফানে পাড়ি দিতে হবে ভরা নদী।

সে একটা গাছে ওঠে, গাব সংগ্রহ করতে। ঐ গাবের ঘন রস ও ছাই মিশিয়ে হয় নৌকা মেরামত। পথের ধারের নয়, অন্দরের পিছনের বাগানের গাছ—একেবারে ফুলমনের এলাকা। গোমা সাপ বাগানেই ঝাড় জংগলে গুম মেরে থাকে। সে খেয়াল তো আর কাশেমের নেই। সে মহা বিপদে পড়ে। গলার আওয়াজ শুনে সে চমকে ওঠে।

'কে? কাশমা? মাছ ধরাটরা বুঝি চুলোয় গেছে—এখন লগে মিঞা শেখছ এই সব?'

সে অপ্রস্তুত হয়ে জবাব দেয়, 'কি সব?'

'এই পরের গাছের ফল না কইয়া চুরি করতে।'

নগণ্য গাব। তাও আবার ফুলমনদের—যাদের বাড়ী সে আশৈশব কাটিয়ে গেল। এ সব ফল সাধারণত না বলেই লোকে নেয়। কাশেম সাজল চোর!

'এত যদি বুক টাটায়, তয় আর না পারলাম।'

'যা পারছ গোলাম, তার খেসারত দেয় কেডা?'

'ফুলমন তুই এখন আর ছোট না—একটু মাত্রা রাইখা কথা কইস। এ রকম আলাপ রোজ রোজ আর ভাল লাগে না।'

ফুলমন অস্বাভাবিক উত্তেজনায় রুখে আসে, 'তোমার সঙ্গে আলাপ কিরে—তুমি কি আমার সাথে আলাপের যোগ্যি? যাও চোরা-চোরণীগো বাড়ী।' ফুলমনের গোলাপী রং একেবারে ঝলমল করে ওঠে। সে টান মেরে ফেলে দেয় গাবের ঝুরিটা।

দিনের আলো, নির্জন ফল বাগিচা। হয়ত ফুলও ফুটেছে দু'চারটা—গন্ধরাজ, বন-গোলাপ। কেন জানি কাশেমের তেমন রাগ হয়না। কিন্তু ভান করে অত্যধিক, 'দিলি তো ফেলাইয়া—বেশ দে সব ফেইল্যা। আমি তোরে বকুম-ঝকুম না—একেবারে নিয়া যামু জংগলে। গোলেব খানি কল্লার ত্যামাক আজ ভাঙমু।

ফুলমন যা চিন্তা করতে পারেনি, কাশেম তাই করে। ফুলমনকে নিজের বুকের কাছে নিবিড় করে টেনে নেয়। ঢলঢলে মুখখানা জোর করে তুলে ধরে নিজের মুখের পানে।

ফুলমন আস্ফালন করে, কিন্তু ছাড়াতে পারবে কেন শক্তপোক্ত যোয়ানের থাবা? সে লজ্জায় ভয়ে কেঁদে ফেলে।

'দেখ, যদি চেঁচামেচি করো, কেও শোনবে না—আর শোনলেও আমার কিছুই হইবে না। ইজ্জৎ গেলে তোমার যাইবে—আমি 'কাশমা'—'কাশমা'ই থাকুম।'

'ছাইড়া দেও—আর তোমারে কিছু কমু না।'

'কবুল কর, নাকে খত দেও।'

'কইলাম তো—ছাড় ছাড় কেডা আবার আইসা পড়ে!'

'আসবে না কেউ! আচ্ছা ফুলমন আমারে তুই দেখতে পারস না

ক্যান? পোলাপান থাকতে এমন ক্যাইয়া বুকের কাছে শুইয়া কত গল্প শুনছস।'

ফুলমন মোড়ামুড়ি করতে থাকে। কাশেমের চোখ দুটো দেখে সে অবাক হয়ে যায়। একটা অজানা সম্ভাবনায় যে শিউরে ওঠে।

কাশেম চুমো খায় ফুলমনকে। ফুলমন যেন প্রস্তুত হয়ে ছিল—পর মুহূর্তে মুখ মোছে। কিন্তু কেমন যেন করে মনের ভিতরটা।

'এইবার নিয়া দুইবার হইল, কিন্তু তিন বারের বার যখন ধরুম তোরে তখন লইয়া যামু একেবারে নিজের কাছে! মুখে কালি লাগছে নাকি গোলেবখানি কন্যার।'

ফুলমনের চোখ বেয়ে জল গড়িয়ে পড়ে। কাশেম লজ্জিত হয়ে তাকে ছেড়ে দেয়। গাবগুলি কুঁড়িয়ে নিয়ে আস্তে আস্তে চলে যায়।

ফুলমন ঠাই দাঁড়িয়ে থাকে। যোয়ান মরদ কাশেম একটা ঝড় তুলছে তার দেহে ও মনে। একটা অনাস্বাদিত অনুভূতির সম্ভাবনায় তার শরীর থর থর করে কাঁপে। কাশেম তখন চলে গেছে।

সারা দিন বসে সে ধীরে ধীরে নৌকা মেরামত করে। অনুভব করে চুম্বনের শিহরণ। গোলাপী ঠোঁট সে ভিজিয়ে দিয়েছে—চূর্ণ করে দিয়েছে রাজকন্যার গৌরব। কাশেম ভাবে: আহ্লাদে নিজে যদি ধরা দিত ফুলমন, তার চেয়ে শতগুণে ভাল, এই জোর জবরদস্তি করে মিলন। দিন যায় তবু তার ক্ষিধে বোধ হয় না। সে কেবল কাজ করে চলে। তাকে যেন নেশায় পেয়েছে।

সাঁঝ হয়ে আসছে, সূর্য গড়িয়ে যাচ্ছে—লাল হয়ে এলো নদীর জল। তবু লক্ষ্য নেই কাশেমের। কতলোক এপার ওপার হলো,

কত নাও গঞ্জে ফিরে গেল, বৌঝিরা স্নান করে জল নিয়ে গেল হাসতে হাসতে। পাল ছাড়া গরু একটা ভয়ে ভয়ে জলের কাছে ঘুরল খানিকক্ষণ। তারপর পেট ভরে জল খেয়ে বাছুরটিকে সংগে নিয়ে বাড়ীর দিকে চলল বাঁশ বাগান ছাড়িয়ে—যেদিকে চলেছে গাঁয়ের পথ ঝাঁকড়া ঝাঁকড়া গাছের তল দিয়ে। সুগন্ধ আসছে মুকুলের, গান গাইছে মধুলিপ্সু মৌমাছিদল। পৃথিবীর বুকে বসন্ত এসেছে, আকাশের গায় রং লেগেছে—সখের নৌকা মেরামত শেষ করল কাশেম।

হাতে তার গাব লেগেছে, মুখে ও পায় লেগেছে কালি—এ সব ধুয়ে পরিষ্কার পরিচ্ছন্ন করতে কাশেম নামে নদীর জলে। ধীরে ধীরে স্নান করে ওপরে ওঠে।

'বাজান! তোমারে খুইজ্জা আমি হায়রান। আইজ্ঞ কাইল থাকো কই? নদীর পারে ঘর করছ নাকি?'

ফুলমনের পিতার প্রশ্নের উত্তরে জবাব দেয় কাশেম, 'ক্যান খুজছ চাচা?'

'এবার নানা ঝঞ্ঝাটে রোজার সময় একজনকেও দাওয়াত করতে পারি নাই—আইজ কয় জনেরে কইছি। তুই একটু যাবি দেখাশুনা করবি—যাবি তো কাশেম?'

'বাঃ যামুনা ক্যান্, আমারে কওয়া লাগে! আমি তো বাড়ীর ছাওয়াল।'

'মুখে তো কও, দেখলে একেবারে ভিজাইয়া দাও কথা দিয়া—তেমন হামেসা (সর্ব্বদা) যাও আও তো না। আইজ কাইল তুমি যেন ক্যামন হইছ।'

'চাচা, আমার দোষ কি?'

'হয় বুঝছি—মাইয়াটাই আমার মোক্ষ। দেখি ওরে পার করতে পারি কিনা। সোয়ামী তো আছে গোডা দুই হাতে। আমি ওরে ভরা সংসারে দিমুনা—তা হইলে ও দেবে ঘরের টুয়ায় আগুন। কিন্তু যাই কও, মাইয়াডার আমার গুণও আছে। ও আছে বইলা একটা দুর্বাও আমার সংসারের নড়ে না। এই তো আইজ কেডা জানি গাব পারতে আইছিল—তার যা হাল ও কইরা ছাড়ছে, আর কমু কি!'

'হয় চাচা, মাইনসেরে কওয়া যায় না। আচ্ছা যাও, আমি এখনই আইলাম আর কি।'

তারপর দুজন দুদিকে হেঁটে চলে।

ফুলমনের সম্বন্ধ এসেছে! কথাটা খুব ভাল লাগে না কাশেমের কাছে। কেন সম্বন্ধ এসেছে? কাশেমের কাছে বিয়ে দেওয়া চলে না? কাশেম কুল মানঅর্থে খাটো? হতে পারে, কিন্তু সামর্থ্যে তো খাটো নয়। সে ঝড়ো গাঙ পাড়ি দিতে পারে, ইচ্ছা করলে অনায়াসে ধরে আনতে পারে বড় বড় মাছ। বরাত ফিরলে, চর কাশেম জাগলে, তার মর্যাদা ফিরতে কতক্ষণ!

এ সব হয়ত চাচা তার হিসাব করে না, ভাবে: 'হাসেমের পোলা কাশমা!'

এত তুচ্ছ-তাচ্ছিল্য! এত অহংকার! সে যাবে না ফুলমনদের বাড়ী। তাকে তো সম্মানিত অতিথির মত নিমন্ত্রণ করতে আসেনি —এসেছে কাজ আদায়ের ফিকিরে। কি মিষ্টি কথা, 'বাজান…কেন হামেসা যাও-আও না।' যাবে কি কাশেম—যাবে শুধু শুধু সম্মান হারাতে! এখন আর সে নাবালক নয়। তার জ্ঞান বুদ্ধি হয়েছে। ওদের কথায় আর কাশেম ভুলবে না।

কিন্তু কি যাদু করেছে ফুলমন। একটু বাদেই কাশেমের মনের ফোঁস ফোঁসানি শান্ত হয়ে আসে। যে মন তার প্রতিবাদী হয়েছিল, সে মনই অবার ঘাড় ধরে তাকে ঠেলতে থাকে। 'চল, চল, দেরী হয়ে যায় কাশেম। আর যাই হক বুড়ো তোকে ছেলের মতই ভালবাসে। নইলে এত খোঁজাখুঁজি করে তোকে ডাকতে আসত না। তুই ভুল বুঝিস না।'

আন্নুমান জিজ্ঞাসা করে, 'খাবা না মাঝির পো ?'

'না আমার দাওয়াত আছে।'

একটা গেঞ্জি গায় দিয়ে কোমরে গামছা জড়িয়ে কাশেম তাড়াতাড়ি বের হয়। যাওয়ার সময় চুলে এককোষ তেল দিয়ে মাথাটা ভাল করে আঁচড়ায়। মুখখানা বারবার মাজে গামছা দিয়ে। যখন মনের মত হয় দেখতে, তখন সে বেরিয়ে পড়ে।

বাত্তিটা উসকে দিয়েছিল আন্নুমান—সে একটু কটাক্ষ করে হাসে। কাশেম তা' লক্ষ্য করে না। তার আজ সময় কই ?

সে ফুলমনদের বাড়ী গিয়েই হারেমে প্রবেশ করে। এখানে ফুলমনই কর্ত্তা। তার কাছ থেকে সহজ ভাবেই ফরাস চেয়ে নেয়। বাইরের কাছারী বাড়ীতে চাদর বিছিয়ে দেয় ফরাসের ওপর। তিস-পিরিচ-পেয়ালা-রেকাব এগিয়ে জুগিয়ে দেয় ফুলমনের হাতে। সে আজ চোখে সুর্মা দিয়েছে, পায় পরেছে নক্সি চটি। আলোতে ঝলমল করছে তার সাজসজ্জা।

অতিথ-অভ্যাগতদের কাশেম বসতে অনুরোধ করে। সকলের খানা পিনা হয়ে যায় কিছু সময়ের মধ্যেই।

কে একজন যেন জিজ্ঞাসা করে, 'এ কে ? বড় লায়েক ছ্যামরা তো !'

পকাইৎ জবাব দেয়, 'আমগো বাড়ীর লোক।'

লোকটি ভাল মানুষ। তা : ভাই ভাতিজা হবে হয়ত। সে খুব লক্ষ্য করে দেখে কাশেমের কাজ-কর্ম।

সে ফুলমনদের শশুর বাড়ীর আত্মীয়। কিছুক্ষণ বাদে বাড়ীর ভিতর বিদায় নিতে যায়। ফুলমনের কাছে খুব প্রশংসা করে কাশেমের। হ্যা কাজের মানুষ বটে। দেখতে শুনতেও কেমন যোয়ান মরদ।

একটা কোর্মার ডিস নামিয়ে রেখে ফুলমন এগিয়ে আসে। 'হ্যা মৌলভী ছাহেব। ও খুব কাজের লোক!'

তার কাছে বুড়ো মানুষটি প্রস্তাব করে যে তার একটি বয়স্থা মেয়ে আছে—যদি ছেলেটি ঘর জামাই থাকে তবে ভালই হয়। পারে নাকি ফুলমন কথা বার্তা চালাতে? 'বড় লায়েক ছ্যামরা—দেখ না চেষ্টা কইরা—যদি রাজী হয় থাকতে।'

'ও যে আমাগো বাড়ীর চাকর, যাবে কি কইরা? বলেন কি মৌলভী ছাহেব?'

বৃদ্ধ বলে, 'তোবা, তোবা!'

নিকটেই কাশেম ছিল। তার হাত থেকে এক সেট্ ডিস মাটিতে পড়ে খান খান হয়ে যায়। দাওয়াতের রোশনাই ঢিমিয়ে আসে।

রাত্রে কাশেম ভাবে: ইসলামের সরিয়াৎ অনুসারে সকলেই সমান—ভেদাভেদ নেই কোনখানে। তার নজির দেখা যায় ঈদের নমাজের খোলা ময়দানে। দেখা যায় প্রতি শুক্রবার জুম্মা মসজিদে। আর বাইরের সমাজ জীবনে কেন এত নিষ্ঠুরতা? তবে মিছামিছি কেন তারা দোষ দেয় হিন্দু ভাইদের? আসল কথা তা নয়। সে আজ ছোট—

হেতু তার পিতার পেশা ছিল মাছ বেচা। টাল সামলাতে পারেনি, সে ওকে ফেলে গেছে পরের হেফাজতে আর কম খেয়ে রোগে ভুগে মরেছে নিজে। কিন্তু টাল সামলে আছে ফুলমনের বাপ, তাই ফুলমনের অত গর্ব।

সব টালই কাশেম সামলাবে। সে বিশ্বাস করে না যে খোদা কেহকে ছোট বড় করেছে। মানুষ মানুষকে রেখেছে খাটো করে। ইনশাআল্লার দোয়ায় সে অন্তরায় ঘুচতে কতক্ষণ। সে আজ বড় অপমানিত হয়েছে। খোদা! হে মেহেরবান আল্লা! এ বৈষম্য ঘুচাও। গরীব বান্দার চর কাশেম জাগাও!

সারা রাত ঘুমায় না কাশেম।

একে মনের জ্বালা তাতে পেটে পড়েনি অন্ন। সে ছটফট করতে থাকে। কখন ভোর হবে—যখন সে বেরিয়ে যেতে পারবে নিজের খেয়াল খুশি মত। অনেকদিন পর্যন্ত তার একটা কাজে ভুল হয়ে যাচ্ছে। সে ওপারের চর মাপতে যায় না। সুতাগুলোও তার জড়িয়ে রয়েছে। তার উচিত ছিল ওগুলোও ঠিকঠাক করে গাবের ছোপ দেওয়া। সে তখন তখনই উঠে একটা শিকা থেকে হাড়ি নামায়। যত রাজ্যের বঁড়শি ও সুতোর আধার এইটা। সুতো আছে অনেক রকম—হাতে কাটা শনের এবং কিছু পাটের। বঁড়শিও আছে নানাপ্রকার—ধনেখালির কাসার এবং ঘাড় বেঁকা বিলেতি। জ্যোৎস্নালোকে সে সবগুলো আলাদা আলাদা করে। ছেঁড়া সুতোয় গিঁট দেয়।

গিঁট দিতে দিতে একটা প্রকাণ্ড লম্বা সূতো হয়। তার মাথায় বাঁধে কতগুলি জালের লোহার কাঠি। তুলে দেখে কেমন ওজন হলো। বেশ আন্দাজ মত হয়েছে। জলের তোড়ে আর সহজে ভাসিয়ে নিয়ে যেতে পারবে না। এই ওজন দিয়ে ঠাওর করতে হবে জলের তলের চর। তরতর করে অবশ্য কাঁপবে। কিন্তু তবু কাশেম ঠাওর পাবে। বঁড়শি বেয়ে বেয়ে জল টওয়ান (মাপা) তার অভ্যাস হয়ে গেছে।

কেউ ঘুম থেকে ওঠার আগেই সে তোড়জোড় করে বেরিয়ে পড়ে। হুঁকো, কল্কি তামাকের ডিবা—আর সংগে নেয় একখানা বৈঠা। সূতোগুলো তো আগেই সাজিয়ে নিয়েছে একখানা ডালায়।.. মাথায় গামছার বিড়া বাঁধে। ডালাটা মাথায় তুলে বাকীগুলো নেয় দু'হাতে ঝুলিয়ে।

ছোট ছোট ডেউ ভেঙ্গে এগিয়ে চলে কাশেম।

তার যে খাওয়া হয়নি সে কথা সে ভুলে যায়। জীবন ভরে সে নদী দেখল, কিন্তু তার এখন ও স্বাদ মেটেনি। সে নদীর অপূর্ব পরিবেশে মানুষ হয়েছে, গাঁয়ের আর পাঁচজনের মত সে নয়—সে সব দুঃখ জ্বালা ভুলে যায় তার ছোট্ট ডোঙাখানায় উঠে পাড়ি জমালে।···

কাশেম এপারে এসে উঠল।

একি! কেমন যেন তার বোধ হচ্ছে! একেবারে কূলের কাছের তলখাড়ি তো নেই। এক একবার জল মরে যাচ্ছে, আর তার কেবলই মনে হচ্ছে—ভরাট হয়ে এসেছে পার। একি সম্ভব। কিন্তু তাই তো মনে হচ্ছে! আবার জাগছে যেন নরম পলিমাটি আর বালি।

'খোদা! খোদা!' কাশেম চেঁচিয়ে উঠল। তার হাত-পা কাঁপছে।

সে ভুল করছে বৈঠা রাখতে, কোমরে গামছা জড়াতে। এলোমেলো হয়ে গেল সে স্বতো।

কাশেম আত্মসম্বরণ করে টওয়া ফেলল—একটু দূরে। স্রোতের বিপরীত মুখে স্বতো চলল তরতরিয়ে। জায়গা মত এসে টওয়া থামল—একি, বাঁও যে পাওয়া যাচ্ছে!

কশেম ঘুরিয়ে ঘুরিয়ে টাওয়া ফেলে। নদীর প্রায় চার ভাগের একভাগ সে জরিপ করে। মাপতে মাপতে বেলা হয় দুপুর, তবু মনের আবেগে সে মেপে চলে। ত্রিশ চল্লিশ হাত মেপে মেপে সে স্বতায় এক একটি গিঁট দেয়। মনে মনে হিসাব রাখে এক চতুর্থাংশ নদীর। লেখাপড়া সে জানে না। খাতা কলম তার নেই, তবু সে হিসাব রাখে পাকা আমিনের মত। এ তার না রাখলে চলবে কেন? ভুলবেই বা কেন? এ তো তার নসিবের নতুন কবজর (প্রভাত)।

'কি কর কাশেম?'

'কে হাফেজ নাকি? যাও কই?

'যাই ডাউক ধরতে। ঐ হারগুজি জংলার মধ্যে এক ঝাঁক ডাউক আইছে। তুমি একটু আয়ো না। একলা একলা বড় অস্থবিধা।'

'না ভাই আমার সময় নাই।'

'ক্যান্, নানার জমি জাগছে নাকি?'

'ঠাট্টা না—সত্যই হাফেজ দেইখ্যা যাও বাঁও মেলছে।'

কোথায় যেন কি কাজে গিয়েছিল রসময়—কথা শুনে সেও এগিয়ে আসে—'কি কও কাশেম, কি কও?'

'দাস মশয়, বাঁও পাওয়া যায়—অনেকখানি জুইড়া চর পরেছে।'

'কই দেখি—সমুদ্দুর সরা হইল নাকি?'

'বিশ্বাস না করেন, লাইমা আসেন নায়। তুমিও দেইখা যাও মিঞা।'

কাশেম কূলের কাছে নৌকা ভিড়ায়। ওরা দুজনেই নেমে আসে। আগে রসময় পা ধুয়ে ওঠে, পরে হাফেজ। হাফেজই টওয়া ফেলে—ঝুপ্……

'সত্যই তো! কাশেম যা কইছে তা সত্য দাস মশয়।'

তবু রসময় বিশ্বাস করতে চায় না।

হাফেজের রাগ হয়, তার বিশ্বাস উৎপাদন করার জন্য নতুন একটা প্রমান প্রয়োগ করে। 'এই দেখেন টাওয়ায় কত কাদা।'

'ও আগের কাদা।'

'হয়! 'সেই গল্পডা মনে পড়ে আপনার কথায়। এক শত্তুরে তার পিরতিবেশীর পুত্তুরের চাকরী হইছে শুইনা নিজের বৌরে কয়: চাকরী হইলেও ও মাইনা পাইবে না। যদি মায়না পায়, তবু ওগো সংসারে চান দেখাবে না।'—বলতে বলতে হেসে ফেলে হাফেজ। 'তোমার বরাত খোলছে, কাশেম। তোমার বরাত খোলছে।'

তবু রসময় নিঃসংশয় হতে পারে না। 'চর—না কোন ভাসা নৌকা টৌকা? নদীর তলে তো অমন কত ঝড়েডোবা নাও ঘুরে বেড়ায়।'

'এই আঠার কানি জুইড়া পাক খাইতে আছে একখানা নাও?'

'না। একটা বহরও তো হতে পারে।'

এমন সময় স্রোত মন্দীভূত হয়ে আসে। এইবার জল ঘুরবে, জোয়ার আসবে। নদী থম থম করছে।

কাশেম বলে, 'এইবার দেখেন তো!'

দুতিনবার নিজে টাওয়া ফেলে রসময় স্থির বুঝতে পারে, যে এদের কথা মিথ্যা নয়। সত্য সত্যই কাশেমের বরাত খুলেছে। 'আমি বলিনি —বলিনি সেদিন। তবে এখনও দেরী আছে—ঝঞ্চাটও আছে বিস্তর।'

হাফেজ বলে, 'দেরী বেশী নাই—ও ঠিক কওয়া যায় না—যেমন ওপার ঘেইসা রেত চলে, তাতে একটা বছরেই চর জাইগা ওঠতে পারে। দেখেন না ক্যামন ভাঙতে আছে ছৈলাতলি দিয়া পুবপাড়। গাঙ সোজা হইয়া যাইবে। ওপারের বাঁক থাকবে না—একেবারে সুতার মত সোজা হইয়া যাইবে।'

'বলোকি, ছৈলাতলি ভাংলে আমাদের উপায় হবে কি? ছৈলাতলির সীমানায় যে আমাদের বাড়ী।' তারপর একটু থেমে রসময় বলে, 'ভাংগুক ওপাড়, ভরুক এপাড়। ওপারে আছে তো বড় একখানা ভদ্রাসন। বাকীটা তো সবই কুক্ষিগত করেছে নিবারণ। বুঝুক একবার—পরকে ঠগালে কি মজা। দেওয়া টাকা উসুল না দিয়ে, কোনও মহাজনে কি আর্জি দিতে পেরেছে? একেবারে খতের পিঠ পরিষ্কার। কাশেম, ঐ চরের জমিগুলো আমার ছিল!'

'তা ঠিক। ঐ নিবারণ ঠাকুর লোক ভাল না। বড় রক্ত চোষা, বেশতি ওর ঠগাঠাগি।'

কাশেমের মনে এত সময় পর্যন্ত একটা কথা প্রশ্নের আকারে অস্বস্তি দিচ্ছিল। সে জিজ্ঞাসা কার, 'ঝঞ্চাটের কথা কইলেন যেন কি?'

'সরকারের কাছ থেকে পত্তন নেওয়ার অনেক জালা আছে। সে তুমি বুঝবে না—আমি সব দেখে শুনে তদ্বির করে দেব, তুমি আমাকে খানিকটা জায়গা দিও। এই কানি তিনেক। আমি কত দুঃখে আছি —জানত বাবা।'

হাফেজ বলে, 'কস কি! তুমি তো মিঞা বকজম—দাস মশয়েরে ধরো। আর আমি তো এপারেই আছি। মিঞা, নদীর পাড়ে আইতে পারি ভয় আর সাত সরিকের বাড়ীতে থাকুম না। চর পত্তন লইলে আমার কথা মনে থাকবেনি ?'

কাশেম হেসে বলে, 'আইজ যখন তোমাগো ডাইক্যা আনলাম—তোমারাই আমার পরথম পত্তনদার।'

রসময় বলে, 'আগের ঠাট্টা তামাসা ভুলে যাও—কত লোকে তো বোকার মত কত কি বলে।'

'আমি না আপনাগো মাছুয়া, আমি কি মনে রাখতে পারি আপনাগো রংগো রস।' কাশেম আনন্দে একেবারে গলে যেতে চায়।

'তবে এখন চলো—পার হই। বেলা তো কম হলো না। কিন্তু এ সব কথা তোমরা কাউকে জানিও না। বুঝলে কাশেম—শুনছ হাফেজ—লোক জানাজানি হলে ক্ষতি হতে পরে।'

হাফেজ বলে, 'বুঝছি।'

কাশেমও মাথা নাড়ে। নৌকা খুলবে বলে ব্যগ্রতা দেখায়—'এখন তা হইলে ওঠো মিঞা কূলে।—'

'তোমারও উইঠা আয়ো—যাবা কই এই দুফার বেলা না খাইয়া ? আসেন দাস মশয়, সব জোগাড় কইরা দিমু, ক্যাবল ভাত দুইডা নামাইয়া লবেন এটু কষ্ট কইরা।'

পরদিন রাত যখন গভীর হয়েছে, বাড়ীর ওপর একটি গৃহস্থও যখন সজাগ নেই—কাশেম ও রহিম তখন বাড়ী ছেড়ে চলল। দু' জনের হাতে দুখানা লাঠি। রহিমের হাতের খানা বহুদিনের প্রাচীন—প্রায় পঞ্চাশ বছর আগের। ওখানা নাকি ওর দাদু ভাই দিয়ে যায়

ওর বাপকে। বাপ মারা যাওয়ার পর যখন সব জিনিষপত্র ভাগ হয়—সে ওই খানা অন্যান্য ওয়ারিশদের কাছ থেকে দাবী করে রাখে। কারণ ওর বাপ বেঁচে থাকতেই, সে তেল দিয়ে যেত্নে ঘসে যত্ন করত লাঠিখানার। পূর্ব্বপুরুষের চিহ্ন—বড় গৌরবের বস্তু। ঐ লাঠি নিয়ে দাদু ভাই যে কত দাংগা করেছে, ছিনিয়ে এনেছে প্রতিপক্ষের নিকট হতে জলের ফসল, সে সব কাহিনী রূপকথার মত মনে হয়! ঐ পাকা বাঁশের লাঠিখানার এমন গুন, যে ওখানা হাতে নিয়ে যে কাজে যাবে, সেই কাজেই জয় অনিবার্য্য।

আন্নুমানের একটা সন্দেহ হয়।—'কোথায় যান এই দিগ্ রাত্তিরে?'

স্ত্রীলোকের কাছে গভীর বিষয় না বলাই ভাল, রহিম জবাব দেয়, 'যাই একটা গুরুতর কাজে।'

'না খাই সে ও ভাল—ওসব কাযে আমাগো দরকার নাই।'

'তুমি ভাবছ কি?'

'আপনেই আগে কন না? মেয়া ভাইর যা সয়, আমাগো তা সইব না।'

'আমরা তো চুরি করতে যাই না।'

'তয় যে তেল মাখলেন সারা গায়?'

'লাঠিটার গা বাইয়া একটু তেল পড়ছিল—তাই দাড়িতে মাখছি—দেখ তো সারা গায় তেল কই?'

কাশেম বলে, 'আমারে কখনও চুরি করতে যাইতে দেখছ? কি যে কও আন্নুমান!'

'তয় যাও কই—কইলেই পারো।'

'যাই তো রসময় দাসের কাছে—'

'চর জাগছে কি না।' রহিম কাশেমের অসম্পূর্ণ বাক্যটি পূর্ণ করে।

'তুমি মিঞা বড় জিভ পাতলা।'

'কইস না কেওর কাছে আক্কু—বড় ভুল হইয়া গেছে। মিঞা, মনে কিছু কইরো না—মাপ করো—আর এমন ঘাট (দোষ) করুম না।'

'আমি ও তো শোনলাম।' অন্ধকার থেকে জ্যোৎস্নায় বেরিয়ে আসে ফরিদ। ঠিক একটা ভূতের মত চেহারা।

ওকে চিনতে না পারলে হয়ত ভয় পেত তিনজনেই। কিন্তু বিরক্ত হলো কাশেম। 'আইজ আর যামু না।'

ফরিদ বলে, 'তোমরা না যাও, আমি চললাম—রাইত কামাই দিলে খামু কি? যত ঢাক গুরগুর তত নাশ, কইলা গেছে নিমাই দাস। আমি অত ঢাকা চাপা ভালবাসি না। আরে মিঞা, গোসা কইরো না—ওঠো লও। আক্কু তেমন মুখ আলগা মাইয়া না।'

কিন্তু কাশেম এত বিরক্ত হয়েছে যে আর ওঠে না। অগত্যা যাওয়ার সময় বলে যায়, 'তোমরা না দোয়া কইরো মিঞা—দোয়া করিস আক্কু।'

আক্কু সত্য সত্যই মনে প্রাণে দোয়া করে মিঞা ভাইকে। প্রার্থনা করে খোদার দরবারে, 'যে কঠিন কায…যেন ফিরা আয় ভালোয় ভালোয়।'

যে কথা নিয়ে এত চাপা চাপি এত ঢাকা ঢাকি, ভোর না হতেই সে কথাটা কেমন করে যেন গ্রামময় রাষ্ট্র হয়ে পরে। লোকে জেনেছে শুধু চর জাগেনি—কাশেম নিজের নামে বন্দোবস্তও নিয়ে এসেছে। এখন লোক খুঁজছে পত্তন দেওয়ার জন্ত। মানুষের কি অভাব? প্রায়

দেড়শ লোক এসে হাজির হয়েছে রহিমদের উঠানে। তবে যারা একটু সেয়ানা তারা গেছে নদীর পারে। চোখে না দেখে তারা মুখের কথা বিশ্বাস করবে না। মামুদ মাঝি সরল লোক—একেবারে প্রস্তুত হয়েই এসেছে। তার পেশা মাছ ধরা, কিন্তু সুবিধা মত এক খানা ঘাট নেই যে নৌকা রাখে। বড় ছোট তার নৌকা আছে অনেক খানা। খোদার ইচ্ছায় ছেলে আছে আট নয়টি—সকলেই আগাছা, একেবারে ষণ্ডামার্কা। যখন যে কাজে কাশেম তাদের ডাকবে—তখনই তারা দৈত্যের মত এসে হাজির হবে। নতুন চরে বাড়ী বাঁধলে এমন লোকেরই দরকার। সে ইতিমধ্যেই এককুড়ি ডিম ও বড় দুটো ইচড় সকলের অজ্ঞাতে আঞ্জুমানের হাতে দিয়ে এসেছে। এসে একেবারে কাশেমের গা ঘেঁষে বসেছে।

'এখন লও মিঞা আপিসে।'

'আপনার কাছে কইল কেডা চাচা? এসব ফাঁকা কথা।'

'হয় মিঞা—এত বড় কথাডা ফাঁকা হইতে পারে? তুমি নিজের ঘর বাড়াও না কি? এতকাল আমি মাছ বেচলাম—মাছুয়ার ভাও কি বুঝি না। সেলামী চাও, সেলামী? আরে আমার আণ্ডা পোলা—একটা কইরা সেলাম দিলে আটজন রাইওৎ পাইলা—একেবারে দেওয়ের (দৈত্যের) সামিল। হকের জমি—নানার হক না জাইগ্যা পারে?'

কাশেম মহা মুস্কিলে পরে। 'এ সব শোনলেন কার কাছে?'

'ক্যান্—আমার ভাতিজায় কইছে।'

'সে জানল ক্যামনে?'

'নিজের চক্ষে দেইখ্যা আইছে—প্রীবিণ (প্রকাণ্ড) চর।'

'না—আমি শুনছি, চাচা কেলি ফয়জারে।' ভাতিজা বলে।

কাশেম প্রশ্ন করে 'কার কাছে ?'

'ইয়াছিন সব আইনা আইছে—আন্দার থাকতে।'

'দূর মিঞা!'

তারপর কে এ সংবাদ রাষ্ট্র করল, খুঁজতে খুঁজতে তার একটা হদিস মেলে। কথাটা এসেছে হাফেজের স্ত্রীর কাছ থেকে। তারা নাকি রেজিস্ট্রী করে দশকানি নিয়েছে এবং তার জন্যই কাল দাওয়াত করেছিল কাশেমকে।......

কাশেম কিছুতেই এড়াতে পারত না—তখন তখনই কিছু না কিছু দিতে হতো মামুদকে। অন্তত প্রতিশ্রুতি দিতে হতো! অন্য যারা এসেছে তাদের আর্জি তো এখনও শুনতেই দেয় নি মামুদ। এমন সময় রহমত সর্দার এলো সংবাদ নিয়ে যে চর এখনও জলের তলে। একেবারে চল্লিশ হাত সুতো না হলে বাঁও মেলে না। রহমতের পর, আরও দুজন এলো।

ভিড় ভাঙ্গল। তামাকের ছাই জমেছে এক কাঁড়ি। এবার হাঁফ ছাড়ল কাশেম।

মামুদ উঠে অন্দরে গেল—পেজুর পাতায় ঘেরা পাছ দুয়ারে। 'আমার নৌচকাডা আন্।'

'ঐ যে—ওতে কি না কি আছে, আমি আর ঘরে উঠাই নাই।'

'ভাল করছ মা। সত্ত গুণ্ডাগুণ্ডার কারবার—কাশেমডা ও এমন হইল!'

তারপর অভিশাপ দিতে দিতে মামুদ বাড়ী ফেরে।

তখন না গেলেও, এক সময় কাশেম একা একাই রসময়ের কাছে যায়। যে রসময় গতকাল মোটে কিছুই বিশ্বাস করতে চায়নি, সে কাশেমকে অনেক আশ্বাস দেয়। 'চিন্তা নেই বাজান। খোদাকে ডাক। আমি একবার অমনি ভায়েকে নিয়ে বিপদে পরেছিলাম। মেঘনার জলে তার বাড়ী ঘর যায় যায়। খাজেআলীর দরগায় পাঁচ পীরের সিন্নি মানলাম। আর বলব কি? দেখতে দেখতে মেঘনা সড়ে গেল। মাসখানেকের মধ্যেই জাগল বিরাট চর। তুমি ও একটা ফিকির করো। সঙ্গে সঙ্গে সদরে খোঁজ নেও।'

'সিন্নি না হয় আমি মানলাম—সদরে যাইবে কে?'

'আমি।'

'কত টাকার দরকার?'

'এই প্রায় দশ টাকা—কত রকম আজে বাজে ব্যয় আছে। তুমিও সঙ্গে যাবে'।

'কবে যাইতে চান?'

'কাল যাও, পরশু যাও—যেদিন খুশি।'

টাকা দশটা কাশেমের কাছে দশখানা মোহরের তুল্য। তবু সে যাবে। এ অপমানের সে কিনারা করতে চায়। সে তার সমস্ত শক্তি সামর্থ্য খুইয়েও, নানার নিরানব্বই কানি জল চর জাগাবে। ভাগ্য তার বিপরীতমুখী। কিন্তু সে-ভাগ্যকেও সে আয়ত্বে আনবে। সিন্নি মানবে, খয়রাত দেবে—কোরাণ সরিফ পড়াবে মৌলবী ডেকে।

তবু কি তার মনের বাসনা পূর্ণ হবে না? খোদা কি দেবে না ঘর করতে? ঘর—সাধের ও সুখের ঘর। রূপিণী ফুলমন যে ঘর আলো করে রাখবে। ফুলমন কি নিজের ইচ্ছায় আসবে? ফুলবাগিচার ফুল বিলকুল ছিঁড়ে কেড়ে নিয়ে আসবে!

সন্ধ্যার পর কাশেম তাগাদা করে। বাড়ীর যে সাতজনে সাতটা টাকা ধার নিয়েছে, তাই দিতে বলে।

একজন জিজ্ঞেস করে, 'রহিম দেছে?'

'তাতে তোমার দরকার কি?' জবাব দেয় কাশেম।

'না—জিগাই, তার লগে তো দহরম মহরম বেশী।'

আক্কুর কানে কথাটা যায়—'তার লিগ্যা কি টাকা রাখুম? আমাগো দিল অত ছোট না।'

'তা তো জানি। দিয়া দাও। মিঞার এখন ঠেকার সময়।'

'তোমার টাকাডা দেছ বুঝি—সেই লিগ্যাই এত দরদ।'

'আরে আমার টাকা তো যখনই চাইবে, তখনই দিমু। 'এখন দেবা তোমরা? কও—আমিও জানি।'

'আমার হাতে তো নাই। বাড়ী আসুক দিয়া দেবে।' আক্কু বলে।

অমনি অন্যান্য সকলে বলে ওঠে—'আচ্ছা আমরাও দিমু তখন।'

কাশেম মুস্কিলে পড়ে। কেমন করে সে একটা মাত্র টাকা ধার নেবে রহিমের কাছ থেকে! আক্কু তো ওর জন্য কম করে না! 'দিতে হইলে দেও মিঞারা—রহিমের লগে পড়ে বুঝুম।'

সকলে বিরক্ত হয়ে ওঠে। 'এক নায়ে সাত গীত। আমরা সব বুঝি। দিয়া দে, দিয়া দে।'

মহম্মদ বলে, 'এখন এই সাত আনা আছে—নেও। বাকীডা পরে দিমু।'

কাশেম ঐ সাত আনাই হাত পেতে নেয়।

'আমার কিন্তু দেনা শোধ—আর চাইতে পারবা না।'

'বাকী নয় আনা?'

'আহা সে তো দিমুই কইলাম।'

আরও তিন চার জনে কিছু কিছু এনে দেয়। সবশুদ্ধ তিন টাকা ছ্আনা উসুল হয়।

ফরিদ তার স্ত্রীর সঙ্গে এমন একটা কলহ বাঁধিয়ে দেয় যে সেইটাই এ প্রসঙ্গ থেকে বেশী জরুরী হয়ে ওঠে। সদ্য সালিশীর দরকার। কাশেমকে একা ফেলে সকলে সেই দিকেই এগিয়ে যায়।

যেভাবেই হ'ক কাশেম কয়েকদিনের মধ্যে জেলায় যাওয়ার জন্য প্রস্তুত হয়। সঙ্গে যাবে ফরিদ ও মহম্মদ।

কিন্তু একটা সংবাদ শুনে তার মাথাটা চন্ করে ওঠে। ফুলমনের নাকি একটা সম্বন্ধ এসেছে। নিশ্চয়ই তাঁরা বড়লোক—নইলে কোষ নৌকা ভাড়া করে আসত না। এতদিন কাশেম বোঝেনি, এমন একটা বাজ শুধু তার জন্যই লুকান ছিল আসমানে।

দেখি কেমন করে ফুলমনকে সাদী করে নিয়ে যায় ভিন্ গাঁয়ের লোক এসে? হউক দশ হাজারী মনসবদার, নয় তো বাদশা—সে খুন করবে তাকে। প্রয়োজন হলে বিষ খাওয়াবে কিম্বা হাঁসুয়া চালিয়ে সাফ করে দেবে অহংকারী ঐ মেয়েটাকে।

তার হৃৎপিণ্ডের গতি দ্রুত হয়ে ওঠে। মগজ করে টন টন। সে নদীর পারে গিয়ে উপস্থিত হয়।

জ্যোৎস্নায় দিগন্ত ছেয়ে গেছে। দূরের সাদা শুকনা বেলেচর ঝিকমিক করছে। নদীর চরের কাশবন, ঝাউঝাড় যেন নীরবে আকাশের দিকে চেয়ে আছে। এ নীরবতা—নদী তীরের দীর্ঘপ্রসারী বালুচরের স্বপ্নাবিষ্ট রূপ কাশেমকে সুস্থ করতে পারে না। এতদিন পরে আজ সে মর্মান্তিকভাবে বুঝেছে, ফুলমনকে ছাড়া তার জীবন বিফল। অথচ ফুলমন তাকে ভালবাসে না। হয়ত এমনই ঘৃণা করে, যা তার ভাবতেও কষ্ট হয়। এতদিন গেছে খেলায় খেলায়। ফুলমন ওকে বাড়ীর একটা পোষা-বাঁদরের মত নাচিয়েছে, যখন যা মুখে এসেছে তাই বলেছে। কিন্তু সে এমন বেকুফ, ভালবেসে ফেলেছে—ঐ দুরন্ত মেয়েটাকে—তাকে ঘিরে রচনা করেছে তার স্বপ্ন সৌধ। মতির মালার মর্যাদা, বাঁদরে নাকি বোঝে না? তবে ওর চোখে জল আসে কেন? কেন পদ্মার মত প্লাবন আসে বুকের দুপাঁজর ভেঙ্গে? সে ভুল করেছে, সে ভুল ভেবেছে। সে কিছুতেই পারে না ফুলমনকে বিষ খাওয়াতে অথবা হাঁসুয়া চালিয়ে খুন করতে। এতদিন কেটেছে খেলায় খেলায়, বাকী জীবনটা না হয় কাটবে তুষের আগুনের জ্বালায়। তবুও অনিষ্ট করতে পারবে না ফুলমনের। চরকাশেমে আর ওর প্রয়োজন নেই। চরকাশেম ঘুমিয়ে থাক নদীর অতল তলে।

৬

নদী, আবার নদী। এপার ওপার দেখা যায় না—শুধু মাঝে মাঝে ঝকমক করে উঠছে ঢেউ। ঢেউয়ের পর ঢেউ আছড়ে ভেঙ্গে পড়ছে

খাড়ি পাড়ে এসে, ধসে পড়ছে পাড়। ভাসিয়ে নিয়ে যাচ্ছে গাছপালা। তবু লোকে ভালবাসে নদী—ভালবাসে ঢেউ। কাশেমও কি কম ভালবাসে ছোট নায়ে পাল তুলে দুলতে? সে জানে কখনও হাতের বৈঠা একটু এদিক ওদিক হলে, একটু বেশী 'চাপ্নি' (কাৎ) দিলে—অমনি মরণ। তবু অকারণ খেলতে ভাল লাগে!

ঐ ঢেউয়ের মতই সর্বনাশী ফুলমন। তার বুকের পাঁজর তল খাড়ি করে ফেলেছে—হঠাৎ ভেঙ্গে পড়তে পারে। পড়ুক ভেঙ্গে তলিয়ে যাক গোটা মানুষটা—দেখুক সর্বনাশী চেয়ে চেয়ে।

কাশেমকে ও কেবল বান্দা বলেই জানল। কিন্তু বান্দাও ভালবাসতে জানে তা একটিবার ভেবেও দেখল না। ওকে জয় করা যায়, ভাবী স্বামীর কবল থেকে ছিনিয়ে এনে। ওর কাছে অনুনয় বিনয় নয়, ওর সঙ্গে জোর করে করতে হয় প্রণয়। পোষ না মানলে পক্ষিনীকে পীড়ন করতে হবে। কাশেম তো দেখল, ও ভালবাসার বশ নয়—বর্শ শক্তি ও হিম্মতের।

সেই সময়ই হঠাৎ তার একটা কথা মনে পড়ে। সে খুশিতে হেসে ফেলে। কথা তো নয়—কৌশল।

কাশেম বাড়ীর দিকে ফেরে। একি! রাত ভোর হয়ে এলো? এত সময় সে আবোল তাবোল ভেবেছে, নদীর পাড়ে পাড়ে ঘুরেছে? পুলিশে টের পেলে তার আজ আর রেহাই ছিল না। ওপাড়ের অস্পষ্ট তটরেখা ধীরে ধীরে যেন স্পষ্ট হয়ে উঠেছে—এপাড়ের কাশেমের চোখে। কাশেম শুধু ওপাড় নয়, আরও কিছু যেন স্পষ্টভাবে প্রত্যক্ষ করতে পারছে—তার মনের দিগন্তে। সে একখানা মুখ। সে মুখখানা তার ফুলমনের।

বাড়ী ফিরে কাশেম দেখে যে কয়েকজন লাল পাগড়ি উঠানে বসে। তাকে দেখতে পায়নি। সে আর যাবে কোথায়? আন্নুর ঘরে পিছন থেকে ঢুকে পরে। ফরিদ উঠানে বসা। তার হাত বাঁধা। পঞ্চায়েৎ সঙ্গে সঙ্গেই আছে। ব্যাপারটা আর তার তলিয়ে বুঝতে কষ্ট হয় না। সেদিনের সেই পুলিশ তাড়ানোর আক্রোশ। রহিম বাড়ী নেই। বয়স্ক পুরুষ সব পলাতক। শুধু মহম্মদের বাপ আছে। আন্নুমানকে ওরা যে ধরেনি এই আশ্চর্য্য। হয়ত স্ত্রীলোক বলেই রেহাই দিয়েছে।

নিকটে কোন একটা ঘটনা হলে, সেইটাকে উপলক্ষ করে পুলিশে না করতে পারে হেন কাজ নেই। কাশেম কেন, এসব কথা গ্রামের দুধের ছেলে পর্যন্ত জানে।

'পঞ্চাইত ছাহেব! বসেন, তামাক খান। হাত আমার বান্ধা—একটু আউগাইয়া জোগাইয়া লন—নিজেও খান, এই অতিথগোও খাওয়ান। এরাই তো আপনার খুঁটি।'

শপাশপ—আচমকা বেত পড়ে ফরিদের পিঠে। 'চুপ, শালা হারামী চুপ। মানীলোকের সঙ্গে দিল্লেগি!'

বেতের বারিগুলো নিতান্ত অগ্রাহ্য করে আবার ফরিদ বলে, 'উনি আমাগো নাত্তি জামাই—জিজ্ঞাইয়া দেখেন ক্ষেত্রী মহারাজ, এই দেশী চকিদারগো কাছে—শুধাশুধি মারেন ক্যান? ওনার বাপে আর আমার বাপে এক সঙ্গে নাউয়া ডাকাতি করছে। ওনার মিঞার (বাবার) বুদ্ধি ছিল চিকণ—সে ফাঁকে ফাঁকে ফান্দ এড়াইয়া চলছে—পোলাপানের (ছেলেমেয়ের) জন্ত বেশ জমাইয়া গেছে। আমার

বাপে খাটছে জেল—মিঞার বুদ্ধি ছিল কম। তা না হইলে ওনার সাথে আমি কি পারি মস্করা করতে ?'

পঞ্চাইত বলে, 'ওর মুখের দোষের জন্যই ও মরে।'

'হাতের দোষের কথাডা এখন আর কইতে সাহস হয় না মিঞার। ওনার বাজানেরও তো সে দোষ ছিল।'

চৌকিদার দুজনও মুখ টিপে টিপে হাসে।

ক্ষেত্রী মহাশয় বলে, 'এখন আর মারব না তোকে। সাঁচ্ বাত্ বোল। তুই চুরি করিস কেনে হে ? পঞ্চাইতের বাগবাগিচাকা কটহর নারিকেল কুছভি নেহি থাকে।'

'নাতি জামাইর বাগানের ভাগ তো আমরাও পাই। হিসাব কইরা দেখেন, মহারাজ, সত্য কি না ? ছাহেব আপুযে দেবেন না— তাই রাত্তিরে যাই। আমার বাপেরে ঠগাইয়া সোনাদানা সব নেছে— সাজা খাটছে বাজান। আর আইজ পঞ্চাইত সাইজা ফরিয়াদী হইয়া আইছে তোরাকজান !'

এবার ক্ষেত্রীও হাসে। 'তুই চুরি ছোড় !'

'মহারাজ, আপনারা খাবেন কি ? মাইনায় কুলাইবে ?'

'শালা ! ভারি পাজি।' লাঠিটা দিয়ে ক্ষেত্রী এমন একটা খোঁচা দেয় ফরিদকে, তার দম বন্ধ হওয়ার জোগাড়। চোখ দুটো লাল হয়ে ওঠে।

ঘর থেকে লাফিয়ে পড়ে কাশেম—ছুটে আসে মহম্মদের বাপ।

'তোমরা আবার অস্থির হইলা ক্যান ?' ফরিদ বলে, 'আমি লাঠির গুঁতায় মরুম না—আমার কলিজা বড় শক্ত। মারুক, মাইরা দেখুক, কত পারে মারতে !'

কাশেমও ধরা পড়ে। কিন্তু একটা কিছু হেস্তনেস্ত হওয়ার পূর্বেই

সংবাদ আসে এখনই নৌকা খুলে ওপার যেতে হবে। পুলিস সাহেব নাকি লঞ্চ ভিড়িয়ে খবর পাঠিয়েছেন।

ফরিদ ও কাশেমকে ফালতু 'কেস' থেকে অগত্যা রেহাই দিয়ে যায় ক্ষেত্রী মহারাজার দল।

রসময় কাশেমের সঙ্গে যাবে প্রস্তুত হয়েছিল, কিন্তু কাশেমের দেখা নেই। যার কাজ তার নেই মোটে গরজ, অন্যের মাথা ব্যথা। ক্রমে রসময় বিরক্ত হয়ে উঠলো। লাঠি ছাতি চাদর তিন চারবার হাতে নিয়ে আবার যথা স্থানে রেখে, তামাক সাজতে বসল। এবার সে রীতিমত ভাবনায় পরল। কাশেম সত্যিই আসে না কেন? সে না এলে তার স্ত্রী সন্ধ্যামণি আর বাড়ীতে তিষ্ঠিতে দেবে না। কারণ সন্ধ্যামণিকে খুব ভোরে উঠে রান্না চাপাতে হয়েছে। সাধারণত সে দেরীতে শয্যা ত্যাগ করে। যা কিছু বেচারী রসময় উদরস্থ করেছে, তা সবাই উদ্গার করে দিতে হবে তার কথার খোঁচায়। খোঁচা তো নয়—সারাদিন ধরে খন্ খন্ করে কাঁসর বাজবে।

অবশেষে কাশেম এলো। যাবার জন্য তৈরী না হয়ে। তবে মত বদলাল নাকি? ওদের তো উঠতে বসতে সাত মত।

কাশেম এসে সব খুলে বলল।

রসময় সন্ধ্যামণিকে ডেকে বলল, 'শুনলে তো সব—আমার কিন্তু কোন দোষ নেই।'

'শিব ঠাকুরের আর দোষ কি! শুধু তাণ্ডব নাচ নাচতে পারেন। বাড়ী শুদ্ধু সবাই অস্থির। যেন বাবু চাকরীতে চলেছেন।'

'না মা ঠাইরণ, তা না…'

'তুমি চুপ করো বাছা—তোমাকে তো বলিনি।' তারপর রসময়কে লক্ষ্য করে সন্ধ্যামণি বলে: 'কি বাতব্যাধি হলো নাকি তোমার? কাশেমকে পানের বাটাটাও এগিয়ে দিতে পার না—আহা ওকে তো বসতেও দেও নি কিছু! সাধে আমার মুখ ছোটে? পুরুষ মানুষ যে সংসারে এমন কাছা ছাড়া, সে সংসারে লক্ষ্মী ঠাকরুণ থাকতে পারে?' সন্ধ্যামণি এসে কাশেমকে বসতে দেয়।

'এখন কি করতে চাও?'

'কাইল যামু।'

'কেন আজ? একটা দিন দেরীতেও অনেক ক্ষতি হতে পারে।'

'আইজ যাই কি কইরা? একটা জরুরী কাম আছে।'

'আমরা শুনতে পারি নে?'

'না, দাস মশায় না—পরে কমু। এখন উঠি। পেন্নাম মাঠাইরণ। কাইল কিন্তু ফেলি ফয়জরে।'

'ঘরে আছ নাকি? শুনছ তো—কাশেম তোমাকে প্রণাম করল—আমার কিন্তু কোন দোষ নেই। ওদের সংগে অবার কাল ভোরে নাকি যেতে হবে—খুব ভোরে কিন্তু।'

'বুঝেছি—কাল রাত থাকতে আবার পিণ্ডি চড়াতে হবে।'

এর একটু পরেই আদালতের একজন পিওন একখানা নোটিশ নিয়ে রসময়ের বারান্দায় এসে ওঠে। রসময়ের কাছে কাশেমের চৌদ্দ পুরুষের ঠিকানা জিজ্ঞাসা করে। রসময় পিওনের জন্য যে কি করবে, তা ভেবে উঠতে পারে না। তৎক্ষণাৎ কাশেমকে সংবাদটা দেওয়ার জন্যও তার মন ব্যাকুল হয়ে ওঠে। এ সংবাদ নয়—কাশেমের

ভাগ্যের অপূর্ব পরিবর্তনের সূচনা। আনন্দে একেবারে অধীর হয়ে পড়ে রসময়। পিওনটি হিন্দু। তাকে আনাহার করে এখানেই বিশ্রাম করতে অনুরোধ করে।

একজন পিওন একাশি গণ্ডা পারওনা নিয়ে গ্রামে বেরিয়েছে—যেন ভূপর্যটন করে ফিরেছে এমনি ওর চেহারা। পায়জামা খানা ফেটে গেছে। মাথার চুলে তেল পড়েনা ছ' মাসে। মুখ চোখের চামড়া রোদে পোড়া, তামাটে।

'মহাশয়ের নাম ?'

'জীবন হালদার।' জাতিতে নমশূদ্র—এ কথাটা বুঝতে আর দেরী হলো না রসময়ের।

'দেশে তো তোমার জমি খেত আছে ?' অমনি রসময় সম্বোধনের মাত্রাটা এক ধাপ নামিয়ে দেয়।

'নিশ্চয়। না হইলে কি এই গোলামিতে পোষায় ? চাকরী ছারি না একটু সুনামের আশায়। আমাগো মধ্যে তো চাকইরা বলতে গেলে নাই।'

রসময় মনে মনে বলে, 'কি না চাকরী !' তারপর প্রকাশ্যে জিজ্ঞাসা করে, 'হাল হালুটি তো আছে ?'

'মইষের বাথান আছে দুইটা। হাল চলে কর্তা পনরখান।'

রসময় আশ্চর্য হয়ে ভাবে : তবু চাকরী করা চাই—একি মোহ ! ও দেখি চৌদ্দবার কিনতে পারে রসময়কে।

'কর্তা, এক জোড়া খড়ম চাই।'

'বসুন, এনে দিচ্ছি। থাকবে না কেন খড়ম গৃহস্থবাড়ী ?' রসময়ের অজ্ঞাতে আবার সম্বোধনের মাত্রাটা চড়ে যায়।

রসময় নিজের খদ্দর জোড়াই কাপড়ের খুঁটে দিয়ে মুছে এনে দেয়। পুকুর ঘাট নিকটেই—আঙুল দিয়ে দেখিয়ে দেয়। সুমুখের বারিন্দায় এমন যত্ন করে আসন পেতে দেয় যে জীবন হালদার যেন বুঝতে না পারে—সে ব্রাহ্মণ-কায়স্থের অস্পৃশ্য।

খেতে খেতে জীবন বলে, 'কর্তা, চাকরী করার এইটুকু গুণ—না হইলে আপনারা ভাত দিতেন উঠানে।'

রসময় সঙ্কুচিত হয়ে কেবলই বলে, 'তা কেন···আজকাল তো···'

'চিরকালই আপনারা আমাদের ঘিন্না করেন। আর করবেনও, যদি না আমরা আপনাগো কাছ থিক্যা সম্মান আদায় কইরা নিতে পারি। রাগ করবেন না কর্তা, বড় যারা, সহজে তারা ছোটর দিকে ফিরাও চায় না। ক্যাবল প্রবোধ দিয়া রাখে।'

অভিযোগটা রসময়ের শ্রেণীর বিরুদ্ধে। তবু রসময় মনে মনে অস্বীকার করতে পারে না। ভাবে, এ লোকটার সঙ্গে বাদানুবাদ করা বৃথা। কারণ বহুস্থানে ঘুরে যোগী হয়ে গেছে।

যা হ'ক পিওন আহারান্তে শয্যা গ্রহণ করে। রসময় কাশেমের খোঁজে যায় কিন্তু কাশেমের খোঁজ কেউ দিতে পারে না। লোকটা হাওয়া হয়ে গেল নাকি?

যে ফুলমন এই কদিন আগেও দিব্যি গোলাম বলে পরিচয় দিয়ে অনায়াসে অপমান করল কাশেমকে, সেই ফুলমনের বিয়ের অতিথকে মনোরঞ্জন করতে এগিয়ে যায় কাশেম। এ এক আশ্চর্য ব্যাপার।

'খাসি না আইনা খাওয়াইলে কুটুম খুশি হইবে না চাচা—আর তোমার বড় মাইয়ার সম্বন্ধ।'

'কথাডা ঠিক কইছ। মাইয়ার পরিজনের আয় ব্যয় দেইখ্যাই তো কাজ করে বুদ্ধিমানে। তুই না আইলে এসব বুদ্ধি দিত কেডা?'

'কুটুমগো বাড়ী কই?'

'চাহার—একেবারে হক সাহেবগো বাড়ীর লগে।'

'তয় তো বড় কুলীন।'

'দেখ না কোষ নাও?'

'দেখছি চাচা। সত্য কথা কইতে গেলে তোমাগো পোছে না (জিজ্ঞাসা করে না) ওনরা। মাইয়া দেখছে?'

'না, আইজ দেখবে—খানাপিনার পর।'

'আইজ তো খাওয়াইতে হয় দিশামত।'

'কি যে কও—দিশামত খাওয়ায় তো মাইয়া। আবার ওরা কেও শুইন্যা না ফেলে।'

'বেয়াইর লগে একটু মসকরা করলে দোষ কি?'

'যা, যা বাইচলামি করা লাগবে না, এখন একটা খাসি কি বকরী লইয়া আয়।'

'দাম দস্তর? তুমি যাবা না?'

'তোরে কি অবিশ্বাস করি? কুলমনও যা, তুইও আমার তা।'

কিছুক্ষণের মধ্যে একটা খাসি আসে—ভোম্বল দাস। কাশেম একখানা ছুরি এনে 'বিছমিল্লা' বলে গলায় বসিয়ে দেয় আড়াই পোচ। রক্ত ছোটে ফিনকি দিয়ে। মাত্র কণ্ঠনালী পর্যন্ত কেটেছে।

কুলমনের বাপের পাঁচ বিয়ে। এক এক বিবি এক এক কিসিম রান্না চাপায় মাংস দিয়ে। ছোট বিবির বয়স অল্প—প্রায় কুলমনের

সমবয়সী কিন্তু রাঁধতে জানে হরেক রকম। একটু ঠাট্টা তামাসাও করে সতীনের মেয়েকে।

কাশেম দেখল ফুলমনের মুখখানা একটু ভার। আজ আর ফুলমন তেমন সাজ গোছ করে নি। কারণ কি? বংশমর্যাদায় জামাই শ্রেষ্ঠ। হয়ত চাকরী বাকরীও করে ভাল। তবে একটু দেখতে রোগা, এই যা। এই সামান্য কারণেই কি ওর মন খারাপ? চেয়ে দেখে কাশেম—সাহস করে তার মুখোমুখী চোখ মেলতে পারে না—চেয়ে দেখে দূর থেকে চুরি করে। কী অপূর্ব রূপ, যেন পরী। হয়ত অনেক দোষ ত্রুটি আছে মুখখানায় কিন্তু সে সব খুঁটিনাটি ত্রুটি ধরতে পারে না বান্দা।

এক সময় ফুলমনের নজরে পড়ে। সে আজ আর কিছু বলে না কাশেমকে। তার বুকে যেন একটা তুফান চলছে।

খাওয়াদাওয়ার পর মেয়ে এলো পানদানী নিয়ে অতিথিদের সুমুখে। একখানা গিনি নজর দিয়ে বরপক্ষ মেয়ে দেখল। হাঁ। রূপসী মেয়ে বটে। যার যা ইচ্ছা সে তা জিজ্ঞাসা করে। ফুলমন ভাব ভ ব জবাব দেয়।

কাশেম সর্বদা পান তামাক জোগাল—ফর্সির নলটা পর্যন্ত এগিয়ে জুগিয়ে দিল।

বরপক্ষ শিক্ষিত বলে এই সুযোগে শা নজরের (শুভ দৃষ্টির) কাজটা হাসিল করল। মেয়েপক্ষ থেকে অনেক বাদানুবাদ হয়েছিল, তাদের পক্ষে মোল্লা মৌলভী জুটেছিল তিন চার জন—কিন্তু শেষ পর্যন্ত বহাল রইল বরপক্ষের মাতব্বরি।

ফুলমন বাড়ীর ভিতর চলে গেল। যাওয়ার সময় সে এমন

দিশাহারা হয়ে গিয়েছিল যে জরীর নকসি চটি জোড়া ফেলেই চলে গেল এবং গিয়ে একটা আলাদা কোঠায় দোর দিল।

ঠিক সেই সময় কাশেম চটিজোরা নিয়ে এসে বাইরে দাঁড়িয়ে ডাকল, 'ফুলমন, ফুলমন! তোমার জুতা।'

'বাইরে রাইখ্যা যাও।' তার গলার স্বর যেন ভেজা ভেজা।

কাশেম বিভ্রান্ত হয়ে চলে গেল।

ফুলমনের ব্যবহারে একটা অস্বাভাবিক হাওয়া সৃষ্টি করেছিল বরপক্ষের মনে। তারা রওনা হবার পূর্বে নিগুঢ়ভাবে কারণ অনুসন্ধানে লেগে গেল। নিশ্চয়ই মেয়ের কোনও দোষ আছে—গোপন করছে কন্যাপক্ষ। এখন সঠিক ঘটনাটাই তো বিদেশে জানা মুস্কিল।

কাশেম ইচ্ছা করেই যেন বরপক্ষের আশে পাশে ঘুরে বেড়াচ্ছিল। বরপক্ষও তাকেই উপযুক্ত লোক ভেবে ডেকে নৌকায় নিয়ে গেল। বাড়ীর চাকর—জানে সব।

বরের পিতা জিজ্ঞাসা করল, 'একটা কথার জবাব দিবা?'

কাশেম বোকার মত হাসে।

'কওতো মেয়েটি কেমন?'

সে উত্তর না দিয়ে আবার হাসে।

'বইস বইস—ঐ টুলটায় বইসা বল। আমরা কাউকে কিছু জানামু না—তোমার ভয় নাই।'

কাশেম সসংকোচে টুলটায় বসে পরে।

'মাইয়ার কি কোন অসুখ বিসুখ আছে?'

সে মাথা নাড়ে।

'বাঁধা-টাঁধা তো খারাপ নয়? যেমন করণ তখন!'

কাশেম মাথা নাড়ে কিন্তু আবার হাসে।

সন্দেহটা দৃঢ় হয় বরের বাপের।

'তবে ব্যাপারটা কি? বল না, এইখানে কেউ বাজে লোক নাই।'

তবু কাশেম দ্বিধা করে এবং পূর্বের মতই একটু একটু হাসে। বরের বাপ সকলকে দূরে সরে যেতে বলে। তারা কোষ নৌকার একেবারে ভিন্ন কামরায় চলে যায়। 'এখন কওতো।'

'মাইয়া আমাগো খোজা।'

তৎক্ষণাৎ নৌকা খোলার হুকুম হয়। 'এরা ডাকু, খোজা বেইচ্যা পন লইতে চায় হাজার টাকা। কয় যে মস্ত কুলীন। খোজা আবাব কুলীন হইল কবে?'

কাশেম পাড়ে উঠে এবার বিদ্রূপের হাসি হাসে।

কিন্তু কিছু দূর গিয়ে ভাবে, এ দুনিয়ায় ফুলমনের মত মেয়ে পাওয়ার জন্য অনেক ছেলেই উদগ্রীব হয়ে আছে। সম্বন্ধ তো আরও আসতে পারে।

৭

'কই, দাস মশাই, আপনার কাশেমতো আইল না? আমি এখন আর দেরী করতে পারি না। নোটিশটা গবজারী দিয়েই দিতে হইল।'

'আজ রাতটা না হয় এখানেই কাটিয়ে গেলেন।'

'গেলে দোষ হইত না—কিন্তু আপনাগো পাঁচ বাড়ী ঘুইরাই

আঁমাগো পেট চলে। আইজকার দিনটা তো নিরামিষই গেল, আঁবার কাইলকারটাই বা মাটি করি ক্যান্?'

'কাশেম জাত জেলে—দেখা হলে আর আমিষের অভাব হতো না।'

তল্পিতল্পা গুটিয়ে জীবন হালদার নামতে যাচ্ছিল দাওয়া থেকে, অমনি কাশেম এসে হাজির হলো।

রসময় বলল, 'এই যে! তোকে খুঁজে মরছে চরের কাগজ নিয়ে এসে, আর তুই ঘুরছিস ডালে ডালে। কোথায় ছিলি এতক্ষণ?'

'ফুলমনদের বাড়ী। তার বিয়া কিনা!'

'ও! ঠিক হয়ে গেছে সব? ভাল ভাল। যাক্—তুই যে আমাকে ছাই ভস্ম কি সব মেপে দেখালি সেদিন?'

'ক্যান্, ক্যান্? ছাই ভস্ম কন ক্যান?'

'তোর নানার চর অনেকদিন জেগে গেছে—একেবারে শক্ত মাটির চর। ঐ নদীর এক বাঁক ভাঁটিয়ে।'

'কি কইলেন দাস মশয়, আমার নানার নিরানব্বই কানি? কই, এখন একটু দেখাইবেন?'

'ঐ দেখ। কই হালদার মশাই তল্পি তল্পা নামান—কাগজগুলো কোথায়?'

'ইনি কেডা?'

'সরকারী পিওন।'

'আদাব। আদাব।' কাশেম উৎসুক হয়ে চেয়ে থাকে, কি যেন আছে ঐ পুঁটলিতে! কি যেন অনবদ্য আশীর্বাদ! বহু আকাঙ্খিত মনোবাঞ্ছা!

জীবন একটু হেসে জিজ্ঞাসা করে, 'এই নাকি আমার আসামী? বেশ, বেশ—নজর কই? ভেট বেগার তো বইতে পারুম না—রোক নগদ নজর চাই। বাবা, তোমার নানার নামে এ জমিটা ছিল। ঐ ডাকিনী কবে যে গ্রাস কইরা ভাইঙ্গা তলাইয়া নিয়া গেছিল তা আমি বলতে পারুম না—সে সব কাগজ অবশ্য আমাগো অফিসে আছে—তবে তোমরা তো আর জলকর দাও নাই, তাই ওসব খাস হইয়া গেছে সরকারে। এই ক'বছর হয়, ডাকিনী আবার খুশি হইছে—ওপাড়ের সব জায়গা জমি তার কবল থিক্যা মুক্তি দিয়া এপাড়ের দিকে রোখ করছে। তাই চর জাগছে অসংখ্য। লগ্ন সার বন্দী সব চর। সরকার ওয়ারিশদের ডাইক্যা সব চর বন্দোবস্ত দেবে—তুমিও নিতে পার, এই নোটিশ।'

'কত টাকা লাগবে? কয় কুড়ি?'

'সরকারে দিতে হবে দুইশ—আর আমারে যা খুশি। কেও দশও দেয়, কেও পাঁচও দেয়—যেমন দান তেমন দক্ষিণা।'

পিওনেরা সাধারণত মানচিত্র নিয়ে আসে না। জীবন হালদার পাকা লোক। কেমন করে যেন একটা মানচিত্র সংগ্রহ করে এনেছে। ঐটা দেখিয়ে মক্কেলের মগজের ভিতর একেবারে তার স্বার্থটা ঢুকিয়ে দিয়ে আলগোছে হাত পাতে। অমনি সহজেই তার হাতখানা ভরে যায়।

কাশেমকে জীবন বুঝাতে লাগল।

'এই দেখ, উত্তর দক্ষিনে চইলা গেছে ডাকিনী। দুইকূলের যে কত কীর্তি ধ্বংস কইরা আইছে তার ইয়ত্তা নাই। এইখানে রাজা রাজবল্লভের একুইশ রত্ন আছিল—তা দেখছ? তোমরা দেখবে কি কইরা তোমরা তো নিতান্ত ছেইলা মানুষ।'

'কিসের কথা কইলেন? একুইশ রত্তন? দেখুম কি কইয়া—আমাগো নসিব মন্দ না হইলে ছোট কালে কি মরে বাপ? এই এতডুক থাকতে।' হঠাৎ কাশেমের চোখে জল আসে।

'তোমারা দেখ নাই আর দেখবাও না—শোন তবে'—জীবন মানচিত্রের বুকে আঙুল চালিয়ে দেখতে থাকে—বলতে থাকে পুর্ববাঙলার রাজা রাজরার হিন্দুমুসলমান ভূঁইয়া বাদশার কীর্তি কাহিনী। এই ডাকিনীর খাড়া পাড়ে কত দেবালয়, দেউল, মসজিদ এবং মন্দির ছিল—তা রাক্ষুসী গিলে খেয়েছে। কত মনুষ্য বসতি ছিল, ছিল কত কল কোলাহল মুখরিত রাজধানী। আজ তা তলিয়ে গেছে ঐ ক্ষুধিতার অতল গর্ভে। কোথাও বা ছিল জনশূন্য প্রাচীন ঐতিহ্যের মনোরম নিদর্শন। সে সব আজ আর নেই। একুশ রত্নের মধ্যমণিতে জ্বলত নাকি কূলহারা নাবিকের জন্য নিশানী আলো! সে আলোও নিবে গেছে। কিন্তু নিবে যেতে পারেনি জীবন পিওনের মন থেকে কোন স্মৃতি। সে না জানে কি? সে নিজের কথা কাশেমের কথা ভুলে গিয়ে এমন এক অপুর্ব যুগের মনুষ্যলোকে সকলকে নিয়ে যায়, এমন ভয়াল মধুর ও ও করুণ করে সে সব কীর্তি ও ঐতিহ্যের কাহিনী বিনিয়ে বিনিয়ে বলে যে রসময় ও কাশেম কখনও আনন্দে কখনও গর্বে অধীর হয়ে ওঠে। মধুর বিয়োগান্ত রাগিনীর মত জীবন পিওনের শেষ কথাগুলি মনে বাজে।

হিন্দু মুসলমান দুটি পুর্ব বাঙলার বন্ধু সম্প্রদায়ের একই মণিকোঠায় যে সম্পদ ছিল, তা আজ আর নেই—সবই অতলে তলিয়ে গেল!

রসময় তামাক সাজার কথা ভুলে যায়—কাশেম থাকে চুপ করে।

'কি ভাবছ মিঞা? দুঃখু কইরো না। যা বিগত তা ভুলতে হইবে। কীর্তিনাশা ক্যাবল ধ্বংসই করে নাই—আবার তো ফিরাইয়া দিতে

আছে অসংখ্য চর। সেই চরে তোমরা এক হইয়া গিয়া বসতি কর— মসজিদের পাশে মন্দির গড়ো—নতুন বনিয়াদ হউক মিলনের। যারা নদীপথ দিয়া যাইবে এ সব কীর্তি তারাও দেখবে—আবার মুখে মুখে ছড়াইয়া পড়বে নতুন নতুন কেচ্ছা। মানুষের কীর্তি সাধ্য কি ধ্বংস করে কীর্তিনাশা।'

রসময় বলে, 'বুঝলাম তো সবই কিন্তু কোথায়ই বা সেই রাজবল্লভ কোথায়ই বা সেই বারভূঁইয়া? প্রাচীন মাল মসল্লাই বা কই?'

'হাস মশয়, আমার বয়স প্রায় আশির কোঠায় পড়ল। পনর বছর পণ্ডিতী করছি, তারপর চাকরী করাই এই চল্লিশ বছর। অনেকই তো দেখলাম, শুনলামও অনেক—রাজা বাদশার যুগ আর ফিরা আসব না—কারণ প্রভু-ভৃত্যের সম্বন্ধ লোকে আর ভালবাসে না। কাজেই এখন যাঁরা আছেন, নামেই জীবিত আছেন। আইছে নতুন যুগ—নতুন মানুষ। সমাজের তলানী থিকা ভাঙা চুড়া মানুষগুলি সিধা হইয়া দাঁড়াইছে। সে যুগের পত্তন করবে এই হাসেম কাশেম রসময় জীবন হালদরের ছেইলা মাইয়ারা।' একটু থেমে জীবন পিওন বলে, 'আমি একলা একলা আমার এই পুঁটলিটা বগলে লইয়া যখন দেশময় ঘুইরা বেড়াই, তখন এই সব কথাই ভাবি আর দিব্য চক্ষে দেখি নতুন দিনের আলো।'

জীবন পিওন এবার একটা ভবিষ্যত দ্রষ্টা মহাপুরুষের ছাপ ফেলে রসময়ের মনে। তার ইচ্ছা করে ওর পায়ের ধুলো নিতে। কাশেম সব বোঝে না, কিন্তু ভাবে এ পিওন না পয়গম্বর?

রসময় তামাক সেজে এবার তার হুঁকোটাই জীবনের হাতে দেয়। জীবন এতক্ষন তামাক খেয়েছে হাতে। তাই লজ্জায় 'না' 'না' করতে

থাকে ; কিন্তু রসময় তাকে ছাড়ে না। কাশেমকে একটা ভিন্ন হুঁকো এগিয়ে দেয়।

তামাক খেতে খেতে জীবন বলে, 'ও হুঁকাও এক হইয়া যাইবে'

'বলেন কি হালদার মশাই, বলেন কি ?'

'বড় আঘাত পাইলেন দাস মশয়, না ? কিন্তু সব গরীবের হুঁকা এক করতেই হইবে। তানা হইলে এমন একটা দিন আসতে আছে যে তাদের টিঁক্যা থাকা দুষ্কর হইবে—'

অনেকক্ষণ সন্ধ্যা হয়েছে। পল্লীগ্রামের গাছ পালার মধ্যে আঁধার ঘনিয়ে এসেছে নিবিড় হয়ে। সেদিকে লক্ষ্য নেই কারুর। একটা বাতি পর্যন্ত জ্বালিয়ে আনতে ভুলে গেছে রসময়। সন্ধ্যামনি তো নিজের ঘরে লক্ষ্মীর আসনের কাছে সন্ধ্যাবাতি জ্বালাতে গিয়ে অনেক জ্বালাতন এবং মধুর বচন শুনিয়েছে লক্ষ্মী দেবীকে। রসময়ের ঘরের লক্ষ্মী নিতান্ত অচলা তাই চুপ করে সইছে এসব।

অন্ধকার দাওয়ায় বসে লোকগুলি যেন স্বপ্ন দেখে। দু' একটা জোনাকী জলে আর নিবে। ঝিঁঝিঁর ঐক্যতান শুরু হয় চারদিকের ঝোপ ঝাড়ে। ফলন্ত গাছের ডালে ডালে বাদুরের ডানা ঝাপটার শব্দ। তাদের ক্ষুধিত চিৎকার বিদীর্ণ করে গ্রামের শান্ত পরিবেশ।

জীবন পিওন বলে চলে—

'বাইন্যা আর মুদীতে গ্রাস করছে রাজত্ব—বন্ধক রাখছে, করলা করছে বড় বড় জমিদারি। তারা এক হইয়া ফসল কিনতে আছে। ধান-চাউল তেল-তামাকের দাম বাড়াইতে আছে—শুইষা নিতে আছে হিন্দু মুসলমান খরিদ্দারগো। ট্যাস্কো বসায় সরকার, ভার বয় রসময় ও রাশেদ—গাধার লিগাই তো বোঝা আর সেয়ানের লিগা ক্যারম

মধ্যা। সেই যাইস্তারাই আবার নানা ভোল বদলাইয়া ঢুইক্যা পড়েছে নানা প্রিতিষ্ঠানে। আমাদের শত্রু বড় সেয়ানা। অতএব, দাস মশায়, এক হুঁশ্যা না হইয়া আর উপায় কি ?'

রসময় কল্কিটা চেয়ে নিয়ে আবার তামাক সেজে জীবনের হাতে দেয়। জীবন পিওন গুড়ুক গুড়ুক করে টানে। শেষকালে সে বলে, 'দল ছাড়া হইয়া চললে একটা বউন্যা শূয়ারের ও দাঁত ভাঙা শক্ত না— বোঝলেন দাস মশয় ?'

যাবার সময় জীবন পিওন নোটিশটা দিয়া বলে,—'এই তো নোটিশ। আপনারা সদরে যাইবেন। একেবারে খাস মহলের ডিপ্‌টির এজলাসে। কিছু বেশী নিয়া যাইবেন, না হইলে নাতি জামাইগো তুষ্ট করতে পারবেন না। অনর্থক কাজে দেরী হইয়া যাইবে। হয়ত আর একজন হাসেমের পুত্তুর কাশেম গজাইয়া ওঠবে রাতারাতি —সম্ভকাটা কলাগাছের মাইজের মত।'

৮

জীবন পিওনকে বিদায় দিয়ে কাশেম বাড়ী ফিরে এসে সকলকে ডাকল। এতদিনের স্বপ্ন তার সফল হয়েছে। এবং সে সফলতা এসেছে এমন এক অভাবনীয় পথে যে তা বিশ্বাসও করা যায় না। অথচ ভোলাও যায় না কোন মতে। জীবনেব নানা কথায় সে এতক্ষণ মোহাবিষ্ট হয়েছিল—এখন তার সে মোহ কেটেছে। সে গতানুগতিক জীবনে এসেছে ফিরে। দীনহীন ভিক্ষুক—কামনা করেছিল সারে জাহানের বাদশাহী—তা সে পেয়েছে। কিন্তু কেন যেন তার তেমন আনন্দ হচ্ছে না। মনে জাগছে না বিপুল উৎসাহ। জীবন পিওন যেন

তাকে বুড়ো করে দিয়ে গেছে। সব কথা সে বুঝতে পারেনি। তবে এটুকু বুঝেছে, তার উচিত ঐ চরে তারই মত যারা দিন আনে দিন খায়—ক্ষুধার অন্নের জন্ত সংগ্রাম করে জীবনের আটটা প্রহর কাটায়—তাদের নিয়ে বসতি করা। সে এর মধ্যেই হাফেজকে সংবাদ পাঠিয়েছে, আঞ্জুমানকে সব খুলে বলেছে, আহ্বান করেছে ফরিদকে। বাড়ীর উপরের কাউকে সে অগ্রাহ্য করেনি, নিমন্ত্রণ করেছে এ দেশের আরও কয়েকজন ভূমিহীন দুর্ভাগাকে।

কিছু সময় যেতে না যেতেই সবাই এসে উপস্থিত হল। এক হাফেজের পক্ষে আসা অসম্ভব ছিল। ভাগ্যক্রমে সে ছিল এপাড়—সংবাদ পেয়ে তক্ষুনি ছুটে এল।

জ্যোৎস্নালোকে হোগলা বিছিয়ে বেশ বড় রকম একটা সভা বসে উঠানে। অনেক সমস্যাই মীমাংসা করতে হবে। নইলে চর কাশেমে যাওয়া যাবে না। গেলেও বোকার মত আবার ফিরে আসতে হবে। নিকটে কোনও ঘন বসতিপুর্ণ গ্রাম বা গঞ্জ নেই। এতগুলো লোক সেখানে গিয়ে করবে কি, তাদের পেশাই বা হবে কি? হালহালুটি অসম্ভব। কোথায় গরু, কোথায় বাছুর? কতটুকু জায়গা আবাদী, কতটুকু অনাবাদী তাই বা কে জানে? হয়ত জলের মধ্যেই ডুবে আছে বিশ বাইশ কানি। এর চাইতেও বড় সমস্যা টাকা দুশ' কে চালাবে—সবটাকা তো কাশেম চালাতে পারবে না। কিন্তু তবুও কি হাতে পেয়ে ছেড়ে দেবে তার নানাভাইর সাধের চর?

চর তো নয় দুখের সর!

আবার স্বপ্ন দেখে কাশেম—সুখের এবং সাধের স্বপ্ন। যে স্বপ্ন সে

স্বার্থ কিছু করবে। কিন্তু ফুলমন কি মেছো বাসগার গুলবনে এসে থাকবে?...না, না, সে বাদশাগিরী চায় না—চায় না গুলবন। চায়—ফুলমন যে তাকে এগিয়ে দেবে জাল—জুগিয়ে দেবে পাল। সে হাল ধরে চলে যাবে মাঝ দরিয়ায়। ফুলমন হবে মেছো কাশেমের বৌ—বেগম নয়। সাধারণ এক মেছোনী। তবু সে ঘরের বৌ। কিন্তু এতটুকু যে মৌ নেই তার মুখে?

মুখে না থাক—হয়ত বুকে আছে। সে সোয়াদ সে কবে পাবে?

'চিন্তা নেই কাশেম—তোর কোনও চিন্তা নেই—ওকি মনমরা হয়ে রয়েছিস যে?'

'আইসেন দাসমশয়, বসেন। আপনে থাকতে আমার চিন্তা কি?'

সভায় সকলেই এসেছে। শুধু আসেনি একজন—সে হচ্ছে ফরিদ। ভীষণ গোঁয়ার গোবিন্দ মানুষ। তোয়াক্কা রাখেনা কোনও কিছুর।

ফরিদের অনুপস্থিতিতে সকলেই একটু দুঃখিত হলো। কারণ যোয়ান ছেলেদের মধ্যে সেই বয়সে বড়। বুদ্ধিটাও যে তার প্রখর একথা কেউ অস্বীকার করে না। কিন্তু এমন মুস্কিল যে সে ইচ্ছা করে না এলে তাকে জোর করে আনা অসম্ভব! তবু আঞ্জুমান গোপনে একবার গেল। 'ভাইজান, তুমি না গেলে মাঝিরপো ভাববে কি? তোমার মতন একজন বুঝমানের ভরসাও কি সে কম করে?'

ফরিদের ভাত খাওয়া শেষ হয়েছিল। সে মুখটা ভাল করে না ধুয়েই খানিকটা জল খেয়ে দাড়ি গোঁফে হাত বুলাতে বুলাতে উঠে এলো। 'কোনও ঘোট পরামর্শ আমি ভালবাসিনা। তয় পেট ভরলে আমি যাইতাম চরে—অত্ত পরামর্শ লাগত না। যদি আমার ভরসা করে,

আইতে কইস্ একলা এক সময়। যা ভাল বুঝি তা বাতলাইয়া দিমু। ওগো লগে হৈ হৈ কইরা আইজগার রাইতটা খামাখা খুয়ামু ক্যান ?'

আঞ্জুমান নিরাশ হয়ে ফিরে এলো, কিন্তু কাউকে কিছু টের পেতে দিল না। তার মিঞাভাইর বুদ্ধিটাই যেন কেমন ভিন্নমুখী। অন্য কেউ তো পছন্দই করে না—তবু আঞ্জু নিজের মনকে প্রবোধ দিতে গিয়েছিল।

একটা কচি কলাপাতায় জড়িয়ে কল্কিটা টানতে টানতে রসময় জিজ্ঞাসা করল, 'চরে যাবে কে কে ?'

সকলেই যাবে। কারণ এতগুলো লোকের মধ্যে দুছটাক, কি দু' ধুর ভদ্রাসন ছাড়া জমি নেই। জিরাত কৃষির একটু স্থান নেই। না আছে দুটো মুরগীপোষার জায়গা। কেউ কেউ দু'এক পুরুষ ধরে পরের ভিটায় আছে লজ্জার মাথা খেয়ে ঘাড় গুঁজে। এতগুলো স্ত্রী পুত্র পরিবার জড়িত লোকের নির্দিষ্ট কোন পেশা নেই, আয় নেই কিছু। তাই তারা অনির্দিষ্টের সন্ধানে যেতে চায় একটুখানি নিষ্কলঙ্ক মাটির আশায়। পেট ভরে খেতে তারা কোন দিনই পাবে না জানে—তবু আশা করে একটুখানি স্বতন্ত্র জীবন যাপনের জন্য সামান্য একখানা ঝুঁড়ে ঘর। তার আশে পাশে ছোট্ট একটু নিজস্ব চৌহদ্দি—যেখানে খেলাবে গড়াবে উলঙ্গ ছেলেমেয়ে, বিনা ঝগড়ায় লাগাবে দুটো কলাগাছ কিম্বা বেড়ার কোলে পুঁইলতা।

'যাবে তো সকলে, কিন্তু শ-তিনেক টাকা চালাবে কে ? সব কাজ গুছিয়ে আনতে তিনশতেও কুলোয় কিনা সন্দেহ। কাশেমের কি আছে না আছে তোমরা তো জানই সব। সে লাভ চায় না কিন্তু আসল খরচটা তো সকলের চালান উচিত।'

রসময়ের কথায় সকলে মাথা নাড়ে। সম্মতিসূচক জবাব আসে। 'তা তো সত্য, দাস মশয়, সত্য।'

'তা যদি বুঝে থাক ভাইজানেবা, তবে টাকা নিয়ে চলো—এক-বারেই সব কাজ হাসিল করে আসি। লেখাপড়িও তোমাদের সাথে কাশেম ঐ সময়ই করবে।'

'কত লাগবে?'

'এই মাথা পিছু পনর বিশ টাকা।'

এইবার সভা ভাঙ্গতে আরম্ভ করে। রসময় কাশেম সবই বুঝতে পারে। তারা চুপ করে দেখে, এতক্ষণ পর্যন্ত যে উঠানটা সবগরম হয়েছিল এতগুলো লোকের সমাবেশে, তা কর্পূরের মত উবে যেতে লাগল। বাড়ীর উপরের লোকগুলো পর্যন্ত ঘরে গিয়ে বসল। উঠানটা খালি।

'একটু তামাক সাজ কাশেম—বুদ্ধির গোড়ায় ধুঁয়ো দিয়ে নি।'

কাশেম তামাক দেয়। 'এখন ক্যামনে হইবে দাস মশয়?'

'কত টাকা আছে? দেখলি তো মামুদ মাঝির দৈত্যর মত আট আটটা ছেলেও উঠে গেল। আট দশা আশিটা টাকাও যদি ওরা দিত।'

কাশেম কোন জবাব দেয় না। রসময় একা একাই বলে চলে, 'ভেবে কি করে, নিজের ক্ষেমতায়ই তো বুঝি সব। আমারও তো ঐ চরে যাওয়ার ইচ্ছা। ডাকিনী যেমন ভাঙছে—হয়ত আর জোর বছর তিনেক লাগবে আমার পুকুরের পাড় ধ্বসে পড়তে। কাশেম, আমিও তো এখন কিছু দিতে পারব না। তবে এইটুকু বলে দিচ্ছি, তোর কোন চিন্তা নেই। মনের ইচ্ছা থাকলে টাকায় কাজ ঠেকে থাকে

না। এ আমার অনেকবার পরীক্ষা করা। তোর কোন চিন্তা নেই।'

'কার সাথে কথা কন দাস মশয় ?'

'কেন, কাশেম ?'

'মাঝির পো তো এখানে নাই।' আঞ্জুমান রসময়ের কাছে এগিয়ে এসে বলে।

'গেল কই ?'

'আপনে না জানলে আমি জানুম ক্যামনে ?'

'ছোকরা বড় মুস্কিলে পড়েছে। যখন আমাকে বলে যায় নি, যেখানেই যাক এক্ষুনি আসবে।'

তুষের তাওয়ায় ফুঁ দিয়ে দিয়ে আঞ্জু একটা বিড়ি ধরিয়ে রসময়কে দেয়। 'আচ্ছা দাস মশয়, মাঝির পো করবে কি ?'

'একটা কিছু হবেই।'

'আমার কাছে কত সাধ আহ্লাদের কথা কইছে, এখন যদি সেই চরই যায় !'

'তা যেতে পারবে না যখন আমি রয়েছি, আঞ্জু।'

'আপনার তো আর বহায় সেলামী দেওয়ার সঙ্গস্থা নাই।'

'তা তো জানিসই তোরা—আর গাঁয়ের কেই বা না জানে !'

তবু রসময় পারবে। সে মনের জোরে আকাশের নক্ষত্র উপড়ে এনে দেবে যাকে ভালবাসে তার হাতে।

'আঞ্জু, রহিম কোথায় ?'

'কাইত ( ঘুমান ) হইছে।'

'ছেলে মেয়ে ?'

'সর্ব…।'

'তুই যে এখনও ঘুমোস নি?'

'মাঝির পোর খানাপিনা হয় নাই।' আঞ্জু হোগলার একপাশে বসে জিজ্ঞাসা করে, 'চরের বাড়ীগুলা হইবে ক্যামন?'

'কেন, তোরা যাবি নে? এপাড় যে ভাঙছে, আর এতো সাত সরিকের ঝগড়ার বাথান।'

'যামুতো, গেলে তো ভাল হয় কিন্তু ঐ আপনারা যে কন পাডার ইচ্ছায় কি ঘাড়ে কোপ? যাউক, মিঞার বাড়ী নাই ঘর নাই—সাদি সোমন্দ কইরা সুখে থাউক। দোয়া করি…।'

'কি দোয়া করো আঞ্জু?' বলতে বলতে কাশেম বেরিয়ে আসে। 'এই আমার যা কিছু আছে দাস মশয় গইন্যা দেখেন। এই পাতিলডার মধ্যে।'

'এই জন্য এতক্ষণ! তা একটু বলে যেতে হয়। আয়, আঞ্জু, ওকে বসতে দে।'

'যদি চুরি করি। কোথায় থুইছিলা পুইত্যা? যদি আগে কইতা!'

'তুমি যে এখনও জাইগা আছো জানলে কি আমি আর যাইতাম পাছদুয়ারের আমতলায়?'

আঞ্জু বলে, 'আমতলায় গেছো, ব্যালতলায় যাইও না—বুঝলা মাঝির পো?' একটা বেলগাছ আছে ফুলমনদের উঠানে।

কাশেম রহস্যটা নীরবে উপভোগ করে।

রসময় টাকা গুণে বলে,—

'টাকা তো হলো মোট একশ পাঁচটা।'

'বড় মেহেনত কইরা জমাইছিলাম দাস মশয়। কত ঝড় জল গেছে পিঠের উপর দিয়া।'

'তার জন্ত এখন আর দুঃখ কি?'

'না, না দুঃখের কথা কি—দুঃখের কথা তো না—এই কইলাম খাটনীর কথা। টাকা কি এখনই লইয়া যাইবেন?'

'তোর কাছেও থাকতে পারে।'

'না না আপনেই লইয়া যান—ও ঝামেলায় আমার আর কাম নাই। কিন্তু এখনও যে দুইশো টাকার টান? যামু নাকি পঞ্চাইত বাড়ী?'

'যেতে পারিস যদি নানার চর দেনার দায়ে বিকিয়ে দেওয়ার ইচ্ছা থাকে। ওরা এমন একটা চরের নাম শুনলে টাকা অবশ্য দেবে, তবে কবলা নয়তো বন্ধক রেখে। কেমন তাতে তুই রাজী?'

'ও সব আমি বুঝি না। আমার যা আছে তা দিলাম এখন আপনে যা পারেন করেন। অত কথা ভাবলে আমার মাথা ঘুরায়।'

'তুই তো বাপজান সেদিনের ছেলে। আমি না চিনি কোন ঘুঘুকে। ঐ নিবারণ যেমন দাগা দিয়েছে আমাকে তেমনি পঞ্চাইতেরা লুটে পুটে খেয়েছে আলাম ভাইদেরকে। চল সদরে—ঐ টাকা দিয়েই দেখিস কি করে আসি। কুমীরের মুখে গিয়ে কাজ নেই।'

কাশেম কিছু কূল কিনারা পায় না। শুধু ভাবে যাদু মন্ত্র না জানলে এ দায় থেকে উদ্ধার পাওয়া অসম্ভব। কিন্তু সেই যাদুই কি জানে ঐ শুকনো মানুষটি? এক রাত্রেই কি বালির পাহার দেবে মন্ত্রের জোড়ে টাকার পাহাড়ে পরিণত করে? শুধু টাকা, রূপোর, অজস্র চকচকে টাকা! ঝন্ ঝন্ করে বেজে গড়িয়ে পড়বে চারিদিকে!

৯

রসময়ের গুণে এমন যোগাযোগ ঘটে যে কোনও কাজই কিছুর জন্ম ঠেকে থাকে না।

সদর থেকে সমস্ত কাজ হাসিল করে রসময় ফিরে এলো কদিন বাদেই। কোন গোলমাল হলো না, কোন ঝঞ্ঝাট বাঁধল না। অথচ টাকাও নিল না বেশী। বহায় সেলামী বাবদ মাত্র ত্রিশটাকা খরচ করল, বাকীটা ব্যয় হলো ঘুষে। ঘুষ এমনই জিনিষ যে তা যখন যার হাতে পড়ে তখনই তাব কলম চলে কলেব মত। কাশেম কে বা কোথায় বাড়ী তাও কেউ খোঁজ নিল না—শুধু গুণে দেখল টাকা।

রসময় ব্যবস্থা কবে এলো যে প্রতি সন মাত্র ত্রিশটাকা দিয়ে যাবে। তাতে যতদিনে শোধ না হয় কাশেমের বহায়ের দেনা। দরকার হলে কর্মচারীরা ঐ ত্রিশকেও তেত্রিশ ভাগ কবে দিতে পারবে যদি তাদের মজুরীটা বজায় থাকে ন্যায্য মত। বলতে গেলে হাকিম তারাই, শুধু হুকুম দেয় ঐ সাহেবটি!

সদরে বসে শুধু একটু গোল বাঁধিয়েছিল কাশেম। রসময় তাকে হোটেল থেকে খেয়ে কাছারীতে যেতে বলেছে—সে চারটি মুখে দিয়েই এলো বলে। কাশেমও খেয়ে দেয়ে গোবেচারীর মত গেল বটে, কিন্তু একি। সব দালানই যে এক রকম। হাকিমগুলোও প্রায় এক। সে ঠিক জায়গামত গিয়েও পিওনের কাছে জিজ্ঞাসা করে বিভ্রাট বাধাল। 'এইডাই কি হুজুরের এজলাস?'

'কোন হুজুর?'

'খাস কলের।'

পিওনটি অমনি গম্ভীর ভাবে বলে দিল, 'না।'

'তব কোনতা?'

'ঐ যে ছোট ছোট সুন্দর সুন্দর দালান দেখছ সব—ওর প্রথম কামরা।'

কাশেম নতুন মানুষ। সে দেরী হলো নাকি ভেবে তাড়াতাড়ি ছুটল।

কানে পৈতা জড়ান একজন ক্ষত্রিয় পুলিশ লোটা হাতে বেরিয়ে এসে জিজ্ঞাসা করল, 'কাঁহা যাতা—এই উল্লুক?'

'খাস কলের হাকিমের এজলাসে।'

'ভাগ শালা—হিঁয়া নেহি।'

কাশেম ভাবে কথাটা ঠিক, নইলে হাকিমের গায় কি এত দুর্গন্ধ!

এমন সময় রসময়ের সঙ্গে দেখা। সে সব শুনে কাশেমকে আর একা একা যেতে দেয়নি কোনখানে।

চরের নাম মুখে মুখে ছড়িয়ে গেল 'চরকাশেম' নামে। সদর থেকে ফেরার পথে মাঝ রাত্রে রসময় ও কাশেম খানিক সময়ের জন্য নামল চরে। 'কাশেম এই তোর নানাভাইর জমি—হয়ত গোরস্তান ও আছে এখানে। তুই তো দেখতে পাচ্ছিসনে—তারা হয়ত রোজ কেয়ামতের দিনের জন্য অপেক্ষা করছে। তুই তাদের সেলাম কর।'

কাশেম ভক্তিভরে সেলাম জানায়। তার নানা নানী এবং চেনা অচেনা বিগত আত্মীয় বন্ধু বান্ধবকে। সে চরের মাটিতে হাত বুলিয়ে দেখে। ফুটো কাশ ফুলের দীর্ঘ মোলায়েম গুচ্ছ নাড়ে। শান্ত নিথর

চারিদিক। সে ভাবে এ তার স্বপ্নের দেশ। সুখের স্বপ্নের—সাধের স্বপ্নের—রূপকথার দেশ। কাশেম বিহ্বল হয়ে পড়ে। চরের পশ্চিম পার ঘেঁসে একটা সোঁতো খাল চলে গেছে। তারপর একটা বেশ বড আম বাগান।

রসময় বলে, 'বোকার মত এতদিন এখানে ওখানে টওয়া না ফেলে যদি এই বাগানটায় এসেও একখানা ঘর তুলতিস, তবে অনেক শ্রীবৃদ্ধি হতো চরের। ঐ বাগানটা ভাঙেনি, বোধ হয় ঝুলে ছিল ডাকিনীর খাড়া পাড়ে।'

'আমি কি কইরা জানুম দাস মশয়—মানুষে ঠাট্টা কইরা আমারে দেখাইয়া দেছে অথৈ পানি—বাঁও পাই নাই কি সাধে।'

'মানুষের দোষ কি—এ'তার স্বভাব। আমিও তো তোকে ঠাট্টা করেছি কত।'

'কিন্তু সব ঠাট্টাই তো আইজ ঢাইকা দিলেন নিজের গুণে।'

'চল কাশেম, আর দেরী করলে উজান পড়বে।' রসময় সঠিক জবাবটা কেন জানি এড়িয়ে যায়।—'চল বাপজান 'পারা' তোল।'

'আর একটু কাল—এক ছিলিম তামাক খাইয়া লই।' কাশেম তামাক সাজে কিন্তু অন্যমনস্ক ভাবে কল্কিটা হাতে দেয় রসময়ের।

রসময় স্নেহে হাসে।

বাড়ী এসে উঠতেই হঠাৎ কাশেমের উপাধিটা বদলে গেল। আর বদলানও ঠিক বলা চলে না—তার তো কোন সঠিক উপাধি ছিল না।

রহিম অভ্যর্থনা করল, 'আসেন হাওলাদার সাহেব। আসেন।'

কাশেম ভাবল তাকে বুঝি ঠাট্টা করছে রহিম। কিন্তু ইতিমধ্যে দেখা গেল—দেশের অনেক ছোট বড় লোক এসে রহিমের দাওয়ায় বসে তামাকের শ্রাদ্ধ করছে। আঞ্জুমান তো পান সুপারি যোগাতে যোগাতে অস্থির হয়ে পড়েছে। বছরের সুপারিটা তার ঘরে মজুত ছিল কিন্তু এই ব্যাপারে তা প্রায় সাবাড়। তার জন্য আঞ্জুর দুঃখ নেই। সে আজ আর কাশেমকে হাত পা ধুতে ঘাটে যেতে দিল না। জল এনে দিল 'পাছ দুয়ারে' একটা বড় বদনায়। সে আনন্দে শুধু এইটুকুই বলল, 'ঘাটে গেলে আইজ্ঞ গোসা হমু—পানি রইছে ঐ পৈঠার পাশে। এখন একটু তাছিল (সম্মান) মত চলেন হাওলাদার।'

"আমি আবার হাওলাদার হইলাম কবে ?'

'সরকার বাহাদুর সোনমান করছে, নানার হাওলা নিরানব্বই কানি ফিরাইয়া দেছে—এখনও কন এই কথা ? কতলোক আইছে দেখি আপনারে দেখতে। উলানিয়া থিক্যা আপনার ফুফা আর তার দুই ছাওয়াল আইছে, আইছে হলইদখালির গাজী। সে নাকি আপনার সাক্ষাৎ মামু ? আপনে গেছেন ইস্তিক দেখি ওনাগো ভাত রান্ধি। এখন একটু তাছিল মত চলেন—হর হামেসা ঘাটে যান না জানি হাত পা ধুইতে।'

কাশেম ভাবলে কি হবে কি জানি। সে বাস্তবিকই 'পাছ দুয়ারে' একটা জল চৌকিতে বসেই হাত পা ধুলো। গোপনে বোধ হয় ব্যবস্থা করা ছিল—অমনি দেশী নাপিত এসে কাশেমকে জোর করে ধরেই তার চুল দাড়ি ও গোঁফে যথাক্রমে কাঁচি ও ক্ষুর চালাতে আরম্ভ করল। কাশেম অতর্কিত আক্রমণের জন্য প্রস্তুত ছিল না। সে আত্মসমর্পণ করে চুপ করে রইল।

কাশেমের দেরী দেখে বাইরের জনতা চঞ্চল হয়ে উঠল। অন্দর মহলে ছোট ছোট ছেলে মেয়ে এসে কেবলই খোঁজ নিতে লাগল। উৎসুক জনতাকে ব্যস্ত রাখার জন্য রহিম কেবলই তামাক ও পান পরিবেশন করে বলতে লাগল, 'এই ত আইল আর কি!'

অবশেষে কাশেম এসে উপস্থিত হলো রঙ্গমঞ্চে।

সকলে একটু বিশেষ করে লক্ষ্য করে দেখল। না,—যতটা ভাগ্য বদলেছে ততটা তো চেহারা বদলায় নি। তারা আরও অনেক কিছু আশা করেছিল। তবে মুখে চোখে একটু শ্রী পড়েছে—লক্ষণ দেখাচ্ছে আমিরীর।

কাশেম সকলকে লক্ষ্য করে জিজ্ঞাসা করল, 'বোলাইছেন ক্যান?'

গ্রামের কেউ কিছু জবাব দিল না। তারা কি-ই বা বলবে?

কাশেমের মামু ও ফুফার দল এগিয়ে এল এবং এতদিন যে এসে তার সঙ্গে দেখা করতে পারেনি তার কারণ দেখাল অনেক। ছেলে সমেত ফুফা কাঁদল, গাজী দোয়া করল।

পরদিন বিদায় নেওয়ার সময় ফুফা কাশেমের হাতে সঁপে দিয়ে গেল দামড়ার মত তার ছেলে দুটোকে।

সত্য সত্য গরু হলে হালে জোড়া যেত কিন্তু এদের দিয়ে কাশেম করবে কি? নিজেই খায় থাকে পরের ওপর! এমন জমানো ধান চালও ত নেই তার গোলায়। তবু সে কিছু বলতে পারল না। এই ফুফার স্ত্রীই তাকে ধার দিয়েছিল আড়াই টাকা।

তখনকার সেই লাঞ্ছিত শৈশবের কথা আজও ভোলেনি কাশেম —হয়ত এ জীবনে ভুলতেই পারবে না। সেই মায়ের মত ফুফু, তারই ছেলে এরা—এরা যদি দাবী করে থাকে, খায় ঘাড়ে চড়ে, তবে

এদের ঠেলে ফেলে দেবে কোন অজুহাতে? এদেরও কিছু জমি দেবে, বসিয়ে দেবে চরের এক পাশে।

অনেক অভ্যর্থনা অভিনন্দন এলো গ্রামের বাছা বাছা বাড়ী থেকে কিন্তু কোনও সাড়া পাওয়া গেল না পঞ্চাইত বাড়ীর। কাশেমও আর সেদিকে পা বাড়াল না। তার সময় কই? সে এখন মগ্ন তার চরের চিন্তায়। আবার হাতেও নেই পয়সা, মাঝে মাঝে আসছে অতিথি অভ্যাগত। তবু ঘরে কিছু চাল ছিল, নইলে কান দুটোই কাটা যেত।

কিন্তু তবু এক এক সময় তাকে উন্মনা করে দেয় ফুলমন। সে আসে তার মানস লোকের পদ্মবনে রাজহংসীর মত উদ্ধত বক্রগ্রীবায়। চঞ্চল পক্ষ বিধুননে তাকে অস্থির করে তোলে কিন্তু কথা বলে না। ওকে দেখলে যেন দূরে সরে যায়, ও সাহস পায় না ওকে ধরতে। কাশেম ভাবে একদিন ঐ রাজহংসী ধরা পড়বে এই ব্যাধের হাতে যখন চরকাশেমের পাশে ফেলবে বেড়া জাল—আর ও আসবে ভুল করে এই নদীতে জল খেলতে।

কাশেম কোথাও যায় না কিন্তু ফুলমনও কি আসে?

রহিমকে হঠাৎ একদিন দেখতে পেয়ে ফুলমন পর্দা সরিয়ে পদ্ম ফুলের মত মুখখানা বের করে ইসারা করে ডাকে।

রহিম আসে। তারপর যায় বাগানের দিকে। একটা ঝাঁকড়া পেয়ারা গাছের আড়ালে গিয়ে থামে।

রহিম জিজ্ঞাসা করে, 'কি ডাকছ ক্যান? তো'র চাচার গাছের ঝুনা কয়ডা পারবা নাকি?'

'কও বেশ—ভয় ডাকছি ক্যান!'

রহিম কাঠবিড়ালের মত গাছে ওঠে। গোটা পাঁচেক নারকেল —একটা দাঁতে এবং বাকী চারটা দুহাতে করে অতি সন্তর্পণে নেমে আসে। এসব মাল আধাআধি বখরা হবার কথা কিন্তু ফুলমন সহজ মেয়ে নয়—সে রাখে তিনটা। রহিম ভাবে: তবু তো দুনো মজুরী।

'তোগো হাওলাদারে আছে কেমন? হাল গরু জোড়ছে নাকি যে দেখি না মোটে?'

'অত ঠাট্টা কইর না—খোদায় যখন জমি দেছে তখন হাল গরুই যোড়তে কতক্ষণ।'

'যে গরুর ঠ্যাং নাই, আর যে লাঙলের ইষ নাই?'

রহিম ক্রুদ্ধ না হয়ে পারে না। তারা যাকে সম্মান করে তাকে এত দূর অবহেলা।—'না থাউক ঠ্যাং, না থাউক ইষ কিন্তু হাওলাদারে ইচ্ছা করলে এখন তোমাগোও বিষ মারতে পারে। আইজ কাইল তারে এদেশে খাতির না কইরা পারে কেডা?'

ফুলমনও কি মুখরা কম। সে জবাব দেয়, 'কার বিষ কে মারে কেডা তা জানে? কইতেই কয়—দুধের পরি (পাহারা) হোলাবিলই (বিড়াল) মারবে তোরে জানে (প্রাণে)।' ফুলমন আর দাঁড়ায় না।

কথাটা আঞ্জুমানের মারফতেই কাশেমের কানে যায়। কাশেম বলে, 'আর কমু কি আঞ্জুমান—আমার আর কওয়ার কিছু নাই।'

তারপর একা একা বসে ভাবে: ফুলমন তো না—দুষমন! আশৈশব ওকে ও জ্বালিয়েছে। বড় হলে গোলাম নফর বান্দা বলে ক্ষেপিয়েছে—খুঁচিয়েছে পোষা বাঁদরের মত। ঘৃণায় নাসিকা কুঞ্চিত না করে কখনও কথা বলেনি। আজ তো অহঙ্কারীর আওতা ছাড়িয়ে

দূরে চলে এসেছে। ঈষৎ সামান্য সৌভাগ্যের সূর্য উঁকি দিয়েছে খোদার ফজলে। কিন্তু ও তবু তার কাছে কি চায়? দূরে বসে কেন ছুঁড়ে মারছে এ কলঙ্কের কালি? ফুলমন তো না, কাশেমের ভাগ্যাকাশে দুষমন!

## ১০

রসময় কাশেমের সঙ্গে পরামর্শ করে সব ঠিক করে ফেলেছিল। কে কে চরে যাবে, কি কি সাথে নেবে, কেমন সব ছোট ছোট চৌহদ্দিতে ভাগ হবে জমি। কিন্তু সব পরামর্শই তাদের উল্টে যাওয়ার জোগাড় হলো। নদীতে নেমেছে উত্তরের ঢলক। কোথায় যেন ভীষণ বন্যা হয়েছে। যদি এই জলে একটু টান ধরার আগেই আবার বর্ষা আসে তবে এ সময় আর যাওয়া যাবে না চরে। নদীতে বড় বড় নৌকাই চলে কত সাবধানে— ছোট ছোট নায়ে এরা পাড়ি দেবে কি করে?

ঢলক এসেছে—সফেন ঢলক। ঘোলা জল দুরন্ত বেগে এগিয়ে চলছে দু'কূলে সর্বনাশা আতঙ্ক ছড়িয়ে। এ ক্ষুরধার দুর্বার গতির দিকে চাইলে মাথা ঘুরে যায়। স্রোতের গতির সঙ্গে সঙ্গেই চলেছে আবর্ত। ঘূর্ণি হাওয়ার মত পাক খেয়ে অতলে তলিয়ে যাচ্ছে সফেন জলরাশি। তার সংগে যেন রয়েছে চুম্বকের আকর্ষণী মন্ত্র। দুদিকের গাছ পালা খড় কুটো যা আসছে ঐ ঘোলার মুখে, তাই টেনে তলিয়ে নিয়ে যাচ্ছে পাতালের দিকে। স্থানে স্থানে এ ঘোলা এমন মারাত্মক যে বড় বড় জাহাজও ভয় পায় পাড়ি জমাতে। নৌকা এলে তলিয়ে যায়

চোখের পলকে। চলকে চলকে জল—শুধু জল! আর দেখা যায় না মানুষজন পালমাস্তুল।

যে বর্ষার আশঙ্কা করেছিল রসময় ও কাশেম সেই বর্ষাই নামল আকাশ ভেঙ্গে। রোদের আর চিহ্ন দেখা গেল না দু তিন সপ্তাহ। শুধু পুব হাওয়া আর জলো মেঘ। বৃষ্টি থামছে না মোটেই। ছোট ছেলে মেয়েগুলো উঠানে পা দিতে পারে না—জড়াজড়ি মারামারি করে দাওয়ায় বসে। ব্যাঙ্‌এর ডাক, কাদার জ্বালা—সবাই যেন ঝালাপালা হয়ে উঠল এই কটা দিনে।

আবার কে যেন একটা সংবাদ জানাল—

ডাকিনীর ঐ যে গোঙানি শোনা যায় ও কিন্তু ভাল নয়।

আঞ্জু জিজ্ঞাসা করে, 'ক্যান হাওলাদার? বর্ষা কালে তো প্রতি বছর গাঙের ডাক শোনা যায়।'

'এবার গুমগুম করে মাটির তলে। খাড়া পাড় নামবে তলখাড়ি হইয়া। কয় কানি লইয়া যে ধস লামে কওয়া যায় না। কাইল অনেক রাত্তিরে আমি চমকিয়া উঠছি গুমগুমানি শব্দে।'

'আমাগো দশাডা হইবে কি?'

'ভয় বেশী দাস মশয়র। তানাগোর বাড়ী ছৈলাতলীর পাশে।'

'বড় বড় জয়াল (মাটির চাকা) লামতে থাকলে আমাগোও কি ভরসা আছে?'

দেখতে দেখতে নদী আরও ভয়াল হয়ে উঠল। বিঘার পর বিঘা পাড় ধ্বসে ধ্বসে পড়তে লাগল—জমি ক্ষেত বাগ বাগিচা সমেত। বড় বড় নারকেল সুপারি গাছ থৈ পায় না কূলের কাছে।

জলের ঝাপটা তুফান যেন আক্রোশে আছড়ে পড়তে লাগল পাড়ে।

গাঙ গোঙাচ্ছে—ভাঙছে নিষ্করুণভাবে। ক্ষুধার্তা নাগিনী গিলে খাচ্ছে সব কিছু। মানুষ পালাচ্ছে বাড়ী ঘর ছেড়ে।

যারা এ বছর অনুমান করেছিল যে অন্যত্র যাওয়া দরকার হবে না, তারাও এই ঝড় জল মাথায় করে সরতে লাগল সুবিধা মত স্থানে। কেউ গেল আত্মীয় বাড়ী, কেউ উঠল প্রতিবেশীর দাওয়ায়—কেউ বা নৌকা কেরায়া করে ভেসে রইল খালের মধ্যে। একটু জল বৃষ্টি থামলে যেদিকে হক যাবে। পুত্র পরিবার গরু বাছুর নিয়ে কি যে অপরিসীম লাঞ্ছনা তা আর বলা চলে না। দু-চারটা গরু ছাগল খাদ্যাভাবে মরল। হাঁস পায়রা চলে গেল এদিকে সেদিকে।

রসময় ভিজতে ভিজতে এসে বলে, 'একটিবার তুই যদি না যাস তবে কিছু যে আনতে পারি রাক্ষুসীর মুখ থেকে—তা মনে হয় না। এমন ধারাও এবার ভাঙন ধরল।'

সন্ধ্যামনি সঙ্গে এসেছিল। তাকে বসতে দিয়ে একটা গামছা নিয়ে কাশেম চলল রসময়ের সাথে। 'আর এটু আগে খবর দিলেই পারতেন।'

'কাল সারা রাত তো চণ্ডী মণ্ডপে ছিলাম স্বামী স্ত্রীতে। ওকে একলা ফেলে আসি কি করে? যদি বড় ঘরের দুবান টিনও না খুলে আনতে পারি তা হলে বলতো উপায় হবে কি? এ জীবনে কি আর জুড়তে পারব?'

উপায় যে কি হবে তা কাশেম কেন কেউ বলতে পারে না।

তবে সে এই পর্যন্ত করতে পারে—নিজের জীবন বিপন্ন করেও এই মহানুভব লোকটির কিছু টিন কাঠ রক্ষা করতে। রসময় যা ব্যক্ত করেছে তাতে বোঝা যায় যে ডাকিনী ওর বড় ঘরখানা প্রায় গ্রাস করে ফেলেছে।

জল কাদার জন্য সোজা পথে আসা গেল না। সোজা পথটা ছিল নিকুঞ্জ মাইতির বাগানের ভিতর দিয়ে—সে পথের বিশেষ কোনও অস্তিত্ব নেই। শুধু গর্জন শোনা যাচ্ছে নদীর।

কাশেম ও রসময়ের পিছনে পিছনে কিসের যেন শব্দ শোনা গেল। পদ শব্দ। রসময়ের গৃহপালিত কুকুরটা জল কাদা ঝাঁপিয়ে সঙ্গে সঙ্গে আসছে। ওটা একবার অতি কষ্ট করে রসময়ের সাথে কাশেমদের বাড়ী পর্যন্ত এসেছিল, আবার প্রভুর পিছনে পিছনে যাচ্ছে। এ বিপদের সময় প্রভুকে যেন কাছ ছাড়া করছে না।

কাশেম এগিয়ে যেতে চাচ্ছিল। রসময় তার হাতখানা চেপে ধরল। ভোলা উঠল ঘেউ ঘেউ করে। রসময়ের সারা বাড়ী জুড়ে একটা চির খেয়েছে মাটিতে। যদি রসময় হাত না ধরত, কাশেমকে টেনে না ফিরাত তবে যে আজ কি হতো বলা যায় না।

'ছাড়েন দাস মশয়, পারুম ঐ আলগা টিন ক'খান খইলা আনতে। সব যে যাইবে?'

'আমার টিনে কাজ নেই কাশেম। দেখেছিস কেমন ফাটলের হাঁ ধীরে ধীরে বড় হচ্ছে। ঐ দেখ, ঐ দেখ—'

কাশেম চেয়ে দেখল। তবু কেমন করে যেন রসময়ের হাত ফসকে এগিয়ে গেল ঘরের কাছে। সে শুনতে পেল তার পায়ের তলায় একটা ভয়ঙ্কর গোঙানি—গতকাল রাত্রে যে গোঙানি শুনে সে

চমকে উঠেছিল ঘুমের ভিতর। তবু সে ঘরের টুয়ায় ( উপরে ) উঠে টিন ধরে টান দিল। ভাবল পারবে বুঝি টিন নিয়ে ফিরতে।

'ফের কাশেম—ফের। বাপজান কাজ নেই আমার টিনে।'

পায়ের তলটা কেঁপে উঠল। একটা আর্তনাদ শোনা গেল নারিকেল ও সুপারি বাগানে। কাশেম আর ফিরতে পারল না। সে যেন চারদিকের পৃথিবী সমেত ধ্বসে চলল পাতালে।

রসময় ফ্যাল ফ্যাল করে চেয়ে রইল। কেঁদে উঠল ভোলা। একটা ঝাপটা বাতাসে ফাটলের এ পাশের উন্মুক্ত সুপারি গাছগুলো রসময়ের ঘরবাড়ীর ওপর বেঁকিয়ে ফেলল ধনুকের মত।

রসময় ডাকল, 'কাশেম কাশেম!'

তার মর্মভেদী ডাক ডুবে গেল পদ্মায়—কেউ জবাব দিল না। সে চেয়ে দেখল কীর্তিনাশা গ্রাস করল তার কাশেমকে আর তার চৌদ্দ পুরুষের ভদ্রাসনখানা। ঘোলা জলে এমন একটা খণ্ড প্রলয়ের আন্দোলন সৃষ্টি হল, যা অব্যক্ত।

কিন্তু বড় বাঁচা বাঁচল কাশেম। সে একটা ধনুকের মত বেঁকান সুপারি গাছ আশ্রয় করে চরের এপাশে এসে ছিটকে পড়ল—যেমন করে ওরা পড়ে সুপারি পাড়ার সময়। 'দাস মশাই সরিয়া আসেন। আবার ভাঙবে ডাকিনী।'

রসময় চমকে উঠল। কাশেম এসে তার হাত ধরে টান দিল। সে জড়িয়ে ধরল কাশেমকে।

ইতিমধ্যে রসময় হাত বাড়িয়ে চণ্ডী মণ্ডপ থেকে তার গৌরীর মূর্তিখানা উদ্ধার করেছিল—এখন তাই বুকে করে কাশেমের সংগে চলল।

আগে চলেছে কাশেম, পিছনে ভোলা—মাঝখানে সর্বহারা রসময়।

তবু সে বলে, 'চিন্তা করি না কাশেম—আমার হর গৌরী তোকে তো বাঁচিয়েছেন।'

রসময়ের সঙ্গে সঙ্গেই কাশেম বাড়ী ফিরল না। সে গেল গাঁয়ের ভিতর বড় খালের পারে। একখানা বড় ঘাসি নৌকা আছে তালুকদার বাড়ী। সেখানা কেরায়া করে আনতে হবে। নইলে যদি প্রয়োজন হয় রাত-বিরাতে তখন পাবে কোথায় নৌকা? এবার গাঙের গতি ভাল না। একেবারে বাঁকটা সমানও হয়ে যেতে পারে। তখন আঞ্জুদের নিয়ে সে যাবে কোথায়? তা ছাড়া আপাতত দাস মশাই ও তার স্ত্রীই বা থাকবেন কোথায়? ঐ তো দাওয়া আর ঐ তো ঘর! একটা ভাল ব্যবস্থা না হলে, হয় মা ঠাকরুণ নিজে না খেয়ে মরবেন—নয় তো দাস মশাইকে মারবেন কথার হুলে। আর সত্যি বলতে কি যারা অত পরিষ্কার পরিচ্ছন্ন তারা কি করে চোখের ওপর দেখবেন ফরিদ মিঞার সাত সরিকের বাড়ীর নোংরামী। আঞ্জু বাড়ীর একলা মালিক হলে কিছুটা সমঝে চলতে পারত।

বেশ বড় একখানা নৌকা আসে। রান্না বান্না দেব সেবার জন্য পিছনের খোপে রসময় 'শ্রীদুর্গা' বলে আরোহন করে। কিন্তু রসময়ের সেখানেও শান্তি নাই। সন্ধ্যামনির নিত্য নতুন প্যানপ্যানানি বাড়তে লাগল। ক্রমে কাঁদতে লাগল তারস্বরে।

রসময় বলে, 'যখন আমার হর গৌরী কাশেমকে বাঁচিয়েছে তখন আমার সব আছে। কাশেম তো আমাদের ছেলে।'

'তোমার মত অত সহজে আমি গলি নে।'

'না গলো না গলো, চুপ করে থাকো। কখন আবার বেচারী শুনে ফেলবে।'

'শুনুক।'

'এই যে সব আমাদের জন্য করছে তা বুঝি কিছু নয়—রাতারাতি একখানা দালান তুলে দেবে নাকি? বলি, আমাদের জন্য তার এমন দায় ঠেকাটা কি?'

ইতিমধ্যে কাশেম আসে। 'নায়ে ওঠতে পারি দাস মশয়? রান্না চড়াইছেন নাকি মা-ঠাইন?'

'তাতে কি তাতে কি, বৃহৎ কাষ্ঠে কোন দোষই নেই। উঠে গলুইতে বসো, তামাক খাও।'

কাশেম ওঠে—ভোলা তীরে দাঁড়িয়ে ভেউ ভেউ করে।

একদিন বাড়ী ঘর ছিল তখন ভোলারও কদর ছিল সন্ধ্যামনির কাছে।

## ১১

একদিন নদীর ভাঙন থামল। ওদের কটা মাস দেরী হয়ে গেল চরে যেতে।

যে ফরিদ কোথাও যাবে না বলেছিল সেই তোড়জোড় করতে লাগল সর্বপ্রথম। সে ঘর দোরের বেড়া ভেঙে প্রথম উনানে দিল তারপর ধরল চালের আলগা আলগোছা সব পুরান বাতা। বর্ষাকালে সে আর তার বৌকে আগানে-বাগানে জ্বালানী কাঠের অনুসন্ধানে

ঘুরতে দিল না। তবে কাঠের তেমন প্রয়োজন কই ? প্রত্যহ যা সিদ্ধ করবে দুবেলা তাই নিয়ম মত জুটছে না। সকল ঘরের অবস্থাই প্রায় সমান। একটু ভাল চলছে শুধু আঞ্জুর। নিজের হাতে না থাকলেও হাওলাদার জুটিয়ে আনছে।

'আর বে-আইনী চুরিতে লাভ নাই।'

'এতদিন পর হাজার গণ্ডা ঘা খাইয়া বুঝি বুঝলা মিঞা ভাই ? এখন সোজা পথ ধরবা বুঝি, তাই জিনিষ পত্তর হাড়ি পাতিল গুছাইতে লাগছ সকলের আগে ? কিন্তু যে অলক্ষইনা কাণ্ড করো তোমরা দুইজনে ! ঘরের বেড়া কেও কোনদিন পোড়ায় শত অভাবে ?'

'ফেলাইয়া গেলে নিয়া তো যাবে পঞ্চাইত বাড়ী—দেবে নিয়া গোয়ালে।'

'ক্যান্, চর কাশেমে তোমার ঘর বাড়ী হাওলা বেড়া লাগবে না ?'

'আমি তো চর কাশেমে যামু না।'

'ওমা কও কি ? তয় যাবা কই ?'

'যামু আসাম, আমার সোম্বন্ধীগো সাথে।'

'বৌ-মাইয়া ?'

'থাকবে তাগো বাড়ী।'

'ক্যান্, চর কাশেমে গেলে কি তোমারে কেও ফেলাইত ?'

'সেখানে গিয়া খামু কি ? দিন রাত্তির খাটুনী—হালাল পয়সা—ওতে আইজ কাইল কারো গলা ভেজে না। দুনিয়াডা হইছে চোরা চুরির রাজ্য।'

আঞ্জু জিজ্ঞাসা করে, 'তুমি তয় যাবা না চর কাশেম ?'

'না।'

সে শুধু একটা দীর্ঘ নিশ্বাস ছেড়ে উঠে যায় ফরিদের কাছ থেকে।

ঘরে গিয়ে আঞ্জু হিসাব করে দেখে তাদের এ বেলার চালও টান টান। তবু ঐ চাল থেকে খানিকটা জলে ভিজায়। সন্ধ্যার পূর্বে ফরিদের বৌকে ডাকে। 'ভাবীছাহেব কয়েকটা পার দিয়া যান।'

চালের গুঁড়িতে গরম জল ঢেলে সন্ধ্যার পরই আঞ্জু সুন্দর 'কাঁই' প্রস্তুত করে। তা ছেনে দলা দলা করে তৈরী করে সুন্দর পাতলা রুটি-পিঠা। তার কাছে কোথায় লাগে আটার রুটি। একটা ছোট্ট মুরগী জবাই দেওয়ায় এক ভাতিজাকে ডেকে। ওর নিজের ছেলে মেয়ে দুটো হালুম-হুলুম করতে থাকে। কিন্তু এমন গোনা জিনিষ যে ওদের তেমন তুষ্ট করতে পারে না। তাই ঘুম পাড়িয়ে রাখে তাড়াতাড়ি।

অন্ধকারে গা ঢেকে অতি সন্তর্পণে পা ফেলে আঁচল দিয়ে আড়াল করে ঐটুকু নিয়ে চলে আঞ্জু। 'কত ঝগড়া তক্ক করছি ভাবীছাহেব, মনে রাইখ্যো না।' ঐ পর্যন্ত বলে একটা মেটে বাসন নামিয়ে রাখে।

ফরিদ বলে, 'বয় আঞ্জু।'

অন্ধকারের দিকে চেয়ে আঞ্জু বলে, 'না—ওনরা বইয়া আছে, খাইতে দিমু।'

ঘরে ফিরে কাশেম ও রহিমকে ডেকে যে কটা ভাত ছিল তা বের করে দেয়। অমনিই তো চাল ছিল কম, তার থেকে হয়েছে রুটিপিঠা। শূন্য হাড়িটা একধারে পড়ে রইল।

খাওয়া শেষ হলে রহিম জিজ্ঞাসা করে, 'পিটা? সারাদিন যে গুঁড়ি কোটলা? গোস্তা?'

আঞ্জু একটু ইতস্তত: করে জবাব দেয়, 'বিড়ালে খাইছে।'

'সব ?'

'হয়'। রাতটা তার উপবাসে কাটে।

বাড়ী ছেড়ে আগে গেল ফরিদ তার ছেঁড়া কাঁথা ও পোটলা পুটলী নিয়ে। তারপর বড় বড় কলা গাছের ভেলা ভাসাল চর কাশেমের যাত্রীরা। তারা এত নৌকা পাবে কোথায় ? ভেলা বোঝাই হলো নানা রকম গৃহস্থালী সাজ সরঞ্জামে। কেউ কেউ ঘরের চালা পাট মত নামিয়ে সাজাল। হাঁস মুরগীও সঙ্গে সঙ্গে তুলল ভেলায়। হাঁড়ি, পাতিল, কোদাল, খন্তা কিছুই বাদ গেল না।

এখন নদীর তোড় পড়েছে। মাঝ রেতে এসে হাফেজ বলে, 'আইজ আবার ফুলমনেরে দেখতে আইছে।'

কাশেম জিজ্ঞাসা করে, 'কোন্‌খান থিক্যা—বিলাতথোনে (থেকে) ?'

'না, কাশেম ঠাট্টা না—জামাই দেখতে নাকি সাহেবের মত খুব খাপসুরাত। এবার ফুলমনের সোম্বন্দ ফেরলে কমু ওর বরাত মন্দ। গতবারেরডা আছিলো একেবারে বান্দরের লাখান।'

কাশেম তার মুখের প্রতিচ্ছবি দেখতে চেষ্টা করে গাঙের আরশীতে।

সপ্তাহ একটা শেষ না হতেই চরের বুক জুড়ে ঘর উঠলো। ছোট ছোট নেড়া ও ছনের ঘর। দু চারখানা টিনের ছাপরা। ভাগ হলো নানান চৌহদ্দিতে জমি, এলো হিন্দু, এলো মুসলমান। দু ঘর নমশূদ্রও এলো—আর দেখা গেল কানাই পরামাণিককে। সে সকলের নাপিত।

এতদিনের অন্ধকার নির্জন চরটা হেসে উঠল যেন মনুষ্য সমাগমে। ঘরে ঘরে প্রদীপ জ্বলল, ঠিকরে পড়ল সে আলো চরোখালের জলে। রাত থাকতে মুরগী ডাকে, দুপুর বেলা পায়রা ওড়ে, সন্ধ্যাবেলা হাঁসের ঝাঁক ফিরে আসে চরের কোল বেয়ে বেয়ে। আঞ্জু মুগ্ধ হয়ে দেখে। এর মধ্যে সে একটা খোপ করেছে মাটি দিয়ে—ঠিক একটা সিন্ধুকের মত। ওপাড় থাকতে এগুলো দিনরাত বাঁধা থাকত। ঝগড়ার ভয়ে একটু উঠানেও ছাড়া যেত না—না দেওয়া যেত কারুর পুকুরে নামিয়ে। এখন আর সে ভাবনা নেই। পুকুরের বদলে ওরা পেয়েছে নদী—স্বাধীন আহার, স্বাধীন বিহার। ওদের দেহ জিলজিল করছে—রং ফিরেছে পাখনা পালকের, শরীর হয়েছে ভারী, এখন ডিম পারবে হাঁসীগুলো, মুরগী কটাও হাঁসগুলোর সাথে 'উমে' বসবে—ছানা ফুটাবে। তাই তো অত আলাপ দলের সর্দার মোরগটার সাথে।

আঞ্জু মনে মনে ভাগ করে কটা কাশেমকে দেবে, কটা সে নিজে রাখবে। কিন্তু কে পালবে কাশেমের হাঁস মুরগী? আঞ্জুই পালবে। কতদিন?···একদিন কাশেম বিয়ে করে ফিরে আসবে একটি বৌ নিয়ে। সে এসে গুণে হিসাব করে নিয়ে যাবে তার ভাগের হাঁস, পায়রা, মুরগী, ছাগল, সব কিছু। আঞ্জু তাকে সব বুঝিয়ে দেবে, ঠকিয়ে সে কিছুই রাখবে না। হঠাৎ উদাস হয়ে যায় আঞ্জুর মন। একটা চাপা ব্যথা বুকটায় খচ্ খচ্ করে।

চরের বুকে ঘর উঠেছে সকলের; কিন্তু কাশেমের ঘর নেই।

'ও কি?' একদিন কাশেম প্রশ্ন করে, 'ও কি মিঞা?'

হাফেজ বলে, 'ঘর উঠামু তোমার লিগা।' সে কতকগুলো খুঁটি সংগ্রহ করে এনেছে।

'ক্যান্ ?'

রসময় জবাব দেয়, 'ক্যান আবার কি ? তোর ঘর দোর লাগবে না—এত বড় হয়েছিস, বিয়ে সাদী করবি নে ?' রসময় একটা লতা দিয়ে স্থত করে দেয় একখানা নয় ছয় পনর বন্দ ঘরের। 'এ বছরই তোর বিয়ে দেব—নইলে তোর পাগলামী ঘুচবে না। কেবল এপাড় ওপাড় !'

তবে এরাও টের পেয়েছে। একটা লজ্জা পায় কাশেম।

রহিম ও হাফেজ দু'দিনের মধ্যেই আগাছার খুঁটি দিয়ে বেশ শক্ত করে একখানা নীচু জুতের ( রকমের ) ঘর তোলে। আঞ্জু এসে লেপে পুঁছে দিয়ে যায়।

চেয়ে চেয়ে দেখে কাশেম। কেমন তকতকে ঝকঝকে ঘর। বাঁশ বাবলা ছনের ঘর হলেও নিজের ঘর, সুখের ও শান্তির—গর্ব ও গৌরবের। সমুখে সুদীর্ঘ বালুচর রৌদ্রে ঝলমল করছে, তার পাশ দিয়ে বয়ে চলেছে পদ্মা। প্রমত্তা পদ্মা নয়—শান্ত মায়াবী পদ্মা। উপরে অপার মুক্তাকাশ—নীচে ঝিকমিক করছে ছোট ছোট ঢেউ। বান্দা কাশেম যেন বাদশাগিরি পেয়েছে। পেয়েছে যেন দিগন্ত জোড়া জমিন—ঐ অথৈ দরিয়া, যার বুকে কত পাল তোলা নায়ের বহর। সে আজ যেন চর কাশেমের বাদশা আর ঐ দরিয়ার বুঝি সওদাগর !

কাশেম হাসে।

আঞ্জু ছায়ার মতই যেন থাকতে চায় তার পাশে, এসে জিজ্ঞাসা করে, 'হাওলাদার হাসেন ক্যান ?'

'হাসি এ্যামনে।'

'এ্যামনে হাসে পাগলে।'

'তয় তো আমি পাগল হইছি।'

'কার লাইগা? কেডা সে রূপসী?'

'জানি না।'

'আমি কিন্তু জানি, কইতে পারি তার নাম।'

'কও না?'

'ফুলমন।' আঞ্জু হাসে, হেসে আর একটু এগিয়ে আসে—'কি সত্য কি না হাওলাদার?'

আজ কাশেম ক্ষণিকের জন্য হৃদয়ে আর একটা সত্য অনুভব করে—নিজেকে প্রশ্ন করে—শুধু কি ফুলমন? ভাবে আঞ্জু তার কাছে কোন জবাবটা পেলে খুসী হয়?

'হাওলাদার! তোমারে দাস মশয় বোলাইছেন।' খবর জানাল হাফেজ।

'ক্যান্? যাও, আমি আইলাম আর কি। আঞ্জু যাই—দাস মশয় বোলাইছে।'

এমন করে কোন দিনই কাশেম বিদায় নেয় না। এ যেন নতুন রীতির প্রবর্তন করল কাশেম।

চরের প্রায় মাঝ বরাবর একটা অগভীর খাল। ভাটার সময় শুকিয়ে থাকে—জোয়ারের সময় বেশ পূর্ণ হয়ে ওঠে কানায় কানায়। তার পশ্চিম পাশেই সেই বড় আম বাগানটা। ঐ আম বাগানটা ভাগ করে নিয়েছে হিন্দু পরিবারেরা।

রসময় বলে, 'এখন এতগুলো লোকে করবে কি? একটা কিছু না

করে তো আর হাতের পুঁজি ভেঙে চিরদিন খেতে পারবে না। চাষ-আবাদে অনেক ঝামেলা। গরু নেই, বাছুর নেই, তেমন সরস এঁটেলী মাটির জমিও নেই—যাতে ফলেই ধানের ছোপা ফনফনিয়ে উঠবে। আমাদের দেশ তো আর ধানের দেশ নয়।'

'তা ঠিক দাস মশয়! ধান দেখছি দক্ষিণে। এক একটা ছোপার সংগে মইষ বাইন্ধা রাখা যায় জোড়া সমেত।'

'আরে কাশেম! আমাদের দেশে সর্বত্র ধান হয় না বটে, কিন্তু বার মাসে চৌদ্দ কৃষি নামে—পাট, তিল, মুগ, মুসুরী, কলাই, হলুদ। গৃহস্থের কোনটায় না পয়সা?'

'কিন্তু যাই কন দাস মশয়, ধান তো না যেন মা লক্ষ্মী—দেখলে চক্ষু জুড়ায়, বুকটা ঠাণ্ডা হয়। পয়সা কম কিন্তু চান বড় বেশী।'

হাফেজ বলে, 'জমি জুত হইতে দেরী হইবে, এখন করি কি? টাকা পয়সা কার হাতে কি আছে না আছে তা তোমার জানতে বাকী নাই।'

কৈবর্ত্তরা বলে, 'জাল বাওয়া, মাছ ধরা প্যাশাটা খারাপ না। যেমন টাকা পয়সা লাগে কম তেমন আছান আছে কাজে।'

তাদের কথা কাটাকাটি চলে ভবিষ্যৎ কর্মপন্থা নিয়ে।

এমন সময় সমস্ত দ্বন্দ্ব কলহ ঘুচে যায় একটি লোকের আকস্মিক আবির্ভাবে।

'নমস্কার দাস মশয়, আদাব ভাইজানেরা।' জীবন এসে তার বোঁচকা নামাল। কাশেম উঠে গিয়ে তা ধরল, রসময় নিজের হোগলার পাশে তাকে টেনে বসাল।

জীবন পিওন সহাস্যে জিজ্ঞাসা করে, 'এখন—বলেন কেমন আছেন সব?'

'ভাল—আপনি? কোত্থেকে এলেন? আজ রাতটা তো নিশ্চয় আছেন?'

'হ্যা। এখন আর তো বেলা নাই। এই পথ ধইরা-ই ফিরছিলাম। ভাবলাম একবার দেইখ্যা যাই আপনাগকে।'

রসময় মহা যত্ন করে জীবনকে তামাক খাওয়ায়।

'কি পরামর্শ হইতে আছিল কাশেম? সব যে জমায়েত হইছ?'

কাশেম সব প্রকাশ করে বলে। জীবন হালদার তামাক টানতে টানতে মন দিয়ে শোনে।

'ওপাড় তোমরা ক্যান ছাড়ছ? ছাড়ছ রুজির অভাবে আর পুলিশের উপদ্রবে। যার জমি জায়গা নাই, সে ভাল হইলেও চোর—মন্দ হইলেও চোর। কি কও?'

'হয় হালদার মশয়।'

'তোমাগো চোর কয় কারা? জোত জমিন যাগো আছে, কিম্বা তালুক মুলুকের অধিকারী যারা—এই নিবারণও পঞ্চাইতের দল ওরাই কিন্তু তোমাগো সর্বস্ব হরণ করছে—সুযোগ বুইঝা টাকা পয়সা দাদন দিয়া, জমি জমা বন্ধক রাইখা, না হইলে কবলা কইরা। হয়ত কারোর কারোরটা নিছক আদালতের পিওন পেস্কারের যোগাযোগে গোপনে নিলাম কইরা নিছে। সকলেই কি এমনি ভূমিহীন বিত্তহীন আছিলা? বাপ দাদার আমলেও কি কারোর জমিন আছিল না এতটুকু?'

একটা গুঞ্জন শোনা যায়। ছিল—ছিল সকলেরই সব। ছিল—জায়গা, জমি, হাল, গরু। পূর্ণ ছিল সবই। সুখী ছিল তারা।

রসময় রুদ্ধশ্বাসে শুনছিল এতক্ষণ। 'আহা—তোমরা চুপ করে বলতে দাও হালদার মশাইকে।'

'তোমাদের সমস্ত যারা কাইড়া নিছে তারা এখন সর্বনাশা ভাঙনের মুখে বইসা দিন গোঁণে চলে।' জীবন পিওন বলে 'তোমরা বাপ-জানেরা টাকা পয়সার অভাবে আর ওদের কাছে যাইও না, সাপের গর্তে হাত দিওনা। যদি এখন হাল গরু না-ই জুড়তে পারো, পিছু হইটো না। নিজেদের চেষ্টা তদ্বিরে কিছু জমাও, একটা এজমালী কাজ কারবার করো। খাটো সবাই মিল্যা, মুনাফা ও ভাগ কইরা নেও আপুষে। নতুন চরে আইছ—নয়া পথ ধইরা চলো। মন্দ না ত মাছের ব্যবসা। চরের মাটি আর একটু শক্ত হউক, ডুবন্ত চাইরদিক আর একটু জাগুক—তখন তোমরাও অনেক শক্ত হইবা। দেখবা, সকলভির চেষ্টায় পাঁচখানা হাল জোড়াও কঠিন নয়। দুনিয়ায় কিছুই কঠিন না—হাতে হাত মিলাইয়া চললে।'

সকলেই রাজী হয় জীবন পিওনের উপদেশ মানতে।

'ধীরে ধীরে হালুটি করতে পারবা রহিম—এখন তো চরের অনেক জমিতে ফসল হইতে ঢের দেরী। তবে কিছু কিছু চৈরা বোরো ( এক প্রকার ধান ) রুইয়া দেখতে পার নদীর লামাচরে। তাতে লাঙল দিতে হইবে না।' সে মনে মনে ভাবে, ওখানেই তো পলিমাটির লাবণ্য। হয়ত মালক্ষ্মী ধন্য করে দিতে পারে গরীবের আশা।

সকলের পেশা স্থির হলো, শুধু বাকী রইল রসময়েরটা। তার দিন গুজরাণের ব্যবস্থা হবে কি?'

সকলে বলে, 'দাস মশায়র চিন্তা নাই, দুইজন মনুষ, আমরা কয়জনে টাইলা রাখুম।'

জীবন বলে, 'আপনি ওগো ছেইলা মাইয়া একটু বড় হইলে পড়াইবেন, আপনিই তো মুরুব্বি চরের।'

এ কথায় রসময় তুষ্ট হয়। খুব ফলাও করে সন্ধ্যামনিকে গিয়ে বলে, 'শুনেছ—ওরা সব আজ বলেছে কি? আমার নাকি কিছু করতে হবে না। শুধু—'

'পঙ্গু হয়ে বসে থাকতে হবে—সেটাও একটা কম মেহনতের কাজ নয়। এত বড় আলসেও আমার ভাগ্যে জুটে ছিল।'

তারপর থেকে রসময় ডালা কুলা ধামা বুনতে আরম্ভ করে। বাকী সময়টা সে কাটায় দেব সেবায়।

## ১২

রাত্রে একা একা শুয়ে কাশেম ভাবে ঘর দুয়ার হল। পেশাও সকলের একটা কিছু স্থির করে দিলেন হালদার মশাই, তবু যেন নেশা ধরছে না। যে নেশায় অধীর হয়ে মানুষ কাজ করে পাগল হয়ে সংসারের পাকে পাকে ঘুরে মরে। তার ওপর এ দুনিয়ার যেন কোন দায়িত্ব ন্যস্ত নেই। সকাল সন্ধ্যা দুপুর তার কাছে সব সমান। সমান ঘর বাহির।

সকলে যখন ডোঙা ডিঙি নিয়ে মহা আনন্দে নদীর ঘুর্নিজলে ঘুরে ঘুরে টোপ ফেলে, তখন কাশেম বাড়ী বসে থাকে। কেউ কিছু জিজ্ঞাসা করলে বলে যে শরীর ভাল না। আজ নয় কাল যাবে বঁড়শি বাইতে। সারাদিনের পরিশ্রমের পর সকলে মাছ বেচে সওদা বেসাতি নিয়ে বাড়ী ফেরে। তারা যে বাড়ী ফিরেছে তা বোঝা যায় তাদের ভাটিয়ালী গানের সুরে। সুরের সঙ্গে নানা সঙ্কেত ছড়িয়ে পড়ে চর কাশেমের ঘরে ঘরে।

তাদের দীর্ঘ দৃপ্ত পদক্ষেপে চরকাশেম চঞ্চল হয়ে ওঠে। যে কোন একজনের দাওয়ায় একে একে সকলে হাজির হয়।

কাশেম তাদের বৈঠকে হঠাৎ একদিন এসে উপস্থিত হয়। 'তোমার একনালীডা দেও তো রজনী।'

'কোনডা ?'

'বড়ডা।'

'কি করবা ?'

'এখন কমু না।...কমু কি, গাঁইথ্যা আইনা দেখামু।'

'যামু নাকি সংগে ? আমার কাছে আরও অস্তর আছে।'

'কি ?'

'মুঠম হাত ট্যাডা। কাইল ধার দিয়া রাখছি ঝকঝইক্কা কইরা। একটু রক্তের পোম পাইলে আর ফেরবে না।'

'তয় সেইডাই দেও।'

'কি মাছ ? কও না হাওলাদার ?'

রহিম বলে, 'কও মিঞা কও। কারো লোভের পানি পড়বে না ভাগের লিগ্যা।'

'এমন মাছটা কি হাওলাদার ?' রজনী জিজ্ঞাসা করে।

'চাইন ( বড় শিলন মাছ ) !'

তারপর কাশেম একটু হাসে—যেন বিদ্যুত ঝিলিক মারে অন্ধকারে। অবশেষে সে দাওয়া থেকে নেমে যায়।

সেদিন আর রজনীর দাওয়ায় কোন গল্প জমে না। মাছের মধ্যে সেরা মাছ চাইন। সেই চাইনের কথাটাই তো অসমাপ্ত রেখে গেল কাশেম।

রহিম বাড়ী ফিরে আঞ্জুকে বলে, 'আইজ কাইল যেন হাওলাদারের হইছে কি! কথা কয় সব ঘোরপ্যাচ দিয়া। গেল চাইন কোপাইতে সংগে নিল না কেউরে। ক্যান্ আমরা কি বখরা চাই নাকি?'

'যদি চাইয়া বসেন। জাউল্যায় কি মেহনতে ভাগ ছাড়ে—বিশেষ কথা পুরুষ জাউল্যায়।'

'তুমিও দেখি হাওলাদারের মত প্যাচ মারতে শেখছ। কও না কথাডা খুইলা।'

'গেছে ফুলমনেরে ছিনাইয়া আনতে।'—আঞ্জু এগিয়ে এসে ধীরে ধীরে বলে, 'কাইল নাকি ওর বিয়া। ঐ রোশনাই দেখেন না পুবপার গাঙের কোলে বড় নারকেল গাছটার মাথায়। পঞ্চাইত বাড়ীর বিয়ার নিশানা। সাত রাইত আগে বাত্তি জ্বালে, আইজ ছয় রাইত।'

'হাওলাদার পাগল। এমন কামেও যায় একলা। মাথাডা যদি কাইডা রাখে পঞ্চাইতেরা। আমরা চরে এতডি মানুষ আমাগো তো আধ্বান (আহ্বান) করা লাগে! পঞ্চাইতেরা সাতগুষ্টি আইলেও খোদার রহমতে পারবে ক্যান্ আমাগো লগে। কি আপশোষ—গেছে একলা একলা। তুমি আমারে একটা লণ্ঠন দেও—কি আপশোষ…।'

লণ্ঠন খুঁজে জ্বালিয়ে নিয়ে বের হতে আঞ্জুর দেরী হয়ে গেল। সে চেয়ে দেখল দাওয়ায় রহিম নেই। এই আঁধিয়ার রাতে রহিমও গেল একা একা। যে হাওলাদার সত্যই একটিবার আহ্বান পর্যন্ত করল না তার স্বামীকে, তারই সাহায্যে তার অগোচরে যাওয়ার অর্থ কি? যদি না আনতে পারে ফুলমনকে ছিনিয়ে—না পারুক। কি এমন প্রয়োজন ফুলমনের এই চরকাশেমে? ফুলমন নাকি রূপসী—আর এ দুনিয়ায় সব মেয়ে বুঝি তার বাঁদী অথবা দাসী? ও রূপসীর এখানে না আসাই

ভাল। তবে, কেমন করে দিন কাটাবে হাওলাদার? সে কি সাদী করবে না? ঘর সংসার পাতবে না?

না, না, না—বেশ তো তার দিন কাটছে।

তবে কি আঞ্জু তাকে চায়?

না, না, না, তাও সে চায় না। তার স্বামী পুত্র আছে। একটা দমকা বাতাসে ঘরের আলো নিবে যায়। অন্ধকারে টস টস করে চোখের কোণ বেয়ে গড়িয়ে জল পড়ে।

ফুলমন আসুক।

আসুক আসুক—আল্লা সব ঐ নদীর ঘোলায় ডুবে মরুক। আঞ্জু আর ভাবতে পারে না। ঘোলার চেয়েও বেশী ঘুরপাক খায় তার মগজটা।

দেখতে দেখতে সাতখানা তিন দাঁড় ডিঙি ভাসে গাঙের জলে। জেলের হাতিয়ার ঝিল ঝিল করে অন্ধকারে। রহিম মুরুব্বী হয়ে নির্দ্দেশ দেয়। নৌকা ছোটে ছলবলিয়ে।

গাঙের জল কেটে জেলেরা চলেছে। দাঁড়িরা অন্ধের মত দাঁড় ফেলছে—মাঝিরা হুঁসিয়ার। নদীটাকে ওরা চারটা রেতে (স্রোতে) ভাগ করে। প্রথম রেতে চলে পাড় ঘোলানী জল। দ্বিতীয় রেতে নাও দোলানী সোঁত। তৃতীয় রেতে আসমান টলানী ঢেউ। যে ঢেউ দেখলে—অবশ্য বর্ষাকালে—খোদাও নাকি ভয় পায় খোদ একা পাড়ি জমাতে। চার রেতে সেই আবার পার ঘোলানী জল।

এখন গাঙ অবশ্য শান্ত। তবে শান্ত নয় চরকাশেমের অনুচরদের মন। তারা জোর জোর দাঁড় ফেলে। চায় কাশেমকে। কিন্তু এপাড়ে

এসে দেখে কাশেম নেই। জেলে ডিঙি একখানাও নদীর জলে ভাসছে না। ভাসছে শুধু বড় বড় কোষ আর দু একখানা কোষের সমান ঘাসি নৌকা। আলো জলছে প্রত্যেক নায়ে।

আলোর আবডালে রহিম ইসারা করে নৌকা রাখতে। সাতখানা ডিঙি ভেরে হাতিয়ার সমেত একটা ভাঙনের কাছে। ঝুলে পড়া গাছের সংগে ওরা নাও বেঁধে চুপ করে থাকে।

রহিম ওপরে ওঠে একটা গাছ বেয়ে উঠে ভাবে কোথায় যাবে হাওলাদারকে খুঁজতে? বিয়ে বাড়ী যাওয়া উচিত নয়। কিন্তু অন্য কোন্ বাড়ী যাওয়া যায়? এপারের কারুরই তো তেমন আর টান নেই ওদের জন্য! তবু রহিম এদিকে সেদিকে খোঁজ করে—কিন্তু কোন হাদিস পায় না কাশেমের।

সারা রাত ডিঙি সাতখানা নদীর পাড়ে রইল। ভোর ভোর সময় পাড়ি দিয়ে গেল ওপাড়।

রসময় সারারাত ঘুমায় নি। নদীর চরে চরে শুধু পাগলের মত ঘুরে বেড়িয়েছে। খুব ভোর বেলা স্নান করে তার নিত্য নৈমিত্তিক পুজা আহ্নিক শেষ করল। কিন্তু সুস্থ হতে পারল না। সে এসে আঞ্জুদের উঠানে বসে রইল। সে জানে যে এসব ব্যাপারে একটা মামলা বাধলে গুরুতর দণ্ড অনিবার্য—কারণ স্ত্রীলোকটি অবাধ্য। হয়ত খুন খারাপিও হতে পারে। জুলুম জবরদস্তির কাজ! আঞ্জু কিছুই বলে না।

দলবল সমেত রহিমেরা বাড়ী ফিরল।

'সংবাদ কি?'

'খোঁজই পাইলাম না মিঞার।'

'এখন কি করবে?'

'আইজ রাত্তিরডাও ভোগ করতে হইবে। আছে মিঞা ঐহানেই।'

বাস্তবিকই কাশেম ঐখানে ছিল। বিয়ের রাত্রে রাত আট নয়টার সময় সে শিকারী নেকড়ের মত পঞ্চাইতের হারেমে প্রবেশ করল। কোথায় ফুলমন?

শিকারের সন্ধানে এদিক ওদিক ঘুরতে লাগল কাশেম।

আজ ফুলমনকে পাওয়া কঠিন। সে তার সাজ সজ্জা নিয়ে ব্যস্ত। ব্যস্ত সখীদের সঙ্গে হাস্য পরিহাসে। এবার তার সম্বন্ধ এসেছে পছন্দ মত। যেমন ঘর তেমনি বর। গর্বে ও গৌরবে তার বুকখানা ফুলে ফুলে দুলে দুলে উঠছে।

চারদিকে আলো জ্বলছে ঝলমলিয়ে। ফুলমন তো নয় যেন বেগম। বাদশা মহলের—এমনিভাবে সাজ সেরে বেরিয়ে এলো দর্পিণী। চোখে সুর্মা, নাকে নথ, নখে মেহেদির টাটকা রং। ওড়নায় ঝিকমিক করছে হাজারও জোনাকী।

ধরল কাশেম তাঁকে রক্তলোভী নেকড়ের মত। আদিম বর্বর ক্ষুধায় সে অন্ধ। অন্ধ তার ফলাফল জ্ঞান।

একটা হৈ চৈ চীৎকার…তারপর শোনা গেল হট্টগোল!

'মার মার ধর ধর'…

'এ পথে নয়…ঐ পথে…'

কাশেম নামল গিয়ে খাড়ি পাড় বেয়ে।

পঞ্চাইতের দল ধরল তাকে ঘিরে—এগিয়ে এলো কোষ নৌকা।

কিন্তু সে ভীড়ের মধ্যে কোষের কাছি কেটে ঢুকল সাতখানা ডিঙি।

সুযোগ পেল কাশেম। সে তার ডোঙায় চড়ে তিন টানে গিয়ে পড়ল গাঙের দ্বিতীয় রেতে। খানিকটা সে আড়াআড়ি পাড়ি জমিয়ে টান দিল সোজা দক্ষিণে ভাটার গতির মুখে। আগুন জ্বলল বৈঠায়···শক্তি ও হিম্মতের আগুন।

কৃষ্ণপক্ষের রাত—গ্রামগাঁয়ের পথে বাড়ীয়ালের আনাচে কানাচে ঘোর আঁধার—কিন্তু ঝিকমিক করছে দরিয়ার বুক নির্মল আকাশের অসংখ্য তারার ফুলকিতে। কূলে কূলে ছুটে চলেছে দিশাহারা জোনাকী, তার সাথে সাথে ঘনায়মান অন্ধকারও যেন ছুটতে সুরু করেছে কাশেমের পিছে পিছে। কিন্তু কাশেমকে আজ ধরে কে? ডোঙাখানা তো নাও নয়—যেন এক টুকরা উল্কা!

একটু তন্দ্রা—না যেন ভিরমি খেয়ে পড়েছিল ফুলমন। সে ধড়মড় করে উঠে নৌকার বাঁকের ওপর সোজা হয়ে বসল। অবস্থাটা সব স্মরণ করে ধাক্কা মারল কাশেমের বুকে, 'বেইমান দিয়া আয় আমারে।'

ধাক্কাটা বেশ জোরেই লাগল কাশেমের বুকে। সে চিৎ হয়ে পড়ে যেত নদীতে, যদি না সে পা দুখানা ফুলমনের দুপাশ দিয়ে প্রসারিত করে ধরত বঁড়শির মত নায়ের একটা গুঁড়ি। খুব কৌশলে কাশেম প্রথম চোট এড়াল কিন্তু পরক্ষণেই এলো আবার প্রচণ্ড ধাক্কা। তারপর আবার তারপর বারবার······

এক ঢলক জল উঠল। হাতের বৈঠা এদিক ওদিক হয়ে গেল কাশেমের। জোয়ান মেয়ে, সমবয়সী—তাকে সামলান যে সে কথা

নয়। গাঙে তুফান না হয়ে তুফান হচ্ছে নায়ে! আর একটু কাৎ হলেই ব্যস, 'হারামজাদা কাশমা, তোর মুখে মারুম লাথি। ফির হারামী, ফির।'

'ফুলমনরে, গজাইলার ঘোলা···আর বুঝি ফিরাইবে না খোদা—চুপ কর, বৈঠা ছাড়—একটা পাক খাইছে নাও।'...

অনিবার্য মৃত্যুর মুখে ফুলমন চীৎকার করে কাশেমকে জড়িয়ে ধরে। সত্য সত্যই নাও ঘুরছে।

কিন্তু হাসছে কাশেম। এতদিন পরে তাকেই আশ্রয় করে, তার বুকেই মুখ লুকিয়ে চুপ করে আছে ফুলমন। হক ক্ষণিকের—তবু তো আত্মসমর্পণ, বান্দার কাছে হার মেনেছে বেগম!

## ১৩

পঞ্চাইত বাড়ী প্রায় পাঁচশ লোক জমা হয়েছে, কাছারী বাড়ীর উঠানে আর তার চেয়েও বোধ হয় বেশী লোক জমা হয়েছে অন্দর মহলে।

'এমন অসম্মান কইরা যায় কাশেম। হুকুম দাও মিঞা ভাই ওরে গোলাউ করি।' বন্দুক হাতে রুখে ওঠে পঞ্চাইত।

ঢাল সরকি নিয়ে পায়তারা করে গ্রামের বাধ্য রাইওত এবং খাতকের দল। তারা দাড়িতে হাত বুলায় আর হুংকার ছাড়ে। তামাক পোড়ে প্রায় সোয়া সের। আসে জব্বর, জুলফিগার, করিম।

অন্দরের বিবিরা আবার কেঁদে ওঠে। এবার শোকে নয়—ভয়ে। আবার কাশেম এলো নাকি? ছোট বিবি জড়িয়ে ধরে আম্মার

( মায়ের ) বয়সী বড় বিবিকে। বড় বিবি এতক্ষণ কেঁদেছে কিন্তু এবার কান্না থামিয়ে তাকে কেবল জবাব দিতে হচ্ছে প্রতিবেশিনীদের প্রশ্নের। মেজো, সেজো, ন'বিবি পান দোক্তা জোগাচ্ছে। তারাও এতক্ষণ কম কাঁদেনি। মোট কথা অন্দরে বাহিরে এবং নদীর পাড়ে এমন একটা হট্টগোল চলেছে যা সাতটা মেয়ের বিয়েতেও হয় না। যারা যারা এ গাঁয়ের মাতব্বর সকলেই এসেছে। নিবারণ মহাজনও লাঠি হাতে এসে উঠল কাছারীতে।

'আরে বইতে দাও, বইতে দাও মহাজনেরে।'

'কি, ব্যাপারটা কি পঞ্চাইত—বলো তো আত্মপান্ত ?' নিবারণ. ভাল করে একটা বেতের মোড়ায় বসে তামাকের জন্য এদিক ওদিক তাকাতে থাকে। 'দোষ কাশমার না—আমি আগেই বুইঝা আইছি এর মধ্যে নেহাৎ ষড়যন্ত্র আছে।'

'কি ষড়যন্তর ?' মকবুল চাপরাসী জিজ্ঞাসা করে।

'তোমাগো আর এই পারের সব বাসিন্দাগো হীন কইরা রাখতে চায়।'

'সে ক্যামন ? আসেন মহাজন, পান লন, তামুক খান।'

'চর কাশেমে বইসা কল টিপছে আসল কাশেম। আর নকলটা তো ঢাকের বাঁয়—থাবড়া মারলে ঢ্যাব ঢ্যাব করে। না হইলে এতগুলো সাক্ষী সাবুদের সামনে কেও এমন কইরা ছিনাইয়া নিয়া যায় বিয়ার কন্যা ? পুলিশ ডাকো, দেখবা এই ঠেলাতেই চর যাইব উজাড় হইয়া।'

'এ কথাডা কইলেন কি মহাজন—পুলিশ ডাকুম, কখন তারা আইবে, কখন তারা চর কাশেমে যাইবে, ততক্ষণ আমরা বইসা

খামুম? আমাগো যে মুখে থুথু দেবে অতিথেরা। তয় সরকার বন্দুকের পাশ দেছে কিসের লিগা। মিঞা ভাই কউক, হুকুম দেউক, আমি গোলাউ কইরা দি শালারে।' অধীর পঞ্চাইত নিজের অজান্তেই কয়েকটা পান মুখে দেয়।

'ঠিক কইছেন পঞ্চাইত—গায়ের রক্ত গরম থাকতে থাকতেই বিহিত করা উচিত।'

নিবারণ বলে, 'আরে থাম থাম মদনা—সব জায়গায় আর কচু ঘেঁচু বেচা নয়। কাশেম কোথায় যে তাকে গুলি করবা? নিজের বাড়ী বইসাই এতগুলা লোকে একটা বিড়াল রুখতে সাহস পাইল না এখন আন্দাজে গোলাউ করবে জলে!'

'ক্যান তার বাড়ী যাওয়া যাইবে না?'

'পারবিনে ক্যান! রমণী শীলের ক্ষুর গাছা তুই নিয়া যাইস। জানিস, এর পিছনে বৃহৎ একটা ষড়যন্ত্র রয়েছে? আসল কাশেম আবডালে?'.

'কন মহাজন কেডা, সেই শালারেই গোলাউ করুম।'

'একেই বলে মর্দানী, পারো তো তাই করো। আবডালে বসে কল টিপছে রসময়।'

মকবুল চাপরাসী বলে, 'হিন্দুর মগজ ছাড়া এমন বুদ্ধি খেলে —ঠিক ধরছেন মহাজন। এখন আর দেরী না কইরা বন্দুক চালাও পঞ্চাইত।'

নিবারণ ভাবে এই হট্টগোলে যদি রসময়টা একটু ঠাণ্ডা হয় তবে চরের নিলামী জমিগুলো নিয়ে যে নিলাম রদের মামলা করার একটা আশঙ্কা আছে তা বহুলাংশে কমবে। রসময়ের কম জমি তো কুক্ষিগত

সে করেনি। তাহাও প্রায় ছ'বছর কাবার হয়েছে। বাকী ছ'টা বছর শান্তিতে কাটলেই নিশ্চিন্ত নিবারণ। সে এসেই পুলিশের কথা বলেছিল, কিন্তু এখন তা ধামা চাপা পড়েছে—ভালই হয়েছে। রোখটা তার আর একটু ঘুরুক রসময়ের দিকে। নিবারণ জিজ্ঞাসা করল, 'দাদু কই ?'

পঞ্চাইত জবাব দিল, 'মিঞা ভাই কলিজায় বড় দরদ পাইছে—ঐ তো শুইয়া রইছে চুপচাপ।'

'আহা অন্যত্র গিয়ে জটলা কর—দাদুকে একলা থাকতে দাও। আইজ আমি উঠি ভাই। কাল সকালে আইসা একবার দেইখা যামু।'

নিবারণ বাড়ী গেল। তার সূক্ষ্ম বুদ্ধি ক্রীড়া করতে লাগল এতগুলো মানুষের মগজে। তারা এখনই চর কাশেম পর্যন্ত হানা দেবে। হাতিয়ার গোছাতে লাগল নানা কিসিম। আগেই আনবে রসময়কে টেনে—তারপর তার চেলা চামুণ্ডাদের। ফুলমনের কথা প্রায় অপ্রাসঙ্গিক হয়ে পড়ল এখানে।

বুকের ব্যথাটা শোকের ও অপমানের—রোগের আক্রমণ নয়। তাই ফুলমনের বাপ কাবু হয়ে পড়ল খুব। তাকে তাড়াতাড়ি বাড়ীর ভিতর নেওয়া হলো। কবিরাজ এলো। কিন্তু হাতের নাড়ী দেখতে প্রায় দেড় ঘণ্টা দেরী হয়ে গেল তার। বাড়ীর ভীড়ই ভাঙছে না। সকলেরই তো নাড়ী জ্ঞান প্রচুর। অবশেষে কবিরাজের ভাগ্যে যখন বুড়োর হাতখানা এসে ঠেকল তখন ফুলমনের বাপের রীতিমত ঘাম হচ্ছে।

কবিরাজ একজন জোলা—বস্ত্র ব্যবসায়ী। শাস্ত্রেও তার জ্ঞান আছে। সে খানিক ভীমার্জুন নকুল সহদেব এমন কি রাবণের

রাজনীতিও ব্যাখ্যা করল। খানিক আওড়াল হেকিমী দাওয়াই-র কথা এবং কোরাণের বাণী—তারপর করল চার্বাক ও চতুর্মুখ এবং চ্যবন মুনীর গুণ গান। সকলে তার চিকিৎসা শাস্ত্রে অপার ব্যুৎপত্তি সম্বন্ধে ভূয়সী প্রশংসা করল। 'হয়, জেয়ানী বুঝমান কবিরাজ।'

'এখন কি করা লাগবে ?'

কবিরাজ তখনও নাড়ী ছাড়ে নি। সে ইঙ্গিতে চুপ করতে বলল প্রশ্নকারীকে। বোঝা গেল সে যেন নাড়ীর শব্দ পাচ্ছে কানে।

সকলে নির্বাক হয়ে অপেক্ষা করতে লাগল।

কবিরাজ একটু মুচকি হেসে মুখ ফাঁক করল। অমনি বালকের মত একটু লালা ঝরে পড়ল তার কাপড়ে। কেউ অবশ্য তা লক্ষ্য করতে পারল না। 'এখন চিকিৎসার দরকার।'

জনতা যেন একটা দীর্ঘশ্বাস ছাড়ল।

ফুলমনের মা বলল, 'তা তো বোঝলাম কবিরাজ—একটু তাড়াতাড়ি করেন, অষুধ দেন।'

'একি তাড়াহুড়ার কাম ? রোগ আদালতী, চিকিচ্ছা চাও ফৌজদারী ?' কবিরাজের আবার আর এক ফোঁটা লালা ঝরে। সে পোঁটলা খোলে ওষধের। একটা উগ্র হিংয়ের গন্ধে ঘর ভরে যায়। তেজী ওষুধ বটে।

ওষুধ খাবে কে ? খাবি খাচ্ছে বুড়ো। একটা ক্রন্দনের রোল ওঠে বিবি মহলে।

কেবল ছোট বিবি কাঁদে না। সে ঘরে গিয়ে কপাট দিয়ে একখানা ফটো তার তোরঙ্গ খুলে বের করে। তার তো বিয়ে হয়েছে অল্পদিন। তোরঙ্গটা বেশ চকচকে আছে। তার চেয়েও যেন

চকচক করছে ফটোর বুকে একটি সুন্দর যুবকের মুখ। নীচে লেখা —বি, এম, কলেজ। 'তোমার সিরাজ।'

কবিরাজও নামল—আদালতী রোগ ফৌজদারী ঝোঁক নিল। পাঁচ মিনিটে সব কাবার। বাড়ীর ভিতর আবার একটা কান্নার রোল শোনা গেল। ছুটে এলো পঞ্চাইত।

বাড়ীর সুমুখে জুম্মা মসজিদে শোনা গেল কোরাণ পাঠ। আরবী আয়াত্ (শ্লোক) গম্ভীর স্বরে উচ্চারিত হচ্ছে এক দীর্ঘাকৃতি মৌলবীর কণ্ঠ থেকে। সমস্ত হৈচৈ গণ্ডগোল যেন নিমেষে মিলিয়ে গেল। তার বদলে পড়ল শোকের একটা মর্ম্মস্পর্শী ছায়া? লাঠি-সোটা ছেড়ে সকলে কান পেতে শুনতে লাগল ঐ কোরাণের মর্ম্মকথা --আর বুঝি ভেসে উঠল চোখের সুমুখে রোজ কেয়ামতের দিনটি। এমনি একদিন সাঙ্গ হবে সকলেরই খেলাধুলা। এমনি একদিন ভোর অথবা সন্ধ্যাবেলা—দিনান্তে নিশান্তে নয়ত বা খর দ্বিপ্রহরে। হয়ত বা রাত্রির প্রথম যামে।···

মুর্দা (মৃত দেহ) নিয়ে যাওয়া হলো গোরস্থানে। প্রাচীর ঘেরা পারিবারিক গোরস্থানটি জুম্মা মসজিদের পাশেই।

তারপর মৃত দেহকে গোসল ( স্নান ) করান হলো গোলাপ জলে। নাকে ও কাণে দেওয়া হল দামী আতর। আড়ম্বর করে পরাণ হল পরিমিত মূল্যবান বস্ত্র। কেটে ফেলা হলো তার হাতের সোনার মাদুলী দুটো। ছিঁড়ে ফেলা হলো তাগা।

দেখতে দেখতে কবর খোদা হয়ে গেল। ভোরের আলোতে হাসছে যেন মাটির বুকের কবরটি দেখে ফুলমনের বাপ। ঐ সুশীতল চিরন্তনী মাটির কোলে মাথা রেখে এবার ভুলবে এই দুনিয়ার যত

মনস্তাপ। শবের কোলে দাঁড়িয়ে পশ্চিমমুখো হয়ে জানজা পাঠ করল সকলে।

হঠাৎ মৌলবীর অমিয় কণ্ঠ পরুষ হয়ে উঠল। 'এ জীবনে বহু গুনাহ্ (পাপ) করেছে—করেছে অসৎ পথে ধন সঞ্চয়। তার জন্যে তোমরা কি ছদগাহ্ দেবে তাই বলো? বহুৎ রোজা নামাজ তালুকদার কাজা (বাদ) করেছে, লাভের নামে অনেক সুদ খেয়েছে মকবুল ময়জদ্দি এবং আরো অনেক নিঃস্ব খাতকের কাছ থেকে। যদি তোমরা ছদগাহ্ না দাও তবে জেনো এর রক্ষা নেই আজগাই দোজক থেকে।'

একটা ভীতি ছড়িয়ে পড়ল চার দিকে। ইহকালে দাড়িয়ে পর-কালের ভাবনায় অস্থির হয়ে পড়ল আত্মীয় স্বজন। তারা স্বীকার করল একশ জন মমিন মুসলমানকে খাওয়াবে এবং একটা বকরী কোরবানী দিয়ে সারা গাঁয়ে বিলিয়ে দেবে মৌলবী সাহেবের ইচ্ছা মত। মকবুল ও ময়জদ্দিরাও সে মাংসের অংশ পাবে। কত ধন দৌলত জায়গা জমি রেখে গেছে এই শঠ তালুকদার—শঠ তো নয় বুদ্ধিমান তালুকদার—যদি এত অল্পে তার পরকালের পথ নিষ্কণ্টক হয় তবে দোষ কি?

কোথা থেকে যেন ফরিদ এসেছিল, সে ভাবল: এ দুনিয়ায় একটি মেলে না, এরা একশটি মমিন মুসলমান পাবে কোথায়?

ফুলমনের বাপের হাসি হাসি মুখখানা যেন আর একটু উদ্ভাসিত হয়ে উঠল গোরে আশ্রয় নেওয়ার প্রক্কালে। সে যেন বলতে চায়: আদাব মৌলবী ছাহেব, আদাব। আমার মত তালুকদার জোতদার

ভাইরা আপনাদের বান্দা হয়ে থাকবে চিরকাল। আদাব মৌলবী ছাহেব, আদাব।'

গোরস্থায় থেকে ফিরে আর চর কাশেম যাওয়ার জন্য কারুর হাটু উঠল না। পঞ্চাইত চলল থানার দিকে। বিদায় হলো বিয়ের অতিথিরা বিমর্ষ মুখে।

কিন্তু সহর্ষ হৃদয়ে ছোট বিবি আবার তোরঙ্গ খুলল। এদ্দাতের মেয়াদ অতীত হওয়ার আগেই সে একটি ঘন চুম্বন এঁকে দিল সিরাজের মুখে।

'আসুন পঞ্চাইত সাহেব। সংবাদ কি?'

'সংবাদ ভাল না হুজুর।' একজন চৌকিদার সেলাম দিয়ে বলে, 'তালুকদার ছাহেব মারা গেছেন।'

'বুড়ো মানুষ—মারা গেছেন, সে তো ভালই। নিমন্ত্রণ কবে পঞ্চাইত সাহেব?'

পঞ্চাইত দেয়ালের গায় ঝুলান হাতকড়িগুলো ও মোটা মোটা দড়িগুলোর দিকে চেয়ে থাকে। মনের চেয়েও মুখখানা অতিরিক্ত ম্লান করতে চেষ্টা করে। কিন্তু ঘন দাড়ি গোপের মধ্য দিয়ে তা পরিস্ফুট করে তোলা বড় কঠিন।

দারোগা বাবু হাতের কনফিডেন্সিয়াল ফাইলটা সরিয়ে রেখে বলেন, 'তা তেমন দুঃখের কি?'

এবার পঞ্চাইত সব খুলে বলে। কাশেমকে জড়ায়, তার আশপাশ কেউকে বাদ দেয় না—রসময়কে জড়ায় একটু বেশী করে। পরামর্শ ও ফিকির ফন্দির অন্ধি-সন্ধি সে না কি বাতলে দিয়েছে। নয়তো

কাশেম কিছুতেই সাহস পেত না এ সব করতে। কাশেমকে পঞ্চাইত চেনে ছোটকাল থেকে।

'আপনি বলছেন কাশেমের তেমন দোষ নেই—তবে কি রসময় এসেছিল ছিনিয়ে নিতে?'

'আহা তা আইবে ক্যান্? পরামশডা ওর। কল 'কাশমা'—টিপ্যা চালায় রসময়।'

'এ মামলার এজাহার নিয়ে হবে কি? জেরার মুখে টিকবে না কোর্টে।'

'ক্যান্ টেকবে না। ইনশা আল্লার দোয়ায় হাজার সাক্ষী জোগাড় করুম আমি।'

'কিন্তু রসময় যে ফুলমনকে ছিনিয়ে নিয়েছে তা হাকিম বিশ্বাস করবেন না। একে রসময় হিন্দু তাতে বুড়ো মানুষ।'

পঞ্চাইত এদিক ওদিক তাকাতে থাকে। যদি আসার সময় মনে করে নিবারণকে সঙ্গে আনা হতো, তা হলে কি উপকারটাই না হতো এসময়!

আবার দারোগাবাবু জিজ্ঞাসা করেন, 'ফুলমন কি রসময়ের বিরুদ্ধে সাক্ষী দেবে, মিথ্যা সাক্ষী?'

পঞ্চাইতের বদলে একজন বুড়ো জমাদার বলে, 'ফুলমন কারুর বিরুদ্ধেই সাক্ষী দেয় কিনা তাই দেখেন না!'

দারোগাবাবু শুদ্ধ অবাক হয়ে যান। 'ভাল কথা বলেছেন জমাদার সাহেব—এজাহার না নেওয়াই উচিত। শুধু শুধু কাগজ নষ্ট করে লাভ কি?'

'ক্যান্ ক্যান্, সাক্ষী দেবে না ক্যান্ ফুলমন? ও আমাগো মাইয়া না?'

দারোগাবাবু মাথা নীচু করে কি যেন পড়তে থাকেন। পাহারা ওয়ালা থানার এমাথা থেকে ওমাথা পর্য্যন্ত হেঁটে যায়। একটা আসামী হাজত ঘরের গরাদে এসে কি যেন চেয়ে দেখে। হয়ত ঘড়িটা।

গ্রামের চৌকিদার বলে, 'মাইয়া তো আমাগো কিন্তু যাইয়া ওঠছে যে পরের ঘরে।'

'তাতে হইছে কি?'

এসব ক্ষেত্রে কি যে হওয়ার আশঙ্কা থাকে তা চৌকিদার আর পঞ্চাইতকে বোঝাতে চায় না। মুরব্বির কাছে সব কথা তো আর খুলে বলা চলে না।

'আপনারা এজাহার না নিলে আমি উপরে যামু—এমন অসৌয়ান, মিঞাভাই মইরা গেছে!'

'জমাদার সাহেব দেন তো প্রথম এত্‌লার বইটা। পঞ্চাইত সাহেব যখন একেবারে ছাড়বেন না তখন আর উপায় কি!'

এজাহারের খাতায় যা যা পঞ্চাইত বলল তা সবই লিখে নিলেন দারোগাবাবু। নিবারণের উপদেশ মত পঞ্চাইত রসময়ের গলায়ই শক্ত করে দড়ি জড়াল। তারপর সে হেসে বলল, 'মাইয়া আমাগো বাঘিনী—কোন ভয় নাই দারোগাবাবু। বাঘে শিয়ালে মিশ খায় না।'

## ১৪

একথা অবিসংবাদী সত্য নয়।

ফুলমন ভীতা বাঘিনীর মতই জড়িয়ে ধরেছিল কাশেমকে। গঙ্গানিয়ার ঘোলা কি যে দুর্নিবার বেগে ঘুরপাক খেতে খেতে উত্তর

হতে দক্ষিণে নদীর ভাটির দিকে প্রতি বছর নেমে যায় তা ফুলমন কেন, এদেশের সকলেই জানে। এই ঘোলার কবলে পড়ার অর্থ যে কি তাও সকলে জানে। মুহূর্তে—মাত্র কয়েকটি মুহূর্তে নদীর ঘোলাজলের ঘোলানীর সঙ্গে পাতালে তলিয়ে যাওয়া। ফুলমন মনে মনে অনুভব করে সে ভয়ঙ্কর আবর্ত। তাই চুপ করে কাশেমের কোমর জড়িয়ে তার কোলে মাথা ডুবিয়ে পড়ে থাকে।

কাশেমের দুঃখ হয়। ভীরু একটি রস্য মাছ যেন তার কবলে পড়ে কাঁপছে। আহা—সে ছেড়ে দেবে নাকি বঁড়শি খুলে? এতো মাছ নয়—তার চেয়েও মোলায়েম। তার চেয়েও যেন নরম ওর দুখানা গাল! আরও অসহায়—ভীরু যেন নিতান্ত শিশু পারাবত! আশৈশব কাশেম ওর সঙ্গে খেলেছে, বড় হয়েছে একই ঘরে। একই অন্নে দুজনার দেহ অঙ্গ পুষ্ট। কিন্তু এই রাত্রির ও নদীর পরিবেশে সে যাকে পারাবত শিশু ভেবেছিল—সে তা নয়। সে মহাদর্পিনী এক সিংহিনী। নইলে এত ঘৃণা এত অবহেলা কেন কাশেমকে? মিথ্যা ঘোলার ভয় দেখিয়ে সে সিংহিনীকে শৃঙ্খলিত করেছে—নিস্তেজ করেছে ওর দম্ভ। এখন কাশেমই খেলছে শিকার নিয়ে পশুরাজের মত। কত যে মর্মান্তিক ঘা সে ফুলমনের সয়েছে শিশুকাল থেকে! সে সব ঘা লেগেছে ওর কলিজায়—পিঠ হলে কাটা কাটা দাগ থাকত।···সেই সব ঘায়ের জ্বালায় ও এখন একটু মধুর প্রলেপ দিয়ে নেবে। যাবে ধীরে ধীরে নদীর ঢেউয়ে ঘুরতে ঘুরতে। থাকনা ফুলমন ওর কোলে মুখ ডুবিয়ে। শীতের নদী। কোথায় ঘোলা, কোথায় আবর্ত? শুধু চিকমিক করছে, আনন্দে হাসছে যেন ছোট ছোট ঢেউ।

কেউ নেই এপাড়ে ওপাড়ে। শত্রুরা ফিরে গেছে, বন্ধুরা হয়ত

চরকাশেমের কাছাকাছি পৌছেচে। শুধু দিগন্তবিসারী নদীর বুকে কাশেম ভাসছে ফুলমনকে নিয়ে। যেন একটি পদ্মফুল—যা বছরে কিম্বা যুগে অথবা শতাব্দীতে জন্মে বাদশার দীঘিতে। তাই যেন চুরি করে নিয়ে পালাচ্ছে কাশেম। পাড়ি দিয়েছে মহাসমুদ্রের দিকে!

নদীর ঠাণ্ডা হাওয়ায় কাশেমের বুকে নিশ্চিন্ত নির্ভাবনায় ঘুমিয়ে পরে ফুলমন। পাট করা খোঁপা ভেঙ্গে লুটিয়ে পড়েছে। সাপের মত জড়িয়ে রয়েছে বেনুনী কাশেমের গলায়। আলু থালু হয়ে গেছে দেহের সজ্জা-আভরণ। চোখের জলে গলে পড়েছে সুর্মার সরু টান। নিটোল গালে একটা ম্লান ছায়া পড়েছে। অস্পষ্ট একটা ফুলমনের দেহের সুরভি কাশেমের চেতনাকে আচ্ছন্ন করে দেয়।

প্রায় ভোর হয়ে এসেছে এমন সময় রহিম এসে আক্কুর হাতে হাতিয়ার দিয়ে তামাক সাজল। 'হাওলাদারে আইছে?'

'না—টের তো পাই নাই।'

'তবে গেল কই? বড় চিন্তার কথা। নদীতে ঐখানে ওইখানে জল পুলিশ ঘুইরা বেড়ায়। আবার ধরা না পড়ে। যে বুদ্ধি মিঞার, গেছিল একলা একলা।'

'শানজর (শুভদৃষ্টি) গাঙের জলেই সাইরা আইবে ফয়জরের রোশনাইয়ে—আপনে আমি ভাবলে হইবে কি। আমে দুধে মিশ্যা গেছে এখন আমরা যামু আদাড়।'

'কেডা কইল কইল তোমরা যাবা আদাড়ে? গোলেবাথালি কন্যা চক্ষুই মেলে না—ক্যামনে হইবে কও তো শানজর?'

কাশেম একপ্রকার জোর করে ধরে ফুলমনকে নিয়ে বাড়ীর মধ্যে

প্রবেশ করে। ওদের দিকে চাইলে বোঝা যায় ইতিপূর্বে অনেকগুলো খণ্ড যুদ্ধ হয়ে গেছে। ফুলমনের চোখের সুর্মা লেগেছে কাশেমের বুকে। তার মূল্যবান বেশভুষা এমন কি জোনাকীর মত জ্বল জ্বল করা পাতলা ওড়নাখানা—তাও গেছে এদিক ওদিক হয়ে, মাঝে মাঝে ছিঁড়ে। সে প্রথমটা অনেক লড়েছে, শেষটায় বাধ্য হয়ে বশ্যতা স্বীকার করেছে। কিন্তু বন্দিনী সিংহিনীর মতই গুমরে গুমরে উঠছে। একি কম লাঞ্ছনা!

বধূ পরিচয় করতে একটু মধু নিয়ে আসে আঞ্জু। রহিম হুঁকো নিয়ে সসম্মানে দূরে সরে যায়। তার পরনের কাপড়খানা নিতান্ত খাটো। আজ ফুলমন আর ফুলমন নয়—হাওলাদারের বিবি, এই চর কাশেমের প্রভুপত্নী।

আঞ্জু মুখে মধু দিতে এসে এমন একটা ধাক্কা খায় যে সে প্রায় পড়ে যেতো নীচে, যদি না ধরে ফেলত দাওয়ার একটা খুঁটি। 'এত তেজ এখনও? তয় হাওলাদার এতক্ষণ বইসা করছে কি? একটুও দেখি তেজ মাইরা আনতে পারে নাই!'

'চুপ। আঞ্জু চুপ।' রহিম বলে, 'আমাগো বাড়ী অতিথ আইছে, চুপ—কয়না ওসব।'

'ক্যান্ কমুনা? মাইয়া মানষের অত গরমাই ক্যান্?'

'সব ঠাণ্ডা হইয়া যাইবে দুই দিনে।'

'চোরারা, ঠাণ্ডা হবি তোরা—আইল আর কি তোগো বাজানেরা। পুলিশ আসার আগে এখনও আমারে ভালয় ভালয় দিয়া আয় পার কইরা।'

রাগে দুঃখে ফুলমন কেঁদে ফেলে।

কাশেম এগিয়ে গিয়ে দেখে যে রহিম অনেক দূর উঠানের এক কোনে সরে গেছে। সে তার সঙ্গে গিয়ে পরামর্শ করে। তারপর ফিরে এসে ফুলমনকে নিয়ে নিজের ঘরের দিকে যায়। আজু এবং ফুলমন একত্র থাকতে পারবে না। দুজনেই সমান মুখ তোড় রাগ হলে।

'হাত পা ধোও, ঐ পানি—বদনায়। লাগলে আরও আনাইয়া দি।'

দাওয়ার উপর বসে পড়ে ফুলমন উচ্চকণ্ঠে কাঁদতে আরম্ভ করে। হাত পায়ের কাদা ধোয় কে?

এতক্ষণ বাদে কাশেম নতুন ভাবে বিব্রত হয়ে পরে। জোর করলে তার সঙ্গে জোর করা যায়—কিন্তু যে কাঁদে তাকে নিয়ে কি করা যায়? সে চিরদিনই ফুলমনের রাগ দেখেছে, কোনদিনই এমন বুক ভাঙ্গা কাঁদন শোনে নি। সে কি করবে? কেমন করে থামাবে? অবশেষে সে ফুলমনের হাত পা ধুইয়ে দিতে লাগল।

ফুলমন চুপ করে বসে রইল। ভোরের আলোতে তার রং আরো রাঙা হয়ে উঠেছে। হাত পায়ের পাতলা ত্বকের অন্তরাল থেকে উঁকি দিচ্ছে লাবণ্যের দ্যুতি। দূর থেকে কাশেম ফুলমনকে কতই না দেখেছে—কিন্তু এমন করে দেখার সৌভাগ্য তার হলো এই প্রথম। সে তার খসখসে হাত যত দূর সম্ভব কোমল করে ধুয়ে মুছে দিতে লাগল কাদা।

ফুলমন আর কাঁদে না। সে বুঝে এই চরে বসে সে যতই কাঁদুক তাতে কাজ হবে না। নিতে হবে কৌশলের আশ্রয়। পুলিশ আজ হ'ক কাল হ'ক আসবেই। তত সময় এদের মতে মতে চলাই ভাল নইলে হয়ত এরা তাকে এমন গুম করে রাখবে যে পুলিশ কেন তার

বাবাও এসেও খোঁজ পাবে না। আর উদ্ধারের কোন আশাই থাকবে না। এই বিরাট নদীর চরে কত 'ঘোপ' আছে, জলা আছে—আছে দুর্ভেদ্য ঝাড় জংগল। পা ধোয়া হলে ফুলমন ঘরে উঠে একটা ছেঁড়া হোগলা টেনে বসে। খানিক বসে থেকে তারপর শুয়ে পড়ে।

ভাবে এক ছুটে এখান থেকে পালিয়ে যাওয়া যায় না? এরাও যেমন জোর করে ধরে এনেছে, ফুলমনও তেমনি চলে যাবে ফাঁকি দিয়ে। কিন্তু কোন পথে যাবে? চরের শেষ সীমানায় গেলে না হয় নদী দেখা যাবে। তখন কোন নায়ে কাকুতি মিনতি করে না হয় উঠে পরা গেল। কিন্তু সেই শেষ সীমানা পর্য্যন্ত যাওয়াইতো দুষ্কর। হয়ত কাদায় চোরা চর রয়েছে—পা দিলেই অতলে যেতে হবে তলিয়ে—আর খোঁজ পাওয়া যাবে না। শীতের আবহাওয়ায় বড় বড় চক চকে দাঁত ওয়ালা কুমীরেরও কি অভাব? কি করবে ফুলমন?...সে আপাতত যখন পালাতে পারবে না তখন শমনের সংগে সন্ধি করেই চলবে। এ সন্ধি সদ্ভাবের নয়, সুযোগের অপেক্ষায় কাল হরণ।

একটা ছাগল দুইয়ে খানিকটা দুধ এনে খেতে দেয় কাশেম।

'খামু না ও দুধ।'

ফুলমন ভেবেছিল সন্ধি করে চলবে, কিন্তু কেন জানি ওকে দেখেই ওর মাথায় খুন চেপে গেল। ওর যা মুখে এলো তাই বলে বিদায় দেয় কাশেমকে।

এসব কথার কাশেম আর জবাব দেয় না। বাস্তবিকই তো ফুলমন ছোটকাল থেকে ছাগলের দুধ খায় না, এখন কি জোর করে খাওয়ান সম্ভব? আর যে তার ছেনীর মত ধারাল কথা, ও কথা তো সইতে হবে কাশেমকে যদি ঘর করতে হয় ওর সাথে।

চরে কারুর বিয়ান গরু নেই। কাশেম হাফেজ পাঠিয়ে বহু দূর থেকে কিছু দুধ সংগ্রহ করে। জ্বাল দিয়ে দেয় হাফেজের বৌ।

'ফুলমন! গরুর দুধ আনছি—এখন আর গোন্ধ পাইবা না। খাইয়া দেখ।'

ফুলমন ঘুমে।

কাশেমের মনে কি যেন চমকে ওঠে। সে ফুলমনকে আর ডাকে না। দুধের পাত্র একপাশে পড়ে থাকে সে ক্ষুধার আহার্য সংগ্রহ করতে গিয়েছিল কিন্তু তারই ক্ষুধা দুর্নিবার হয়ে ওঠে। সে এগিয়ে যায়।

ফুলমন উঠে বসে।……

'এই দুধটুকু খাও।' কাশেম কাঁপতে কাঁপতে নিজেকে সংযত করে বলে, 'এই দুধটুকু ফুলমন…'

'আমার সামনে থিকা না গেলে কিছু খামুনা।'

ঘর থেকে বেরিয়ে যায় কাশেম। একটু ঘুরে দাওয়া থেকে নামে—অনেকটা ঝড়ে ভাঙ্গা কলাগাছের মত।

এতদিনে আকাঙ্খা আজ কাশেমের সফল হয়েছে। সে জয় করে এনেছে তার ইপ্সিতা কামিনীকে। কাঞ্চন মূল্য দিয়ে নয়—হিম্মতের মন্ত্র দিয়ে। তবু যেন এ জয়, জয় নয়—পরাজয়ের গ্লানি দমকা বাতাসের মত ভেঙে দিচ্ছে তার পাল ও মাস্তুল। এর অর্থ কি? সে কি তবে এখনও জয় করতে পারেনি কিছুই? যা করেছে তাকি শুধু বাইরের একটা সামান্য আবরণ? তুফান রয়েছে ভিতরে—ঘোর তুফান, আকাশ ছোঁয়া ঢেউ? ফুলমনের বুকের অন্দরমহলে না প্রবেশ করতে পারলে—লুটে না নিয়ে আসতে পারলে সে রুদ্ধ মহলের আসরফি তবে সকলই বৃথা!

কাশেম মনে মনে অনুসন্ধান করে সে পথ। হতাশায় ভেঙে পড়া মন আবার দুরাশার গাঙে পাল তোলে—পাড়ি জমাবে ওপার।

'পুলিশ এলে কি করবি কাশেম?' রসময় জিজ্ঞাসা করে, 'না ভেবে চিন্তে কি যে করলি? এতো যেমন তেমন মামলা নয়?'

'ভাবছি অনেক—ভাবনার কূল নাই, এখন যা করে আল্লা।'

'সে তো কথা নয়।'

'কথা সেইডাই। আসল কথা কেও বোঝে না। পুলিশেও না সমাজেও না।'

রসময় একটু আশ্চর্য্য হয়ে যায় কাশেমের জবাবে।

'তা হলে এক কাজ কর।'

'কিছু করুম না দাস মশয়। যা করেছি, তার জন্য যা হয় হউক—আমি মরলেও আপশোষ নাই।'

'তবু একটু সাবধান হওয়া মন্দ কি?'

'ভাইবা দেখছি অনেক, এমন কোন ফন্দি নাই। আর থাকলেও আমি করুম না। পুলিশ আসুক, যা হয় সামনা সামনি হইয়া যাইবে।'

রসময় ভাবে খুন টুন নাকি? কাশেম উঠে চলে যায়।

চরের সকলেই তো মরবেই তার চেয়েও রসময়ের বেশী চিন্তা হয় কাশেমের জন্য। কারণ কামানের মুখে প্রথমেই সে। আজ আর ওকে কোন আশ্বাসই দিতে পারে না রসময়।

আঙ্গু খাবার তৈরী করেছিল নানা রকম। দিয়ে গেছে—সবই নীরবে খেয়েছে ফুলমন। রাত্রে সে আর কিছু খাবে না। সে ঘুমাবে। তাকে যেন কেউ আর বিরক্ত না করে। আঙ্গু সন্ধ্যা হতে না হতেই একটা বাতি জ্বালিয়ে রেখে গেছে। তারও তেল পুড়ে পুড়ে প্রায় নিবে এলো। ফুলমন নানা কথা চিন্তা করতে করতে ঘুমিয়ে পড়ল। ঘুমের মাঝে সে কাতর শব্দ করে উঠছিল গায়ের ব্যথায়।

কাশেম দাওয়ায় এসে বসল। ফুলমনের কাতর শব্দে ঘরে সে ঢুকে। নিবন্ত আলোর রোশনাইয়ে সে দেখল ফুলমনের গালে চোখের জলের দাগ। তবে ও এতক্ষণ শুধু কেঁদেছে, ঘুমের মাঝে কেঁদে ফুঁপিয়ে উঠেছে। কাশেম এগিয়ে গিয়ে ওর গালের দাগ মুছিয়ে দিল তার হাতের গামছা দিয়ে।

ফুলমনের ঘুম ভেঙ্গে গেল। সে টের পেল তার গায় যেন হাত বুলাচ্ছে কাশেম। বাতিটা নিবে গেল। ছোট ঘরখানা গভীর অন্ধকারে ভরে গেল। ফুলমন কাশেমকে বাধা না দিয়ে বরঞ্চ এপাশ থেকে ওপাশ ফিরল। বাধা দিলেই একটা প্রতিবাদ অনিবার্য্য।

কাশেম হাত তুলে নেয়। সে চায় না যে এখনই ঘুম ভাঙুক ফুলমনের।

কিন্তু কেন জানি কেমন করতে লাগল ফুলমনের মন।

অন্ধকারে এক ফোঁটা চোখের জল পরে ফুলমনের গায়। ফুলমন চমকে উঠে। কেন কাঁদে এই কাশেম? কেন তার গায় হাত বুলিয়ে শান্তি দিতে চায় তাকে? ছোটকাল থেকেই তো ফুলমন শুধু ব্যথা দিয়েছে কাশেমকে। কাশেম কি চিরদিনই এমনি নীরবে অন্ধকারে একা একা কেঁদেছে? এ কথা তো সে কখনও ভেবে দেখেনি।

কাশেম তাকে ডাকাতি করে এনেছে—এনেছে সহস্র লোকের ভিতর থেকে ছিনিয়ে। এখন দুঃখ দেবে তাকে—দেবে সহস্র আঘাত। কিন্তু কি আশ্চর্য্য তার বদলে ডাকু কাঁদে! তার ইচ্ছা করে একবার মুখ ফুটে জিজ্ঞাসা করে এ কান্নার হেতু কি?

নীরব হয়েছে আঙুর ঘরের ছেলে মেয়েদের গোলমাল—ঘুমিয়ে পড়েছে চরের বাসিন্দারা। কোন কথা নেই ডাক নেই—না আছে কোন প্রশ্ন। কিন্তু বারাবর ফুলমন প্রশ্ন করে তার মনের কাছে—কেন কাশেম কাঁদে?

সে ধীরে ধীরে বিশ্লেষণ করে দেখে কাশেম তাকে ভালবেসেছে, প্রতিদানে পেয়েছে শুধু অহঙ্কারের তীব্র কশাঘাত। কারণ আর কিছু নয়—তুচ্ছ সামাজিক বৈষম্য। কাশেম ছোট ঘরের ছেলে আর সে বড় ঘরের মেয়ে। অহঙ্কারে গর্বিতা ফুলমনের মনে যেন জ্ঞানের প্রদীপ জ্বলে ওঠে অনুভূতির স্নিগ্ধস্পর্শে। সে মেছো কাশেমের কথা ভুলে যায়। সে তার প্রদীপের আলোতে যাকে দেখে, সে প্রেমিক কাশেম। কালো, তবু কত আলো সে রূপে! সুদৃঢ় গঠন, কিন্তু কত শান্ত চাহনি টানা টানা দুটো চোখে!

আবার একখানা হাত সঞ্চালিত হতে থাকে ফুলমনের সারা দেহে। সে বিদ্যুৎ স্পর্শে পদ্মকলি দল মেলে ধীরে ধীরে রাতের আঁধারে।

তবু ফুলমন ঘুমের ভান করে পড়ে থাকে। উত্তপ্ত হয়ে ওঠে ওর মন। মনে পড়ে শৈশবে কেন কৈশরেও ফুলমন কত ওর কাছে শুয়ে শুয়ে গল্প করেছে—পৃথক হয়েছে যৌবনে। এই তো সেদিন।

কাশেম একখানা হাত ধরে। ফুলমন শিউরে ওঠে।

'ফুলমন! ফুলমন!'

'কি ?

'কাদিস না—কাইল তোরে দিয়া আমু ওপাড়।'

ফুলমন কোন জবাব দেয় না।

কাশেম সেই হাতখানা বুকে জড়িয়ে ধরে বলে, 'মাপ কইরা দে আমার গোস্তাকি।' কাশেম যেন কৈশরের অন্তরঙ্গতায় ফিরে গেছে।

মাপ তো সে অনেক আগেই করেছে, নইলে এত বড় মুখ তোড় মেয়ে কি আজ চুপ করে থাকে ?

প্রহরে প্রহরে রাত্রি বাড়ে। সে প্রহর ঘোষণা করে আম বাগানের শেয়ালগুলো। শিশির পড়ে ছনের ছাউনী বেয়ে। বাইরে দিব্যি ফুটফুটে আকাশ। জোৎস্না নেই কিন্তু তারা আছে অজস্র। শরতের শেষ, শীত কেবল পরছে। একটু একটু উত্তুরে হাওয়া বইছে। কাঁপছে লম্বা লম্বা কাশ ও ঘাসের গুচ্ছ।

কাশেম ভাল করে একখানা বিছানা বিছায়। 'ফুলমন শীত করে না তোর ? এই বিছানায় শোয়। একেবারে থালি হোগলাডায় পইরা রইছস।'

ফুলমন উঠে গিয়ে শোয়। মোলায়েম লাগে কাঁথা কাপড় গুলো। পরিচ্ছন্ন শয্যা থেকে একটা সুন্দর গন্ধ আসে। সে এতকাল ধরে যা বুঝতে পারেনি, আজ অনায়াসে তা বুঝতে পারে। কেন সে কাশেমকে তাদের বাড়ী ছেড়ে যেতে দিতে চায়নি, কেন রহিমকে বলে ছিল যে কাশেম পারবে না গঞ্জে গিয়ে চাকরী বজায় রাখতে ! এমনি করে ক্রমশ ফুলমনের জীবনের সকল 'কেন' প্রাঞ্জল হয়ে ওঠে। কাশেমের ওপর যে তার এত রাগ, এত হিংসা—এর উৎস কোথায় তাও আজ আর ফুলমনের বুঝতে কষ্ট হয় না। সে নিজের মনেই

একটু লজ্জা বোধ করে। তলে তলে সেও তো কামনা করেছে কাশেমের সঙ্গ। শুধু স্বীকার করতে পারে নি সজ্ঞানে। এ তার মনের দুর্বলতা বই আর কিছু নয়।

আবার ফুলমনের বিছানার পাশে এসে কাশেম বসে। কোথায় তার পৌরষ, কোথায় তার ব্যঙ্গ? সে বলে, 'বড় ভুল করছি —এখন দুঃখ হয় আমার, ক্যান্ ভাঙ্‌লাম তোর এ বিয়া?'

ভেঙে যা গেছে তার জন্য আপশোষ করার কি আছে? আড়ম্বর এবং ঐশ্বর্য্যই কি সব? এ বিয়ে হয়ত সুখের নাও হতে পারত। একজন অপরিচিত অজ্ঞাতের চেয়ে কি কাশেম মন্দ? কাশেমের জীবনের সব ছন্দই সে জানে। সব গানের সুরেই তো সে সুর মিলিয়ে গাইতে পারবে। তারা একটু বড় লোক—কিন্তু কাশেমেই বা কম বড় কিসে? তার নানার নিরানব্বই কানি জেগেছে, জেগেছে হোগলা হেউলির ছোপা—ধীরে ধীরে ফলে মুকুলে ফসলে ভরে যাবে চর কাশেম। অপরিচিতের অজ্ঞাত ঐশ্বর্য্যের চেয়ে ভাল নয় কি চিরপরিচিতের চরভরা ফসল?

'জানই তো ফুলমন, ছোট কালে মা মরছে, তার পর মরছে বাপ —তোগো বাড়ী থাইকা কি ভাবে যে দুঃখ কষ্টে মানুষ হইছি সবই স্বচক্ষে দেখছস। কিন্তু কোন কষ্টরে কষ্ট বাসি নাই, কোন দুঃখুরে দুঃখ ভাবি নাই ক্যাবল তোর মুখ চাইয়া।' কাশেম একটা নিশ্বাস ছেড়ে বলে, 'সেই মানুষটারেই আনলাম জোর কইরা, তার মনে দাগা দিয়া!'

এবার ফুলমন আর জবাব না দিয়ে পারে না। 'যদি কই যে আমারে কেও জোর কইরা আনে নাই, আইছি আমি নিজে।'

কিছুকালের জন্য একথা বিশ্বাস করতে পারে না কাশেম।

এমন সময় ফুলমন ধীরে ধীরে কাশেমের একখানা হাত টেনে এনে তার উত্তপ্ত বুকের মধ্যে লুকিয়ে ফেলে। সে তার শ্লথ তনু আর একটু এগিয়ে নিয়ে আসে কাশেমের কাছে। লজ্জার মাথা খেয়ে মুখে কিছু বলতে পারে না ফুলমন। ভেবে ছিল কত কৌশল, কত চতুরতা করবে। তার মনে হতে লাগল কাশেম যেন এক দুগ্ধপোষ্য বালক—আত্ম সমর্পণ করেছে স্নেহময়ী নারীর কাছে—চাইছে সস্নেহ মার্জ্জনা।

সে একটু একটু করে উত্তপ্ত বুকে টেনে নেয় অনুতপ্ত কাশেমকে।

তারপর এক সময় কাশেম তাকে জড়িয়ে ধরে অন্ধ আবেগে। অন্ধকারের আশীর্ব্বাদে সমস্ত ভুল ভ্রান্তি ঘুচে, মুছে যায় যত বৈষম্য ও দৈন্য।

দেখতে দেখতে রাতটা কাটে--

পরদিন অতি প্রত্যুষে আঞ্জু লক্ষ্য করে যে চর কাশেমের খালের ঘাটে ফুলমন হোগলা মাদুর ধুয়ে স্নান করে এলো।

একটু বেলায় আঞ্জু তার কাছে এলে এমন সলজ্জ হাসি ফুলমন হাসে, যে হাসি স্ত্রীলোক জীবনে শুধু একবারই হাসতে পারে।

'বড় যে খোস মেজাজ দেখি?'

সে কথার জবাব না দিয়ে ফুলমন বলে, 'একটু ভাল মাটি দিতে পারো আঞ্জু। চুলা পাতুম?'

'পারুম না ক্যান্? চরে আমাগো মাটির অভাব?'

আঞ্জু মাটি এনে দেয়—উনান গড়ে ফুলমন। গৃহস্থের মেয়ে না জানে কি!

ঘুম থেকে উঠে কাশেম সব লক্ষ্য করে একটু তৃপ্তির হাসি হাসে। সে হাড়ি পাতিল চালমুনের জোগাড়ে যায়।

'একটু তাড়াতাড়ি আইসো।'

'ক্যান্? কোন কাম আছে নাকি? কও—কইরা দিয়া যাই'

'না। কাইল তো কিছু খাও নাই।'

কাশেম মনের আনন্দে হেঁটে চলে। এর মধ্যেই ফুলমন ফুল ফোটাতে সুরু করল চর কাশেমে! সে শুধু সুন্দরী নয়, মমতাময়ী। এ-রূপ ওর এতদিন কোথায় লুকান ছিল? আবার হঠাৎ এত আকস্মিকভাবে টলমল কি করে উঠল রাঙা পদ্মের মত? তবে আর ভাবনা নেই কাশেমের।

নানা কাজে কাশেমের গঞ্জ থেকে ফিরতে একটু দেরী হওয়ারই কথা। তাই সে চাল ডাল হাঁড়ি পাতিল বাড়ী পাঠিয়ে দিল হাফেজের মারফতে। খুব ভাল দেখে শাড়ীও কিনে দিল একখানা। শাড়ীর রঙেই চোখ ধাঁধাঁয়।

ফুলমন খুসি হয়। সে শাড়ীখানা না পারে পরে না। ঐ শাড়ী পরেই রান্নাবান্নার কাজ সারে। বেলা বেশ হয়েছে, তবু কাশেম আসে না।

হঠাৎ একটা দৌড়াদৌড়ি চেঁচামেচি শোনা গেল—পুলিশ পুলিশ।

ফুলমনের হাতে কাদা, কি যেন করছিল—সে কতকটা বিস্মিত হয়ে চেয়ে থাকে।

কিছুক্ষণের মধ্যেই ছোট একটা পাল্কী বোরখা ও পর্দা নিয়ে হাজির হয় ফুলমনের চাচা। বাড়ীতে যতটা থাক বা না থাক তার চেয়ে অনেক বেশী আব্রুর ঢক্কা বাইরে।

'মিঞা ভাই মারা গেছে তোর শোকে। একি! তোর হাতে কাদা ক্যান্? তোর পরণে যে পাটের শাড়ী?'

পঞ্চাইতের কথায় হঠাৎ ফুলমনের মনটা ঘুরে যায়। সে কেঁদে ফেলে।

'ডাকাইতরা আমারে বাঁদী কইরা রাখছে……ও রাজানগো ……চাচা আমারে বাড়ী নিয়া চল।'

'কান্দিস না, কান্দিস না—হাত ধোও, বোরখা পর।'

বোরখা পরে ফুলমন পাল্কীতে ওঠে—পর্দা ধরে আটজনে। সে কাঁদতে কাঁদতে পঞ্চাইতের নায়ে গিয়ে ওঠে।

নদীর এপাড়ে একটা এলাকা ওপাড়ে আর একটা। দু এলাকার পুলিশ একত্র হয়ে সকলকে বাঁধে। চরকাশেমের একটি বাসিন্দাও বাকী থাকে না। কাশেম দুর্ভাগ্যক্রমে এসে পরেছিল গঞ্জের কাজ সেরে। সেও ধরা পরে। নিরীহ রসময় তো আগেই ধরা পরেছে।

কেঁদেকেটে ফুলমন স্থির হয়।

তাকে জবানবন্দী দিতে হবে একটু বাদে। এখন তার ওড়না ও শাড়ীর জন্য তল্লাসী চলছে ঘরে ঘরে। পঞ্চাইততো সঙ্গে সঙ্গেই আছে সনাক্তদার হয়ে। যে ঘরে পুলিশ ঢোকে, ওড়নার বদলে কান্না শোনা যায় স্ত্রীকণ্ঠের। ধানে চালে একাকার।

দুপুর বেলার চড়া রোদ। তাতে তখন পর্য্যন্ত খাওয়া হয়নি কারুর। কাশেম তো দুদিনের উপবাসী। আবার এসেছে নানা স্থান ঘুরে টাকা পয়সার ফিল-ফাজিল ভেঙ্গে। রসময় বৃদ্ধ। ছাগলের পালের মত বাঁধা লোকগুলো ভিতর ওরাই যেন দুজনে ক্লান্তিতে ভেঙ্গে পরেছে।

ফুলমনের নায়ের জানালা দিয়ে সব দেখা যাচ্ছিল। বড় দারোগা এল তার খোপে।

'বলো তো মা ঘটনা কি ঘটেছিল তোমার বিয়ের রাতে?'

'ওই তো ওরা ঐ কাশেম রহিম রসময়...।'—পঞ্চাইত জোগান দেয়।

'চুপ করুন পঞ্চাইত সাহেব, ওকে বলতে দিন।'

'কি হয়েছিল মা? কাকে কাকে তুমি দেখেছ? দেখো তো চিনতে পার কি না?'

কোন জবাব দেয় না ফুলমন। লজ্জায় মুখ বের করে কারুর দিকে তাকাতে পারে না।

'এমন করলে তো তোমাদেরই ক্ষতি। দুষ্ট দুষমনের বিচার হবে না। মুসলমান মেয়েরা ভারী লাজুক।'

একটু জল খেতে চায় কাশেম। পাহারাওয়ালা ধাক্কা মারে। 'চুপ শালা।'

পরিশ্রান্ত কাশেম ধাক্কা সামলাতে পারে না। মাটিতে লুটিয়ে পরে। দড়িতে টান লেগে রসময়ও ওর পায়ের ওপর গড়িয়ে পরতে পরতে টাল সামলে নেয়।

নায়ের খোলা জানালা দিয়ে ফুলমন সবই দেখতে পায়। কাশেম ও রসময় হাঁপাচ্ছে।

পঞ্চাইত জিজ্ঞাসা করে, 'কিরে চুপ কইরা থাকবি, কিছু কবি না?'

'ক্যান কমু না চাচা? এই তো কই।' ফুলমন একটা ঢোক গিলে বলে, 'দারোগা বাবু আপনে বাপের তুল্য—আপনার কাছে যা

কই তা সত্য। আমি নিজের ইচ্ছায় আইছি আবার যখন খুশি হইবে নিজের ইচ্ছায়ই বাড়ী যামু।

দারোগা বারবার জেরা করে, ফুলমন দৃঢ় হয়ে থাকে।

'কি পঞ্চাইত সাহেব?'

'তবে নৌকা খুলি।'

'আপনার মর্জি।'

'তেওয়ারী ওদের ছেড়ে দাও।' দারোগা একটু বিরক্ত হয়ে বলে, শুধু পুলিসের দুর্ণাম।'

## ১৫

পিতার মৃত্যুতে অধীর হয়ে পড়েছিল ফুলমন। সে বুঝে দেখে যে এখন শোক করলে চলবে না। তাদের সম্পত্তি টুকরা টুকরা হয়ে যাবে। কথায় বলে মুসলমান মরলে নাকি বাড়ীর বড় মোরগটাও একটা অংশ পায়। তবু ফুলমন এবং তার মা-ই বড় অংশীদার। পঞ্চাইত চাইবে তাদের হাত করতে। মা অপেক্ষা করে থাকবে মেয়ের আশায়। কাশেমকে জামাই করায় এখন তার সুবিধাই বেশী। পঞ্চাইতকে জব্দ করতে হলে এখন যথেষ্ট জনবলের প্রয়োজন। মায়ের নিশ্চয় পছন্দ হবে কাশেমকে, আর মেয়ের তো হয়েছে আগেই।

একটি রাত্রির সহবাসে, একটি রাত্রির সোহাগে সম্ভোগে কি যে বশীকরণ মন্ত্র ছড়িয়ে দিয়েছে ঐ যোয়ান কাশেম তা ফুলমন ভাবতেও পারে না। এত 'সুখও দুনিয়ায় আছে, এত শান্তিও লুকান থাকে পুরুষের হিম্মতে!

কাশেমের খানাপিনা হয়ে গেছে। ফুলমন সকল কথা ভুলে তার সংসার গুছায় আর বার বার অনুভব করে—গত রাত্রির মর্মান্তিক পীড়ন। সে যেন বেহস্তে গিয়েছিল গত নিশায়। তার স্তনবৃন্তে, কপোলে, গুরুভার উরু সন্ধিতে এখনও যেন জড়িয়ে আছে সে মহা পীড়ন!

ফুলমন সন্ধ্যা হতে না হতেই আবার শয্যা বিছায়। আলো জ্বালায়—প্রতীক্ষায় বসে থাকে।

এমনি করে কিছু দিন কাটল ফুলমনের। কাটল মত্ত হাতীর পাগলা নেশায়।

কিন্তু একদিন আঞ্জু ফুলমনকে ক্ষেপিয়ে তোলে। 'কিলো, মাছের গোন্দ লাগে ক্যামন? জাউল্যার গায়ের ঘসা? বড় যে ডুইবা গেছ আমোদে? একবারও দেখি যাও না আমাগো বাড়ী?'

'মুখ সামলাইয়া কথা ক' ছোট লোকের ঝি।'

আঞ্জু এসেছিল রহস্য করতে কিন্তু রহস্যের পরিণতি যে এমন ভীষণ দাঁড়াবে তা' সে ও কল্পনা করেনি। তার মুখ থেকেও যা প্রথম বেরিয়েছে তা উপভোগ করার মত নয়—হয়েছে শ্লেষোক্তি।

'ওরে আমার বাদশাজাদী, তোর সাথেও কথা কমু মুখ সামলাইয়া। তোর 'কাশমারেও' ডরাই নাকি আমি?'

'কি কইলি, 'কাশমা'!' ফুলমন আশ্চর্য্য হয়ে যায়।

'হয়, হয়—'কাশমা', হাসমার পো 'কাশমা'। আমার আঠু (হাঁটু) কাপে না ডরে। আমি কত দেখছি অমন মাইগ্যা পুরুষ।'

ফুলমন স্তব্ধ হয়ে থাকে। সে মুখরা বটে কিন্তু আঞ্জুর সঙ্গে জবাব

দিয়ে এঁটে উঠবে এমন মেয়ে নয়। বড় ঘরের মেয়ে হয়ে সে শুধু শাসিয়ে বেড়িয়েছে সকলকে। কেউ তো তার প্রতিবাদী হতে সাহস পায় নি। এখানে সে যাব জোরে জোর করবে তাকেই তো গ্রাহ্য কবে না এই সামান্য আঞ্জু।

খেদে ক্রোধে ফুলমনেব বুকটা ফেটে যেতে চায়। আঞ্জুই এসে বিশ্রী ঠাট্টা জুড়ে দিল, আবার তাব কথারই ধার বেশী! সে এ সমাজে কি করে থাকবে? কেমন কবে দিন কাটাবে এমন মর্য্যাদাহীন কাশেমকে নিয়ে? নিত্য দু বেলা সে কি ঝগড়া কবতে নামবে? সে একটু বদ রাগী, খানিকটা খামখেয়ালীও বটে। তা সে নিজেও যে না জানে তা নয়। তবে অভদ্র নয় সে। বচসা কবতে হলেও সে কিছুতেই নেমে যেতে পাবে না একেবারে নীচু ধাপে। আঞ্জুরা সামান্য নিয়ে যা সমাবোহ করতে পাবে, তা ওব কাছে অসম্ভব। এখানে থাকতে হলে রীতিমত গলায় শান দিয়ে রাখতে হবে। একটুতেই প্রয়োগ করতে হবে সেই ক্ষুবধাব ছুবি।

আঞ্জু কখন চলে গেছে তা দেখেনি ফুলমন। সে ঠায় বসে থাকে পৈঠায়। সন্ধ্যা ঘনিয়ে আসে তবু তাব ইচ্ছা কবে না বাতি জ্বালতে।

সেদিন সে কি অন্যায়ই না করেছে চাচার সঙ্গে না গিয়ে। এমন কদর্য্য আবেষ্টনেব মধ্যে সে নিজেকে ইচ্ছা করেই সমর্পণ করেছে। তাব পিতা মাতা ও বংশের আভিজাত্যেব একটা তুলনামূলক সামালোচনা আসে তার মনে। সে সবেব তুলনায় এরা কত নিকৃষ্ট, কত ঘৃণ্য এদের চাল চলন।

কাশেম বাড়ী ঢুকেই বুঝল যে একটা কিছু হয়েছে। তবে সে অনুমান করতে পারে না যে কেন এবং কি কারণে আঞ্জু এসে খোঁচা

দিয়ে গেছে ফুলমনকে। এতটা যে গড়াবে আঙুও হয় তো বোঝে নি।

'আন্ধারে যে?'

একটা দীর্ঘ নিঃশ্বাস ছেড়ে ফুলমন উঠে গিয়ে প্রদীপ জ্বালায়।

'কি হইছে?'

ফুলমন দুঃখে ঘৃণায় জবাব দিতে পারে না।

'বড় সে গোসা গোসা ঠেকে?'

এবার ফুলমন খাওয়া দাওয়ার সমস্ত সামগ্রী এগিয়ে দিয়ে বিছানায় শুয়ে পরে। রান্না সে দিন থাকতেই সেরেছে। হাত পা ধুয়ে কাশেম তার নিকটে এসে বসে, 'হইছে কি ফুলমন?'

'আমি কাইল ওপাড় যামু।'

'ক্যান্? কেও কইছে নাকি কিছু?'

ফুলমনের ইচ্ছা করে না যে আঙুর কথা উত্থাপন করে, আবার হাজারটা প্রশ্নের উত্তর দেওয়া। সে শুধু বলে, 'না'।

'তবে?'

'আমার মন ভাল লাগে না।'

'তয় যাইও—পরান ঠাণ্ডা হইলে আবার আইও।'

'আমি আর আমু না চর কাশেমে।'

এতদিনে কাশেমও বুঝেছে, তর্ক এবং জোর করে কাউকে বাধ্য করা যায় না। বশ্যতা স্বীকার না করলে কিছু সুখের হয় না। তাই সে বলে, 'ভাল না লাগলে আইও না—করুম কি আমি!'

প্রদীপটা নিভে আসছে, তেল ঢেলে দিয়ে এলো কাশেম। 'খাবা না? যাবা তো কাইল—উপাস থাকবা কি দোষে?'

ফুলমনের কাজ কাশেম করে, দুজনের ভাত বাড়ে—ছালুন নেয় পাতে। কাঁচের একটা গ্লাস—সেই গ্লাসটায় জল ঢেলে ফুলমনের থালাখানার পাশে রাখে। সে জানে যে গ্লাস না হলে ফুলমনের অসুবিধা হয় খুবই। কাশেম পারে খাওয়া শেষ হলেও মুখ ধুয়ে জল খেতে। অভ্যাস আছে সবই। ফুলমনকে সেধে এনে পাতের কাছে বসায় কাশেম। 'ঘরের বৌ উপাস কইরা গেলে বড় দোষ। শুধাশুধি কেন হবা বদের ভাগী? আমি দুঃখ পাইলে দূরে গেলেও বুক পোড়বে। করছ তো কয়দিন সোংসারী।'

অভিমানিনী ফুলমন খেতে খেতে কাঁদে। কাশেম তাকে অনেক প্রবোধ দেয়। ফুলমনেরও মনে পরে ওপাড়ে অসুবিধার কথা। পিতার মৃত্যুতে তাদের সংসার শতধা বিচ্ছিন্ন হয়ে গেছে। এখন আর লাভ নেই সেখানে গিয়ে। তাকে এখানেই থাকতে হবে। শিখিয়ে বুঝিয়ে নিতে হবে এই কাশেমকে। আঞ্জুর সে তোয়াক্কা কি রাখে? তারই তো চর কাশেম। সে কি পোড়ারমুখী আঞ্জুর কথায় ফেলে যাবে সব? ঠেলে যাবে পা দিয়ে এত বড় একটা চরের ঐশ্বর্য্য? আঞ্জু হয়ত তাই চায়। কিন্তু ফুলমন এমন বোকা নয়। সে ফেলেও যাবে না ঠেলেও যাবে না খোদা যা তার নসিবে জুটিয়েছে। মন্দ কি কাশেম? মন্দ নয় তো তার উদ্দাম ভালবাসা।

গভীর রাত্রে কাশেম ফের জিজ্ঞাসা করে, 'যাবা নাকি কাইল?'

'না গো, না।'

উত্তর শুনে কাশেম আবার তাকে আনন্দে বুকে চেপে ধরে নিবিড় ভাবে।

সে নিপুণ হাতে ফের তার সংসার গুছিয়ে নিতে আরম্ভ করে। তবু ঠিক যেমনটি প্রয়োজন তেমনটি করতে পারছিল না পয়সার অভাবে। ক্রমে ক্রমে সে জানতে পারল যে কাশেম আর মাছ ধরতে যায় না তার ভয়ে। কেবল ধার কর্জ্জ করে সংসার চালায়। এ তো মোটেই ভাল নয়। এমন ধার কর্জ্জ করে সংসার চালানো মানে দেনার দায়ে চর কাশেম খোয়ানো। না, ফুলমন চর কাশেমের এক কানি জমিও নষ্ট হতে দেবে না। তার সুখ শান্তি মান সম্মান সব কিছু নির্ভর করছে এই চরকে কেন্দ্র করে।

কেমন যেন একটা মায়াও হয়েছে ফুলমনের। সে যখন চেয়ে দেখে আমবাগানের পূব দিয়ে একটি মাত্র অগভীর খালের ব্যবধান রেখে ধীরে ধীরে নেমে গেছে এই বালুচর ঢালু হয়ে নদীর কোল পর্যন্ত তখন মনে হয় কত বড় এই চর! কে বলে মাত্র নিরানব্বই কানি? সে এই চরে শুধু তো গ্রাম নয়, গঞ্জ গড়ে তুলবে। ফসল যতদিনে না ফলবে, আসল সে কিছুতেই খোয়াতে দেবে না। সে মেছো মেছোনীর হাট বসাবে। বাদশা করবে কাশেমকে। শুধু সোহাগে সম্ভোগে নয়— চর কাশেমের ঐশ্বর্য্য নিঙ্‌ড়ে মণিহার গড়িয়ে দেবে কাশেমের গলায়। যদি সে ঐশ্বর্য্য জলে থাকে তাকে কূলে তুলতে হবে। তুচ্ছ করলে তো চলবে না। এতদিনে ওপাড়ে তার মেছোনী খ্যাতি হয়েছে। সে তো খ্যাতি নয়, অখ্যাতি। সে অখ্যাতি ফুলমন ঢাকবে রূপোর দশটা হাঁসুলি, পাঁচজোড়া বাজু, হরেক রকম মল গড়িয়ে। সে একদিন কাশেমকে নিয়ে কোষ নায়ে চড়ে ওপাড়ে যাবে—নিত্য নতুন গয়না পরে তাজ্জব লাগিয়ে দিয়ে আসবে চাচা চাচিকে। সেদিন সবাই বুঝবে মেছোনীর কি মহিমা!

ফুলমন আজই বলবে কাশেমকে মাছ ধরতে যেতে। কিন্তু একটা মুস্কিল। বিয়ের পরে যে স্বামীকে আপনি বলার একটা দেশী রেওয়াজ আছে তা ফুলমন বদলে দিতে চায়। তাদের বিয়ে যেমন বাপ মায়ের বা কোন অভিভাবকের ইচ্ছায় কিম্বা মতের অপেক্ষা রাখেনি, তেমনি ডাকটাও হবে খেয়াল খুশির ডাক। এতদিন ধরে সে মাঝামাঝি একটা কিছু বলে কাজ চালিয়েছে। কিন্তু আজ বদলাবে। বলবে 'তুমি' 'তুমি', যদি কাশেম অসন্তুষ্ট হয় তখন না হয় বোঝা যাবে।

কাশেম বরঞ্চ খুশিই হয়। খোস মেজাজে জবাব দেয়, 'কিগো ফুলপৈরী ?'

সে আবেগে ভরপুর। সে এখন সম্পূর্ণ বিজয়ী। ফুলমনকে ছেড়ে তার এক মুহূর্ত্তও এদিক ওদিক যেতে ইচ্ছা করে না। পাহারা দিয়ে রাখতে ইচ্ছা করে সাপের মাথার মণির মত। কত কষ্ট করে সে আহরণ করে এনেছে ! কত আসমান-জমিন ঢেউ ঠেলে !

দিন যায়।

ক্রমে ক্রমে মাসও প্রায় কাটে। সংসার নতুন হলেও তার একটা ব্যয় আছে। ফুলমনের গায় যাতে দুঃখের বাতাস না লাগে তার জন্য অন্যের চাইতে অনেক বেশী খরচ করতে হয় কাশেমকে। তাকে কষ্ট দেওয়া মানে নিজের অক্ষমতা প্রকাশ করা। কোন পুরুষই জ্ঞান থাকতে তা নববধূকে জানতে দিতে রাজী নয়। বিশেষত ফুলমনের মত মেয়েকে।

তাই সময় সময় তার চোখের রং মিলিয়ে যায়, নেশার আমেজ কমে আসে। অর্থের চিন্তায় তাকে অস্থির করে তোলে। কেউ তো জানে না, সে কয়েকবার টাকা ধার করে এনেছে গঞ্জে গিয়ে প্রমীলার কাছ

থেকে। এমন করে আর কতদিন চলতে পারে! নিজের একটা ধরা-বাঁধা আয় না থাকলে পরের সাহায্য কিছু নয়।

এর ওপর আবার হঠাৎ মেঘ জমল। আকাশে মেঘ দেখলে অতটা ভয় পেত না জেলের ছেলে। মেঘ দেখল ঘরে। ফুলমনের মুখখানা কদিন ধরে কেন জানি ভার ভার। যে খামখেয়ালী মেয়ে ফুলমন! কখন পান থেকে চুন খসল তা বোঝাই দায়! জেলের মগজে অন্তত সে বুদ্ধি নেই। ওকে নিয়ে সংসারী করা যে-সে কথা নয়! কাশেম ভয়ে ভয়ে চলে।

এই রোদ, এই মেঘ—আলোছায়ার এক অদ্ভুত খেলা। এ রহস্য বুঝে বুঝে পা ফেলা বড় সুকঠিন। কি হ'লো আবার ওর? কাশেম জিজ্ঞাস করবে কিন্তু ভরসা পায় না।

'হাওলাদার।'

চমকে ওঠে কাশেম। তবু জবাব না দিয়ে কি উপায় আছে! 'কি?'

'মাছ ধরতে যাওনা ক্যান্?'

যাক। তবু ভাল। 'এই যাই না, যাইনা—তুমি তো মাছের গন্দ সইতে পার না। তাই, বোঝলা নি…?'

'সেদিন আর নাই হাওলাদার।' নির্লজ্জা আঞ্জু এসে দুয়ারে দাঁড়ায়। ঝগড়া তর্কের কথা যেন, বেমালুম ভুলে গেছে, বলে, 'দুই আঙ্গুল তেল ধার দিতে পার না ফুলমন? বড় অসময়ে আইছি—না?'

আঞ্জু চেয়ে দেখে যে তার ঘরে তেল বাড়ন্ত আর ফুলমনের ঘরে তেল অফুরন্ত। টাটকা নারকেল তেলই দু শিশি। কটু তেল আছে বড় বোতলের এক বোতল। কাশেম খাটে না তবু জোটায় কি

করে? আগের জমানটা হয়ত ভাঙে, যে টাকা গোপন করে রেখেছিল এতদিন!

'একটু নারকেল তেল দাওনা, মাথাডা আমার ব্যথা।'

ফুলমন কি আর বলবে, একটা শিশি নামিয়ে আনে। শত হলেও চর কাশেমের সে নতুন বৌ, তাকে বলতে হয় ভদ্রতার খাতিরে, 'হাতে দিমু কি, বসো মাথায় দিয়া দিই।'

ফুলমনের কথামত আঞ্জু বসে। তাকে অনেকক্ষণ পর্যন্ত তেল দেয়। তার সুদীর্ঘ চুলের গুচ্ছও আঁচড়ে দিতে হয় পরিপাটি করে। ওদিকে আঞ্জুর উনানে ডাল পোড়া লাগে। তবু সে উঠতে চায় না।

চুল আঁচড়ান সারা হলে এত যত্ন করে এবং সেদিনের সকল অপরাধের কথা ভুলে গিয়ে যে ফুলমন প্রসাধন করে দিল, তার কাছে বিদায় না নিয়ে, বিদায় নেয় কাশেমের কাছে। 'চলি হাওলাদার।'

চরের সকলেই বঁড়শি নিয়ে প্রত্যহ নদীতে যায়। যা পায় তা দিয়ে টানাটানি করে সংসার চালায়। কিন্তু চলে না একটি পয়সাও বাজে কাজে ব্যয় করা। আর বাজেই বা বলা যায় কি করে? কেউ চায় একটু কোরানসরিফ পড়াতে। কেউবা চায় হাওলাদার ও ফুলমনকে একটু নিমন্ত্রণ করে খাওয়াতে। কাউরবা ইচ্ছা করে দুদিন ঘুরে একটু যাত্রা বা জারী গান শুনে আসে নিকটের গঞ্জ থেকে। আর কাঁহাতক ভাল লাগে গাধার মত খাটতে! কিন্তু বুড়ো কৈবর্ত রজনী আত্মতুষ্ট। সে সন্ধ্যাবেলা একা একা খঞ্জনী বাজিয়ে গান গায়, একা একাই তা শোনে। গুরুর নাম করতে পারলে সে আর কিছু চায় না।

কোথায় যেন একবেলার জন্য গিয়েছিল কাশেম। সে বাড়ী ফিরে দেখে যে ফুলমন একটা আশ্চর্য্য কাজ করেছে। একখানা পুরান ইলশা জাল ছিল, যা ডোঙা নায়ে একা একা বাওয়া যায়। তা নিপুণ ভাবে মেরামত করে দিয়েছে। এখন টন টন করছে জাল। জলের মধ্যে সরসর করে চলবে।

হাওলাদার প্রশ্ন করে, 'কে শিখাইল ফাঁস গড়া? একেবারে টুকরা টুকরা হইছিল! আমি থুইছি ত্যাগ কইরা।'

'শিখছি ঐ বাড়ীর বৌয়র কাছে। দেখো তো পারছি কিনা মাইলা মিলাইয়া লায় লায় ( ক্রমশ ) ছোট করতে?'

'চোমৎকার পারছ!'

জাল ছেড়ে জেলেনীকে চুমো খায় কাশেম।

'ধ্যেৎ, কামের সময় যত আকাম।'

বর্ষার দেরী আছে। তবু ফুলমন জোর করে কাশেমকে নদীতে পাঠায়।

'অকালে যামু জাল লইয়া ইলশা ধরতে?'

'যাও না। মাছ চলে বারমাস নদীতে। বাজান এইকালে কত মাছ কিন্যা আনছে দক্ষিণ থিকা।'

সকলে ঠাট্টা করে। কাশেমও যায় লজ্জায় একা একখানা নায়ে।

কোথায় ফেলবে জাল? চর কাশেমের বাসিন্দারা হয়ত দেখে ফেলবে কাশেমকে। সে নদীর সোজা বাঁকে জাল না ফেলে একটা কনুই ভাঙা মোড়ে জাল ফেলে। সেই মোড়ে নদীর জল একটা পাক খেয়ে সোজা দক্ষিণে নেমে গেছে। কাশেম দড়ি ছাড়ে ইচ্ছা মত, নদীর বুক ঠেকিয়ে। ধীরে ধীরে ঘুরে ঘুরে দক্ষিণে নেমে আসে জাল। একটা

হুটো অনেকগুলো টান পড়ে হাতের সুতোয়। কাশেম তাড়াতাড়ি জালের মুখ বন্ধ করে উপরে টেনে তুলতে চেষ্টা করে। জল তো একটু নয়। কিন্তু জাল যে তোলা যায় না। হাতের দড়ি ছিঁড়ে নিয়ে যাওয়ার জোগাড়। কুমীর পড়ল নাকি? না, না। কাশেম সুতোয় এবং দড়িতে কয়েকটা টান দিয়ে একটা কিছু ঠিক করতে চেষ্টা করে। কুমীর হলে কি ঐ পাতলা জালে এতক্ষণ বন্দী থাকতে পারে? ইলিশ মাছও তো নয়। উঠল প্রায় শ'খানেক একহাত দেড়হাত শিলন। ঝাঁক সমেত ঢুকে পড়েছিল জালে। জাল তুলে কাশেম আর দেরী করল না। সোজা চলে চরের দিকে।

একেই বলে ভাগ্য। শিলনের ঝাঁকের সঙ্গে পোমাও উঠেছে, দুটো ইলিশও দেখা যাচ্ছে।

চরের পাকা জেলেরা বলে, এসব নতুন কিছু নয়। দক্ষিণের লোকেরা এমনি ঘোপে ঘাপে ছোট ফাঁসের ইলশা জাল বায়, মাছ ওঠে সব রকম। আগে তারা ঠাট্টা করেছে না বুঝে।

এসব দেখে জাল তৈরীর ইচ্ছা হয় সকলের। এবং দু'রাতে প্রত্যেকে এক এক খানা করে জাল বুনে শেষ করে। স্বামী স্ত্রীতে কিংবা অন্য কেউ দুদিক দিয়ে জিদ করে কাজে লাগলে আর কতক্ষণ লাগে!

এর পর একদিন আনুষ্ঠানিক ভাবে বিয়ে হয়ে গেল কাশেম ও ফুলমনের। কাশেম ভেবেছিল একটু আড়ম্বর করে খাওয়াবে। কিন্তু হিসাবী ফুলমন তা বাতিল করে দিল। দাওয়াত করার সময় ঢের আছে। তার আগে ঘরখানা তোলা উচিত টিন কিনে।

সারি সারি ডোঙা যাওয়া আসা করে চর কাশেমের খাল দিয়ে। সারি সারি জেলের নাও। নতুন জালে মাছও কিছুদিন পাওয়া গেল

প্রচুর। কিন্তু শীত কেটে যাওয়ার সঙ্গে সঙ্গেই এলো দক্ষিণে হাওয়া। ক্ষেপে উঠল নদী। দেখতে দেখতে ছোট ছোট ঘোলা মূর্তি ধরল সেই রূপকথার রাক্ষসীর। ক্ষণে ক্ষণে রূপ বদলায়।

চিন্তা হলো চরকাশেমের বাসিন্দাদের। এখন আবার কি করা যায়? দিন দিন নদীর সঙ্গে তাল রেখে প্রকৃতির সঙ্গে যুদ্ধ করে বেঁচে থাকা কম কথা নয়! যেমন যেমন নদীর মূর্তি বদলাবে তেমন তেমন ওদের পেশারও রকম ফের করে চলতে হবে। একটা কিছুকে আশ্রয় করে স্থির থাকা যাবে না কোন কালে। কিন্তু বন্যা, তুফান, ঝঞ্ঝা কিংবা শীতের হিমেল হাওয়া অথবা বৈশাখ জৈষ্ঠের চামড়া পোড়ান রোদ আসল কথা নয়, আসল কথা তহবিলের অভাব। ব্যবসা করতে হলে চাই কিছু নগদ টাকা।

রসময় বলে, 'চিন্তা নেই তোদের।' টাকার কোনই সংস্থান নেই, তবু রসময়ের এ আশ্বাসের মধ্যে এতটুকু ফাঁকি নেই—আছে পরম নির্ভরশীল একটা ভরসা, যে ভরসার দীপ্তি ও আলোক শুধু ওর মত বিশ্বাসী লোকই দেখতে পায়। আশার আলো জ্বালিয়ে চলে হতাশ ক্ষুধিতের বুকে চিরদিন।

প্রকৃতি কারুর জন্ম অপেক্ষা করে না। কোন শোক দুঃখ তার গতি রোধ করতে পারে না! নদীর বুকে সাদা বকের পালকের মত শীতের মেঘ তার রং বদলায় চৈতের দক্ষিণা হাওয়ায়। প্রথম দেখায় পাতলা পাতলা ধোঁয়াটে মলিন—তারপর আসে কালো হয়ে। ধেয়ে চলে বল্গাহারা পাগলা ঘোড়ার মত। একটার পর একটা ছুটে

চলে চরকাশেমের্ নদী ও বড় বড় গাছপালার ওপর দিয়ে। সময় সময় আকাশটা যে নীল ছিল তা আর বুঝতে পারে না কেউ। আঁধার হয়ে থাকে জলো মৌসুমি মেঘে। কোন কোন দিন যুদ্ধ চলে উত্তরে ও দক্ষিণে হাওয়ায়। নদীর বুকে ওঠে বেসামাল মাথাভাঙা ঢেউ, যেন পাগলা হাতী মেতেছে জলের বুকে। একটার গায় আছড়ে পড়ে আর একটা। ভেঙে চুরমার হয়ে ফেনায় ফেনায় একাকার করে দেয় চারদিক। চরের জেলেরা আর বড় নদীতে নৌকা বের করে না। খালের কোলে চুপ করে বসে থাকে বড় বড় হোগলা ছোপার অন্তরালে। চোখে শুধু দূরে দেখা যায় কুজ্ঝটিকা, কানে আসে প্রলয় মাতন। বাড়ী ফিরে যায় জাল ও বঁড়শি গুটিয়ে, মেয়েদের হয় মহা ভাবনা। হাঁড়ি চড়াবে কি করে? কিন্তু ঈশ্বরের কি ইচ্ছা! হাঁড়ি চড়ে সকলেরই, যার আছে সে ধার দেয়। যার নেই, সে চেয়ে নেয়। এর জন্য কেউ রুষ্ট হয় না, করে না লজ্জা বোধ।

তবু ওরা বেঁচে থাকে। বেঁচে থাকে, প্রকৃতির সঙ্গে সন্ধি করে নয়—যুদ্ধ করে।

কখনও হাওয়া নেই, মেঘ নেই, কড়া রোদে শুকিয়ে যাচ্ছে পিঠের চামড়া। ওরা জাল কিংবা বঁড়শি বেয়ে বাড়ী ফিরছে কাতার দিয়ে। বৈঠা পড়ছে সমান তালে।

বায়ু কোণে একবিন্দু কালি। চিলিক মিলিক ঝিলিক দেখা গেল গোটা কয়েক। কড়্ কড়্ কড়াৎ…

'হাওলাদার, সামাল্ সামাল্…ফোঁপানি আইছে ঝউড়া কোণে।'

'জোর টান কৈবত্ত ভাইরা।'

'কাল বৈশাখী চিলিক মারে—ডোঙা সামলাও পাড়ের রেতে।'

'যদি পাড় ভাঙে? খাড়ি পাড়?'

'হাওয়ার শোঁষানি 'শব্দ' শোনো না? চুইক্যা পড়ো এই সোঁতা খালে।' পিঠের ওপর দিয়ে ঝড় যায়। গাছ ভাঙে মড় মড় করে, নদী নাচে প্রলয় নাচন—সেই সেদিনের মত।

ওরা কাঁদে না, কাঁদায় না। ঝড় সামলে বাড়ী ফিরে চলে গল্প গুজব করতে করতে।

কিন্তু একি? অনেকেরই ভেঙে গেছে ছনের ছাউনি, তুবড়ে তুমড়ে গেছে রান্নার একাচালা। ওরা হাতে হাতে সারে। কি যেন মোহে তারা বেঁচে থাকে। আবার পরামর্শ করে বর্ষার অভিযানের জন্য। এমন দরিয়ার পাড়ে ধীবর বৃত্তি নিয়ে দিন গুজরান করতে হলে চাই বিশাল জাল, প্রকাণ্ড জেলে ডিঙি, নিদেন পক্ষে তিন খানা। আর তার সাজ সরঞ্জাম।

কাশেম আবার কয়েক দিনের জন্য গা ঢাকা দেয়। ওকে কেন্দ্র করেই তো এই পল্লী। ওকে কেন্দ্র করেই তো এদের সুখ দুঃখ। ওকে সামলাতে হবে সবদিক।

'কেথায় গেল হাওলাদার?' দিবা রাত্রে এমনি পঁচিশ বারও কি প্রশ্ন হয় না!

কোন জবাব দিতে পারে না ফুলমন। ওকে না জানিয়ে যে এমন উধাও হলো তার জন্য এক একবার রাগ হয়, চিন্তা হয় ফুলমনের। কিন্তু আজ কাল একটু একটু রাগ সামলাতে শিখেছে—শিখেছে বুদ্ধি খাটিয়ে উপস্থিত সমস্যাটা নানাভাবে বিশ্লেষণ করে দেখতে।

সন্ধ্যার পর যখন ফুলমনের আঙিনায় রূপালী চাঁদ জ্যোৎস্না ঢালে —হালকা হাওয়া বেড়াগুলো ঝক ঝক করে ওঠে তখন সে একা একা

আর ঘরে বসে থাকতে পারে না। আরও পাগল করে আমবাগানের মিষ্টি গন্ধ। সে হাওলা বেড়ার আড়াল থেকে একটু বাইরে বের হয়। চেয়ে দেখে চরকাশেম স্নান করছে চাঁদের আলোয়। রূপালী বেলে চর বড় অপরূপ হয়ে উঠেছে। সে নরম বালির ওপর পা ফেলে ফেলে হাটে। দুএকটা কাশফুলের গুচ্ছ ছিঁড়ে নেয়। কত মসৃণ, কত নরম। ফুলমনদের বাড়ীর উঠানে একটা ফুল গাছ আছে। সেই ফুলেরই সে যেন গন্ধ পায় কাশের ফুলে।

পিছন থেকে এসে কাশেম তার হাত জড়িয়ে ধরে। 'ফুলপৈরী যে বাইরে।'

ফুলমনের চোখে জল আসে। 'থাউক থাউক অত আদর করা লাগবে না। গেছিলা বুঝি গঞ্জে? ক্যান্?'

সে কাশেমের নিকট থেকে ছুটে পালায়। দূরে গিয়ে একটা বালির ঢিপির ওপর পা ছড়িয়ে বসে পরে। জ্যোৎস্নায় তার গৌর বর্ণ বালিমাখা পা দুখানা চিকমিক করে ওঠে। যেন অভ্রের খনি ভেঙে এসে বসল এক অভিমানিনী নারী। কাশেম ধরতে গেল। 'রাগ করেনা ফুলমন, রাগ করে না অত।'

ফুলমন তো বাধ্য মেয়ে নয়, চির চঞ্চল, চির অবোধ্য। সে আবার ছুটে চলে। এগিয়ে গিয়ে ঘুরে এলো একটা মস্ত বড় ঝাঁকড়া ছোপা। এবার সে আর কাঁদছে না। খেলছে তার বোকা দরদী খসমকে নিয়ে। আর এত আলোতে কি ভাল লাগে আঁধার ঘর। কতদিন সে ছুটো ছুটি করেনি! লুটোপুটি করেনি সরমে। বধূর সামাজিক বাঁধন সে আজ ভুলেছে—মেতেছে খোলা মেলা জ্যোৎস্না ভরা মাঠে।

অনেকক্ষণ বাদে কাশেম হয়রাণ হয়ে পড়ে। সে এমনিতে পরিশ্রান্ত। 'থাউক আর পারি না।'

ফুলমন ধরা দেয়। সেও কম ছোটেনি। 'ক্যান গেছিলা গঞ্জে।'

কাশেম তার মনোতৃষ্ণা আগে মিটিয়ে নেয় ঠোঁট দিয়ে ওর ক্ষীণ কাঁথাল বেষ্টন করে। তারপর বলে, 'নাও গড়াইবার ফরমাইজ দিতে।'

'কইয়া গেলে পারতা না ?'

'পারতাম তো। তুমি আবার কিসে কি ভাবো। এ্যামনেই তো নাম শোনতে পার না ঠারইন দিদির।'

'এখন তো না কইয়াও পারলা না !' হেসে ফেলে ফুলমন। একটা সন্ধি হয়ে যায়। দুজনে হাত ধরাধরি করে ঘরে ফিরে আসে। সারা দিনের সমস্ত ক্লেশ দূর হয়ে যায় কাশেমের।

## ১৬

দুটি একটি টাকা নয়—প্রায় সাড়ে তিনশ টাকা দেনা হয়েছে কাশেমের। বিনা খতে শুধু মুখের কথায় টাকা দিয়েছে প্রমীলা। কাশেম আবার শুধু নিজের জন্য নয়—আনছে একটা গ্রাম রক্ষা করতে। ধীরে ধীরে ও যেমন গোপনে এনেছে তেমনি গোপনেই শোধ করে দেবে।

নৌকা আসতে প্রায় মাস খানেক দেরী। ছোট নৌকা তো নয় যে ফরমাইজ দিয়েই নামিয়ে আনল 'হাওলা' থেকে। সোয়াশ হাত লম্বা তো হবেই—বরঞ্চ বেশী হওয়াও অসম্ভব নয়। কাশেমের কথা মত হাফেজ সোয়াশ হাত জমি মাপে।

'এই এত বড় এক এক খান। হাওলাদার তুমি এবার সওদাগর হইবা।'

'খুশি হইলে এবার সকলে সাজ গড়াও। কত চালি বাঁশ বাখারী বৈঠা দড়ি যে লাগবে!'

'রজনী যে কথা কও না?' হাফেজ প্রশ্ন করে।

'কমু কি! আমি মাপটা দেখলাম—ফোঁফানির সময় তিন তিনডা ঢেউ পাইবে কিনা আগায় মাঝায় পাছায়।'

আর একজন বলে, এ সেই শান্তি কৈবর্ত। 'কিছু দেখার লাগবে না—হাওলাদারের আইজ কাইল ঢেউ জ্ঞেয়ান পাকা হইছে। দিন রাত্তির চচ্চা করে যে শাস্তর তাতে হইবে ভুল!'

রজনী বলল, 'তুই ওঠ এখান থিকা। কাজের সময় ফাইজলামি।'

'তুমি বুড়া হইলা তবু তোমার কাম কমলো না।'

শান্তি এমন ভাবে ব্যঙ্গ করে যে রজনী রাগে গড়গড় করতে করতে চলে যায়।

সকলে হাঃ হাঃ করে হাসে। 'আরে রাগ হও ক্যান্ পাগলের কথায়। শোনো শোনো রজনী।'

হাফেজের ডাকে রজনী ফিরে আসে। আবার বৈঠক বসে। যে কয়দিন নৌকা না আসবে সে কয়দিন চলবে কি করে? আবার নৌকা আসার আগে চাই প্রকাণ্ড ইলসা জাল। তাতে কাঠি ঝুলাতে হবে এবং ভারসাম্য করে সাত আট হাত জলের নীচে ভাসিয়ে রাখতে হবে ফাঁকা তিত্ লাউয়ের ছোট ছোট খোলার সঙ্গে। কোনটাই দামী জিনিষ নয়। এক সুতো এবং মাটির কাঠি ছাড়া কোনটাই হাটে বন্দরে কিনতে পাওয়া যায় না। আনতে হবে খুঁজে খুঁজে

মহা পরিশ্রম করে। তিত/লাউ জোগাড় করাইতো এক সমস্যার ব্যাপার।

তবু সবই সংগ্রহ হবে—শুধু এই কটা দিনের আহার্য্য চাই। শুধু চাল আর নুন। অন্য সব কিছু বাদ দিয়েও পরম সন্তোষে নিতান্ত আগ্রহে জেলে গৃহিণীরা সংসার চালিয়ে নেবে কেবল ঐ দুটি জিনিষ জুটিয়ে দিলে। তারপরও তো বসে থাকবে না। সূতো তুলবে, গাব কুটবে, করবে রকমারী সাহায্য। জাল তো একরকম তারাই বুনবে রাত জেগে। মেয়েদের হাতই চলে বেশী।

কাশেম না হয় আর কয়েক গাড়ী সূতো এনে দিতে পারবে বন্দর থেকে মহাজনের খাতায় নাম লিখিয়ে। এতগুলো মানুষের আহার্য্য জোগাবে কি করে?

রসময় বলে, 'একয়টা দিন দেখতে দেখতে খুঁটে খেয়ে চলে যাবে। জোর একটা মাস বইতো না।'

হাফেজ ডাঁহুক ধরবে। কৈবর্তরা কচ্ছপ কোপাবে—সুবিধা মত ধরবে মাছ। রহিম এসব পারবে না। সে যাবে একখানা নৌকা ভাড়া করে কেরায়া বাইতে। নদীতে বসে সে তার ভাগের জাল বুনে আনবে যদি একা একা আঞ্জু বুনতে না পারে।

প্রকৃতি সম্পদবহুলা। এমনি করে তার ভাণ্ডার লুট করে ওরা চালিয়ে নেবে একটা দিন। তারপর ওদের সারা জীবন আর ভাবতে হবে না। নৌকা হলে কাশেমের সঙ্গে সঙ্গে চরকাশেমের বাসিন্দারাও হবে ছোট ছোট সওদাগর। কাশেমের কাল্পনিক চরের সঙ্গে এ চরের হুবহু কোন মিল নেই সত্যি—তবু কি বাস্তব মধুর নয়? মধুর নয়কি আশা নিরাশার দ্বন্দ্বে সংগ্রামশীল জীবন?

'আর কি চাও, নাও আইবে নাও।'

সব ঘরেই পুরুষদের এক কথা। মেয়েরাও আশায় অধীর। পোড়া কয়লার দাগ দিয়ে তারা দিন গুনে।

শুধু রহিম তার ছেলে দুটিকে নিয়ে যায় কেরায়া বাইতে। যাবে দক্ষিণে—ধান চালের দেশে। আঞ্জু থাকবে মেয়েটাকে নিয়ে। তার খরচ হাওলাদারই চালিয়ে দেবে।

চর কাশেমের বাসিন্দাদের ওপর দুরন্ত চাপ পড়েছে। বন্যপশুর মত সংগ্রাম করতে হচ্ছে জীবিকার জন্য—যে সংগ্রাম সুসভ্য মানুষ কল্পনা করতে পারে না। তারপর চলছে নৌকায় সাজ সজ্জার জন্য অমানুষিক খাটুনী।

তবু সন্ধ্যার পর যখন চরকা চলে, কিংবা দড়ি পাকান হয় তখন সাথে সাথে চলে গান অথবা গল্প। একজনে বলে, দশজনে হাঁ করে শোনে আর তালে তালে কাজ করে। দেখতে দেখতে গৃহস্থ বৌরা জেলে বৌদের সমকক্ষ হয়ে ওঠে। জ্যোৎস্না পক্ষে চরকাশেমে কেউ আর সহজ চোখ বোজে না। চঞ্চল জীবন যেন উছলে পড়তে চায়। চায় প্রতিদিনটিকে কর্মে ও দাক্ষিণ্যে ভরপুর করে রাখতে।

নদীপথ ধরে যারা অসময়ে যায় তারা সোঁতা খালে এসে নৌকা ভিড়ায়। মুগ্ধ হয়ে গল্প অথবা গান শোনে। স্বজাতি হলে এক সঙ্গে পানাহার করে—নিজের দুর্বল ব্যথা বেদনার ইতিহাস জানিয়ে সহানুভূতি অথবা আশ্বাস নয়তো আশীর্বাদ কুড়িয়ে নেয়। যাওয়ার সময় হয়ত কেউ কেউ মিতালী পর্যন্ত পাতায়। যে মিতালী কথার হেঁয়ালী নয়—দরদ ও মাধুর্য্যের। তাই আবার যখন ঐ পথে ফেরে, এসে ঠিক জায়গা মত নাও রাখে। আবার হাসে কাঁদে, তারপর ভোরের

গোধূলীতে বিদায় নিয়ে কোথায় কোন অজানা অচেনা জায়গায় চলে যায়। কয়েক মুহূর্তের সান্নিধ্য হলেও একটা ব্যথার আঁচড় রেখে যায় বহুদিনের জন্য চরকাশেমের বুকে।

এমনি করেই দিন প্রায় ঘনিয়ে আসে। কাশেমকে সকলে গরজ করে একবার গঞ্জ থেকে ঘুরে আসতে বলে। কাশেম একটু হেসে বলে যে এখনও একটু দেরী আছে। কিন্তু সে কথায় কে কান দেয়।

'যাও না হাওলদার। আগে ভাগেও তো হইতে পারে। খবরডা লইয়া আসা ভাল।'

অনেক পীড়াপীড়ির পর অগত্যা কাশেম রাজী হয়।

সে এবার হেঁটে গেল গঞ্জে। কষ্ট তার খুবই হলো। কারণ পায় হাঁটা তো অভ্যাস নেই। কিন্তু সকল কষ্ট তার দূর হয়ে গেল ঠারইন দিদির মুখ দেখে।

প্রমীলা যেন তার জন্যই অপেক্ষা করছিল। 'তুই এসেছিস কাশেম? আজ না এলে কাল তোর জন্য নাও পাঠাতাম।'

'ক্যান্, এত গরজ কিসের? এখন তো ঠারইনদি টাকা দিতে পারুম না।'

'তোর কাছে টাকা চেয়েছি নাকিরে? এমন পাগল তো দেখিনি কোনখানে? ও কটা টাকা কি আমি আবার ফেরৎ নেব নাকি?'

'না ঠারইনদি, চরকাশেমের বাসিন্দারা ধার নেছে, শোধ কইরা দেবে—আমি তো খালি জামিনদার। কেউরে দেনদার রাইখ্যোনা।'

'বড় বড় কথা বলা লাগবে না। আমি তো তাদের চিনিনে—

চিনি তোকে। মায়ের কাছে ছেলের আবার দেনা কিসের রে? তবে তো আমার মাথাটা বিকিয়ে গেছে অনেক আগে।'

যথেষ্ট চিড়া মুড়ি ফলমূল এনে দেয় প্রমীলা—এই মাত্র তার পুজা সাঙ্গ হলো।

প্রমীলা বলে যে জগদীশের শরীর দিন দিন খারাপ হচ্ছে তাই একবার তীর্থে যাবে। হয়ত শেষ বয়সে আর শক্তি সামর্থ থাকবে না। —'সেই সঙ্গে আমিও যাব।'

ইতিমধ্যেই কাশেমের খাওয়া বন্ধ হয়ে গিয়েছিল। 'আবার ফেরবা কবে?'

'জানিনে বাবা—ঠাকুরের ইচ্ছা। যদি শরীর বেশী খারাপ হয় তবে হয়ত উনি শ্রীবৃন্দাবনেই থাকবেন।'

'আর তুমি?'

প্রমীলা একটু ম্লান হাসি হাসে।

কাশেম আর খেতে পারে না। তার কাছে দুনিয়া ঝাপসা হয়ে আসে।

'হাত তুলিশনে কাশেম, খা—খেয়ে ফেল। তোর কোন ভাবনা নেই। এখানে ওঁর বড় ছেলে রইল—পাশ করা বিদ্বান ছেলে। তোর সংগে আলাপ করিয়ে দিয়ে যাবো। যখন যা দরকার এসে চেয়ে নিয়ে যাস।'

কাশেমের মনে রাগ হয়। সে আর পরিচয় করলো না জগদীশের ছেলের সঙ্গে। তার মনে হলো ওর জন্যই বুঝি আজ প্রমীলা এখান থেকে চলে যাচ্ছে। বিদ্বান এবং বয়স্ক ছেলের সুমুখ থেকে জগদীশ গা ঢাকা দিচ্ছে। নইলে—এমন কি শরীর খারাপ হয়েছে বুড়োর।

কাশেম এড়িয়ে যেতে চাইলেও প্রমীলা এই তাড়াহুড়ার মধ্যেও জগদীশের বড় ছেলেকে কাছে ডেকে তার হাতের মধ্যে কাশেমের হাত দুখানা দিয়ে কি জানি বলতে চাইল—কিন্তু কিছুই বলতে পারল না।

প্রমীলার অবস্থাটা সম্যক উপলব্ধি করে জগদীশের ছেলে তাকে সান্ত্বনা দিল যে অধীর হওয়ার কিছু নেই—সে অবুঝ নয় মোটেই।

একটা দিন অপেক্ষা করে কাশেম ষ্টীমারে তুলে দিয়ে যায় প্রমীলা ও জগদীশকে। প্রণাম করে দাসদাসী গোমস্তা কর্মচারীদের মত। তারপর জেঠিতে নেমে একপাশে দাঁড়িয়ে থাকে!

ষ্টীমারটা পাঁজরা ভাঙ্গা আর্তনাদ করে আজ বিদায় নেয়।

কাশেম ফেরে। হেঁটে আসার শক্তি সে যেন হারিয়েছে। তাই ফেরে কেরায়ার নৌকায়।

বাড়ী ফিরলে ফুলমন সকলের আগে জিজ্ঞাসা করে, 'কি নাওয়ের খবর কি? বড় যে মুখখান শুকনা।'

'নায়ের খবর তো জিগাইতে ভুইলা গেছি '

'ভাল। তয় গঞ্জে গেছিলা ক্যান?'

কাশেম সব কথা খুলে বলে।

ফুলমন নিশ্চিন্ত হয়। কিন্তু কেন জানি বুকের ভিতরটা তার আজ শূন্য মনে হয়।

আবার দুদিন বাদে কাশেম গঞ্জের দিকে রওনা হয়। সঙ্গে যায় কয়েকজন। এবার যায় ডোঙায়।

নৌকা গড়ান হয়ে গেছে! নৌকা দেখে তো সকলে আনন্দে অস্থির।

হাওলা থেকে তো নৌকা নাবান হয়নি, এখনও 'তেরছি' দিয়ে তুদিক আটকান কিন্তু ওরা কাঠের চাঁছাছোলা সব পরিষ্কার করতে আরম্ভ করে।

মিস্ত্রীরা দেখে একটু হাসে। 'কেমন নাও হইল হাওলাদার? একেবারে ময়ুরপঙ্খী। পদ্মা মেঘনা যেইখানেই পাড়ি দাও আর ভয় নাই। এই মাস্তলের গুড়া—মাস্তল খাটাবে বড় একটা বয়রা বাঁশের, পাল খাটাবে একজোড়া। কেমন পছন্দ মত তো?'

একজন নৌকা মাপতে চায়।

'দেখো দেখো মাইপা—কিছু 'বলন' আছে। সেইটুকু কাইটা রাইখা যাইও।'

আর কেউ মাপে না।

'আরে ভয় পাইলা নাকি? আচ্ছা, কাইটা রাখতে হইব না—এইবার মাইপ্যা দেখ।'

তিনজনে তিনখানা 'নাও' তিন রকম মাপে। অথচ হাওলার পাশাপাশি তিনখানা নৌকাই সমান। ওরা তিনজনেই শুধু কানাঘুষা করে আর মাপে। তিন চারবার মাপার পর সকলের মাপ এক হয়।

'কি হলো?'

'ঠিক হইছে।'

এতক্ষণ যে মিস্ত্রী কথা বলছিল সেই জিজ্ঞাসা করে, 'কত?'

তিনজনে তিনজনার মুখের দিকে তাকায়। কে আগে বলবে এবং ভুল হলে হাস্যাস্পদ হবে।

এরপর মিস্ত্রী উঠেই মেপে দেখিয়ে দেয় সোয়াশ হাত এক মুঠুম। এ এক মুঠুম ফাউ। বাকীটার দাম দিতে হবে।

টাকা পয়সার আদান প্রদান হলে তিনখানা নৌকা নদীতে নামিয়ে পাশাপাশি বেঁধে দেওয়া হয়। এখন একটু জল উঠবে—অনেকটা ঘামের মত। তা বাড়ীতে গিয়ে গাব আলকাতরা দিলেও চবে।

কাশেম মনে মনে ভাবেঃ নৌকা না তো, মিস্ত্রীরা যা বলেছে তাই সত্য—ময়ূরপঙ্খী। ওরা তিনজন মিলে যেমন লোক চক্ষুর সুমুখেই প্রলুব্ধের মত নায়ের গায় হাত বুলিয়েছে তার চেয়ে অনেক বেশী হাত বুলায় কাশেম। এতটুকু কাদা পর্য্যন্ত ধুয়ে মুছে ফেলে নিজের গামছা ভিজিয়ে। 'পানের কাদা খায়, নায়ের কাদা গায়—একটু হুঁশিয়ার হইয়া হাত পা ধুইয়া উইঠ্যো মণিরা।'

নৌকা তিনখানা তিনজন নর্ত্তকীর মত নাচতে নাচতে যেন এগিয়ে চলে চরকাশেমের দিকে।

তিনজনে তিনখানা হাল ধরে ভাটিয়ালী গান ধরে দেয়।

'কত হইল?' একজন জেলে প্রশ্ন করে, 'বড় বাহাইরা ঢক্ হইছে তো!'

'সোয়া তিন শ।' কাশেম জবাব দেয়।

'এ্যা—মাগনা দেছে।'

তার উত্তরে কাশেমের সে গঞ্জে কতখানি প্রতিপত্তি রাখে প্রমীলার জন্য তাহাই খুলে বলে।

ছোট ছোট ঢেউয়ে আবার নাচতে নাচতে এগিয়ে চলে নৌকাগুলো।

খালের ঘাটে নৌকা ভিড়তেই আজ মুসলমান পাড়ার পর্দা আবরু ঘুচে যায়—হিন্দু বাড়ীর বৌঝিরা আসে শাঁখ নিয়ে। মত পৃথক হলেও, মুসলমানরা অসন্তুষ্ট হয় না। জান যে বাঁচাবে তাকে যে যার

মনের মত করে বরণ করবে এতে দোষ কি! ওরা বরঞ্চ খুশি হয়ে চেয়ে দেখে হিন্দু বৌদের কাণ্ড কারখানা।

ফুলমন এক বৌর হাত থেকে একটা শাঁখ কেড়ে নিয়ে গোটা কয়েক ব্যর্থ ফুঁ দিয়ে হাসিতে ভেঙ্গে পড়ে।

## ১৭

সব সাজ সরঞ্জাম নৌকায় উঠেছে। উলঙ্গ নৌকা তিনখানা যেন আভরণ পড়েছে। এখানে বাকী আছে কি! সাধারণ জীবন ধারণের জন্য যা যা প্রয়োজন তা তো আছেই। তার অতিরিক্ত ও অনেক কিছু আছে। আছে দড়ি কাছি জাল নোঙর, নানা রকম হাল্কা ভারী অস্ত্র। সবই সঙ্গে থাকা চাই। কখন কোনটা লাগে বলা যায় না।

রহিমের জন্য আজ কদিন নৌকা খোলা হচ্ছে না। তার ফেরার সময় উৎরে গেছে। চিন্তিত হয়ে পড়েছে চরের বাসিন্দারা, কোথায় গেছে কাউকে বলেও যায় নি—এখন আন্দাজে কি তল্লাস করা যায়? হাটে হাটে খবর নিচ্ছে কাশেম, ঘাটে ঘাটে জিজ্ঞাসা করছে ঘাট মাঝিদের তবু কোন হদিস মিলছে না। নদীর বাওড়ে বাওড়েও লোক পাঠান হলো। কি জানি সারারাত হয়ত বাওড় বেয়ে হয়রান হয়ে পড়েছে। রাত কানায় মাঝি মাল্লাদের একা পেলে এমনি নাস্তা-নাবুদ করে ছাড়ে। ওগুলো জিন পরীর থেকেও কম মারাত্মক নয়। নৌকা ডুবিয়ে ঘাড় মটকে রেখে যায় নদীর আনাচে কানাচে কিম্বা বড় ফাটলে।

অনেক খোঁজ খবরের পর একটা মৃতদেহের সন্ধান পাওয়া গেল, কিন্তু 'নায়ের' খোঁজ মিলল না। ছেলে ছুটোরও না। শবটা ফুলে এমন পচেছে যে তা সনাক্ত করা গেল না।

কাশেম ভাবে কোন 'ফোঁফানীতে' পড়েও মরতে পারে নৌকা। কিছুই ঠিক সাব্যস্ত করা যাচ্ছে না।

আরও কটা দিন গেল তবু রহিম ফিরল না।

চরকাশেমের বাসিন্দাদের আর দেরী করা চলে না। তারা এক জ্যোৎস্না পক্ষে ওর মধ্যেই চতুর্দশী কি মঘা বাদ দিয়ে নদীতে 'বদর বদর' বলে পাড়ি ধরে—যাবে একটু উত্তরে। দিন দেখিয়ে নিয়ে আসে রসময়ের কাছ থেকে।

কাশেম বাড়ী থেকে যাওয়ার সময় ফুলমনের পাশে আঞ্জুকে এসে শুতে বলে। ফুলমন ঠিক না করতে পারে না, তবে তার ভাল লাগে না। সরল বুদ্ধি পুরুষগুলো এমনি করেই গর্ত্তে পা দেয়।

প্রায় মাস খানেক পর্য্যন্ত ওরা বাড়ী ফিরে না। মাঝে মাঝে কিছু সস্তা দরে রেঙ্গুনের চালানী চাল এবং সওদা বেসাতি এক একজনে এসে দিয়ে যেতে থাকে। আর নিয়ে যায় আবশ্যকীয় জিনিষ। আরও একটা মাস গত হলো তবু রহিমের খোঁজ মিলে না। এবার সকলে নিঃসন্দেহ হলো যে সে মরেছে। তাই আঞ্জুও কাঁদল ফুঁপিয়ে ফুঁপিয়ে। তাকে অনেক সান্ত্বনা দেয় ফুলমন। সে ওকে ভুলিয়ে রাখে নানা প্রকার কাজে ডুবিয়ে রেখে। এখন ফুলমনেরও যথেষ্ট দায়িত্ব বোধ জন্মেছে। চরের বড় গিন্নীই সে।

একদিন কতগুলো হাঁসের ছানা কিনে এনে আঞ্জুকে লালন পালন করতে বলে। দিল উঠানের মধ্যেই একটা চৌবাচ্চার মত পুকুর

খুড়ে। ঐ জলে ছানাগুলো ভাসবে—খাবে ছোট ছোট ক্ষুদের কণা। রেঙ্গুনের চালে সে কণার অভাব নেই মোটে।

ফুলমন নিজের ব্যয় লাঘব করার জন্য আব্বুর পাঁচ বছরের মেয়েটার বিয়ের একটা ঠিকঠাক করে রাখে হাফেজের আড়াই বছরের ছেলের সঙ্গে। বিনা পয়সায় ছেলের বিয়ে হবে এ কথায় হাফেজের বৌ খুব খুশি হয়ে। এখন সকলে চরে ফিরলেই এ শুভ কাজটা হয়ে যেতে পারে। তবে ছেলেটার এখনও 'ছুন্নাৎ' বাকী—সেদিন কিছু ব্যয় হবেই। এক ছেলে অমন একটা সুন্দর মেয়ের সংগে বিয়ে দিতে যা খরচ তার সিকি ভাগও ব্যয় হবে না ছুন্নাতে। একজন মৌলভী পড়বে কোরান সরিফ আর একজন নাপিতে নেবে মজুরী!

এবার চরকাশেমের বাসিন্দারা মন্দ সুবিধা করল না। যা মাছ পেল তা তো মুনাফা করেই বেচল—কিছু টাকা দাদনও নিয়ে ফিরল পাইকারদের কাছ থেকে। ওদের নৌকা এবং জালের ভরসাই দাদন দিল পাইকারেরা। ওরা আনন্দে যে যার সুখ্যাতি ও পৌরষের বাখ্যা করতে লাগল।

বিয়ে হয়ে গেল রহিমের মেয়ের। ফুলমনই সব ঘটিয়ে দিল, তাই কাজ হলো তাড়াতাড়ি।

পরের বার চোরে প্রায় হাত চল্লিশেক জাল রাত্রিবেলা কেটে নিয়ে গেল। জালের দাম তেমন বেশী নয়—অসুবিধা হলো মাছ ধরতে। ওরা দাদনের টাকা শোধ না করতে পেরে এ ওকে মন্দ বলতে বলতে বাড়ী ফিরে।

সকলেই বেহুঁশিয়ার।

আবার সুতো কিনে এনে জাল বোনা আরম্ভ হয়। যে কদিন বোনা শেষ না হয়, সেই কটা দিন কাটাবার জন্ত কাশেম বলে, 'এক কাজ করো—তোমরা শুইনা হাসবা, না হইলে বলি।'

'বলোই না হাওলাদার। কেও হাসবে না।' হাফেজ অনুরোধ করে। 'কও না?'

'দশ দশ হাত লগির গোড়ায় সব খাড়া জাল বান্ধ—রাত্তিরে মজা দেখামু।'

'কি মজা দেখাইবা? আমরা এমন কি দোষ করলাম? জাল চুরির দিন তুমিও তো নায় ছিলা।'

এমন সময় আঞ্জু আসে।

'আরে সে সব নয়। বেহাই ছাহেব কিছু কবুল করলে আমি কইতে পারি।'

'কি কবুল করুম?'

'তয় বাজী ধরেন—যে কইতে পারবে তারে নগদ একটা টাকা দেবেন।'

আঞ্জুর চেহারার বাহার সধবা থাকতেও এত ছিল না, চুলের ছাঁদুনীও এমন কখনও দেখে যেতে পারেনি রহিম। এমন বেয়ানের সঙ্গে টাকার বাজী তো দূরের কথা গানের বাজী ধরলেই বা দোষ কি?

'আমি হাওলাদারের কি কথা না জানি!'

একটা শাসানি আসে। 'আঞ্জু!' আঞ্জু ত্বরায় ফিরে চলে।

ফুলমন জ্বলন্ত কটাক্ষে চেয়ে আছে। 'এদ্দাতের কয়টা মাসও কি সবুর সইবে না তোর?'

আঙুর মুখের হাসি মিলিয়ে যায়।

সমাজের নিয়ম আছে যে ছটা মাস অপেক্ষা না করে ভিন্ন স্বামীর অনুগামিনী হওয়া অপরাধ, এই কথাটাই বার বার তীব্রস্বরে বুঝিয়ে দেয় ফুলমন। 'খানকীরা তো এমন করে না।'

রাত্রে সোঁতা খালটার পাড়ে চুপ করে দাঁড়িয়ে সকলে কান পেতে থাকে। জোয়ারের জলে খালটা কানায় কানায় ভরে গেছে। অন্ধকার পক্ষ—স্পষ্ট কিছুই দেখা যায় না।

'কই হাওলাদার?'

'চুপ—ঐ শোননি শব্দ! বেশী কথা কইলে সব মাটি হইবে।'

অনেক দূরে খালের আগায় দুটো গম্ভীর শব্দ হল জলের মধ্যে।

'শোনলা এবার?'

'এখন উঠুম নায়ে?'

'ওঠো।'

'জাল পুতুম খালের আড়াআড়ি?'

'এখনও জিগাও?'

ভাঁটার সময় যে খাল একরকম শুকিয়ে থাকে—এখন জল তিন চার হাত। একমাথা চরের মধ্যে গিয়ে ডাঙায় মিশেছে, অন্য মাথা গেছে নদীর দিকে। সে দিকেই পরে জালের ফাঁদ। দুটো বড় ভেটকি মাছ উঠেছে এবং প্রতি দিনই জোয়ারে ওঠে ভাটায় নেমে যায়। মাছ জোড়া প্রকাণ্ড তা অনেকদিন লক্ষ্য করেছে কাশেম। চোখ চারটা ভাঁটার মত জ্বল জ্বল করে।

জাল পাতা হলে দু'তিন জনে ডুবিয়ে দেখে যে জালের তলে কোন ফাঁক আছে নাকী ?

'ক্যামন হইছে ? এখন আয়ো এই দিকে।'

সকলে মিলে হাতাহাতি খন্তা চালাতে থাকে। একটু কৃত্রিম খাল কাটতে হবে জালের একপাশ দিয়ে কূলের দিকে। নিদেন পক্ষে হাত পাঁচেক হওয়া চাই। ভাটা হলে জাল বেয়ে বেয়ে মাছ এসে ঐ খালে ঢুকবে—ভাববে, এইখানটা ফাঁকা, কিন্তু উঠবে গিয়ে ঠেলে কুলে। আর কি রক্ষা আছে ! তখন হাতিয়ারের ঘায় সব সাবাড়।

মাছ দুটা ধরা পড়ল। অন্ধকারে চোখ চারটা দেখা গেল আগুনের ভাঁটার মত। পাইকার এসে কিনে নিয়ে গেল চড়া দামে সকাল বেলা। এমন মাছ নাকি সচরাচর দেখা যায় না।

চোখ চারটায় এখন আর দীপ্তি নেই, কিন্তু কাতরতা আছে মরা মানুষের মত।

১৮

আবার জাল নিয়ে বের হ'ল চরের বাসিন্দারা।

'ফেরবা কবে ?'

'তা কি ঠিক কইরা কওয়া যায় ?'

এবার ফুলমনের ভাল লাগছে না এসব কিছু। জীবনটা তার যেন হাঁপিয়ে উঠেছে। কিছুদিনের জন্য ওপাড় যেতে চায়, বিশ্রাম চায় সে। কিন্তু ওপাড়ে যেতে হলে মর্যাদা ও আড়ম্বর দেখাবার মত অর্থ

তার কোথায়? কতদিন সে এমন ভাবে থাকবে? মায়ের জন্যও প্রাণটা কাঁদে।

সে যে উৎসাহ নিয়ে প্রথমবার কাশেমকে ঠেলে নদীতে পাঠিয়েছিল সে উৎসাহ আজ উবে গেছে। এর হেতুটা ঠিক ধরতে পারে ফুলমন।

ফুলমনকে নীরব দেখে কাশেম আবার প্রশ্ন করে, 'তয় কি ক্ষান্ত দিমু এ যাত্রা যাওয়া?'

ফুলমন অতি দ্রুত জবাব দেয়, 'না, না, না,—ক্ষান্ত দিলে চলবে কি কইরা?'

কেমন যেন থতমত খেয়ে কাশেম দাঁড়িয়ে থাকে।

'আমি তোমারে যাইতে বারণ করি নাই—কেবল জিগাইছিলাম ফিরবা কবে। এখন আর খাড়াইয়া থাইকো না, ওরা আবার ডাকাডাকি জুইড়া দিবে।' ফুলমনের চোখে জল এসে পরে।

কাশেম চলে গেল কিন্তু মনে মনে বুঝে গেল: এত স্পষ্ট করে বললেও অনেক কিছুই অস্পষ্ট রয়ে গেল ফুলমনের হৃদয়ের কথা। সে বুঝি খাপ খাওয়াতে পারছে না এই পরিবেশের সাথে নিজেকে। যে ঐশ্বর্য্য ও বিলাসের মধ্যে লালিত ফুলমন, তার পক্ষে এ অসঙ্গত নয়। বর্তমান কি ভবিষ্যত সম্বন্ধে তো তাদের সংসারের কোন চিন্তা নেই। চরো জমির ফসল বার মাস উঠছে একটার পর একটা। কাশেম নিজেকে বড়ই হীন বোধ করে। মনে হয় ফুলমন ও তার মধ্যে একটা আসমান জমিন ব্যবধান।

দাঁড় টানতে টানতে কাশেম ভাবে এই ব্যবধান নেই আজ্ এবং তার মধ্যে। কতদিন ধরে একজায়গায় কাটাল কিন্তু একটি মুহূর্তের

জন্যও তো নিজেকে হীন মনে হয় নি। এমন বৈষম্যের গ্লানি এসে তার কণ্ঠরুদ্ধ করে দাঁড়ায়নি। মাঝে মাঝে তার ভুল হয়ে যেতে থাকে দাঁড়ে খাবা দিতে।...আঞ্জু আজকাল কেমন সুন্দর হয়েছে দেখতে। শ্রী ফিরেছে বিধবা হয়ে।...

এসব কি কথা ভাবছে কাশেম?

না, না—সে যদি একটু চুরি করেও কিছু ভেবে থাকে তবু সে ফুলমনকেই তো ভালোবাসে। তাকে সুখী করতেই তো আজ সে নায়ে উঠেছে ঝড়ে-বাদলে মাছ ধরবে, পাইকারদের সঙ্গে দরাদরি করে মাছ ছাড়বে, তুলবে টিনের চৌচালা ঘর। তার যা কিছু সকলই তো ফুলমনের জন্য।

আকাশের গোধূলির সঙ্গে সান্ধ্য নদী যেন মিত্রতা জমিয়েছে। শাড়ী পরেছে রাঙা রঙের। কত গাঙ্ চিল গাঙ শালিখ ভেসে চলেছে জল ছুঁয়ে ছুঁয়ে দুখানা ডানায় ভর করে! আজ নদী শান্ত—স্রোত যেন বয়ে চলছে মন্দাক্রান্তা তালে। কত দেশের কত গঞ্জের যে নৌকা পাল তুলেছে তার ইয়ত্তা নেই। খাড়ি পাড়ের ধার দিয়ে চলেছে কাশেমের তিনখানা নাও—তিনটা মাস্তুল হাল্কা পালে ফেঁপে। এখন আর দাঁড় না টানলেও চলে। কিন্তু কাশেম নিরুদ্দেশে চেয়ে আছে কূলের দিকে। কত ফুলভরা জংলা গাছ অঞ্জলি দিচ্ছে অবিরাম। কত সুপারি গাছ হেলে পড়েছে ডুবন্ত সূর্যের দিকে। অজস্র শিকড়-বাকড় ভাঙাপার বেয়ে নেমেছে নদীর জলে। লজ্জাবতী লতার ঝাড় একটা ভাঙনের মুখে এসে এখনও লজ্জায় আড়ষ্ট হয়ে আছে যেন। একটা সুমধুর সাম্যতা ফুটে উঠে আঁধারে।

কাশেমও তাড়াতাড়ি উঠে অজু করতে গেল। আজকাল তার পাঁচ ওক্তো নামাজ বাদ যায় না।

নামাজের শেষে সে খোদার দরবারে আরজি জানায় যে সে যার গ্রাসাচ্ছাদনের ভার নিয়েছে তাকে যেন খুশি করতে পারে।

তাই কাশেম পরিশ্রম করে অপরিসীম। একবার জাল তুলে তখনই আবার অন্ধকার হক তুফান আসুক থলবলে নদীতে জাল ফেলে। পাইকারদের সঙ্গে সংভাব রাখে সম্ভব মত। রোজ রোজ দশ উনিশ বিশ টাকার জন্য পাইকার বদলায় না। তবে যেবার মাছ কম ওঠে কিছু অবিশ্বাসের কাজ করে। গণতি মুখে দুচারটা কম দিয়ে গণ মিলিয়ে দেয়। পাইকাররাও ভাল মানুষ বলে গোণার সময় লক্ষ্য রাখে না। কাশেম কি আর কম গুণে দিতে পারে? কিন্তু দামের বেলা তারা ইচ্ছে করেই বাজার দর নাবিয়ে বলে। তবু যার ভাগ্যে যা আছে তা কেউ কেড়ে নিতে পারে না।

কাশেম এবার সব দিয়ে থুয়ে পঁচিশটা টাকা মুনাফা করে।

বড় আনন্দ হয় তার। এই পচিশটা টাকা দিয়ে এখন কি করা উচিত? উচিত একখান টিন খরিদ করে নেওয়া। আর এক 'ক্ষেপে' আর এক খান কিনতে পারলেই তো কোন রকমে ছাপরা দেওয়া চলে। তারপর আর কিছু।...একটু হিসেব করে চললে আর ঘর তুলতে কতক্ষণ! নিত্য নিত্য যেমন ঝড় বাদলা লেগে আছে, তাতে তেমনি নিশ্চিন্ত হওয়া যায় ঘর একখানা টিনের ছাউনীর হলে। খাও না খাও চুপ চাপ শুয়ে থাকো!

যাওয়ার পথে সে টিন কিনে নেবে।

ফুলমন যে ওপাড় যেতে চেয়েছিল, এ টাকায় তো তা কুলিয়ে যায়।

অৰ্দ্ধেকটা নৌকা ভাড়া অৰ্দ্ধেকটা বাজে ব্যয়। যাওয়ার সময় একটা বড় খাসি নিয়ে যাবে—ডালা বোঝাই নেবে ঘি মসলা, সরু কাটারী ভোগ চাল। তার একটা টুপীও কিনতে হবে ভাল দেখে। তুর্কি টুপী। লুংগি কিনতে হবে বেশ রঙিন এবং দামী। সে মেছো হতে পারে, কিন্তু কুটুম্বেরা তার তো মেছো নয়।

আরও অনেক কথা ভাবে কাশেম। পঁচিশটা টাকা আয় হয়েছে, কিন্তু ফর্দ্দ ধরে পাঁচশ টাকার। অবশেষে চলন্ত নৌকায় নদীর জলো হাওয়ায় ঘুমিয়ে পড়ে।

বাড়ীর ঘাটে নৌকা ভিড়িয়ে খুব গম্ভীর ভাবে জালগুলো পাট পাট করে গুছিয়ে তোলে। জালের 'আরে' পাতলা করে জাল শুকাতে দেয়। আরও হরেকরকম নোঙর বৈঠা গুণগুনতি করে উঠতে কাশেমের দেরী হয়ে যায়।

'হাওলাদার কিঁ আনছ ?'

'হাওলা বেড়ার বাইরে আইছ ক্যান—যাও আইতে আছি।' আজ যে আঞ্জু খাল পাড় আসে তা কাশেম চায় না। তাতে তার মর্য্যাদা ক্ষুন্ন হওয়ার আশঙ্কা।

কাশেম উঠানে এসে দেখে আঞ্জু দাঁড়িয়ে—একটু চটুল কটাক্ষে তাকাচ্ছে।

তাকে অগ্রাহ্য করে ডাকে 'ফুলমন, ফুলমন !'

ফুলমন জবাব দেওয়ার আগেই সে ঘরে প্রবেশ করে। 'এই নেও।' ঝনঝন শব্দ হয়।

ফুলমন হাত পেতে টাকা গুণে দেখে। তার মুখেও হাসি ফোটে।

'বাবা নাকি ওপাড় ?'

'খরচ ?'

'এতেও হইবে না ?' কাশেম একটু উত্তেজিত হয়ে বলে, 'শুইনা দেখ পঁচিশটা টাকা—কম না।'

একটু উপেক্ষার হাসি ঝিলিক মারে ফুলমনের বাঁকা ঠোঁটে।

আঞ্জু টাকার শব্দ শুনে ভাবে : আজ যদি রহিম বেঁচে থাকত !

গরীবের পুঁজি। একটি দুটি করে খরচ হতে হতে হাত শূন্য হয়ে যায়। না হয় টিন কেনা, না হয় ওপাড় যাওয়া। তবু দিন আসে দিন চলে যায়। কাশেমের মন অপূর্ণ থাকলেও চর কাশেমের অন্যান্য বাসিন্দারা খুশি। তারা কিছুদিন মনে প্রাণে জীবিকার জন্য যুদ্ধ করে, আবার কিছুদিন আরাম করে নিশ্চিন্ত মনে। মেটে দাওয়ায় গা এলিয়ে দেয় চাঁদের আলোতে। নদীর হাওয়া শপ শপ করে বয়ে যায়। নানা নিশাচর দিবাচর পাখীরা ডেকে। নিজ নিজ চৌহদ্দিতে যে যার মনের মত করে আম কাঁঠালের চারা পুতে দেয় মাটি কেটে আল বেঁধে। পরস্পর পরস্পরকে সাহায্য করে, নয়ত বেগার দেয়—স্ফূর্তি করে লঙ্কা রসুন ও পেয়াজ দিয়ে 'ছালুন ভাতি' খাওয়ার জন্য। কাশেম একটা বেলফুলের চারা এনে পুঁতে রাখে ঘরের পিছনে। অমনি অনেক গাছ সে দেখেছে ফুলমনদের বাড়ীর গোরস্থানে। ফুল ছিঁড়ে সে পরত তার খোঁপায়।

ফুলমনও কি বসে থাকতে পারে ! সেও দেখতে দেখতে এই মেছোর সংসারে জড়িয়ে পড়ছে আষ্টেপৃষ্ঠে। হাঁস হয়েছে কুড়ি দেড়েক, মুরগী হয়েছে গণ্ডা ছয়েক। এগুলোর দেখাশুনা করা, রান্না বান্না করা, সময়ে জাল বোনা, শীতের জন্য কাঁথা শেলাই করা—করতে করতে কি আর সংসারীর কাজ ফুরায়। যদিও সাহায্য করে আঞ্জু,

তাতে কি হয় ? একটা গড়া সংসারেরই কাজ শেষ হতে চায় না—সে অভিজ্ঞতা ফুলমনের যথেষ্টই আছে—আর এ তো নতুন পত্তন। শুধু হাত পায়ে যেন একপাল যাযাবর এসেছিল চরে—এখন বনিয়াদ গড়তে চাচ্ছে কায়েমী !

## ১৯

এর পর কয়েকটা বছর গড়িয়ে গেল।

নতুন উর্বর মাটিতে চারাগাছগুলো বড় হয়েছে। দু একটা ছাড়া বেশীর ভাগ গাছেই ফুল ধরে ফল হয়। আসে মৌমাছি, আসে বৌ কথা কও পাখী। ভ্রমরও ঘুরে যায় মৌ মাসে। সময়ে চখা চখিও এসে বসে চরের শেষ সীমায়। শীতকালেই তারা আসে বেশী। ঐ সঙ্গে হয়ত পথ ভুলে আসে দু একটা বুনো হাঁস। চর এখন আর একটু বড় হয়ে বেড়ে এগিয়ে গেছে জলের দিকে, পলি মাটির স্তর ধীরে ধীরে থিথিয়ে শক্ত হচ্ছে—'চোরা কাদার' ভয় এখন আর নেই কোন খানে। শক্ত পাড়ে জন্মাচ্ছে শক্ত গাছ—শিশু অরণ্যের অভাস দেখা যায় মাটির বুকে।

আঞ্জুমানকে নিকা করতে চেয়েছিল এপাড়ের ওপাড়ের অনেক যোয়ান মরদ। আঞ্জুমান সকলকে ফিরিয়ে দিয়েছে। কিসের মোহে পড়ে থাকে চরের মাটি আঁকড়ে।

চরের বাসিন্দারা শুধু একটু প্রাচীন হয়েছে কিন্তু শক্তি হারায়নি বলিষ্ঠ বাহুর। তাদের ঝড় বাদলের সঙ্গে সংগ্রামশীল জীবন ক্ষয়

হয়েছে অনেকটা তবু মনে হয় যেন তেমন ক্ষীণ করতে পারেনি তাদের পরমায়ু।

'গোড় বৈঠা' মারতে মারতে কাশেমের পায়ে পড়েছে শক্ত কড়া। দাঁড় টানতে টানতে হাতের থাবা হয়েছে লৌহকঠিন। রোদে পুড়ে জলে ভিজে গায়ের চামড়া হয়েছে মোষের মত। শুধু চাল এবং টাটকা মাছের লঙ্কা রাঙা ছালুন খেয়েই এরা তুষ্ট। তুষ্ট হয় সময়েতে পানি পান্তা খেয়েও।

গাছপালায় বেশ একটা আবরু হয়েছে প্রত্যেক বাড়ীর। মুসলমানরা এটা চায়ও বেশী। হিন্দু বৌরা একটু নাক কুঁচকায়।

চরের বাসিন্দাদের মধ্যে যারা হিসাবী তারা টিনের ঘর তুলেছে। যারা তা পারেনি তারা দুচার বান টিন খরিদ করেছে। তুলবে ধীরে ধীরে। কারুর হাতে দু দশটাকা জমেছে, কারুর বা দেনা হয়েছে কিছু।

কাশেম আছে সমান সমান। তবে তার যা দেনা আছে তার জন্য চিন্তা নেই। চরের পূর্ণ টাকাটা এখনও দিয়ে উঠতে পারেনি—দিচ্ছে লম্বা কিস্তিতে। 'হেরারটা' দেড়া লাগছে, তবু উপায় কি?

এর মধ্যে গুটি কয়েক ঘটনা ঘটেছে। তার মধ্যে একটি বিস্ময়কর। কিন্তু অস্বাভাবিক নয় এই দুরন্ত নদীর কাছে। ফুলমনের বাপের বাড়ীর জমিগুলো ছিল প্রায় চরো জমি—পদ্মার পাড়ে। তা ভেঙ্গে ভেঙ্গে নদীর বাঁক সোজা হয়ে গেছে। যেখানে পাটের সবুজ অরণ্য দেখা যেত বর্ষাকালে, তিলের ফুলে ফেঁপে উঠত জমিগুলি শীতের শেষে—এখন সেখানে শুধু দেখা যায় ধু ধু জল—অগাধ অথৈ। একটু শিরশিরে হাওয়া এলেও স্তবকে স্তবকে কেবল ঢেউ, আর ঢেউ। সর্পিল গতিতে চলেছে পংক্তির পর পংক্তি—একের পর অন্য। শেষে যেন চুম্বন করছে

দিকচক্রবাল। যদি আসে দমকা হাওয়া—তখন কুজ্‌ঝটিকা আর ফেনার সফেদ ঝালরে কাতারে কাতারে তুলতে থাকে উত্তর থেকে দক্ষিণে, নয়ত পুব থেকে পশ্চিমে। ঘূর্নি ঘোরে চরকীর মত মাঝ 'রেতের আওড়ে'।

এমন সময়ও শুধু চর কাশেমের বাসিন্দারা নদীতে জাল পেতে রাখে। জালের দড়ি নায়ের গলুইতে বাঁধা। বাদাম দিয়ে ভেসে চলে নৌকা। কাঁপছে, আছাড় খাচ্ছে, জাল বাঁধা গলুই—মনে হয় যেন তিনটা তিমির ছানা এগিয়ে চলেছে লেজ নাচিয়ে। হালের মানুষ এখন গলুইতে গিয়ে দড়ি আগলে থাকে। হাল বলো জান বলো, ঐ জালের দড়িই এখন সব।

ভাঙ্গনের ভয়ে ওপাড়ের যত মহাজনেরা দেশ ছেড়েছে। নিবারণ মকবুল কেউ নেই। তাদের চিহ্ন লোপ হতে বসেছে। পঞ্চায়েতের আশপাশেই ছিল তাদের লুপ্ত জমি। ক্রমে ক্রমে লুপ্ত হয়েছে কালের গ্রাসে। কিন্তু বেড়েছে এপাড়ের চর। বেড়েছে বসতি। গড়ে উঠেছে গরীব জেলে জেলেনীর জীবনের সংহতি।

ফুলমনের মাও রোগে শোকে মারা গেছে। ভেঙ্গে গেছে পঞ্চাইতের বাহাম (ঠাট)। আগে ফুলমন যেতে পারত না, এখন যেতে পারে। কিন্তু যাবে কার কাছে। ছোট একটা ভাই ছিল। সেও তো মরেছে কোন জন্মে।

ফুলমন এই কিছুদিন আগেও ভাবত যে তার যদি ছেলে মেয়ে হয় এবং তারা পায় মোষের মত রং সে নিশ্চয় বিষ খেয়ে মরবে। আজকাল তা আর ভাবে না। অতএব উগ্র হলাহলের কথা এখন অবান্তর।

তবু মাস আসে, মাস যায়—বছর আসে, বছর কাটে। মাঝে মাঝে ঢলকের জল ফুঁফিয়ে উঠে ঘরের দাওয়া ছোয়—সাপ-খোপ আশ্রয় নেয় পরম শত্রু মানুষের ঘরে। খাল কূলে চরো জমি থৈ থৈ করে। মনে হয় সারা দুনিয়া বুঝি ভেসে গেল সমুদ্রের বানে।

কাশেম সুন্দর উঁচু পাটাতন তৈরী করেছে নতুন ঘরে। ফ্লমন আছে দিব্যি আরামে। শুধু একটু দুর্গন্ধ আসে শুঁটকি মাছের। শীতকালের মাছ এখনও এবার বিক্রি হয়নি। ঠেলেও তুলে দিতে পারে না চালানী নায়ে। 'কাটারুরা' বাকীতে খরিদ করতে চায়। তা কাশেম দেবেনা দুমন থাকলেও। গঞ্জে অনেক টাকা বাকী আছে সূতোর গদীতে। এই মাছই নাকি ভরসা।

কিছুদিন পরের কথা।

এমনি এক 'শর' এসেছে মাঝ রাত্রে। কেউ জেগে নেই। কাশেম নদীর শব্দে জেগে উঠে। কেউকে না ডেকে সে অন্ধকারেই চলে খাল পাড়ের দিকে। নৌকা তিনখানা ভাল করে 'পারা' দেওয়া নেই। হয়ত কোনটা ভেসেই গেছে। সর সর করে শরের জল বেড়ে যাচ্ছে দেখতে দেখতে। ঐ নৌকা হলো কাশেমের প্রাণ—প্রাণ চরের সব জেলে জেলেনীর।

দুখানা নৌকা ঠিক আছে। তার চিন্তা হলো বাকীখানার জন্য। সে খুঁজতে যাবে। কিন্তু কি বিদঘুটে অন্ধকার। তাতে বৃষ্টি পড়ছে টিপটিপি। নৌকার কাছি ছিঁড়ছে। যে দুখানা ঘাটে ছিল সে দুখানা অতিকষ্টে ভাল করে 'পারা' দিল কাশেম। জল প্রায় হাঁটু পর্য্যন্ত

উঠেছে। সে একবার হাফেজকে ডাকল সাড়া পেল না। জলের তোড়ে দাঁড়ান যায় না খাল পাড়ে।

এমন সময় একটি মশাল নিয়ে বের হোল আঞ্জু। সে যেন কান পেতে ছিল।

'হাওলদার লন ?'

'কই ?'

'নাও খোঁজতে ?'

'তুমি যাবা ? না, না মশালডা আমার হাতে দেও।'

'একলা যাইবেন ? তবে যান—মশালডা চান ক্যান ?' মশালটা জলে ভিজাতে চায় আঞ্জু।

কাশেম তার হাত চেপে ধরে। 'পথ যে আন্ধার'

'ভয় আউগ্যান।'

যদি সে একান্ত আসে—আসুক। কাশেমের তর্কাতর্কি করার সময় নেই। তার কাছে নৌকা থেকে মূল্যবান নয় আঞ্জু।

মশালের আলোতে অল্পক্ষণ খোঁজার পরই নৌকাখানা খালের মাথায় পাওয়া যায়। একটা গাছের নীচু ডালে আটকে রয়েছে। নৌকা তো নয় যেন তেলের বাটি, এমন পরিপাটি পরিচ্ছন্ন ওর গড়ন। এতদিন গেছে তবু ঠিক নতুনটি আছে।

একা টেনে নিয়ে আসতে গলদঘর্ম হয়ে যায় কাশেম। হাওয়ার দাপটে একবার মশালটা নিবতে চায়—আবার দপদপিয়ে জলে ওঠে। টানতে টানতে নৌকা নিয়ে ঘাটে আসে। কাশেম শক্ত করে পারা দেয় একটা গাছের সঙ্গে। গলুইতে যেটুকু কাদা লেগেছিল তা ধুয়ে ফেলে ঘসে ঘসে।

'হাওলদার তামাক খাইয়া যান। বড় ছেরম হইছে।'

কথা সত্য। কাশেম আঞ্জুর ঘরে ওঠে। আঞ্জু একখানা যেমন তেমন কাপড় দেয়। তবে পরিষ্কার। ঝাঁপ বন্ধ করে হাওয়ার জ্বালায়। বাইরে বৃষ্টি এলো জোরে। সৃষ্টি যাবে বুঝি রসাতলে।

তামাক খেতে খেতে শরীরের শীত ছেড়ে গেল। কাশেমের কেমন যেন নেশা আসে আঞ্জুমানের দিকে চেয়ে। আঞ্জুমান আস্তে আস্তে বলে, 'বৃষ্টি কইমা আইছে ঘরে ফিইরা যান হাওলাদার। অন্যের জিনিস আমি চুরি কইরা লইতে চাই না।' কিন্তু সে নিজেই কাছে সড়ে এসে বসে। গোটা দুয়েক কি যেন পড়ল কাশেমের গায়ের ওপর। সে হাত দিয়ে তুলে দেখল, এ তার সেই ঝাড়ের বেলফুল! যে ফুল একদিনও পরেনি ফুলমন।

তারপর বেশী কথাবার্ত্তা হল না। আঞ্জু শুধু ছল ছল করে উঠতে লাগল ডাকিনী বর্ষার নদীর মত। পাড় ভেঙ্গে যেন গ্রাস করবে মত্ত মাতঙ্গকে।

এতদিন পরে বাঁদী বাধ্য করেছে বাদশাকে।

……'খোদা, একি করলা?' ভাবতে ভাবতে ঝাঁপ খুলে পালিয়ে যায় কাশেম।

দু দিন বাদে শহরের জল কমে গেল কিন্তু কতকগুলো মেটে ঘর পড়ল ভেঙ্গে।

ঘর ভেঙ্গেছে তাতে মন ভাঙ্গেনি কারো। তারা হাতে হাতে আবার ঘর তোলে। সমবেত চেষ্টায় তারা এবার আরও সুদৃঢ় করবে ভিত্তি বেড়া ছাউনী। দুদিন কাজ কামাই যাবে। যাক। অত

স্বার্থের হিসাব নিকাশ তারা করে না। করেনা কেবল নিজের সুখের খতিয়ান রচনা।

খালের এপাড়ে আম্র কুঞ্জের আড়ালে উঠেছে একখানা টিনের মসজিদ, ওপাড়ে রয়েছে হিন্দু ভাইদের মণ্ডপ। এপাড়ে রাত থাকতে যখন আজান দেয়, ওপাড়ে তখন রজনী ও রসময় শ্রীদুর্গা নাম স্মরণ করে উঠে পড়ে। স্নান করে এসে তারাও মণ্ডপ সাজায়। ভোরের মিঠা হাওয়া আরও মধুর হয়ে ওঠে শঙ্খের ধ্বনিতে।

রজনী গান ধরে ভোরের ভজন। ভজন আর আজানের সুর মিশে এক মধুর ঐক্যতানের সৃষ্টি হয়।

মুসলমানরা ঠিক অর্থ বোঝে না তবু অব্যক্ত এক রসধারায় তারা যেন স্নান করে ওঠে—আর জেলেরা আজানের একটানা সুরে একটা মাধুর্য্য অনুভব করে।

কাশেম ভাবে তার নতুন চর ক্রমে ক্রমে গড়ে উঠছে। গড়ে উঠছে জীবন হালদারদের উপদেশ মত। এখন একবার যদি তার সাক্ষাৎ পায়, তবে তাকে ধরে নিয়ে আসবে। এসব দেখলে কত আনন্দ পাবে বুড়ো হালদার!

## ২০

সাম্রাজ্যবাদী শাসনের এবং বৈজ্ঞানিক শোষণের ফলে বহুকাল ধরে অন্তঃসলিলা ফল্গুধারার মত এদেশের জনজীবনের নদীর খাদের তলে দুর্ভিক্ষ বেঁচে ছিল।

দুর্ভিক্ষ ঘুরত ছদ্মবেশে। নানা দেশে নানা দরিদ্র সমাজে দেখা দিত নানা রূপে। শান্তশ্রী বাঙলার পল্লী অঞ্চলে বর্ষাকালে প্রকট হতো বেকার রূপে। কখন বা তার আংশিক রুদ্র মূর্তি উলঙ্গ হয়ে পড়ত বন্যা ও প্লাবন পীড়িত দেশে। শস্য কি নেই—আছে। রুদ্ধ রয়েছে বণিকের লৌহ পেটিকায়, খুলতে হবে সোনার চাবিকাঠি দিয়ে। যে পারবে না, সে মরবে—অথবা অন্নছত্রে ঘুরে ঘুরে খাবে —অনুগৃহীত পথচারী কুকুরের মত। এসব দেখে খুসী শাসকেরা, গর্বিত বণিক ব্যবসায়ী। তারা দেশের এবং নিরন্ন দেশের জন্য না করেছে কি !

এর ভিতরই দিন কাটত। হয়ত জীবন কেটে যেতো এই চরের মৎস্যজীবীদের আর পরম নিশ্চিন্তে ভক্ত রসময়ের। সারা দিনে জীবন সংগ্রামে ক্লান্ত হয়ে সন্ধ্যা ঘনায়মান আঁধারে ঘরে ফিরে যেত। যে ঘরে চরবধূরা প্রদীপ জ্বালিয়ে প্রতীক্ষায় আছে। অভাব থাক, অভিযোগ থাক—তবু একটা শান্তি আছে এই প্রাকৃতিক পরিবেশে। সেই শান্তিটুকুকেই আশ্রয় করে এই নির্বোধেরা বেশ ছিল।

এমন সময় বাঁধল যুদ্ধ পাশ্চাত্য মহাদেশে—বাঁধল সর্বনাশা রক্তক্ষয়ী সংগ্রাম।

হাটে বাজারে গঞ্জে বড় একটা চরকাশেমের বাসিন্দারা মাছ বেচতে যায় না। নদীতেই পাইকার থাকে। তাদের নায়ে এরা মাছ তুলে দেয়। তাদের মুখেই নিত্য নতুন সংবাদ শোনে। যুদ্ধ নাকি এগিয়ে আসছে তাদের দেশে। ঝাঁকে ঝাঁকে উড়োজাহাজ চলে কেন ? আকাশ পথে নাকি পাহারা দিয়ে ফেরে। পাইকারদের

মুখেই নানারকম বোমা, বারুদ, মাইন, কামান, ডুবো জাহাজের গল্প শোনে। কখনও তারা ভয় দেখায়, কখনও আশ্চর্য্য করে ছাড়ে। চেষ্টা করে ঐ ফাঁকে মাছের দাম কম দিতে। তা পারে না। পূর্বের হারই বজায় রাখতে হয়।

ছোট খাটো হাটবাজারে গিয়েও ওরা বুঝতে পারে যে জিনিষ পত্রের দাম দিন দিন লাফিয়ে চলছে। কিন্তু সে অনুপাতে তো মাছের দাম বাড়ছে না। ওদের সন্দেহ হয়।

একদিন ওরা কষ্ট করে দু বাঁক নদীর উত্তরে মাছ বেচে আসে এক গঞ্জে—নতুন পাইকারের কাছে। অন্যান্য 'নেয়েরা' যে দামে মাছ ছাড়ে সেই দামে ওরাও ছাড়ে। এ যে দ্বিগুণ টাকা! এ কবে থেকে হলো?

অন্য 'নেয়েরা' ব্যঙ্গ করে জবাব দেয়, 'তোমার বিয়ার পর থিক্যা'

কাশেম জবাব দেয়, 'আরে ভাই আমরা দূরে থাকি—তেলী পাড়ার বাঁকে।'

'আমরা থাকি কাজলার বাঁকে—সে আরও দূর।'

কাশেম জিজ্ঞাসা করে, 'আচ্ছা ভাই যুদ্ধ আমগো দেশে আইবে নাকি?'

'এমন আহাম্মক তো দেখি নাই। ঐ যে জাহাজ বোঝাই সব অস্তর পাতি যায়, মটর গাড়ী যায়, সিপাই পাহারা দেয় গাঙে, তা দেখ না? ছোট ছোট জল বোট হামেসা ছুটাছুটি করে ক্যান্?'

তখনই একখানা আসামগামী প্রকাণ্ড ডেস্‌প্যাচ্ ষ্টীমার আসে। কূলের কাছের নৌকাগুলোকে মাতিয়ে তোলে। ঢেউ কি আর থামতে চায়!

চরকাশেমের বাসিন্দারা চেয়ে দেখে যে জাহাজের ভিতর তাজ্জব ব্যাপার। ওরা জীবনে দেখেনি এমন সব জিনিষ বোঝাই। পুরান 'নেয়েরা'ও সব কিছু চেনে না। তবে এসব যে যুদ্ধের তাগিদে মানুষ—মানুষ মারতে সৃষ্টি করেছে তা বোঝে এবং বোকার মত ফ্যাল. ফ্যাল করে চেয়ে থাকে।

তারপর ওরা বন্দরে ওঠে দোকানে দোকানে এখানে ওখানে দু' একটা গুদামে চক্কর দিয়ে নতুন একটা অভিজ্ঞতা নিয়ে বাড়ী ফেরার জন্য নাও খোলে। কিছু সুতো কিনে রাখতে হবে, নইলে সুতো পাওয়া কঠিন হবে। তার সঙ্গে কিছু কিছু ধান চালও খরিদ করা ভাল। চালের দরটা যেন একটু চড়া ঠেকল সকলের কানে।

একদিন সকলে প্রস্তুত হয়। দোকানের বাকী বকেয়া সব চুকিয়ে দিয়ে একটু বেশী পরিমাণে সুতো আনবে। বছর ভরে আর গঞ্জে যাবে না।

কাশেমের হাতে সব টাকা নেই। সে ধার করল রসময়ের কাছ থেকে পনর। এবার হলো একশ পাঁচ। হাফেজ এবং হিন্দু কৈবর্ত্তরা সংগ্রহ করে দিল শ' দেড়েক। আর কয়েকটা টাকা চাই। পৌনে তিনশ না হলে দেনা মিটবে না এবং কিছু কি নগদ না দিয়ে ধারের কথা বলা চলে? সমস্ত চরের মেয়েদের তহবিল জড় করা হলো।

ফুলমনের হাতে কিছু ছিল সে একেবারে হাত খালি করে সব দিল না।

গঞ্জে যেতেই মহা সমাদর করে মহাজন গদিতে বসাল। এমন

বাকী টাকা কজনে এসে ঘরে বয়ে দিয়ে যায়। 'কি কি সুতো চাই ?'

নম্বর গুলো এবং পরিমান বলে কাশেম বলে, 'বছরের সওদা !'

'হাওলাদার যুদ্ধ দেখেছেন বুঝি ?'

'না, না।'

'লজ্জার কি ? ভালই তো।' মহাজন কর্মচারীকে ইসারা করে।

আলাদা আলাদা করে টাকা গুণে রাখে কাশেম।

বাকী টাকা উসুল দিয়ে, নগদ যা রইল তা সামান্য। সেই অনুপাতে সুতো বের করলে মহাজনের ইসারায় হুঁসিয়ার কর্মচারিটি।

'এ কি ?'

'আজকাল যুদ্ধের বাজারে ধার বন্ধ করে দিয়েছি, সব নগদ নগদ।'

'আমার সাথেও ? আমি আপনার পুরানো গাহেক।'

'আপনি কেন আমার বাজান এলেও ঐ এক কথা। ভয় কি আবার আসবেন, আবার নিয়ে যাবেন—সুতো জুতো ছাই পাশের দাম চড়বে না।'

প্রথম রাগ, শেষে কাকুতি মিনতি করল চরের জেলেরা। কিন্তু কাজ হলো না।

দুনিয়ার সতরঞ্চ খেলায় ভাগ্যের পাশা উল্টাল। এখন থেকে পয়সা দিয়ে হাত জোড় করে থাকতে হবে ক্রেতাকে—অর্থাৎ জনসাধারণকে।

বনিকই তো সত্যিকারের মালিক !

বড় অপদস্ত হয়ে সবাই বাড়ী ফিরে। নদী পথে আবার এই প্রথম তাদের নাও জলবোট থামায়। দু তিনবার সৈন্যরা নৌকায়

এসে কি যেন উঁকি ঝুঁকি মেরে দেখে গেল। টর্চের আলোতে ঝক মক করে উঠল সাজান গোছান গাবের বার্নিশ করা খোল। সন্দেহের কি আছে? সৈন্যরা নেমে গেল। নেয়েরা ভাবল: এ এক সাহেবী খেয়াল।

ঘাটে এসে কাশেম, নৌকা তিনখানা ভাল করে 'পারা' দিল। আজ কেন যেন তার শরীরটা দুর্বল বোধ হচ্ছে। সে একছিলিম তামাক সেজে বসল গলুইতে।

এমন করে যে মহাজন ফাঁকি দিবে তাকে এবং চরের অন্যান্য বাসিন্দাকে সর্বস্বান্ত করে দেবে তা যদি ঘুণাক্ষরেও আগে সে বুঝতো! গঞ্জে বসে যেমন চালের দাম শুনে এসেছে, উচিত ছিল কিছু চাল খরিদ করে রাখা। তরতর করে যদি চড়তে চড়তে চূড়ায় উঠে যায় দাম? তা হলে তাদের মাছের দামও কি বাড়বে না? জমা না রাখতে পারে, রোজ তো কিনে খেতে পারবে। ঝড় দুর্দিনের সাথী নৌকাগুলোর দিকে চেয়ে চেয়ে সে বুকে শক্তি সঞ্চয় করে। নৌকাগুলোও যেন তার কানে কানে বলে: আমরা থাকতে তোমার ভাবনা কি কাশেম?

কাশেম নৌকা তিনখানার মসৃণ গলুইতে বসে সস্নেহে হাত বুলায়।

পরের দিন সকলকে ডেকে নিয়মিত সময়ের আগেই আবার মেরামত করে। রঙের ওপর রঙ চড়ায়। যতক্ষণ পর্য্যন্ত না মনের মত হয় ততক্ষণ কাশেম থামে না।

সকলে বলে, 'হাওলাদার বিয়ার কন্যা সাজায়।'

আবার রণডংকায় ঘা পড়ে। ইংরাজের টনক নড়ে। আসে—ঐ বুঝি এসে পড়ল আমাদের সীমান্তে হিন্দু মুসলীম সাম্যের আজাদী সৈনিক। নেতাজীর কণ্ঠ দূর থেকে ভেসে আসে, প্লাবনের মত আসে বিপ্লব, আসে সংহতি, আসে স্বাধীনতার প্রেরণা—কান খাড়া করে আছে ভারত, জেগে আছে বাঙলা, এগিয়ে রয়েছে বুঝি মাল্য অর্ঘ্য নিয়ে মণিপুরী মেয়েরা।

অক্ষম আক্রোশে লেজগুটিয়ে পিছু হটে ইংরাজ সিংহ।

আসাম এবং বাঙলা এখনই যাবে—তাই রণনীতি বদলায়।

আঘাত হানে সারা ভারতের প্রাণকেন্দ্রে—এই বাঙলা দেশে।

দেখতে দেখতে জাহাজে বোঝাই হয়ে চাল উধাও হতে থাকে। হাটে বাজারে পল্লীতে পল্লীতে শুধু চালের কথা। এখনই এই? বর্ষাকালে এবার না জানি কি হবে! বিশেষ করে এ অঞ্চলটায় বড় একটা ধান জন্মে না। তাই হাহাকার জাগে সর্বত্র এবং তা দ্রুত তীক্ষ্ণ হয়ে ওঠে।

ক্ষীণ হয়ে আসে পল্লীর কৃষাণ কৃষাণীর কণ্ঠ। এখানে ওখানে যখন বেণে মুদীরা গোলা বাঁধে—তারা তখন গাঁয়ের নিরালা কোণে বসে কাঁদে, কঁকায়, তারপর হয় দেশ ছাড়ে, নয়ত ঘরে বসে মরে।······

মরা ফেলার লোকও নেই।

কতিপয় মানুষের দুর্নিবার লোভের মুখোস খসে পরেছে। উদ্ঘাটিত হয়েছে তার হিংস্র পাশবিক রূপ। কে যেন জবাব দেয়, 'আমি যে এসেছি মন্বন্তর! দৈবের দুর্ভোগ নয়—মানুষের সৃষ্টি।'

চালের বাজার ত্রিশ। চরের বাসিন্দারা টায় টায় চালিয়ে যাচ্ছে। যখন একটু অসুবিধা হচ্ছে দ্বিগুণ পরিশ্রম করছে। কাশেমের তেমন কষ্ট হতো না, কিন্তু তার ঘাড়ে রসময়ের সংসার এবং আঙ্গু।

আজকাল কারণে অকারণে ফুলমন আঙ্গুর সঙ্গে যখন তখন খিচমিচ করে। ফুলমন গর্ভবতী।

কাশেম বলে, 'ও সব কথায় কান দিয়ো না।'

তেমন কান দেয় না আঙ্গু, কিন্তু যখন দেয় তখন সে সতীনের মত ফুলমনকে নাজেহাল করে ছাড়ে। হাজার হলেও আঙ্গু যে সব কটূক্তি করতে পারে তা ফুলমন কখন শোনেনি।

কেরোসিনের অভাবে মাঝে মাঝে চরের বেশীভাগ বাসীন্দারা অন্ধকারেই রাঁধে বাড়ে। কিছু দেখার প্রয়োজন নেই, পাতে ভাত থাকলেই হলো। নিকটে দু এক মাইলের মধ্যে গ্রাম নেই তাই একটু সুস্থ আছে। কোনও গঞ্জে বসে তো ভাত রাঁধার উপায় নেই—খাওয়া তো দূরের কথা। সে সব ছবি চরে বসে ওরা বৌঝিদের চোখের সুমুখে যখন তুলে ধরে, বৌঝিরা শিউরে ওঠে। কেউ কেউ কানে আঙ্গুল দেয়। ও সব শুনতে পারা যায় না।

মাঝে মাঝে বাজারে কি বন্দরে চাল মিলে না। সেদিন সকলেরই অবস্থা সঙ্গিন। শিশুদের কোন প্রকারে প্রবোধ দিয়ে রাখে মা বাপ, নিজে অভুক্ত থেকে রাত কাটিয়ে দেয়।

নিত্য রসময় কাশেমের বাড়ী যায়, বলে, 'মা গো এদিনও কাটবে, একটু নজর দিস ছেলেটার প্রতি।'

ফুলমন খেঁকিয়ে উঠবে ভাবে, কিন্তু শেষ পর্যন্ত তা পারে না—যদিও

বোঝে এ মিঠা কথা শুধু চালের জন্য। পূর্ণ স্বার্থের অন্তরালে একটা অব্যক্ত পিতৃস্নেহ ফুলমনকে বাধা দেয়।

এমনি দিনে, এমনি সময় ফরিদ এসে ওঠে। কোথায় তার ছেঁড়া কাপড়, ঘামে ভিজা ধূলো কাদা মাখা দেহ? কোথায়ই বা তার রুক্ষ চুল? মাথায় দিব্যি তুর্কি ফেজ, পরণে সুন্দর দামী লুংগি। চেহারা হয়েছে নাদুস নুদুস। সে হাসতে হাসতে চরে এসে ওঠে। আঙুর ঘরে গিয়ে বসে। সঙ্গের মাঝিটা দুটো বড় বড় কমলা লেবুর ঝুরি তার কাছে এনে নামিয়ে রাখে।

চরের বাসিন্দারা সবাই ভেঙ্গে পড়ে। স্ত্রীলোক বৃদ্ধ যুবা শিশু কেউ বাদ যায় না। সে প্রত্যেকের হাতে বড় বড় এক এক জোড়া কমলা দেয়। সকলকে আদর আপ্যায়িত করে। মানুষের কৌতুহল দমন করতে তার প্রায় একটা ঘণ্টা কেটে যায়। কত রকম প্রশ্নের যে জবাব দিতে হয় তার কি ইয়ত্তা আছে!

সে আজকাল আসামে নাকি সাহেববাড়ীতে চাকরী করছে, কেমন আছে তা আর না বললেও চলে। অনেক কাল ধরে দেশে আসবে বলে ভাবছে, কিন্তু সময় কই? সাহেব তাকে ছাড়া একটি বেলাও কাজ চালাতে পারে না।

কিন্তু সে বড় দুঃখ প্রকাশ করল রহিমের মৃত্যু সংবাদে। 'দাস মশয়, আমি চিরদিন কই নাই যে চুরি না কইরা কি সুখে থাকার উপায় আছে? তবে আইনের ফাঁক রাইখা করা লাগে। ও যদি এখানে না আইয়া আমার সাথে যাইত!'

হঠাৎ রসময়ও কেন জানি আজ ভাবে: না—তার দেবসেবা,

সারাদিন বসে ডালা কুলা বোনা মিছে—মিছে এই মৎসজীবী চরের বাসিন্দাদের অমানুষিক পরিশ্রম। তারা সকলেই যদি ওর সঙ্গে তখন যেতো!

'কাশেম কোথায় আঞ্জু?'

'ক্ষেপে (মাছ ধরতে) গেছে। সন্ধ্যাসন্ধি আইবে।'

'ক্যামন আছে ওরা?'

আঞ্জু সব কাহিনী খুলে বলে। ফরিদ এক একটা কমলা খায় আর এক একটা কথা শোনে। আঞ্জুকেও গোটা কয়েক খেতে দেয়। কয়েকটা দিন ঘুরলেই যে এরা চরে হাল হালুটিও করত, নানা ফসল বুনত সে সব কথাও বলে। বলে, কি কি আশা ছিল, কি কি আশা ফলল না—আগুণ লাগল দুনিয়ায়। স্বামীর কথাই তার আজ বার বার মনে পরে—যে লোকটির সাথে সাথে তার সারা জীবনটাই নিস্ফল হয়ে গেছে। 'আমিও কি সুখে আছি ভাইজান?'

ফরিদ বলে যে এদের নিস্তার নেই। নাও-দুন সরকার থেকে আটক করবে। এরা মরবে না খেয়ে। একটি শস্যকণাও বাংলা দেশে পাওয়া যাবে না। শুধু পাওয়া যাবে চোরা বাজারে, বিকাবে হীরার দামে।

আঞ্জু ভয়ে ভয়ে ভাইয়ের কাছে সরে আসে। 'কও কি ভাইজান—না খাইয়া মরুম?'

ফরিদ আর কিছু বলে না।

অনেকক্ষণ আঞ্জু চুপ করে বসে থাকে। তারপর দুবার উঠে ফুলমনের কাছে যায়। ফুলমন আগ্রহ করে ফরিদের বিষয় জিজ্ঞাসা করে কিন্তু তার খাওয়ার বিষয় ভাল মন্দ কিছু বলে না। এতদিন

বাদে এসেছে, উচিত ছিল তাকে নিমন্ত্রণ করা। হাজার হলেও আঞ্জুর ভাই তো!

'হাওলাদার এখনও আয় না যে আঞ্জু?'

'কমু ক্যামনে?'

ফুলমনের মনের ভাব আঞ্জু বুঝেছিল।

কিছুক্ষণ বাদে আঞ্জু ওখান থেকে উঠে এলো। সারা পাড়াটা খুঁজেও এক পোয়াও চাল জোটাতে পারল না। কম সময় হয় ফরিদ আসেনি। এখনও ভাইয়ের জন্য দুটো ভাত সিদ্ধ বসাতে পারল না, একি শুধু তার একার লজ্জা? সন্ধ্যা তো প্রায় হয়ে এলো। হাওলাদার হয়ত এখুনিই এসে পড়বে। সে ফুলমনের কাছে না চেয়েই গোটা দুয়েক ডিম নিয়ে এলো চুপে চুপে। চাইলে হয়ত ফুলমন না বলবে। আজকাল সে বড় শক্ত হয়েছে। আর চিরকালই সে হিসাবী মেয়ে।

সন্ধ্যা উৎরে গেল, তবু একটা লোকও ফিরলনা।

ডিমের ছালুন রেঁধে আঞ্জু বসে আছে।

'কিরে চুলা নিবাইলি যে?'

আঞ্জু আর কি বলবে। তার দুর্ভাগ্য।

'আমি কেওর ভরসায় আসি নাই, এই নে, চড়া হাড়ি।'

'এমন চাউল পাইলা কই? এক্কেবারে কান ফোড়া যায়।'

'সাহেবরা তোগো মত কি যা তা খায়?'

'ওডা কি?'

'পাউঠার।'

'এই সে ময়দা পিডার গুড়ি।'

'নারে বোকা, না। গোন্ধ শুইকা দেখ।'

'এইয়া দিয়া কি করে ভাইজান? খায়?'

'তুই আমার নাম হাসাইবি! মেম সাহেবরা গালে মাখে— আর মাখে আয়ারা।'

'আমরা মাখলে কি দোষ হইবে?' আঞ্জু একটু পাউডার তুলে গালে মাখে। সুগন্ধে মনটা কেমন যেন নেচে ওঠে। সে বারবার ঘুরিয়ে ফিরিয়ে কৌটার ওপরের ছবিগুলি দেখে। দুটি স্ত্রীলোকের ছবি। কেমন তারা হৃষ্টপুষ্ট। হাসছে মনের আনন্দে। সে আবার অন্যমনস্কভাবে কতটুকু পাউডার মাখে।

'এখন ভাল কইরা মুইছা ফ্যাল্।'

'ক্যান্? ক্যান্ ভাইজান?'

'নাইলে বান্দরের মত দেখায়।'

আঞ্জুর দুঃখ হয়—শত হলেও দামী জিনিস তো!

একে একে তিন তিনটা দিন কাটে, তবু চরের নেয়েরা ফেরে না, এদিকে যেমন চিন্তা তেমনি অন্নাভাব গাঢ় হয়ে আসে। ফুলমনের হাঁস মুরগীগুলো সবাই মিলে ধরে ধরে খায়। আর সঙ্কোচ নেই, শুধু মাংসে আর কি চলে? হাবিজাবী শাক পাতা থোর কচুও উজাড় হতে থাকে, উজাড় হয় কাঠালের কুশি পর্য্যন্ত।

একদিন রাত্রে ফরিদ বলে, 'আঞ্জু আমার কথাই ঠিক। বড় বড় নাও ধরার নুটিশ জারী হইছে। ওরা হয় ধরা পড়ছে, নয় পলাইয়া ফেরতে আছে।'

'নাও ধরবে, নাও ধরবে—তুমি আর কুডাক ডাক্য না। এডা কি মগের মুল্লুক?'

পরের দিন সংবাদ পাওয়া গেল সে ঘটনা ঠিক। রসময় খবর

পেয়েছে, ওরা নৌকা নিয়ে আওড়ে—বাওড়ে ঘুরছে। কিন্তু অত বড় তিনখানা নাও কদিন লুকিয়ে নিয়ে ফিরবে? সুখের সাথী দুর্দিনের ভরসা—সে নাও গেল! রসময় ছটফট করতে থাকে।

আজ গ্রামের সব মেয়েরা ফুলমনের দরজায় গিয়ে বসে। কি খাবে? কেঁদে মরছে ছেলে মেয়েরা।

ফুলমন নিজেই অসুস্থ। তাতে এই উপদ্রব, 'আমি কি দায়ে ঠেকছি নাকি?'

দায়ে না ঠেকলেও সে বড়লোকের মেয়ে, হাওলাদারের স্ত্রী—একেবারে এড়াবে কি করে? এখনও এরা তাকে ঠাহর করে রেখেছে বড় লোকের মেয়ে! এমন পরিহাস কি আর আছে? তার নিজের মাংস টেনে ছিঁড়তে ইচ্ছা করে, খোদা তার নসিবে এত দুর্ভোগ লিখেছিল। অনেকদিন পরে তার মনটা রাগ হয় কাশেমের ওপর, মনে হয় এই বিরাট চরের সমস্ত দুর্ভোগ তার মাথায় চাপিয়ে লোকটা কোথায় পালিয়ে বেড়াচ্ছে।

'দেওয়া লাগবে কিছু তা না হইলে উঠুম না, যামু কৈ আমরা? পুরুষেরা তো মরছে ঘুইরা।'

'আমিই বা আর বাইচা করুম কি? আমার মাথাডা খা।'

'না-না…', ওরা মাথা চায় না। তেমন কঠিন বিদ্রোহের সুর নয়—চায় দানা। দুটো চাল কিংবা ক্ষুদ। ছেলে মেয়েরা কাঁদতে কাঁদতে ঘরে ওঠে।

ফুলমন ভাবে তাড়িয়ে দেবে, কিন্তু কেন জানি তা পারে না। অতগুলো বিশুষ্ক মুখ ওর দিকে চেয়ে আছে।

ফুলমন শেষ সম্বল শুটকি মাছের বস্তাটা বাইরে ফেলে দেয়।

ঐ শুটকি মাছের ওপর যেন শকুন পড়ে। কাড়াকাড়ি পরে যায় ঐ বস্তাটাকে নিয়ে ।

আজকের দিনটা তো কাটবে।

কোথায়ও বন্যা হয়নি, অনাবৃষ্টিতে একটি গাছের পাতাও ঝলসে যায়নি। নদীর 'শরে' অথবা সমুদ্রের লোনা ঢলকে ভেসে যায়নি একটি ধানের ছোপা। যে সব দেশ থেকে সাধারণত এসব দেশে ধান চাল নায়ে করে চালান আসে—সে সব দেশে নাকি এবার ফসল ফলেছে প্রচুর। যারা শীতের সময় ধান কেটে এসেছে তারা বলেছে, এমন ফলন তারা নাকি দেখেনি দুচার বছরে। তবু তেরশ পঞ্চাশ এলো চরকাশেমের বুকে। এলো তার চারদিক জুড়ে—যেমন করে গর্জে আসে দাবানল। এ দাবানল নানা কৌশলে জ্বালিয়েছে ইংরাজ, আর ইন্ধন যোগায় তার সহচর মুনাফা শিকারীর দল। দেশী বণিকরা এ সময়ও কি দেশী নিরন্ন ভাইদের দিকে চেয়ে দেখবে না? নিশ্চয় দেখবে। তাই তো চাল পুঁজি হচ্ছে চোরের গোলায়, বিক্রি হচ্ছে কালো বাজারে—লাখে লাখে নোট উড়ছে এদের কথায়।

## ২২

আজ সাত দিন গত হয়েছে।

ঘরে ঘরে বিছানা পড়েছে। এখন উঠতে কষ্ট হচ্ছে সকলের, ছেলে মেয়েদেরও কান্না কমেছে। আঞ্জু এতদিন ধরে অনেক কথা ভেবেছে, ফরিদের কাছে কি কি যেন বলবে। সুযোগ পাচ্ছে না, তাই বলা হয়নি।

'আঞ্জু আর তো আমি দেরী করতে পারি না।' ফরিদ গভীর রাত্রে আঞ্জুকে ডেকে বলে, 'তুই এক কাজ করতে পারস?'

'কি?'

'হু একটা মাইয়া দিতে পারস, আয়ার কাম করবে—সাহেব বাড়ী খুব সুখে থাকবে। পাউডার মাখবে খানাপিনা সাজগোজ পাবে খুব ভাল? কাশেমের বৌ ফুলমন যাবে নাকি? কাশেম তো আইল না।'

'ভাইজান, ফুলমন মরলেও যাবে না—তুমি তো ওরে চেনো না।'

'এত সুখ বুইন, কমুকি!'

'আর একজন আছে, কইয়া দেখতে পারি।'

'কেডা?'

'ঐ নাছেরের বিধবা মাইয়া।'

'আরে থুথু, ঐ পেত্নী—সাহেব বাড়ীর মেথরাণীও ওর থিক্যা খাপসুরাৎ।'

'তয় ক্যামন দেখতে হওয়া চাই—এই আমার মত?' আঞ্জুর চোখ লজ্জায় নত হয়ে আসে।

'না, না তোর কাম না—তুই সে সব পারবি ক্যান?'

'পারুম ভাইজান. পারুম সব তকলিব (কষ্ট) সইতে। এখানে আমি কি ভাবে আছি তা কি তুমি বড় ভাই হইয়া বোঝ না?'

ফরিদ ফ্যাসাদে পড়ে। সে কথা ঘুরাতে চেষ্টা করে। 'আসাম যে বন জঙ্গলের রাজ্য।'

'তুমি হাজার কইলেও এ যাত্রা তোমার সঙ্গে যামু।' তারপর আঞ্জু সিক্ত কণ্ঠে বলে, 'বিয়া হইছে ইস্তক দুইডা ভাল খাইয়া দেখি

নাই, একখানা ভাল কিছু পইরা দেখি নাই—ভাইজান আমারে পায় ঠেইলো না, আমি চাকরীতে যামু।'

পরিস্থিতিটা সে এমন ঘুরে দাঁড়াবে ফরিদ তা কল্পনাই করতে পারে নি। সে বলে, 'এখন তো আর যাইতে লাগছি না, তুই ঘুমা। আমিও একটু চোখ বুজি, রাত্তির ভোর হইয়া আইল।'

আঞ্জুর চোখে ঘুম আসে না। তার দু চোখ ছাপিয়ে অশ্রুর বন্যা নামে। স্বামী ও সংসারের জন্য সে কম খাটেনি। সে ভেবেছিল একদিন সুদিন আসবে, পাবে শান্তির সুখের জীবন। কিন্তু কোথায় সব হারিয়ে গেল—হারিয়ে গেল তার স্বামী, ছেলে দুটো। তারপর চেয়েছে একটু আশ্রয়, নিশ্চিত খুঁটি—হাওলাদারকে কেন্দ্র করে। হাওলাদারের উপর একটা দাবী যেন মনের তলায় চিরদিনই তার ছিল। তাই কাশেমকে সে কামনা করেছে সর্বস্ব দিয়ে ফুলমনকে হিংসা করেছে। কিন্তু আজ মনে হয় সে হেরে গেছে, ঠকে গেছে সব কিছুতে। ভবিষ্যত শুধু এখন গভীর নৈরাশ্যে ভরা, এতটুকু নিরাপত্তার চিহ্ন নেই কোনখানে, সে এবার আসাম যাবে। সে পাউডার চায় না, সাজ সজ্জায় তার তেমন আসক্তি নেই—শুধু চায় একটু নিশ্চিন্ত জীবন। একটি দিনও তো সে নির্ভাবনায় কাটাতে পারে নি। সে তার ভাইকে এবার ছাড়বে না। আসাম জংলা রাজ্য—হতে পারে ফরিদের কথা সত্য। কিন্তু যদি সেই জংগলে কোনও মোহই না থাকবে তবে আবার ফরিদ কেন ফিরে যেতে চাইছে? আঞ্জুও যাবে। ছেলে নেই, মেয়ের দায়িত্ব নেই, স্বামী হলো নিখোঁজ, যাকে কামনা করল পেল না তাকে—সে কেন থাকবে এখানে পড়ে?

'ভাইজান সজাগ আছ ?

ফরিদের তন্দ্রা ভেঙে যায়। 'কি ?'

'আমি কিন্তু যামুই, তালিবালি শুনুম না।'

ফরিদ মহা বিরক্তি প্রকাশ করে জবাব দেয়, 'হয়, হয়—এক কথা বারবার কওয়া লাগবে না।'

এর পর আঞ্জু ঘুমায়, ফরিদ কেন যেন আর চোখ বুজতে পারে না। সে একটা ব্যথায় ও শঙ্কায় অধীর হয়ে পড়ে।

রসময় দেখল যতদিন মেয়েরা বাড়ী না ফেরে ততদিন সকল দায়িত্বই তার। সেই একমাত্র পুরুষ মানুষ চরে। কিন্তু শরীর তার এমন হয়েছে যে ক্ষমতা নেই মোটে। কোথায়ও যেতে না পারলে এই নদী ঘেরা চরে বসে বোঝা যায় কি ? আর করাইবা যায় কি ?

সে লাঠিটা নিয়ে ধুঁকতে ধুঁকতে নদীর পাড়ে গেল। তার সাথে আঞ্জুও গেল। সে ইতিমধ্যে নিজেকে অনেকটা প্রকৃতিস্থ করে নিয়েছে। বুড়ো বলল, 'যখন এসেছিস মা, তখন আমার হাতখানা ধর।'

নদীতে একখানা নৌকাও নেই।

রসময়ের মনে হয় যেন একখানা নৌকা পাড়ি দিয়ে এদিকে আসছে। কিন্তু দুর্বল শরীরে ভাল ঠাওর করতে পারে না আঞ্জুকে জিজ্ঞাসা করে। আঞ্জু বলে—'হা, ইদিকে আইতে আছে।'

'কতদূর মা ? দেখত লক্ষ্য করে।'

'মাঝ রেতে। বড় বেসামাল ঢেউ।'

'পারবে তো এপাড় আসতে ? আমি তো শুধু ফেনার ঝালর দেখছি, আর শুনছি নদীর হাওয়ার শোশানি।'

'ভয় নাই, পাকা মাঝি। সাত আট খান বৈঠা পড়ছে দুই কোলে। ঐ তো তিন রেতের কাছাকাছি হইল।'

রসময় দাঁড়িয়ে দাঁড়িয়ে ভাবে: নদীতে তো তেমনি মাতন আছে, আকাশে তো তেমনি সূর্য ঝলমল করছে—এপাড়ে ওপাড়ে যতদূর দৃষ্টি চলে গাছপালার শ্যামলতা তো বদলায়নি। তবে কি হলো? কেমন করে এ মহা মন্বন্তর এলো? কার এ ষড়যন্ত্র?

'তোমাদের বাড়ী কোথায় ভাই?'

'দাস মশয়, আপনে দেখেন না, এই যে হাওলাদার আইছে।'

রসময়ের ঘোলা চোখ বাষ্পাকুল হয়ে ওঠে, 'মা, আমি তো তেমন ঠাহর পাইনে, তাই তো তোকে সঙ্গে আসতে বারণ করিনি।'

কাশেম ওপরে উঠলে সে তাকে জড়িয়ে ধরে। চরের মেয়েমহলে খবরটা জানাবে বলে আঙ্গু বাড়ীর দিকে ছুটে যায়।

রসময়ের চোখের দীপ্তি খানিকটা হয়ত কমতে পারে, চরের বাসিন্দাদেরও কি চেহারা বদলায়নি? যেন কটি কঙ্কাল পাড়ি দিয়ে এলো এপাড়ে।

ওপাড় থেকে কার যেন একখানা ডোঙা চেয়ে নিয়ে এসেছে। তারা নৌকা তিনখানা নিয়ে এ কদিন ঘুরে যখন বুঝল যে পুলিশ কি সৈন্য বিভাগের লোকের দৃষ্টি এড়িয়ে রাখতে পারবে না তখন কোথায় যেন কোন এক চত্‌লা খাড়িতে ডুবিয়ে রেখে এসেছে ধর্মের নামে। যদি বিধাতা কখন দিন দেয় তখন গিয়ে তুলবে। ডুবুরীর দরকার হবে না, কাশেম এক নিশ্বাসে চল্লিশ হাত জলের তলে যেতে পারে।

জাপানীরা নাকি আসছে। তারা নৌকা পেলে অনায়াসে দেশের ভিতর ঢুকে পড়বে। তাই এমনি হাজার হাজার নৌকা ধরে আটক

করা হচ্ছে এখানে ওখানে থানায় থানায়। রুজি মরছে লক্ষ লক্ষ লোকের। তাতে কি? বাকী যারা থাকবে তারা তো বাঁচবে! সেই জাপানী শত্তুরের ভয়ে ধান চালও নাকি সরিয়ে ফেলা হচ্ছে সব। এখন চালের দাম পঞ্চাশ। সেও প্রকাশ্যে কেউ বেচে না। টাকা আগাম নেয়, অনুগ্রহ করে অন্ধকারে দেয়। এরা না থাকলে নাকি দেশ একেবারে উজাড় হয়ে যেত।

'নেয়েরা'ও নাকি এই সাতদিন প্রায় অভুক্ত।

নদীর পাড়ে বসে আর বেশী কথাবার্তা হয় না, সকলেই বাড়ী ফেরার জন্য উদ্‌গ্রীব।

কাশেম মনে মনে ঠিক করে এলো প্রথমেই ফরিদের সঙ্গে দেখা করে সব ব্যাপারটা নিয়ে একটা আলোচনা করবে। সে বিদেশ থেকে এসেছে, হয়ত এমন একটা কিছু পথ দেখিয়ে দিতে পারবে, যে পথে গেলে অনায়াসে মিটে যেতে পারে এ সমস্যা। এমন কি তার সঙ্গে সাহেব সুবাদের পরিচয় থাকাও আশ্চর্য্য নয়। আসামের জঙ্গলেই নাকি গোরা পল্টনদের ঘাঁটি। তাদের আদেশেই নাকি এসব হচ্ছে। ফরিদভাই যখন অতগুলো কমলালেবু নিয়ে আসতে পেরেছে তখন নিশ্চয়ই সে জঙ্গলের সব খোঁজ রাখে। তাকে দিয়েই বড় সাহেবকে যেমন করে হক পাকড়াও করতে হবে। নইলে কি মরবে তারা? পলে পলে তিলে তিলে দগ্ধে দগ্ধে মরবে? যেমন দুর্দান্ত হয়ে উঠেছে নদীর কেপুনি এখন তো আর ছোট 'একানে' জাল বাওয়া যাবে না, বঁড়শীও ফেলা যাবে না আওড়ে। এতগুলো মানুষের জীবিকার উপায় হবে কি?

'আঞ্জু, আঞ্জু?'

কে, হাওলাদার?' কাশেমের মুখের দিকে নজর পড়তেই আঞ্জুর বুকটা ছ্যাঁক্ করে ওঠে। যদিও সে একান্ত নিজের করে কাশেমকে পায়নি তবু আঞ্জুর চোখে জল আসতে চায়। দু একদিনের মধ্যেই তার কাশেমকেও ছেড়ে যেতে হবে।

'ফরিদ কই?'

'ভাইজান তো আপনাগো খোঁজে নদীর পাড়ের দিকে গেছে। বসেন হাওলাদার, আমি ডাইকা আনি।'

আঞ্জু অনেক খোঁজাখুঁজি করল কিন্তু ফরিদের কোন সন্ধান পেল না। অবশেষে সে কপালে করাঘাত করতে করতে ফিরে এলো। কিন্তু দুঃখের মধ্যেও যেন সে সুখী হল, চরকাশেম ছেড়ে কোথাও তার যেতে হবে না।

কাশেম ভাবল যে ডালে হাত দিচ্ছে সেই ডালই যখন ভেঙ্গে যাচ্ছে তখন আর আশা নেই। অতলস্পর্শী খাদের আঁধারে ডুবে যেতে হবে। সে একটা দীর্ঘশ্বাস ছেড়ে উঠে পড়ে।

তবু দিন আসে দিন যায়। দুঃখের রাত্রি পর পর কেটে যায়। একটি শস্য কণিকাও আর কারুর গুপ্ত ভাণ্ডারে অবশিষ্ট নেই। গ্রীষ্মের দীর্ঘ দিনগুলো কেমন করে যে কাটে তা আর প্রকাশ করা যায় না। দুনিয়ায় সব আছে—শুধু আহার্য নেই। রাত্রে আর কেউ কারো বাড়ী আসে না। গল্প গুজব করার শক্তি ফুরিয়ে গেছে। তার চেয়ে ভাল লাগে শুয়ে থাকতে।

একদিন কাশেমের হঠাৎ মনে পড়ে, জিজ্ঞাসা করে, 'শুঁটকি মাছ?'

'তা এখনও আছে? শিথান দেও কোন শিয়ারী?' ফুলমন জবাব দেয়, 'মিঞার চেতন নাই!'

'হইছে কি?'

'লুটপাট কইরা নিয়া গেছে।'

কাশেম ক্রুদ্ধ হয়। ভাঙা গলায় প্রশ্ন করে, 'কেডা নেছে?'

'সকলডি মিল্যা। নেবে না, খাইবে কি?'

'খাইবে কি!' খেঁকিয়ে ওঠে কাশেম—'খাইবে আমার মাথাডা! আমি কি কেওরে সাইধ্যা আনছি এইখানে?'

'সাইধ্যা তো আনো নাই—সকলডি আইছে বুঝি গায়ের জ্বালায়? এখন একেবারে ভাল মানুষ সাজতে চাও—বলি দায় ঠেকলে অমন অনেকেই চায়।'

নিজের ঘা-টা ফুটে বের হয় ফুলমনের কথায়।

একখানা খণ্ডা নিয়ে কাশেম বেরিয়ে যায়। ফুলমন একটু চিন্তিত হয়। মানুষের মগজে ঘা লাগলে হিতাহিত জ্ঞান থাকে না। অনেকক্ষণ পর্যন্ত সে দুয়ারের দিকে চেয়ে থেকে একটু উঠে বসে। যত সময় কাশেম না ফিরছে তত সময় ওর স্বোয়াস্তি নেই। কি পাপই করেছিল ও।

কাশেম পোয়াখানেক ওজনের একখণ্ড মেটে আলু সংগ্রহ করে নিয়ে চুপি চুপি বাড়ী ফেরে।

'ফুলমন সেদ্ধ করো।'

জোগাড় যন্ত্র করে সিদ্ধ করার আগেই খানিকটা খেয়ে ফেলল কাশেম। ফুলমনের রাগ হয়: তবে ঘরে না আইনা কাঁচা খাইলেই পারতা!

কাশেম লজ্জিত হয়—'না, না, আমার আর লাগবে না। তুমি ওটুক সিজাইয়া লও।'

ফুলমন আর কিছু জবাব দিতে পারে না।

'হাওলাদার কি বাড়ী?'

'ক্যান্?'

'গঞ্জের ব্যাপারীরা চাউল লইয়া আইছে।' হাফেজ বলে, 'যদি কও তবে তারা বাড়ীর মধ্যে আইতে পারে। রাখবা নাকি?'

'রাখুম না? এ কথা আবার জিগান লাগে? ডাইকা আনো।'

ব্যাপারী নয়—তার চেয়েও বড়—গঞ্জের মহাজনদের গোমস্তা। জগদীশের ছেলে এবং আর কে কে যেন একত্র হয়ে একে পাঠিয়েছে। এরা যত ইচ্ছা চাল দিতে পারে--দর আশিটাকা। তবে এরা টাকা চায় না, চায় টিন ও কাঠ—অর্থাৎ ঘর কিনতে। দর দস্তুর এদের মর্জি মত, কিন্তু চালের দাম বাঁধা। বেঁধে দিয়েছে গঞ্জের কর্তারা। তার ওপর নাকি গোমস্তার হাত নেই। চালও ঠিক ওর সঙ্গে নেই। দর দাম কথাবার্তা স্থির হলে তারা ঘর ভেঙ্গে নিয়ে যাবে, ফেরৎ নায়ে চাল দেবে পাঠিয়ে। বড় গোপনে এসব করতে হচ্ছে। সরকার টের পেলে নাকি রক্ষা নেই।

সব কথা শুনে কাশেমের ভীষণ রাগ হয়, মুখে কিছু বলে না।

হাফেজ বলে, 'কি মিঞা, কথা কও না যে? এ সুবিধা আমি হইলে ছাড়তাম না?'

'ছাড়তে কয় কেডা? নিয়া যাও নিজের বাড়ী।'

'আমার কি ঘরে টিন আছে?'

'আলগা কয়খান? তাই বেচ গিয়া।'

'হাওলাদার কও তো—বুঝি ও সব, কিন্তু কইতে পারো জান বাঁচে কিসে ?'

তা তো বলতে পারে না কাশেম। তাই আবার চুপ করে থাকে। দুঃখ হয় হাফেজের আর্দ্র কণ্ঠে।

'বুড়া মহাজনে কই ?' নিজেকে খানিকটা স্থির করে নিয়ে পুনরায় প্রশ্ন করে কাশেম, 'গোমস্তা মশাই ?'

'তিনি তীর্থে—বৃন্দাবন।'

'ঠারইনদি ?'

'তিনিও।'

একটা দীর্ঘশ্বাস ফেলে কাশেম মুখ ফিরিয়ে বসে।

'হাওলাদার, ঘর দিয়ে কররে কি, যদি ঘরে চালই না থাকল ? মেয়ে মানুষ উপোস করল ? ভেবে দেখ, আমরা ভাটা পর্যন্ত খালে আছি। প্রাণে বাঁচলে ও রকম ঘর কত তুলতে পারবে।' গোমস্তা আরও নানা ভাবে নানা নরম স্থানে ঘা দিয়ে দেখল কাশেমের। সে যদি একটা লেনদেনও না করতে পারে তবে তারও যে সংসারের টান কুলায় না। চাকরী বজায় থাকবে কিসে ?

দিন দিন ফুলমনের অবস্থা যেমন সঙ্গিন হয়ে দাঁড়াচ্ছে তাতে কাশেমকে একটা কিছু করতেই হবে। কিন্তু কি করবে ? বেচে ফেলবে নাকি ঘর ? ওরা তো চলে গেল। আপাতত যদি রক্ষা পাওয়া যায়, ভবিষ্যতের কথা পরে ভাববে। এত আদরের ফুলমন আজ মুখ বুঁজে সব সইছে। কাশেম আর সইতে পারে না। পূর্বের অভ্যাস মত সে তাড়াতাড়ি উঠতে যায়। আর সে পারে না। তার হাত পা কাঁপতে থাকে তবু সে উঠবে, যাবে খাল পার।

'কই যাও? অস্থির হইলা ক্যান্ মাথায় বুঝি শয়তান চাপছে?'

'না, না ফুলমন…তয় কি জানো…' থতমত খায় কাশেম।

'আমি সব জানি। মরলেও ঘরের তলে শুইয়া মরুম।' এই ঘরের জন্যও কি ফুলমন হাঁস মুরগী বেচে কম টাকা দিয়েছে, খেটেছে কম! 'তার থিক্যা যাও—একান্তই যদি মরি দুইজনে, পাশাপাশি শুইয়া থাকুম—গোরস্তানটার চাইর পাশে গিয়া একটু মাটির আইল দ্যাও। গাঙে তুফান দেইখ্যা কূলে নাও ডুবামু না।' ফুলমন হাঁফাতে থাকে। ভাবে: এ দুনিয়ায় এ কোন শয়তানের রাজত্ব নেমে এল? তাদের সুখের সাধের ঘরবাড়ী যা কিছু ভেঙ্গে তছনছ করে দিচ্ছে। হায় খোদা—তুমি কি নাই?

কাশেম আর কেন জানি ওঠে না। মুখ বুঁজে পরে থাকে।

তারপর আরও প্রায় একটা মাস কেটে গেছে। পূর্ণিমা এসে চরটাকে ডুবিয়ে দিয়েছে জ্যোৎস্নার প্লাবনে। বারান্দার পাটাতনে শুয়ে একটা সুগন্ধ পাচ্ছে কাশেম। উঠবার শক্তি নেই, ঘ্রাণ-শক্তি এখনও নষ্ট হয়নি। তার বেল ফুলের ঝাড়ে ফুল ফুটেছে। সহস্র তারা ঝিলমিল করছে নীল আকাশে। কাশেমের চেয়ে অনেক বেশী অশক্ত হয়ে পড়েছে ফুলমন। একটি শস্যকণাও পেটে পড়েনি আজ। এতবড় একটা চরের হাওলাদার এবং তার বিবি আজ শুধু পানি খেয়েছে।

চরে শুধু আছে আজু রসময় ও কাশেমেরা স্বামী-স্ত্রীতে। আর সব একে একে পালিয়েছে। কেউ গেছে আত্মীয় বাড়ী, কেউ গেছে একেবারে দক্ষিণে, কেউ বা গেছে গঞ্জে ভিক্ষা করতে। কারো ঘর পড়ে আছে, কেউ বা টিন কাঠ বেচে খেয়ে অবশেষে নিরুপায় হয়ে

পথে নেমেছে। এতবড় চরটা পাহারা দিচ্ছে এই চারটা প্রেতাত্মা। রসময়ের স্ত্রী মারা গেছে অজীর্ণ রোগে গত সপ্তাহে।

একটা অবুঝ কোকিল ডাকে। দমকা হাওয়ায় আসে ফুলের গন্ধ ভেসে—জ্যোৎস্নার জোয়ারে চরটা যেন স্নান করেছে। কেমন একটা নিস্তেজ অনুভূতিপূর্ণ তন্দ্রায় সে চোখ বোঁজে। ডুবন্ত মানুষের চোখে যেমন সারা জীবনটা ছায়াছবির মত ভেসে ওঠে, কাশেমের চোখে তাদের এমন রাত্রে মধুর দিনগুলির কথা ভাসে তেমনি।

কাশেম ক্রমে ক্রুদ্ধ হয়ে উঠে। ফুলের গন্ধে যেন আজ মস্তিষ্ক বিকৃতি ঘটবে তার। শক্তি নেই যে উঠে ফুলগুলো ছিঁড়ে ফেলবে।

'কাশেম কি বাড়ী আছো?'

'কে?' ক্ষীণ কণ্ঠে প্রশ্ন হয়।

'আমি জীবন পিওন।' বলতে বলতে জীবন এসে বাড়ী ভিতর ঢুকে পড়ে। বহু দূরদূরান্তর ঘুরে সে আশ্রয়ের জন্য এখানে এসেছে। পথে দশটাও কি গ্রাম পড়েনি কিন্তু সেখানে রাত্রিবাস অসম্ভব।

কাশেম হাত দিয়ে ইসারা করে বসতে বলে।

জীবন বসল। এখন সে যথেষ্ট প্রাচীন হয়েছে, তবু চাকরী ছাড়েনি —কেমন করে ঘুস দিয়ে যেন টিকে রয়েছে। এখন বাকী বকেয়ার নোটিশ নিয়ে বেরিয়েছে।

একটু একটু করে জীবন সব :শুনল। এগিয়ে গিয়ে রসময়কে শিশুর মত কোলে তুলে কাশেমের দাওয়ায় নিয়ে এলো। আঙুকেও আনল। রসময় যেন কি খুঁজছে? হর-গৌরী?

উঠে গিয়ে রসময়ের শয্যা থেকে পিতলের যুগল দেব মূর্তিখানা খুঁজে এনে রসময়ের হাতে দেয়। রসময় একটু যেন সুস্থ হয়।

জীবনকে দেখে কত কথা উথলে ওঠে রসময় ও কাশেমের মনে। কিন্তু কোন কথা জিজ্ঞাসা করার আগে যেন আবার আচ্ছন্ন হয়ে আসে সকলের চৈতন্য। জীবনও আর বেশী কথা বলে সময় নষ্ট করে না। সে এখন আর অন্য সকলের ভরসায় পথ চলে না। সঙ্গে তার কিছু আহার্য থাকে। সে তার ঝুলি উপুড় করে সব চাল ঢালে। অতি কষ্টে উনান জ্বালায়। ভাত চড়াতে গিয়ে দেখে যে হাঁড়িটা নেই। রান্না ঘরেও এত আবর্জনা যেন মনে হয় অনেক দিন এ মুখো হয়নি কেউ। সে উঠানে একটা সাধারণ উনান কোনমতে খুঁড়ে নিয়ে একটা হাঁড়ি চেয়ে আনে ফুলমনের কাছ থেকে। আগের হাঁড়িটা হয়ত শেয়ালে নিয়ে গিয়ে কোন বন-বাদাড়ে ফেলেছে। দৃষ্টি দেবার তো কেউ নেই।

অনেক কষ্ট করে জীবন ফ্যানভাত নামাল। তার চোখ দুটো রাঙা হয়ে গেছে। সে চারটা মেটে বাসনে ভাতগুলো সমান ভাগে ভাগ করে রাখল।

ভাতের গন্ধে রসময় ছাড়া সকলে উঠে বসল। ফুলমন বারান্দায় এগিয়ে এলো, তার কুটন্ত ফুলের মত যৌবন যেন অকালে শুকিয়ে গেছে। চোখের কোলে বসেছে গভীর কালো দাগ।

চারজনের কাছে চারবাটি ভাত এগিয়ে দিল জীবন। রসময়কে খাইয়ে দিতে হলো। সকলের মতই রসময় ভাবল : যখন জীবন এসেছে তখন এ যাত্রা হয়ত রক্ষা করবেন হর-গৌরী। মনে পড়ে জীবনের একদিন বলা কথা 'সব গরীবের হুক্কা এক করতে হইবে।'

খেয়ে দেয়ে সকলে একটু সুস্থ হয়েছে। এতগুলো উপোসের পর আর বেশী কেউ খেতে পারলে না অবশিষ্ট যা রইল তা জীবন খেল।

তারপর মুখ হাত ধুয়ে, সকলের কাছে এসে বসল। তামাক নেই, বিড়ি ধরায়। আর তিনটা ধরিয়ে এগিয়ে দেয় তিন জনকে।

এঁটো বাসনগুলোর কথা জীবনের মনে ছিল। সে সেগুলো গুছিয়ে নিয়ে আবার ঘাটের দিকে গেল।

আঙ্গু ও ফুলমনের শক্তি নেই, তবু যেন লজ্জা বোধ হলো।

জীবন বুঝতে পারে ওদের মনের ভাব। বলে, 'মা লক্ষ্মীরা এ্যায়ছা দিন নেহি রহেগা। লজ্জা কিসের!'

ঘাট থেকে ফিরে এসে জীবন জিজ্ঞাসা করল, 'হাফেজ? সেও কি—'

রসময় ধীরে ধীরে জবাব দেয়, 'মরেনি। টিন কখানা বেচে দেশান্তরে গেছে?'

'শান্তি, রজনী?'

'দক্ষিণে—কুটুম্ব বাড়ী।'

'আর যারা?'

'হাটে, বন্দরে, যে যেদিকে পারে।' রসময় নিজের মনে মনে এবার বলে, 'এত বড় চরটা ছারখার হয়ে গেল, একি কম দুঃখের কথা!'

'আবার সব ফিরা আইবে দাস মশয়, কেও মরে নাই।' কাশেম বলে, 'বেড়াইতে গেছে, বেড়াইতে গেছে সব।'

জীবন বলে, 'ভাবিস না কাশেম, তোর চর আবার ভইরা ওঠবে, আইবে সক্কলে ফিরা।'

'সেই আশায়ই তো এখনও মরি নাই, কিন্তু—'

'এবার বুঝি ভাতের অভাবে মরবি? না রে না, সে চিন্তা আর আমি করিনে যখন হালদারের পো এসেছেন।'

রাত প্রায় দেড় প্রহর হয়েছে। জীবন সকলকে বিশ্রাম করতে :ল। সে উঠে নিজের জন্য একটু স্থান করে নিল। বিছানা-পত্র তা সঙ্গেই রয়েছে। সে একটা বিড়ি ধরিয়ে কাশেমের কাছে এসে :ল, 'কাইল কাশেম জেলায় যাবি আমার সঙ্গে ?'

'ক্যান্ ?'

'কাজ আছে, নাওগুলা তো ধরে নাই ?'

'না। খাড়িতে ডুবাইয়া রাখছি।'

'তয় চল কাইল। দেখি যদি একটা কিছু করতে পারি।'

'কি করবেন ? করবার আছে কি ?'

'দু একখানা পাশ দিতে পারে জাউল্যা ডিঙির।'

'কন কি ! দিবে না।'

'তবু যাওয়া লাগবে কাশেম।'

'ক্যান্ ?'

'পিরতিবাদ করতে।'

'যদি পিরতিকার না হয় ?'

'তবু যেতে হবে।' রসময় সহসা উঠে বসে, 'তোর চিন্তা নেই ামিও যাব।'

কাশেম হৃদয়ে একটা বল বোধ করে। কিন্তু বুঝতে পারে না শক্তির তেজে জলে উঠল নিস্তেজ শিখা।

জীবন বলে যে প্রতিকার না হলেও প্রতিবাদ করতে হবে ন্যায়ের। মাথা পেতে সইলেই অন্যায় আরও উদ্ধত হয়ে মারবে। উপরে বসে ক্রমশ যারা তাদের নীচের দিকে ঠেলে :চ্ছ—তাদের টনক নড়বে। প্রতিবাদের আগুন দাবানলের মত

ছড়িয়ে পড়বে সারা ছুনিয়ায়। ঘুমন্ত বাসুকী জেগে উঠবে। টলমল করে উঠবে তাদের আসন—তারপর ভেঙ্গে গুঁড়িয়ে পড়বে। জন্ম নেবে নূতন পৃথিবী—ছুঃখী, ক্ষুধার্তদের হাতে গড়া শস্য শ্যামলা বসুন্ধরা। ছ পাড় ভেঙ্গে পলিমাটি জমে জমে জাগবে নূতন চর—অসংখ্য চরকাশেম। আগামী উজ্জল দিনের অপূর্ব সম্ভাবনায় ক্লান্ত বঞ্চিত ক্ষুধার্ত মানুষগুলির মুখ জ্বল জ্বল করে। তারা দিনের প্রতীক্ষায় প্রহর গোণে। চেয়ে দেখে পূবের আকাশে প্রভাতের রক্তিম ইঙ্গিত।

ভোর হলেই জীবন একখানা নৌকা ভাড়া করবে, নয়ত ডোঙ্গা করবে, নয়ত ডোঙা জোটাবে আট দশখান। যাকে পাবে তাকে নিয়ে দলবদ্ধ হয়ে জেলায় যাবে। প্রতিকার না হলেও সে প্রতিবাদ করতে ছাড়বে না।

দূর নদী বক্ষ থেকে একটা প্রতিধ্বনি ভেসে আসে—যেতে হবে, যেতে হবে, একটা কঙ্কালকেও আজ বুকে নিয়ে মাথা খাড়া করে প্রতিবাদ করতে যেতে হবে!